কিতাব লিখে এবং বলে এটা আল্লাহর পক্ষ থেকে নাযীলকৃত। যেন তার বিনিময়ে তারা গ্রহণ করতে পারে তুচ্ছ

قَلِيْلًا ۭ فَوَيْلٌ لَّهُمْ مِّمَّا كَتَبَتْ اَيْدِيْهِمْ وَوَيْلٌ لَّهُمْ مِّمَّا يَكْسِبُوْنَ ﴿٨٠﴾ وَ

ক্বালীলা-;ফাওয়াইলু ল্লাহুম্ মিম্মা-কাতাবাত্ আইদীহিম অওয়াইলু ল্লাহুম্ মিম্মা-ইয়াক্‌সিবূন্। ৮০। অ

মূল্য। হাতে রচনা করায় তাদের জন্য রয়েছে শাস্তি, আর উপার্জিত বস্তুর কারণেও তাদের সর্বনাশ ঘটবে। (৮০) তারা

قَالُوْا لَنْ تَمَسَّنَا النَّارُ اِلَّآ اَيَّامًا مَّعْدُوْدَةً ۭ قُلْ اَتَّخَذْتُمْ عِنْدَ اللّٰهِ عَهْدًا

ক্বা-লূ লান্ তামাস্‌সানা ন্না-রু ইল্লা~ আইয়্যা-মাম্ মা'দূদাহ; কু্ল্ আত্তাখায্‌তুম্ 'ইন্‌দাল্লা-হি 'আহ্‌দান্

বলে, কয়েকটি দিন ছাড়া আগুন আমাদেরকে স্পর্শ করবে না। বলুন, তোমরা কি আল্লাহর নিকট হতে এ বিষয়ে ওয়াদা নিয়েছ?

শানে নুযূল ঃ আয়াত-৭৯ ঃ হযরত আব্বাস (রাঃ) থেকে বর্ণিত, তওরাত গ্রন্থে হুজুরে পাক (ছঃ)-এর এরূপ বর্ণনা দেয়া হয়েছে যে, তাঁর নয়নযুগল হবে ডাগর, যেন সুরমা লাগানো রয়েছে, আর তাঁর উচ্চতা হবে মাঝারি। কেশরাশি হবে হালকা কোঁকড়ানো আর চেহারা মোবারক হবে সুন্দর। অথচ ইহুদী সম্প্রদায় ক্রোধের বশবর্তী হয়ে তাঁর অত্র গুণসমূহ বিকৃত করে প্রচার করতে লাগল যে, আমাদের গ্রন্থে বলা হয়েছে, তিনি লম্বা ও নীল চক্ষু বিশিষ্ট আর তাঁর চুল হবে সোজা। তাদের এহেন অসৌজন্যমূলক আচরণ সম্পর্কে আল্লাহ পাক এ আয়াত অবতীর্ণ করেন। – বয়ানুল কুরআন

অর্ধাংশ

فَلَنْ يُّخْلِفَ اللّٰهُ عَهْدَهٗٓ اَمْ تَقُوْلُوْنَ عَلَى اللّٰهِ مَا لَا تَعْلَمُوْنَ ﴿٨١﴾ بَلٰى مَنْ

ফালাই ইয়ুখ্লিফাল্লা-হু আহ্দাহূ~ আম্ তাক্বূলূনা 'আলাল্লা-হি মা-লা-তা'লামূন্ । ৮১ । বালা- মান্

যাতে আল্লাহ স্বীয় ওয়াদার অন্যথা করবেন না; নাকি আল্লাহ সম্বন্ধে না জেনে এমন বলছ? (৮১) হ্যাঁ যে ব্যক্তি

كَسَبَ سَيِّئَةً وَّاَحَاطَتْ بِهٖ خَطِيْٓئَتُهٗ فَاُولٰٓئِكَ اَصْحٰبُ النَّارِ ۚ هُمْ

কাসাবা সাইয়্যিয়াতাওঁ অআহা-ত্বোয়াত্ব্ বিহী খাত্বী—য়াতুহূ ফাউল—য়িকা আছ্হা-বুন্ না-রি হুম্

পাপ করেছে এবং তাকে পাপে ঘিরে ফেলেছে, তারাই জাহান্নামবাসী। তারা তথায়

فِيْهَا خٰلِدُوْنَ ﴿٨٢﴾ وَالَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ اُولٰٓئِكَ اَصْحٰبُ الْجَنَّةِ ۚ

ফীহা- খা-লিদূন্ । ৮২ । অল্লাযীনা আ-মানূ অ'আমিলুছ্ ছোয়া- লিহা-তি উলা—য়িকা আছ্হা-বুল্ জ্বান্নাতি

অনন্তকাল থাকবে। (৮২) আর যারা ঈমান এনেছে ও সৎকর্ম করেছে, তারাই জান্নাতবাসী।

هُمْ فِيْهَا خٰلِدُوْنَ ﴿٨٣﴾ وَاِذْ اَخَذْنَا مِيْثَاقَ بَنِيْٓ اِسْرَآءِيْلَ لَا تَعْبُدُوْنَ

হুম্ ফীহা- খা-লিদূন্ । ৮৩ । অইয্ আখায্না- মীছা-ক্বা বানী~ ইস্রা—য়ীলা লা- তা'বুদূনা

তারা সেখানে চিরদিন থাকবে। (৮৩) আর যখন বনী ইসরাঈলের ওয়াদা নিলাম যে, আল্লাহ ব্যতীত কারো এবাদত

ع ৯ ১১ ৯ রুকু

اِلَّا اللّٰهَ قف وَبِالْوَالِدَيْنِ اِحْسَانًا وَّذِى الْقُرْبٰى وَالْيَتٰمٰى وَالْمَسٰكِيْنِ

ইল্লাল্লা-হা অবিল ওয়া-লিদাইনি ইহ্সা-নাওঁ অযিল্ ক্বুর্বা- অল্ইয়াতা-মা- অল্মাসা-কীনি

করো না, আর মাতা-পিতা, আত্মীয়-স্বজন, ইয়াতীম ও দীন-দরিদ্রদের প্রতি সদয় ব্যবহার করো এবং

وَقُوْلُوْا لِلنَّاسِ حُسْنًا وَّاَقِيْمُوا الصَّلٰوةَ وَاٰتُوا الزَّكٰوةَ ط ثُمَّ تَوَلَّيْتُمْ اِلَّا

অক্বূলূ লিন্না-সি হুস্নাওঁ অআক্বীমুছ্ ছলা-তা ওয়াআ-তুয্ যাকা-হ্; ছুম্মা তাওয়াল্লাইতুম্ ইল্লা-

মানুষের সঙ্গে সদালাপ করো, নামায প্রতিষ্ঠা করো, আর যাকাত দাও। অল্প সংখ্যক ছাড়া তোমরা

قَلِيْلًا مِّنْكُمْ وَاَنْتُمْ مُّعْرِضُوْنَ ﴿٨٤﴾ وَاِذْ اَخَذْنَا مِيْثَاقَكُمْ لَا تَسْفِكُوْنَ

ক্বালীলাম্ মিন্কুম্ অআন্তুম্ মু'রিদূন্ । ৮৪ । অইয্ আখায্না- মীছা-ক্বাকুম্ লা-তাস্ফিকূনা

অগ্রাহ্যকারী হয়ে মুখ ফিরিয়ে নিলে। (৮৪) যখন তোমাদের প্রতিশ্রুতি নিলাম যে, পরস্পর রক্তপাত

دِمَآءَكُمْ وَلَا تُخْرِجُوْنَ اَنْفُسَكُمْ مِّنْ دِيَارِكُمْ ثُمَّ اَقْرَرْتُمْ وَاَنْتُمْ

দিমা—য়াকুম্ অলা-তুখ্রিজূ্না আন্ফুসাকুম্ মিন্ দিইয়া-রিকুম্ ছুম্মা আক্ব্রার্তুম্ অআন্তুম্

করবে না, তোমাদের লোকদেরকে বাড়ি হতে তাড়াবে না, অতঃপর স্বীকৃতি দিলে, এ বিষয়ে তোমরাই

শানে নুযূল ঃ আয়াত –৮১ ঃ হযরত ইবনে আব্বাস (রাঃ) হতে বর্ণিত আছে, রাসূলুল্লাহ ছল্লাল্লাহু আলাইহি অসাল্লাম যখন মদীনায় আসলেন, তখন ইহুদীরা বলেছিল যে, পৃথিবীর বয়স সাত হাজার বছর এবং এর এক হাজার বছর আখেরাতের এক দিনের সমান সুতরাং আমরা জাহান্নামের আযাব ভোগ করলেও এক সপ্তাহকাল ভোগ করব। (কেননা অপরাধের সময় অনুপাতে শাস্তি হবে আর মোট অপরাধের সময় দুনিয়ার বয়সের সম-সাময়িক হলেও তা সাত দিনের বেশি হতে পারে না।) তখন উক্ত আয়াত অবতীর্ণ হয়। হযরত ইবনে আব্বাস (রাঃ) হতে অপর এক বর্ণনায় আছে যে, ইহুদীরা বলত,

تَشْهَدُوْنَ ﴿٨٥﴾ ثُمَّ اَنْتُمْ هٰٓؤُلَآءِ تَقْتُلُوْنَ اَنْفُسَكُمْ وَتُخْرِجُوْنَ فَرِيْقًا مِّنْكُمْ

তাশ্‌হাদূন্। ৮৫। ছুম্মা আন্‌তুম হা~ উলা—য়ি তাক্ব্‌তুলূনা আন্‌ফুসাকুম্ অতুখ্‌রিজ্বূনা ফারীক্বাম্ মিন্‌কুম্

সাক্ষী। (৮৫) তারপর তোমরাই পরস্পরকে হত্যা করেছ এবং বহিষ্কার করেছ দেশ থেকে তোমাদের

مِّنْ دِيَارِهِمْ تَظٰهَرُوْنَ عَلَيْهِمْ بِالْاِثْمِ وَالْعُدْوَانِ ط وَاِنْ يَّاْتُوْكُمْ

মিন দিইয়া-রিহিম্ তাজোয়া-হারূনা 'আলাইহিম্ বিল্‌ইছ্‌মি অল্'উদ্‌ওয়া-ন্; অইঁইয়া''তূকুম্

এক দলকে; তাদের বিরুদ্ধে অন্যায় ও সীমালংঘনে একে অপরকে পৃষ্ঠপোষকতা করছ, বন্দী হয়ে আসলে বিনিময়

اُسٰرٰى تُفٰدُوْهُمْ وَهُوَ مُحَرَّمٌ عَلَيْكُمْ اِخْرَاجُهُمْ ط اَفَتُؤْمِنُوْنَ بِبَعْضِ

উসা-রা-তুফা-দূহুম্ অহুওয়া মুহার্‌রামুন্ 'আলাইকুম ইখ্‌রা-জুহুম্ ; আফাতু''মিনূনা বিবা'দ্বিল্

দিয়ে মুক্ত করছ। অথচ তাদের বহিষ্কার করাই ছিল তোমাদের জন্য অবৈধ, তবে কি তোমরা কিতাবের কিছু অংশ বিশ্বাস কর

الْكِتٰبِ وَتَكْفُرُوْنَ بِبَعْضٍ ج فَمَا جَزَآءُ مَنْ يَّفْعَلُ ذٰلِكَ مِنْكُمْ اِلَّا

কিতা-বি অতাক্‌ফুরূনা বিবা'দ্বিন্ ফামা-জ্বাযা—য়ু মাইঁ ইয়াফ্'আলু যা-লিকা মিন্‌কুম্ ইল্লা-

আর কিছু অংশ কর অবিশ্বাস? তোমাদের মধ্যে যারা এরূপ করে তাদের

خِزْىٌ فِى الْحَيٰوةِ الدُّنْيَا ج وَيَوْمَ الْقِيٰمَةِ يُرَدُّوْنَ اِلٰٓى اَشَدِّ الْعَذَابِ ط

খিয্‌ইয়ুন্ ফিল্ হাইয়া-তিদ্ দুন্‌ইয়া- অইয়াওমাল্ ক্বিয়া-মাতি ইয়ুরাদ্দূনা ইলা~ আশাদ্দিল্ 'আযা-ব্;

প্রতিফল এ জগতে অপমান আর আখেরাতে কঠিন শাস্তির প্রতি নিক্ষেপ।

وَمَا اللّٰهُ بِغَافِلٍ عَمَّا تَعْمَلُوْنَ ﴿٨٦﴾ اُولٰٓئِكَ الَّذِيْنَ اشْتَرَوُا الْحَيٰوةَ الدُّنْيَا

অমাল্লা-হু বিগা-ফিলিন্ আম্মা-তা'মালূন্ । ৮৬। উলা—য়িকাল লাযী নাশ্‌তারাউল্ হাইয়া-তাদ্ দুন্‌ইয়া-

আল্লাহ তাদের কৃতকর্ম সম্বন্ধে উদাসীন নন। (৮৬) তারাই পরকালের বিনিময়ে ইহকালকে

بِالْاٰخِرَةِ ز فَلَا يُخَفَّفُ عَنْهُمُ الْعَذَابُ وَلَا هُمْ يُنْصَرُوْنَ ﴿٨٧﴾ وَلَقَدْ اٰتَيْنَا

১০ ع ৪ ১০ রুকু

বিল্‌আ-খিরাতি ফালা-ইয়ুখাফ্‌ফাফু 'আন্‌হুমুল্ 'আযা-বু অলা-হুম ইয়ুন্‌ছোয়ারূন্। ৮৭। অলাক্বাদ্ আ-তাইনা-

ক্রয় করে, তাই তাদের শাস্তি কমানো হবে না। আর না তারা সাহায্য পাবে। (৮৭) আমি মূসাকে কিতাব

مُوْسَى الْكِتٰبَ وَقَفَّيْنَا مِنْ بَعْدِهٖ بِالرُّسُلِ ز وَاٰتَيْنَا عِيْسَى ابْنَ مَرْيَمَ

মূসাল্ কিতা-বা অক্বাফ্‌ফাইনা- মিম্ বা'দিহী বির্‌রুসুলি অআ-তাইনা- 'ঈ-সাব্‌না মার্‌ইয়ামাল্

দিলাম, তারপর পর্যায়ক্রমে অনেক রাসূল পাঠালাম, আর মরিয়মের পুত্র ঈসাকে প্রকাশ্য প্রমাণাদি দিলাম

আমরা কেবল চল্লিশ দিন শাস্তি ভোগ করব, কেননা, আমরা বাছুর-পূজা করেছি ততদিন। এই কিছুদিন শাস্তি ভোগের পর তারা অনন্ত সুখ শান্তিতে বসবাস করার বিশ্বাস পোষণ করত। কেননা, তাদের ধারণা অনুযায়ী দ্বীনে মুসবী চিরস্থায়ী। এটা কখনও রহিত হবে না। তাই তারা এখন ঈমানদার আর ঈমানদারের শাস্তি চিরস্থায়ী হয় না। কিন্তু তাদের এ ধারণা সম্পূর্ণই ভুল ও অবাস্তব। দ্বীনে মুহাম্মদী অন্যান্য সকল দ্বীনকে রহিত করে দিয়েছে সুতরাং যারা এ দ্বীনে ঈমান আনে তারা ঈমানদার; নতুবা কাফের। তারা অনন্তকাল জাহান্নামে জ্বলবে।– বয়ানুল কুরআন

الْبَيِّنٰتِ وَأَيَّدْنٰهُ بِرُوْحِ الْقُدُسِ ۗ أَفَكُلَّمَا جَآءَكُمْ رَسُوْلٌۢ بِمَا لَا

বাইয়্যিনা-তি অআইয়্যাদ্‌না-হু বিরূহিল ক্বুদুস; আফাকুল্লামা- জ্বা—য়াকুম্ রাসূলুম্ বিমা- লা-

এবং রূহুল কুদুস[১] দিয়ে তাঁকে সাহায্য করলাম, তবে কি যখনই কোন রাসূল তোমাদের মনঃপূত নয় এমন বিধান নিয়ে

تَهْوٰىٓ أَنْفُسُكُمُ اسْتَكْبَرْتُمْ ۚ فَفَرِيْقًا كَذَّبْتُمْ ۫ وَفَرِيْقًا تَقْتُلُوْنَ ۞

তাহ্‌ওয়া~ আন্‌ফুসুকুমুস্ তাক্‌বার্‌তুম্ ফাফারীক্বান্ কায্‌যাব্‌তুম্ অফারীক্বান্ তাক্বতুলূন্।

আগমন করেছেন তখন তোমরা অহংকার করেছ, কতককে মিথ্যাবাদী বলেছ, আর কতককে হত্যা করেছ?

(٨٧) وَقَالُوْا قُلُوْبُنَا غُلْفٌ ۗ بَلْ لَّعَنَهُمُ اللّٰهُ بِكُفْرِهِمْ فَقَلِيْلًا مَّا يُؤْمِنُوْنَ ۞

৮৮। অক্বা-লূ ক্বুলূবুনা- গুল্‌ফ্; বাল্ লা'আনাহুমুল্লা-হু বিকুফ্‌রিহিম্ ফাক্বালীলাম্ মা- ইয়ু''মিনূন্।

(৮৮) তারা বলল, আমাদের মন সংরক্ষিত বরং কুফরীর জন্য আল্লাহ তাদের লা'নত করলেন। তাই সামান্য সংখ্যকই বিশ্বাস করে।

(٨٨) وَلَمَّا جَآءَهُمْ كِتٰبٌ مِّنْ عِنْدِ اللّٰهِ مُصَدِّقٌ لِّمَا مَعَهُمْ ۙ وَكَانُوْا مِنْ قَبْلُ

৮৯। অলাম্মা-জ্বা—য়াহুম্ কিতা-বুম্ মিন 'ইনদিল্লা-হি মুছোয়াদ্দিক্বুল্লিমা- মা'আহুম অকা-নূ মিন্ ক্বাব্‌লু

(৮৯) যখন কিতাব আসল যা তাদের কিতাবের সমর্থক; আর ইতোপূর্বে তারা কাফেরদের ওপর জয়ের আশাও করত

يَسْتَفْتِحُوْنَ عَلَى الَّذِيْنَ كَفَرُوْا ۚ فَلَمَّا جَآءَهُمْ مَّا عَرَفُوْا كَفَرُوْا بِهٖ ۫ فَلَعْنَةُ اللّٰهِ

ইয়াস্‌তাফ্‌তিহূনা 'আলাল্ লাযীনা কাফারূ ফালাম্মা-জ্বা—য়াহুম্ মা- 'আরাফূ কাফারূ বিহী ফালা'নাতুল্লা-হি

কিন্তু যখন ঐ পরিচিত কিতাব আসল তখন তা অস্বীকার করল; আর অস্বীকারকারীদের ওপর আল্লাহর

عَلَى الْكٰفِرِيْنَ (٨٩) بِئْسَمَا اشْتَرَوْا بِهٖٓ أَنْفُسَهُمْ أَنْ يَّكْفُرُوْا بِمَآ أَنْزَلَ اللّٰهُ بَغْيًا

'আলাল্ কা-ফিরীন্। ৯০। বি''সামাশ্ তারাও বিহী~ আন্‌ফুসাহুম্ আইঁ ইয়াক্‌ফুরূ বিমা~ আন্‌যালাল্লা-হু বাগ্‌ইয়ান্

লা'নত। (৯০) কতই না নিকৃষ্ট যার বিনিময়ে বিক্রি করেছে তাদের আত্মাকে। আল্লাহ যা নাযীল করেছেন, হিংসায় তারা

أَنْ يُّنَزِّلَ اللّٰهُ مِنْ فَضْلِهٖ عَلٰى مَنْ يَّشَآءُ مِنْ عِبَادِهٖ ۚ فَبَآءُوْ بِغَضَبٍ عَلٰى

আইঁ ইয়ুনায্‌যিলাল্লা-হু মিন্ ফাদ্বলিহী 'আলা- মাইঁ ইয়াশা—য়ু মিন্ 'ইবা-দিহী ফাবা—য়ূ বিগাদ্বোয়াবিন্ 'আলা-

তাকে অস্বীকার করত শুধু এ কারণে যে, আল্লাহ স্বীয় বান্দাদের মধ্যে যাকে ইচ্ছা অনুগ্রহ করেন। তাই তারা ক্রোধের

غَضَبٍ ۗ وَلِلْكٰفِرِيْنَ عَذَابٌ مُّهِيْنٌ (٩٠) وَإِذَا قِيْلَ لَهُمْ اٰمِنُوْا بِمَآ أَنْزَلَ اللّٰهُ

গাদ্বোয়াব্; অলিল্ কা-ফিরীনা 'আযা-বুম্ মুহীন্। ৯১। অইযা- ক্বীলা লাহুম আ-মিনূ বিমা~ আন্‌যালাল্লা-হু

পাত্র হল। কাফেরদের জন্য রেখেছে অপমানকর আযাব। (৯১) যখন তাদেরকে বলা হয়, আল্লাহর নাযীল করা সে বিষয়ে বিশ্বাস কর।

টীকা-১ঃ রুহুল কুদুস ঃ পবিত্র কোরআনের বিভিন্ন স্থানে জিবরাঈল (আঃ)-কেই রুহুল কুদুস বলে অভিহিত করা হয়েছে। আর তাঁর দ্বারা হযরত ঈসা (আঃ)-কে কয়েক প্রকারে সাহায্য করা হয়। একঃ জন্মলগ্নে শয়তান হতে যেন মুক্ত থাকেন সে সাহায্য। দুইঃ তাঁরই ফুকে হযরত ঈসা (আঃ) মাতৃ উদরে আবির্ভূত হন। তিন ঃ অধিকাংশ ইহুদী তাঁর শত্রু ছিল, তাই হযরত জিবরাঈল (আঃ) তাঁর রক্ষণাবেক্ষণের জন্য সঙ্গে থাকতেন এবং পরিশেষে তাঁর মাধ্যমেই আকাশে উত্তোলিত হন। আর ইহুদীরা বহু নবীকে মিথ্যা প্রতিপন্ন করেছে এমনকি হযরত ঈসা (আঃ)-কেও হত্যা করতে চেয়েছিল এবং হযরত ইয়াহিয়া (আঃ)-কে তো হত্যাই করে ফেলেছে। হযরত ইবনে আব্বাস (রাঃ) ও ছয়ীদ ইবনে জোবাইর (রাঃ) বলেন, রুহুল কুদুস অর্থ ইছমে আযম, যার দ্বারা তিনি মৃতদের জীবিত করতেন।

قَالُوا نُؤْمِنُ بِمَا أُنزِلَ عَلَيْنَا وَيَكْفُرُونَ بِمَا وَرَاءَهُ وَهُوَ الْحَقُّ

ক্বা-লূ নু''মিনু বিমা~ উন্‌যিলা 'আলাইনা- অইয়াক্‌ফুরূনা বিমা- অরা—য়াহ্ অহুওয়াল্ হাক্ব্‌ক্বু

তখন বলে, আমরা বিশ্বাস করি আমাদের উপর অবতীর্ণ বিষয়। এছাড়া সব কিছুই তারা অস্বীকার করে, অথচ তা সত্য

مُصَدِّقًا لِّمَا مَعَهُمْ قُلْ فَلِمَ تَقْتُلُونَ أَنبِيَاءَ اللَّهِ مِن قَبْلُ إِن كُنتُم

মুছোয়াদ্দিক্বাল্ লিমা- মা'আহুম; ক্বু্ল্ ফালিমা তাক্ব্‌তুলূনা আম্বিয়া—য়াল্লা-হি মিন্ ক্বাব্‌লু ইন্ কুন্‌তুম্

এবং যা তাদের নিকট আছে তার সমর্থক। বলুন, ইতোপূর্বে কেন তোমরা আল্লাহর নবীদের হত্যা করেছিলে? যদি তোমরা

مُّؤْمِنِينَ ﴿٩٢﴾ وَلَقَدْ جَاءَكُم مُّوسَىٰ بِالْبَيِّنَاتِ ثُمَّ اتَّخَذْتُمُ الْعِجْلَ

মু''মিনীন্। ৯২। অলাক্বাদ্ জ্বা—য়াকুম্ মূসা- বিল্‌বাইয়্যিনা-তি ছুম্মাত্তাখায্‌তুমুল্ 'ইজ্‌লা

মু'মিন হও। (৯২) নিশ্চয়, মূসা প্রকাশ্য প্রমাণ নিয়ে এসেছিল, অথচ তার অনুপস্থিতিতে গো-বৎসের পূজা করেছিলে।

مِن بَعْدِهِ وَأَنتُمْ ظَالِمُونَ ﴿٩٣﴾ وَإِذْ أَخَذْنَا مِيثَاقَكُمْ وَرَفَعْنَا فَوْقَكُمُ الطُّورَ

মিম্ বা'দিহী অআনতুম্ জোয়া-লিমূন্। ৯৩। অইয্ আখায্‌না- মীছা-ক্বাকুম্ অরাফা'না- ফাওক্বাকুমুত্‌ তূ্র;

তোমরা তো সীমা লংঘনকারী। (৯৩) যখন তোমাদের প্রতিশ্রুতি নিলাম আর তূর-কে তোমাদের উপর তুলে ধরলাম।

خُذُوا مَا آتَيْنَاكُم بِقُوَّةٍ وَاسْمَعُوا قَالُوا سَمِعْنَا وَعَصَيْنَا وَأُشْرِبُوا فِي

খুযূ মা~ আতাইনা-কুম্ বিক্বু্ওয়্যাতিওঁ অস্‌মা'ঊ; ক্বা-লূ সামি'না- অ'আছোয়াইনা- অউশ্‌রিবূ ফী

যা তোমাদেরকে দিলাম, তা দৃঢ়ভাবে ধারণ কর এবং মান। তারা বলল, শুনলাম-অমান্য করলাম। কুফরীর কারণে তাদের

قُلُوبِهِمُ الْعِجْلَ بِكُفْرِهِمْ قُلْ بِئْسَمَا يَأْمُرُكُم بِهِ إِيمَانُكُمْ إِن كُنتُم

ক্বু্লূবিহিমুল্ 'ইজ্‌লা বিকুফ্‌রিহিম; ক্বু্ল্ বি''সামা- ইয়া''মুরুকুম্ বিহী~ ঈমা-নুকুম্ ইন্ কুন্‌তুম্

অন্তরে গো-ছানা প্রীতি সিঞ্চিত হল। আপনি বলে দিন, তোমাদের ঈমান তোমাদেরকে খুবই নিন্দনীয় কাজের নির্দেশ

مُّؤْمِنِينَ ﴿٩٤﴾ قُلْ إِن كَانَتْ لَكُمُ الدَّارُ الْآخِرَةُ عِندَ اللَّهِ خَالِصَةً مِّن

মু''মিনীন্। ৯৪। ক্বু্ল্ ইন্ কা-নাত্ লাকুমুদ্ দা-রুল্ আ-খিরাতু 'ইন্‌দাল্লা-হি খা-লিছোয়াতাম্ মিন্

দিচ্ছে যদি তোমরা মু'মিন হও। (৯৪) বলুন, আল্লাহ আখেরাতের বাসস্থান শুধু তোমাদের জন্যই বরাদ্দ করে থাকলে

دُونِ النَّاسِ فَتَمَنَّوُا الْمَوْتَ إِن كُنتُمْ صَادِقِينَ ﴿٩٥﴾ وَلَن يَتَمَنَّوْهُ أَبَدًا

দূনিন্ না-সি ফাতামান্নায়ুল্ মাওতা ইন্ কুন্‌তুম্ ছোয়া-দিক্বীন্। ৯৫। অলাইঁ ইয়াতামান্নাওহু আবাদাম্

তোমরা মৃত্যু কামনা কর, যদি তোমরা সত্যবাদী হও। (৯৫) তারা নিজেদের কৃতকর্মের কারণে কখনও মৃত্যু কামনা

শানে নুযূল ঃ আয়াত- ৯৪ঃ ইহুদীরা বলত, জান্নাতে ইহুদীরা ছাড়া আর কেউই যেতে পারবে না। এর প্রতিবাদে আলোচ্য আয়াত অবতীর্ণ হয়।

ব্যাখ্যা ঃ আল্লাহ তা'আলা ইহুদীদের এ অমূলক দাবিও বাতিল করে দিয়েছেন যে, জান্নাতের উপভোগ যদি তোমাদের জন্যই নির্ধারিত হয়ে থাকে, তবে তোমরা জলদি মৃত্যু কেন কামনা করছ না? যাতে মৃত্যুর সাথে সাথে আখেরাতে নিজেদের আসনসমূহে পৌঁছতে পার। যারা আখেরাতের শান্তি ও পুরস্কারের প্রতি অগাধ বিশ্বাস রাখে কেবল তারাই আখেরাতের প্রতি অত্যন্ত আকর্ষিত হয়ে পড়ে এবং সত্বর মৃত্যু কামনা করে। কিন্তু ইহুদীরা নিজেদের গর্হিত কাজের শাস্তির ভয়ে মৃত্যু হতে নিষ্কৃতি পেতে চায় এবং হাজার বছরের জীবন কামনা করে, তাদের অপকর্মের পরিণাম ফল যেন ভোগ করতে না হয়, অথচ তা ভোগ করতেই হবে। অতএব প্রমাণিত হল যে, তাদের দাবীতে বাস্তবতার লেশমাত্রও নেই।

بِمَا قَدَّمَتْ اَيْدِيْهِمْ ۗ وَاللّٰهُ عَلِيْمٌ بِالظّٰلِمِيْنَ ۝٩٦ وَلَتَجِدَنَّهُمْ اَحْرَصَ

বিমা- ক্বাদ্দামাত্ আইদীহিম; অল্লা-হু 'আলীমুম্ বিজ্জোয়া-লিমীন্। ৯৬। অলাতাজ্বিদান্নাহুম্ আহ্‌রাছোয়ান
করবে না। আল্লাহ জালিমদের সম্পর্কে সম্যক অবগত। (৯৬) নিশ্চয় আপনি তাদেরকে জীবনের প্রতি

النَّاسِ عَلٰى حَيٰوةٍ ۚ وَمِنَ الَّذِيْنَ اَشْرَكُوْا ۚ يَوَدُّ اَحَدُهُمْ لَوْ يُعَمَّرُ اَلْفَ

না-সি 'আলা-হাইয়া-তিন্, অমিনাল্ লাযীনা আশরাকূ ইয়াঅদ্দু আহাদুহুম লাও ইয়ু'আম্মারু আল্‌ফা
সমস্ত মানুষ এমন কি মুশরিকের চেয়ে অধিক লোভী পাবেন, তাদের প্রত্যেকেই হাজার বছর বাঁচার আশা করে;

سَنَةٍ ۚ وَمَا هُوَ بِمُزَحْزِحِهٖ مِنَ الْعَذَابِ اَنْ يُّعَمَّرَ ۗ وَاللّٰهُ بَصِيْرٌ بِمَا

সানাতিন্, অমা-হুওয়া বিমুযাহ্‌যিহিহী মিনাল্ 'আযা-বি আঁই ইয়ু'আম্মার্; অল্লা-হু বাছীরুম্ বিমা-
কিন্তু সেই দীর্ঘ জীবনও তাকে আযাব থেকে রক্ষা করতে পারবে না; আল্লাহ তাদের কৃতকর্ম

يَعْمَلُوْنَ ۝٩٧ قُلْ مَنْ كَانَ عَدُوًّا لِّجِبْرِيْلَ فَاِنَّهٗ نَزَّلَهٗ عَلٰى قَلْبِكَ بِاِذْنِ اللّٰهِ

ইয়া'মালূন্। ৯৭। ক্বুল্ মান্ কা-না 'আদুওয়্যাল লিজ্বিব্‌রীলা ফাইন্নাহূ নায্‌যালাহূ 'আলা- ক্বাল্‌বিকা বিইয্‌নিল্লা-হি
দেখেন। (৯৭) বলুন, কেউ জিব্রীলের শত্রু এজন্য হয় যে, সে আল্লাহর হুকুমে আপনার অন্তরে তা অবতীর্ণ করে

مُصَدِّقًا لِّمَا بَيْنَ يَدَيْهِ وَهُدًى وَّبُشْرٰى لِلْمُؤْمِنِيْنَ ۝٩٨ مَنْ كَانَ عَدُوًّا لِّلّٰهِ

মুছোয়াদ্দিক্বাল্ লিমা-বাইনা ইয়াদাইহি অহুদাওঁ অবুশ্‌রা-লিল্‌মু'মিনীন্। ৯৮। মান্ কা-না 'আদুও ওয়াল লিল্লা-হি
যা তার পূর্ববর্তী কিতাবের সমর্থক এবং যা মু'মিনদের জন্য পথ প্রদর্শক ও সুসংবাদ। (৯৮) যে আল্লাহর, ফেরেশতাদের,

وَمَلٰٓئِكَتِهٖ وَرُسُلِهٖ وَجِبْرِيْلَ وَمِيْكٰلَ فَاِنَّ اللّٰهَ عَدُوٌّ لِّلْكٰفِرِيْنَ ۝٩٩ وَلَقَدْ

অমালা—য়িকাতিহী অরুসুলিহী অজ্বিব্‌রীলা অমীকা-লা ফাইন্নাল্লা-হা 'আদুওয়্যাল্লিল্ কা-ফিরীন্। ৯৯। অলাক্বাদ
রাসূলদের, জিব্রীলের ও মীকাঈলের শত্রু হয় (সে জেনে রাখুক) আল্লাহ কাফেরদের শত্রু। (৯৯) নিশ্চয়

اَنْزَلْنَآ اِلَيْكَ اٰيٰتٍۢ بَيِّنٰتٍ ۚ وَمَا يَكْفُرُ بِهَآ اِلَّا الْفٰسِقُوْنَ ۝١٠٠ اَوَكُلَّمَا

আন্‌যাল্‌না~ ইলাইকা আ-ইয়া-তিম্ বাইয়্যিনা-তিন্ অমা-ইয়াক্‌ফুরু বিহা~ ইল্লাল্ ফা-সিকূন। ১০০। আওয়া কুল্লামা-
আপনার কাছে প্রকাশ্য নিদর্শন অবতীর্ণ করেছি। ফাসিক ছাড়া কেউ তা অস্বীকার করে না। (১০০) কি ব্যাপার! যখনই

عٰهَدُوْا عَهْدًا نَّبَذَهٗ فَرِيْقٌ مِّنْهُمْ ۗ بَلْ اَكْثَرُهُمْ لَا يُؤْمِنُوْنَ ۝١٠١ وَلَمَّا

'আ-হাদূ' আহ্‌দান নাবাযাহূ ফারীক্বু-ম্ মিন্‌হুম্; বাল্ আক্‌ছারুহুম্ লা-ইয়ু'মিনূন্। ১০১। অলাম্মা-
অঙ্গীকার করে, তখনই একদল তা ভঙ্গ করে। বরং তাদের অধিকাংশ ঈমান আনবে না। (১০১) যখন তাদের কাছে

শানে নুযূল ঃ আয়াত-৯৮ ঃ রাসূলুল্লাহ (ছঃ) নবী হওয়ার পর ইহুদীদেরকে ইসলামের দাওয়াত দিলে তাদের একদল তাঁর দরবারে উপস্থিত হয়ে বলল, আমরা আপনাকে কয়েকটি প্রশ্ন করব, আপনি সঠিক উত্তর দিতে পারলে আমরা ঈমান আনব। রাসূলুল্লাহ (ছঃ)-এর অনুমতিক্রমে তারা বলল, তাওরাত অবতীর্ণের পূর্বে ইয়াক্ব্ব (আঃ) কোন বস্তু নিজের জন্য হারাম করেছিলেন? স্ত্রী-পুরুষের সম্মিলিত শুক্র হতে কখনও ছেলে, কখনও বা মেয়ে কেন জন্মে? তাওরাতে শেষ নবীর পরিচয় কি লিখা আছে এবং কোন কোন ফেরেশতা তাঁর সঙ্গী হবে? রাসূলুল্লাহ (ছঃ) সঠিকভাবে প্রশ্নসমূহের উত্তর দিলেন। ইহুদীরা উত্তর মেনে নেয়ার পর বলল, জিব্রাঈল তো পূর্ব হতেই আমাদের শত্রু, তদস্থলে অন্য কেউ হলে আমরা ঈমান আনতাম। ফলে এ আয়াত নাযিল হয়। – ইবনে কাছীর

جَاءَهُمْ رَسُولٌ مِنْ عِنْدِ اللَّهِ مُصَدِّقٌ لِمَا مَعَهُمْ نَبَذَ فَرِيقٌ مِنَ الَّذِينَ

জ্বা—য়াহুম্ রাসূলুম্ মিন্ 'ইন্দিল্লা-হি মুছোয়াদ্দিক্বু-ল লিমা- মা'আহুম্ নাবাযা ফারীক্বু-ম্ মিনাল্লাযীনা

কোন রাসূল আসলেন, যিনি তাদের নিকট যা আছে তার সমর্থক, যখন তাদের কিতাব দেয়া হয়েছিল আল্লাহ পক্ষ

أُوتُوا الْكِتَابَ كِتَابَ اللَّهِ وَرَاءَ ظُهُورِهِمْ كَأَنَّهُمْ لَا يَعْلَمُونَ

ঊতুল্ কিতা-বা কিতাবা ল্লা-হি অরা—য়া জুহূরিহিম কাআন্নাহুম্ লা-ইয়া'লামূন্।

হতে, তখন একদল আল্লাহর কিতাবকে পেছনে ফেলে দিল,যেন তারা কিছুই জানে না।

(١٠٢) وَاتَّبَعُوا مَا تَتْلُو الشَّيَاطِينُ عَلَىٰ مُلْكِ سُلَيْمَانَ وَمَا كَفَرَ سُلَيْمَانُ وَلَٰكِنَّ

১০২। অত্তাবা'ঊ মা-তাত্লুশ্ শাইয়া-ত্বীনু 'আলা-মুল্কি সুলাইমা-না অমা-কাফারা সুলাইমা-নু অলা-কিন্নাশ্

(১০২) তারা তা অনুসরণ করল, আর সুলাইমানের রাজত্বে শয়তানরা যা আবৃত্তি করত তারা তা মানত। সুলাইমান

الشَّيَاطِينَ كَفَرُوا يُعَلِّمُونَ النَّاسَ السِّحْرَ وَمَا أُنْزِلَ عَلَى الْمَلَكَيْنِ بِبَابِلَ

শাইয়া-ত্বীনা কাফারূ ইয়ু'আল্লিমূনান্ না-স্াস্ সিহ্রা অমা~ উন্যিলা 'আলাল্ মালাকাইনি বিবা-বিলা

তো কাফের নন। কিন্তু শয়তানরা কাফের। তারা মানুষকে যাদু শিক্ষা দিত এবং যা বাবিল শহরে[১],

هَارُوتَ وَمَارُوتَ وَمَا يُعَلِّمَانِ مِنْ أَحَدٍ حَتَّىٰ يَقُولَا إِنَّمَا نَحْنُ فِتْنَةٌ

হা-রূতা অমা-রূত্; অমা-ইয়ু'আল্লিমা-নি মিন্ আহাদিন্ হাত্তা-ইয়াকূ্লা~ ইন্নামা-নাহ্নু ফিত্নাতুন্

হারূত ও মারূত[২] ফেরেশতাদ্বয়ের ওপর নাযিল হয়েছিল। তারা শিক্ষা দেয়ার সময় বলত যে, আমরা পরীক্ষাস্বরূপ; তোমরা

فَلَا تَكْفُرْ فَيَتَعَلَّمُونَ مِنْهُمَا مَا يُفَرِّقُونَ بِهِ بَيْنَ الْمَرْءِ وَزَوْجِهِ وَمَا هُمْ

ফালা-তাক্ফুর্ ; ফাইয়াতা'আল্লামূনা মিনহুমা- মা- ইয়ুফার্‌রিকূ্না বিহী বাইনাল্ মার্‌য়ি অযাওজ্বিহ্; অমা-হুম

কুফরী করো না তারা দুজনের নিকট এমন যাদু শিখত যা স্বামী-স্ত্রীর মধ্যে বিভেদ সৃষ্টিকারী। আল্লাহর নির্দেশ ছাড়া

بِضَارِّينَ بِهِ مِنْ أَحَدٍ إِلَّا بِإِذْنِ اللَّهِ وَيَتَعَلَّمُونَ مَا يَضُرُّهُمْ وَلَا يَنْفَعُهُمْ

বিদ্বোয়া—র্‌রীনা বিহী মিন্ আহাদিন্ ইল্লা-বিইয্নিল্লা-হ্; অইয়াতা'আল্লামূনা মা-ইয়াদ্বুর্‌রুহুম্ অলা-ইয়ান্ফা'উহুম্;

তারা কারও ক্ষতি করতে পারত না। যা ক্ষতি করে তাই তারা শিখত, কোন লাভ হয় না। আর তারা

وَلَقَدْ عَلِمُوا لَمَنِ اشْتَرَاهُ مَا لَهُ فِي الْآخِرَةِ مِنْ خَلَاقٍ وَلَبِئْسَ مَا

অলাক্বাদ্ 'আলিমূ লামানিশ্ তারা-হু মা-লাহূ ফিল্ আ-খিরাতি মিন্ খালা-ক্ব্ ; অলাবি"সা মা-

নিশ্চিত জানে যে, যে তা অর্জন করে আখেরাতে তার কোন অংশ নেই। তা কতই না নিকৃষ্ট যার বিনিময়ে বিক্রয়

টিকাঃ (১) বাবিল বা ব্যাবিলন শহরটি ফোরাত নদীর তীরে অবস্থিত। (২) আল্লাহ মানুষকে যাদুর গুরুত্ব বুঝানোর জন্য এ ফেরেশতাদ্বয়কে প্রেরণ করেন।

শানে নুযূল ঃ আয়াত- ১০২ ঃ হযরত সুলাইমান (আঃ)-কে ইহুদীরা যাদুকর মনে করত। রাসূলুল্লাহ (ছঃ) যখন হযরত সুলাইমান (আঃ)-কে সম্মানের সাথে স্মরণ করলেন, তখন ইহুদীরা বলল, কি আশ্চর্য ব্যাপার। মুহাম্মদ (ছঃ) সত্যকে মিথ্যার সাথে মিশিয়ে ফেলছে— সুলাইমানকেও নবীদের মধ্যে গণনা করেন, অথচ তিনি ছিলেন একজন যাদুকর এবং সেই যাদু বলে তিনি শূন্যে বিচরণ করতেন' (নাউযু বিল্লাহ)। তখন এরই প্রতিবাদে আলোচ্য আয়াত অবতীর্ণ হয়। ব্যাখ্যা ঃ আয়াত-১০২ ঃ উদ্ধৃত আয়াতে আল্লাহর

شَرَوْا بِهٖٓ اَنْفُسَهُمْ ؕ لَوْ كَانُوْا يَعْلَمُوْنَ ﴿١٠٣﴾ وَلَوْ اَنَّهُمْ اٰمَنُوْا وَاتَّقَوْا لَمَثُوْبَةٌ مِّنْ

শারাও বিহী~ আন্‌ফুসাহুম্ ; লাও কা-নূ ইয়া'লামূন্। ১০৩। অলাও আন্নাহুম্ আ-মানূ অত্তাক্বাও লামাছূবাতুম্ মিন্
করেছে তাদের আত্মাকে; যদি তারা জানত। (১০৩) যদি তারা মু'মিন ও মুত্তাকী হত, তবে অবশ্যই এর প্রতিফল

১২ ع ৭ ১২ রুকু

عِنْدِ اللّٰهِ خَيْرٌ ؕ لَوْ كَانُوْا يَعْلَمُوْنَ ﴿١٠٤﴾ يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَا تَقُوْلُوْا رَاعِنَا

'ইন্‌দিল্লা-হি খাইর্; লাও কা-নূ ইয়া'লামূন্। ১০৪। ইয়া~ আইয়্যুহাল্ লাযীনা আ-মানূ লা-তাকূ্লূ রা-'ইনা-
আল্লাহর নিকট কল্যাণকর হত। যদি তারা বুঝত। (১০৪) হে ঈমানদাররা! 'রায়েনা'[১] বলো না,

وَقُوْلُوا انْظُرْنَا وَاسْمَعُوْا ؕ وَلِلْكٰفِرِيْنَ عَذَابٌ اَلِيْمٌ ﴿١٠٥﴾ مَا يَوَدُّ الَّذِيْنَ كَفَرُوْا

অক্বূলুন্ জুর্‌না- অস্‌মা'উ; অলিল্ কা-ফিরীনা 'আযা-বুন্ আলীম্। ১০৫। মা-ইয়াঅদ্দুল্লাযীনা কাফারূ
'উন্‌যুরনা' বল, এবং ভালভাবে শুন আর কাফেরদের জন্য কঠিন শাস্তি আছে। (১০৫) কিতাবীদের ভেতর যারা কাফের

مِنْ اَهْلِ الْكِتٰبِ وَلَا الْمُشْرِكِيْنَ اَنْ يُّنَزَّلَ عَلَيْكُمْ مِّنْ خَيْرٍ مِّنْ رَّبِّكُمْ ؕ

মিন্ আহলিল্ কিতা-বি অলাল্ মুশরিকীনা আইঁ ইয়ুনায্‌যালা 'আলাইকুম্ মিন্ খাইরিম মির্ রব্বিকুম;
এবং যারা মুশরিক তারা পছন্দ করে না যে, রবের পক্ষ হতে তোমাদের কোন কল্যাণ অবতীর্ণ হোক।

وَاللّٰهُ يَخْتَصُّ بِرَحْمَتِهٖ مَنْ يَّشَآءُ ؕ وَاللّٰهُ ذُو الْفَضْلِ الْعَظِيْمِ ﴿١٠٦﴾ مَا نَنْسَخْ

অল্লা-হু ইয়াখ্‌তাছ্ছু বিরাহ্‌মাতিহী মাইঁ ইয়াশা—য়ু অল্লা-হু যুল্‌ফাদ্বলিল্ 'আজীম্। ১০৬। মা-নান্‌সাখ্
আর আল্লাহ আপন অনুগ্রহ দিয়ে যাকে ইচ্ছা নির্দিষ্ট করেন। আর আল্লাহ মহা অনুগ্রহশীল। (১০৬) আমি যদি কোন

مِنْ اٰيَةٍ اَوْ نُنْسِهَا نَاْتِ بِخَيْرٍ مِّنْهَآ اَوْ مِثْلِهَا ؕ اَلَمْ تَعْلَمْ اَنَّ اللّٰهَ عَلٰى كُلِّ

মিন্ আ-ইয়াতিন আও নুন্‌সিহা- না''তি বিখাইরিম্ মিনহা~ আও মিছ্‌লিহা-; আলাম্ তা'লাম্ আন্নাল্লা-হা 'আলা-কুল্লি
আয়াত রহিত করি বা ভুলিয়ে দেই; তবে তা অপেক্ষা উত্তম বা সমতুল্য নিয়ে আসি। তুমি কি জান না

شَيْءٍ قَدِيْرٌ ﴿١٠٧﴾ اَلَمْ تَعْلَمْ اَنَّ اللّٰهَ لَهٗ مُلْكُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ

শাইয়িন ক্বাদীর্। ১০৭। আলাম্ তা'লাম আন্নাল্লা-হা লাহূ মুল্‌কুস্ সামা-ওয়া-তি অল্‌আরদ্ব;
যে, আল্লাহ সর্বশক্তিমান। (১০৭) তুমি কি জান না যে, আসমান-যমীনের শাসন ক্ষমতা একমাত্র আল্লাহর;

وَمَا لَكُمْ مِّنْ دُوْنِ اللّٰهِ مِنْ وَّلِيٍّ وَّلَا نَصِيْرٍ ﴿١٠٨﴾ اَمْ تُرِيْدُوْنَ اَنْ تَسْـَٔلُوْا

অমা-লাকুম্ মিন্ দূনিল্লা-হি মিওঁ অলিয়্যিওঁ অলা- নাছীর্। ১০৮। আম্ তুরীদূনা আন্ তাস্‌য়ালূ
আর আল্লাহ ছাড়া তোমাদের আর কোন বন্ধুও নেই, সহায়ও নেই। (১০৮) তোমরা কি তোমাদের রাসূলকে

কিতাব পেছনের দিকে নিক্ষেপ করে ফেলে দেয়ার কথাটি বিস্তারিতভাবে বর্ণনা করেন। অর্থাৎ তারা কিতাবুল্লাহ পরিত্যাগ করে কতেক অযথা ভণ্ড কাজের প্রতি ঝুঁকে পড়ল– সুলাইমান (আঃ)-এর রাজত্বকালের শয়তানদের যাদুর প্রতি। আর তারা সেটা সুলাইমান (আঃ)-এর প্রতি আরোপ করল, অথচ তারা সেই কুফরিতে লিপ্ত হয়েছিল, যারা মানুষকে যাদু বিদ্যা শিখাত এবং এ ইহুদী ও অন্যান্য লোকেরা তার প্রতি অণুপ্রাণিত হয়ে অনুকরণ করল। যদি সন্দেহমূলক বাক্য হয়, যার মর্ম উপলব্ধি করা যায় না, তবে কুফরীর সম্ভাবনা বশতঃ তা হতে বেঁচে থাকা ওয়াজিব। টিকা-১ঃ 'রায়েনা'-অর্থ আমাদের প্রতি লক্ষ্য করুন। ইহুদীদের ভাষায় এর অর্থ "হে বোকা"। তাই আল্লাহ তায়ালা ঐ শব্দের স্থলে 'উন্‌যুরনা' ব্যবহারের নির্দেশ দেন। শানে নুযূল ঃ আয়াত-১০৮ঃ রাফে' ইবনে হারমালা ও ওয়াহাব ইবনে যাইদ রাসূলুল্লাহ (ছঃ)-কে

رَسُولَكُمْ كَمَا سُئِلَ مُوسَىٰ مِن قَبْلُ ۗ وَمَن يَتَبَدَّلِ الْكُفْرَ بِالْإِيمَانِ فَقَدْ

রাসূলাকুম্ কামা- সুয়িলা মূসা- মিন্ কাব্‌ল্ ; অমাইঁ ইয়াতাবাদ্দালিল্ কুফ্‌রা বিল্ ঈমা-নি ফাক্বাদ্

ঐরূপ প্রশ্ন করবে যেমন- মূসাকে পূর্বে করা হয়েছিল? যে কুফরীকে ঈমানের পরিবর্তে গ্রহণ করে

ضَلَّ سَوَاءَ السَّبِيلِ ﴿١٠٩﴾ وَدَّ كَثِيرٌ مِّنْ أَهْلِ الْكِتَابِ لَوْ يَرُدُّونَكُم مِّن

দ্বোয়াল্লা সাওয়া—য়াস্ সাবীল্। ১০৯। অদ্দা কাছীরুম্ মিন্ আহ্‌লিল্ কিতা-বি লাও ইয়ারুদ্দূনাকুম্ মিম্

সে নিশ্চয়ই সরল পথ থেকে দূরে সরে পড়ে। (১০৯) কিতাবের অনুসারীদের অনেকেই চায় যে,

بَعْدِ إِيمَانِكُمْ كُفَّارًا حَسَدًا مِّنْ عِندِ أَنفُسِهِم مِّن بَعْدِ مَا تَبَيَّنَ لَهُمُ

বা'দি ঈমা-নিকুম্ কুফ্‌ফা-রান্ হাসাদাম্ মিন্ 'ইনদি আন্‌ফুসিহিম মিম্ বা'দি মা-তাবাইয়্যানা লাহুমুল্

ঈমান আনার পর বিদ্বেষবশতঃ তোমাদেরকে আবার কাফের করে দেয়, হক সুস্পষ্ট হওয়ার পর। ক্ষমা কর

الْحَقُّ ۖ فَاعْفُوا وَاصْفَحُوا حَتَّىٰ يَأْتِيَ اللَّهُ بِأَمْرِهِ ۗ إِنَّ اللَّهَ عَلَىٰ كُلِّ

হাক্ব্ক্বু ফা'ফূ অছ্‌ফাহূ হাত্তা- ইয়া''তিয়াল্লা-হু বিআম্‌রিহ্; ইন্নাল্লা-হা 'আলা-কুল্লি

ও অপেক্ষা কর, যে পর্যন্ত না আল্লাহ কোন নির্দেশ প্রদান করেন; নিশ্চয় আল্লাহ সবকিছুর

شَيْءٍ قَدِيرٌ ﴿١١٠﴾ وَأَقِيمُوا الصَّلَاةَ وَآتُوا الزَّكَاةَ ۚ وَمَا تُقَدِّمُوا لِأَنفُسِكُم

শাইয়িন্ ক্বাদী-র্। ১১০। অ আক্বী মুছ্ ছলা-তা অআ-তুয্ যাকা-তা ; অমা- তুক্বাদ্দিমূ লিআন্‌ফুসিকুম্

উপরে মহা শক্তিমান। (১১০) নামায কায়েম কর, যাকাত দাও; তোমরা নিজেদের জন্য উত্তম কাজের যা আগে

مِّنْ خَيْرٍ تَجِدُوهُ عِندَ اللَّهِ ۗ إِنَّ اللَّهَ بِمَا تَعْمَلُونَ بَصِيرٌ ﴿١١١﴾ وَقَالُوا لَن

মিন্ খাইরিন্ তাজ্বিদূহু 'ইন্‌দাল্লা-হ্ ; ইন্নাল্লা-হা বিমা- তা'মালূনা বাছীর। ১১১। অক্বা-লূ লাইঁ

প্রেরণ করবে আল্লাহর নিকট তা পাবে; আল্লাহ তোমাদের কৃতকর্ম দেখেন। (১১১) তারা বলে,

يَدْخُلَ الْجَنَّةَ إِلَّا مَن كَانَ هُودًا أَوْ نَصَارَىٰ ۗ تِلْكَ أَمَانِيُّهُمْ ۗ قُلْ هَاتُوا

ইয়াদ্‌খুলাল্ জ্বান্নাতা ইল্লা- মান্ কা-না হূদান্ আও নাছোয়া-রা-; তিল্‌কা আমা-নিয়্যুহুম্; ক্বুল্ হা-তূ

ইহুদী বা **খৃষ্টান** ছাড়া বেহেশ্‌তে প্রবেশ করতে পারবে না। এটা তাদের অলীক কল্পনা; আপনি বলুন, যদি

بُرْهَانَكُمْ إِن كُنتُمْ صَادِقِينَ ﴿١١٢﴾ بَلَىٰ مَنْ أَسْلَمَ وَجْهَهُ لِلَّهِ وَهُوَ مُحْسِنٌ

বুরহা-নাকুম্ ইনকুনতুম ছোয়া-দিক্বীন্। ১১২। বালা- মান্ আস্‌লামা অজ্ব্‌হাহূ লিল্লা-হি অহুওয়া মুহ্‌সিনুন্

সত্যবাদী হও, তবে প্রমাণ পেশ কর। (১১২) হাঁ যে কেউ আল্লাহতে সমর্পিত এবং সৎকর্মপরায়ণ হয়, তবে

তিন চতুর্থাংশ

বলল, হে মুহাম্মদ! তুমি ও মূসা (আঃ)-এর ন্যায় এক সাথে সন্নিবেশিত অবস্থায় কিতাব এনে দাও, আর পাথর হতে ঝর্ণা নির্গত কর তখন আমরা তোমার উপর ঈমান আনব। তখন এ আয়াত অবতীর্ণ হয়, যখন তারা হুযুর (ছঃ)-কে বলল, তুমি যদি আপন রবকে প্রকাশ্যে দেখাও তবে ঈমান আনব। ইহুদীরা যেমন বলেছিল আল্লাহকে প্রকাশ্যে দেখাও। আয়াত-১০৯ঃ ইহুদী আখতারের দুই ছেলে হাই ও আবু এয়াছের সম্বন্ধে উদ্ধৃত আয়াতটি অবতীর্ণ হয়। তারা চরম হিংসুটে ছিল এবং মুসলমানদের ইসলাম হতে ফিরিয়ে মুরতাদ বানাবার জন্য আপ্রাণ চেষ্টা করত। শানে নুযূল ঃ আয়াত-১১১ঃ হযরত ইবনে আব্বাস (রাঃ) হতে বর্ণিত নজরানের আদিবাসী খৃষ্টান

১৩ ৯ ১৩ রুকু

فَلَهٗٓ اَجْرُهٗ عِنْدَ رَبِّهٖ ص وَلَا خَوْفٌ عَلَيْهِمْ وَلَا هُمْ يَحْزَنُوْنَ ﴿١١٣﴾ وَقَالَتِ

ফালাহূ~ আজ্‌রুহূ 'ইন্‌দা রব্বিহী অলা-খাওফুন 'আলাইহিম অলা-হুম ইয়াহ্‌যানূন্। ১১৩। অক্বা-লাতিল্

তার ফল রয়েছে তার রবের নিকট, আর তাদের নেই কোন ভয় আর না তারা দুঃখিত হবে। (১১৩) ইহুদীরা

اَلْيَهُوْدُ لَيْسَتِ النَّصٰرٰى عَلٰى شَيْءٍ ص وَّقَالَتِ النَّصٰرٰى لَيْسَتِ الْيَهُوْدُ عَلٰى

ইয়াহূদু লাইসাতিন্ নাছোয়া-রা-'আলা-শাইয়্যিওঁ অক্বা-লাতিন্ নাছোয়া-রা- লাইসাতিল্ ইয়াহূদু 'আলা-

বলে, খৃষ্টানরা সত্যের ওপর নেই; খৃষ্টানরাও বলে, ইহুদীরা সত্যের ওপর নেই অথচ

شَيْءٍ لا وَّهُمْ يَتْلُوْنَ الْكِتٰبَ ط كَذٰلِكَ قَالَ الَّذِيْنَ لَا يَعْلَمُوْنَ مِثْلَ

শাইয়্যিওঁ অহুম্ ইয়াত্‌লূ নাল্ কিতা-ব্; কাযা-লিকা ক্বা-লাল্ লাযীনা লা-ইয়া'লামূনা মিছ্‌লা

তারা সবাই কিতাব পাঠ করে; এমনি করেই যারা কিছু জানে না তারাও তাদের কথার অনুরূপ বলে,

قَوْلِهِمْ ج فَاللّٰهُ يَحْكُمُ بَيْنَهُمْ يَوْمَ الْقِيٰمَةِ فِيْمَا كَانُوْا فِيْهِ يَخْتَلِفُوْنَ *

ক্বাওলিহিম্ ফাল্লা-হু ইয়াহ্‌কুমু বাইনাহুম্ ইয়াওমাল্ ক্বিয়া-মাতি ফীমা- কা-নূ ফীহি ইয়াখ্‌তালিফূন্।

তারা যা নিয়ে মতভেদ করছিল, আল্লাহই কেয়ামতের দিন সেসবের মীমাংসা করে দেবেন।

﴿١١٤﴾ وَمَنْ اَظْلَمُ مِمَّنْ مَّنَعَ مَسٰجِدَ اللّٰهِ اَنْ يُّذْكَرَ فِيْهَا اسْمُهٗ وَسَعٰى فِيْ

১১৪। অমান্ আজ্‌লামু মিম্মাম্ মান'আ মাসা-জ্বিদাল্লা-হি আইঁ ইয়ুয্‌কারা ফীহাছ্‌মুহূ- অসা'আ-ফী

(১১৪) যে ব্যক্তি আল্লাহর মসজিদে আল্লাহর নাম নিতে বাধা দেয় এবং তা বিনাশের চেষ্টা করে, তার চেয়ে

خَرَابِهَا ط اُولٰٓئِكَ مَا كَانَ لَهُمْ اَنْ يَّدْخُلُوْهَآ اِلَّا خَآئِفِيْنَ ۵ لَهُمْ فِي

খারা-বিহা-; উলা—য়িকা মা-কানা লাহুম আইঁ ইয়াদ্‌খুলূহা~ ইল্লা-খা—য়িফীন্; লাহুম্ ফিদ্

বড় জালিম আর কে আছে? তাদের ওতে প্রবেশ করা উচিত ছিল না ভীত সন্ত্রস্ত না হয়ে। এরূপ লোকের জন্য

الدُّنْيَا خِزْيٌ وَّلَهُمْ فِي الْاٰخِرَةِ عَذَابٌ عَظِيْمٌ ﴿١١٥﴾ وَلِلّٰهِ الْمَشْرِقُ وَ

দুন্‌ইয়া-খিয্‌ইয়ুওঁ অলাহুম ফিল আ-খিরাতি 'আযা-বুন্ 'আজীম্।১১৫। অলিল্লা-হিল্ মাশ্‌রিক্বু অল্

আছে দুনিয়াতে অবমাননা আর আখেরাতে আছে কঠিন শাস্তি। (১১৫) আর পূর্ব ও

الْمَغْرِبُ ق فَاَيْنَمَا تُوَلُّوْا فَثَمَّ وَجْهُ اللّٰهِ ط اِنَّ اللّٰهَ وَاسِعٌ عَلِيْمٌ ﴿١١٦﴾ وَقَالُوا

মাগ্‌রিবু ফাআইনামা-তুওয়াল্লূ ফাছাম্মা অজ্‌হুল্লা-হ্; ইন্নাল্লা-হা ওয়া-সি'উন্ 'আলীম্। ১১৬। অক্বা-লুত

পশ্চিম আল্লাহর; তুমি যেদিকে মুখ কর সেদিকে আল্লাহ আছেন, আল্লাহ সর্বব্যাপী, মহাজ্ঞানী।(১১৬) তারা বলল,

দল রাসূলুল্লাহ (ছঃ)-এর দরবারে উপস্থিত হল, তথায় ইহুদীরাও ছিল। রাফে ইবনে খোজায়মা, 'ইহুদী আলেম ঈসায়ীদেরকে বলে, তোমাদের ধর্ম কোন ভিত্তির উপর নেই, তারা হযরত ঈসা (আঃ)-কে নবী হওয়াও অস্বীকার করল। তখন জনৈক নাজরানী ঈসায়ী অনুরূপ উত্তর দিয়ে হযরত মূসা (আঃ)-এর নবুওয়াত প্রত্যাখ্যান করল। তখন এই আয়াত অবতীর্ণ হয়। আয়াত-১১৩ঃ হযরত ইবনে আব্বাস (রাঃ) হতে বর্ণিত হয়েছে, একদা রাফে' ইবনে খোযাইমা রাসূলুল্লাহ (ছঃ)-কে বলল, আপনি যেমন বলছেন, আপনি আল্লাহর রাসূল, তবে আল্লাহকে বলুন, তিনি যেন স্বয়ং আমাদের সাথে কথা বলেন, আমরা যেন শুনি। এতে উদ্ধৃত আয়াতটি অবতীর্ণ হয়। **শানে নুযূল ঃ আয়াত-১১৫ ঃ** হযরত বরী'আ (রাঃ) বলেন, একদা আমরা রাসূলুল্লাহ্ (ছঃ)-এর সঙ্গে সফরে ছিলাম। রাতে নামায পড়তে প্রস্তুত হলে কেবলার দিক নির্ণয় করা গেল না।

اتَّخَذَ اللّٰهُ وَلَدًا ۙ سُبْحٰنَهٗ ؕ بَلْ لَّهٗ مَا فِي السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ كُلٌّ لَّهٗ

তাখাযাল্লা-হু অলাদান্ সুব্হা-নাহ্; বাল্ লাহূ মা- ফিস্ সামা-ওয়া-তি অল্ আর্দ্ব ; কুল্লুল্ লাহূ
"আল্লাহ সন্তান গ্রহণ করেছেন।" এসব থেকে তিনি পবিত্র, বরং আসমান যমীনের সবকিছু তাঁরই

قٰنِتُوْنَ ﴿١١٧﴾ بَدِيْعُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ وَاِذَا قَضٰۤى اَمْرًا فَاِنَّمَا يَقُوْلُ

ক্বা-নিতূন। ১১৭। বাদী'উস্ সামা-ওয়া-তি অল্ আর্দ্ব; অইযা-ক্বাদ্বোয়া~ আম্‌রান্ ফাইন্নামা- ইয়াক্বূলু
অনুগত। (১১৭) আসমান ও যমীন তিনিই অস্তিত্বহীন থেকে অস্তিত্বে আনয়নকারী স্রষ্টা; যখন তিনি কিছু করতে চান তখন বলেন,

لَهٗ كُنْ فَيَكُوْنُ ﴿١١٨﴾ وَقَالَ الَّذِيْنَ لَا يَعْلَمُوْنَ لَوْلَا يُكَلِّمُنَا اللّٰهُ اَوْ تَاْتِيْنَاۤ

লাহূ কুন্ ফাইয়া-কূন্। ১১৮। অক্বা-লাল্লাযীনা লা-ইয়া'লামূনা লাওলা-ইয়ুকাল্লিমুনাল্লা-হু আও তা"তীনা~
"হও", আর তা হয়ে যায়। (১১৮) আর যারা কিছু জানে না তারা বলে, আল্লাহ আমাদের সঙ্গে কথা কেন বলেন না?

اٰيَةٌ ؕ كَذٰلِكَ قَالَ الَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ مِّثْلَ قَوْلِهِمْ ؕ تَشَابَهَتْ قُلُوْبُهُمْ ؕ قَدْ

আ-ইয়াহ;কাযা-লিকা ক্বা-লাল্লাযীনা মিন্ ক্বাবলিহিম্ মিছ্‌লা ক্বাওলিহিম্; তাশা-বাহাত্ ক্বুলূবুহুম্; ক্বাদ্
বা কোন নির্দেশ কেন আসে না ? পূর্বের লোকেরাও তাদের মত বলত, তাদের সকলের অন্তর একইরূপ। আমি

بَيَّنَّا الْاٰيٰتِ لِقَوْمٍ يُّوْقِنُوْنَ ﴿١١٩﴾ اِنَّاۤ اَرْسَلْنٰكَ بِالْحَقِّ بَشِيْرًا وَّنَذِيْرًا ۙ

বাইয়্যান্নাল্ আ-ইয়া-তি লিক্বাওমিইঁ ইয়ূক্বিনূন্। ১১৯। ইন্না~ আরসাল্‌না-কা বিল্‌হাক্ব্‌ক্বি বাশীরাওঁ অনাযীরাওঁ
দৃঢ় বিশ্বাসীদের জন্য নিদর্শনাবলী বর্ণনা করেছি। (১১৯) আপনাকে সত্যসহ সুসংবাদদাতা ও সতর্ককারীরূপে প্রেরণ করেছি।

وَّلَا تُسْـَٔلُ عَنْ اَصْحٰبِ الْجَحِيْمِ ﴿١٢٠﴾ وَلَنْ تَرْضٰى عَنْكَ الْيَهُوْدُ وَلَا

অলা-তুস্‌য়ালু 'আন্ আছ্‌হা-বিল্ জ্বাহীম। ১২০। অলান্ তার্‌দ্বোয়া-'আন্‌কাল্ ইয়াহূদু অলান্
আর জাহান্নামীদের বিষয় আপনাকে কৈফিয়ত দিতে হবে না। (১২০) আপনার প্রতি কখনও সন্তুষ্ট হবে না ইহুদী ও

النَّصٰرٰى حَتّٰى تَتَّبِعَ مِلَّتَهُمْ ؕ قُلْ اِنَّ هُدَى اللّٰهِ هُوَ الْهُدٰى ؕ وَلَئِنِ اتَّبَعْتَ

নাছোয়া-রা- হাত্তা- তাত্তাবি'আ মিল্লাতাহুম্; ক্বুল্ ইন্না হুদাল্লা-হি হুওয়াল্ হুদা-; অলায়িনিত তাবা'তা
খৃষ্টানরা যতক্ষণ না তাদের ধর্ম অনুসরণ করেন। বলুন, আল্লাহর পথ-নির্দেশই প্রকৃত পথ। জ্ঞান লাভের পর

اَهْوَآءَهُمْ بَعْدَ الَّذِيْ جَآءَكَ مِنَ الْعِلْمِ ۙ مَا لَكَ مِنَ اللّٰهِ مِنْ وَّلِيٍّ

আহ্‌ওয়া—য়াহুম্ বা'দাল্লাযী জ্বা—য়াকা মিনাল্ 'ইল্‌মি মা-লাকা মিনাল্লা-হি মিওঁ অলিয়্যিওঁ
আপনি যদি তাদের প্রবৃত্তির অনুসারী হন, তবে আল্লাহর কবল থেকে আপনার কোন উদ্ধারকারী বা

অবশেষে প্রত্যেকে নিজ নিজ ধারণা অনুসারে যে দিকে কেবলা মনে করল সে দিকেই নামায পড়ল। রাসূলুল্লাহ (ছঃ)-এর নিকট সকালে ঘটনাটি বর্ণনা করা হলে আয়াতটি অবতীর্ণ হয়। অর্থাৎ পূর্ব-পশ্চিম সব দিকই আল্লাহর, সর্বত্রই তাঁর ঝলক বিরাজমান; তাই এরূপ দুর্বিপাকে পশ্চিম দিকের কোন বিশেষত্ব থাকে না। কারো কারো মতে আয়াতটি পর্যটন সম্বন্ধীয়। অর্থাৎ কেউ যদি সফরে নফল নামায সওয়ারীতে বসে পড়তে চায়, তবে কেবলামুখী হওয়া শর্ত নয়।

وَّلَا نَصِيْرٍ ﴿١٢١﴾ اَلَّذِيْنَ اٰتَيْنٰهُمُ الْكِتٰبَ يَتْلُوْنَهٗ حَقَّ تِلَاوَتِهٖ ؕ اُولٰٓئِكَ

অলা-নাছীর্। ১২১। আল্লাযীনা আ-তাইনা হুমুল কিতা-বা ইয়াত্লূনাহূ হাক্ব্ক্বা তিলা-ওয়াতিহ ; উলা—য়িকা

সাহায্যকারী পাবেন না। (১২১) যাদেরকে কিতাব দিলাম তারা যথাযথভাবে তা পাঠ করে, তারাই

يُؤْمِنُوْنَ بِهٖ ؕ وَمَنْ يَّكْفُرْ بِهٖ فَاُولٰٓئِكَ هُمُ الْخٰسِرُوْنَ ﴿١٢٢﴾ يٰبَنِيْٓ اِسْرَآءِيْلَ

ইয়ু'মিনূনা বিহ্; অমাই ইয়াক্ফুর বিহী ফাউলা—য়িকা হুমুল্ খা-সিরূন্। ১২২। ইয়া-বানী~ ইস্রা—য়ীলায্

ওতে বিশ্বাস করে, আর যারা তা প্রত্যাখ্যান করে তারাই ক্ষতিগ্রস্ত। (১২২) হে বনী ইসরাইল!

اذْكُرُوْا نِعْمَتِيَ الَّتِيْٓ اَنْعَمْتُ عَلَيْكُمْ وَاَنِّيْ فَضَّلْتُكُمْ عَلَى الْعٰلَمِيْنَ ۞

কুরূ নি'মাতিইয়াল্লাতী~ আন্'আম্তু 'আলাইকুম্ অআন্নী ফাদ্দ্বোয়াল্তুকুম্ 'আলাল্ 'আ-লামীন্।

তোমাদের ওপর যে অনুগ্রহ করেছি তা স্মরণ কর এবং তোমাদেরকে যে শ্রেষ্ঠত্ব দান করেছি বিশ্ববাসীর উপর।

﴿١٢٣﴾ وَاتَّقُوْا يَوْمًا لَّا تَجْزِيْ نَفْسٌ عَنْ نَّفْسٍ شَيْئًا وَّلَا يُقْبَلُ مِنْهَا عَدْلٌ

১২৩। অত্তাক্বূ ইয়াওমাল লা-তাজ্ব্যী নাফ্সুন্ 'আন নাফসিন্ শাইয়াওঁ অলা-ইয়ুক্ব্বালু মিন্হা-'আদ্লুওঁ

(১২৩) তোমরা সে দিনকে ভয় কর, যেদিন কেউ কারো না উপকারে আসবে, না কোন বিনিময় গৃহীত হবে, না সুপারিশ

وَّلَا تَنْفَعُهَا شَفَاعَةٌ وَّلَا هُمْ يُنْصَرُوْنَ ﴿١٢٤﴾ وَاِذِ ابْتَلٰٓى اِبْرٰهٖمَ رَبُّهٗ بِكَلِمٰتٍ

অলা- তান্ফা'উহা-শাফা'আতুওঁ অলা-হুম্ ইয়ুন্ছরূন্। ১২৪। অইযিব্ তালা~ ইব্রা-হীমা রব্বুহূ- বিকালিমা-তিন্

কাজে আসবে, আর না সাহায্যপ্রাপ্ত হবে। (১২৪) আর স্মরণ কর যখন ইবরাহীমকে তাঁর রব কিছু বিষয়ে পরীক্ষা করলেন,

فَاَتَمَّهُنَّ ؕ قَالَ اِنِّيْ جَاعِلُكَ لِلنَّاسِ اِمَامًا ؕ قَالَ وَمِنْ ذُرِّيَّتِيْ ؕ

ফাআতাম্মাহুন্; ক্বা-লা ইন্নী জ্বা-'ইলুকা লিন্না-সি ইমা-মা-; ক্বা-লা অমিন্ যুর্রিইয়্যাতী;

তখন তিনি উত্তীর্ণ হলেন। বললেন, "তোমাকে মানুষের নেতা বানাব।" বলল, "আমার বংশ হতেও"?

قَالَ لَا يَنَالُ عَهْدِي الظّٰلِمِيْنَ ﴿١٢٥﴾ وَاِذْ جَعَلْنَا الْبَيْتَ مَثَابَةً لِّلنَّاسِ وَاَمْنًا ؕ

ক্বা-লা লা-ইয়ানা-লু 'আহ্দিজ্জোয়া-লিমীন্। ১২৫। অইয্ জ্বা'আল্নাল্ বাইতা মাছা-বাতাল লিন্না-সি অআম্না-;

বললেন, আমার ওয়াদা জালিমদের জন্য নয়। (১২৫) যখন কা'বাকে মিলনকেন্দ্র ও নিরাপদ স্থান করলাম মানুষের জন্য;

وَاتَّخِذُوْا مِنْ مَّقَامِ اِبْرٰهٖمَ مُصَلًّى ؕ وَعَهِدْنَآ اِلٰٓى اِبْرٰهٖمَ وَاِسْمٰعِيْلَ اَنْ

অত্তাখিযূ মিম্ মাক্বা-মি ইব্রা-হীমা মুছোয়াল্লান্ অ'আহিদ্না~ ইলা~ ইব্রা-হীমা অইস্মা-'ঈলা আন্

এবং বললাম মাকামে ইবরাহীমকে নামাযের স্থান কর; আর আমি আদেশ করলাম, ইব্রাহীম ও ইসমাঈলকে

طَهِّرَا بَيْتِيَ لِلطَّآئِفِيْنَ وَالْعٰكِفِيْنَ وَالرُّكَّعِ السُّجُوْدِ ﴿١٢٦﴾ وَاِذْ قَالَ

ত্বোয়াহ্হিরা-বাইতিয়া লিত্ত্বোয়া—য়িফীনা অল্'আ-কিফীনা অর্রুক্কা'ইস্ সুজ্বূদ। ১২৬। অইয্ ক্বা-লা

তাওয়াফকারী, ই'তিকাফকারী, রুকূ ও সিজদাকারীদের জন্য আমার ঘরকে পবিত্র রাখতে। (১২৬) আর স্মরণ কর যখন

إِبْرٰهِمُ رَبِّ اجْعَلْ هٰذَا بَلَدًا ءَامِنًا وَّارْزُقْ أَهْلَهُۥ مِنَ الثَّمَرٰتِ مَنْ ءَامَنَ

ইব্রা-হীমু রব্বিজ্ 'আল্ হা-যা- বালাদান্ আ-মিনাওঁ অর্‌যুক্ব্ আহ্‌লাহূ মিনাছ্ ছামারা-তি মান্ আ-মানা
ইবরাহীম বলল, হে আমার রব! একে নিরাপদ শহর করো, আর প্রদান করো আল্লাহ ও আখেরাতে বিশ্বাসীকে

مِنْهُم بِاللَّهِ وَالْيَوْمِ الْءَاخِرِ ۖ قَالَ وَمَن كَفَرَ فَأُمَتِّعُهُۥ قَلِيلًا ثُمَّ أَضْطَرُّهُۥٓ

মিন্‌হুম্ বিল্লা-হি অল্‌ইয়াওমিল্ আ-খির্ ; ক্বা-লা অমান্ কাফারা ফাউমাত্তি'উহূ ক্বালীলান্ ছুম্মা আদ্বত্বোয়ার্‌রুহূ~
ফলমূল হতে জীবিকা, আল্লাহ বললেন, কাফেরকেও উপভোগ করতে দেব কিছু কালের জন্য, তারপর তাকে

إِلٰى عَذَابِ النَّارِ ۖ وَبِئْسَ الْمَصِيرُ ﴿١٢٧﴾ وَإِذْ يَرْفَعُ إِبْرٰهِۦمُ الْقَوَاعِدَ مِنَ

ইলা- 'আযা-বিন্না-রি অবি''সাল মাছীর্। ১২৭। অইয্ ইয়ার্‌ফা'উ ইব্রা-হীমুল্ ক্বাওয়া-'ইদা মিনাল্
দোযখের শাস্তির প্রতি বাধ্য করব, ওটি জঘন্য স্থান। (১২৭) আর যখন ইবরাহীম ও ইসমাঈল কা'বা ঘরের ভিত্তি গাঁথছিল

الْبَيْتِ وَإِسْمٰعِيلُ رَبَّنَا تَقَبَّلْ مِنَّآ ۖ إِنَّكَ أَنتَ السَّمِيعُ الْعَلِيمُ ﴿١٢٨﴾ رَبَّنَا

বাইতি অইস্‌মা-'ঈল্; রব্বানা-তাক্বাব্বাল্ মিন্না; ইন্নাকা আনতাস্ সামী'উল্ 'আলীম্। ১২৮। রব্বানা-
তখন তারা দোয়া করছিল, হে রব! আমাদের এ প্রচেষ্টা কবূল করুন। নিশ্চয়ই আপনি সর্বশ্রোতা, জ্ঞানী। (১২৮) হে রব!

وَاجْعَلْنَا مُسْلِمَيْنِ لَكَ وَمِن ذُرِّيَّتِنَآ أُمَّةً مُّسْلِمَةً لَّكَ وَأَرِنَا مَنَاسِكَنَا وَتُبْ

অজ্ 'আল্‌না- মুস্‌লিমাইনি লাকা অমিন্ যুর্‌রিয়্যাতিনা- উম্মাতাম্ মুস্‌লিমাতাল্লাকা অআরিনা-মানা-সিকানা-অতুব্
আমাদেরকে আপনার অনুগত বানান, আমাদের বংশেও একটি মুসলিম উম্মত করুন, শিখিয়ে দিন হজ্বের আহকাম এবং

عَلَيْنَآ ۖ إِنَّكَ أَنتَ التَّوَّابُ الرَّحِيمُ ﴿١٢٩﴾ رَبَّنَا وَابْعَثْ فِيهِمْ رَسُولًا مِّنْهُمْ

'আলাইনা-ইন্নাকা আন্‌তাত্ তাওয়্যা-বুর্ রাহীম্। ১২৯। রব্বানা-অব্'আছ্ ফীহিম রাসূলাম্ মিন্‌হুম্
ক্ষমা করে দিন। আপনি তো ক্ষমাশীল, দয়ালু। (১২৯) হে রব! তাদের মধ্য হতে রাসূল প্রেরণ করুন,

يَتْلُوا عَلَيْهِمْ ءَايٰتِكَ وَيُعَلِّمُهُمُ الْكِتٰبَ وَالْحِكْمَةَ وَيُزَكِّيهِمْ ۚ إِنَّكَ أَنتَ

ইয়াত্‌লূ 'আলাইহিম্ আ-ইয়া-তিকা অইয়ু'আল্লিমুহুমুল্ কিতা-বা অল্ হিক্‌মাতা অইয়ুযাক্কী হিম্; ইন্নাকা আন্‌তাল্
যিনি আয়াত পড়বেন, কিতাব ও হিকমত শিক্ষা দেবেন এবং তাদেরকে পবিত্র করবেন। নিশ্চয়ই আপনি

১৫ ع ৮ ১৫ রুকু

الْعَزِيزُ الْحَكِيمُ ﴿١٣٠﴾ وَمَن يَرْغَبُ عَن مِّلَّةِ إِبْرٰهِۦمَ إِلَّا مَن سَفِهَ نَفْسَهُۥ ۚ وَلَقَدِ

'আযীযুল্ হাকীম্। ১৩০। অমাইঁ ইয়ার্‌গাবু 'আম্মিল্লাতি ইব্রা-হীমা ইল্লা- মান্ সাফিহা নাফ্‌সাহ্; অলাক্বাদিছ্
পরাক্রমশালী, জ্ঞানী। (১৩০) যে নিজে নির্বোধ হয়েছে সে ছাড়া ইবরাহীমের মিল্লাত হতে কে বিমুখ হবে? আমি তাকে এ

اصْطَفَيْنٰهُ فِى الدُّنْيَا ۖ وَإِنَّهُۥ فِى الْءَاخِرَةِ لَمِنَ الصّٰلِحِينَ ﴿١٣١﴾ إِذْ قَالَ لَهُۥ

ত্বোয়াফাইনা-হু ফিদ্দুন্‌ইয়া- অইন্নাহূ ফিল্ আ-খিরাতি লামিনাছ্ ছোয়া-লিহীন্। ১৩১। ইয্‌ক্বা-লা লাহূ
জগতে মনোনীত করেছি; আর আখেরাতেও সে হবে সৎকর্মশীলদের অন্তর্ভুক্ত। (১৩১) যখন রব বললেন, আত্মসমর্পণ

رَبُّهٗۤ اَسْلِمْ ۙ قَالَ اَسْلَمْتُ لِرَبِّ الْعٰلَمِيْنَ ﴿١٣٢﴾ وَوَصّٰى بِهَاۤ اِبْرٰهٖمُ بَنِيْهِ

রব্বুহূ~ আস্‌লিম্ ক্বা-লা আস্‌লাম্‌তু লিরব্বিল্ 'আ-লামীন। ১৩২। অঅছ্‌ছোয়া–বিহা~ ইব্রা–হীমু বানীহি

কর", বলল, "আমি বিশ্ব-রবের নিকট আত্মসমর্পণ করলাম।" (১৩২) আর এরই অসিয়ত করেছে ইব্‌রাহীম ও

وَيَعْقُوْبُ ؕ يٰبَنِىَّ اِنَّ اللّٰهَ اصْطَفٰى لَكُمُ الدِّيْنَ فَلَا تَمُوْتُنَّ اِلَّا وَاَنْتُمْ

অইয়া'ক্বূব্; ইয়া-বানিয়্যা ইন্নাল্লা-হাছ্ ত্বোয়াফা- লাকুমুদ্দীনা ফালা-তামূ তুন্না ইল্লা- অআন্‌তুম্

ইয়া'কূব তার পুত্রদেরকে, হে সন্তানেরা! আল্লাহ তোমাদের দ্বীন মনোনীত করেছেন। অতএব তোমরা মরো না,

---

مُّسْلِمُوْنَ ﴿١٣٣﴾ اَمْ كُنْتُمْ شُهَدَآءَ اِذْ حَضَرَ يَعْقُوْبَ الْمَوْتُ ۙ اِذْ قَالَ لِبَنِيْهِ مَا

মুস্‌লিমূন্। ১৩৩। আম্ কুন্‌তুম্ শুহাদা—য়া ইয্ হাদ্বোয়ারা ইয়া'ক্বূবাল্ মাওতু ইয্ ক্বা-লা লিবানীহি মা-

মুসলমান না হয়ে। (১৩৩) তোমরা কি ইয়া'কূবের মৃত্যুর সময় উপস্থিত ছিলে? সে যখন তার পুত্রদের বলেছিল,

---

تَعْبُدُوْنَ مِنْۢ بَعْدِىْ ؕ قَالُوْا نَعْبُدُ اِلٰهَكَ وَاِلٰهَ اٰبَآئِكَ اِبْرٰهٖمَ وَ

তা'বুদূনা মিম বা'দী; ক্বা-লূ না'বুদু ইলা-হাকা অইলা-হা আ-বা—য়িকা ইব্রাহীমা অ

তোমরা আমার পরে কার ইবাদত করবে? বলল, যিনি আপনার ইলাহ, আপনার পিতৃপুরুষ ইবরাহীম,

---

اِسْمٰعِيْلَ وَاِسْحٰقَ اِلٰهًا وَّاحِدًا ۚ وَّنَحْنُ لَهٗ مُسْلِمُوْنَ ﴿١٣٤﴾ تِلْكَ اُمَّةٌ قَدْ

ইস্‌মা-'ঈলা অইস্‌হা-ক্বা ইলা-হাওঁ অ-হিদা- ও অনাহ্‌নু লাহূ মুস্‌লিমূন্। ১৩৪। তিল্‌কা উম্মাতুন্ ক্বাদ্

ইসমাঈল ও ইসহাকের ইলাহ্‌রই ইবাদত করব, আর তাঁরই আনুগত্য করব। (১৩৪) সে দল অতীত হয়েছে,

---

خَلَتْ ۚ لَهَا مَا كَسَبَتْ وَلَكُمْ مَّا كَسَبْتُمْ ۚ وَلَا تُسْـَٔلُوْنَ عَمَّا كَانُوْا يَعْمَلُوْنَ ۞

খালাত্ , লাহা- মা- কাসাবাত্ অলাকুম্ মা-কাসাব্‌তুম্ অলা-তুস্‌য়ালূনা 'আম্মা- কা-নূ ইয়া'মালূন্।

তাদের কৃতকর্ম তাদের, আর তোমাদের কৃতকর্ম তোমাদের, তাদের কৃতকর্মের ব্যাপারে তোমাদেরকে জিজ্ঞেস করা হবে না।

﴿١٣٥﴾ وَقَالُوْا كُوْنُوْا هُوْدًا اَوْ نَصٰرٰى تَهْتَدُوْا ؕ قُلْ بَلْ مِلَّةَ اِبْرٰهٖمَ حَنِيْفًا ؕ وَمَا

১৩৫। অক্বা-লূ কূনূ হূদান্ আও নাছোয়া-রা- তাহ্‌তাদূ ; ক্বুল্ বাল্ মিল্লাতা ইব্রা-হীমা হানীফা-; অমা-

(১৩৫) আর তারা বলে, "ইহুদী অথবা খৃষ্টান হও" ঠিক পথ পাবে। বলুন, বরং ইবরাহীমের দ্বীনটিই খাঁটি; তিনি

كَانَ مِنَ الْمُشْرِكِيْنَ ﴿١٣٦﴾ قُوْلُوْۤا اٰمَنَّا بِاللّٰهِ وَمَاۤ اُنْزِلَ اِلَيْنَا وَمَاۤ اُنْزِلَ اِلٰۤى

কা-না মিনাল্ মুশ্‌রিকীন্। ১৩৬। ক্বূলূ~ আ-মান্না-বিল্লা-হি অমা~ উন্‌যিলা ইলাইনা- অমা~ উন্‌যিলা ইলা~

মুশরিক ছিলেন না। (১৩৬) তোমরা বল, আমরা ঈমান আনলাম আল্লাহর প্রতি এবং যা নাযীল হয়েছে আমাদের

اِبْرٰهٖمَ وَاِسْمٰعِيْلَ وَاِسْحٰقَ وَيَعْقُوْبَ وَالْاَسْبَاطِ وَمَاۤ اُوْتِىَ مُوْسٰى وَ

ইব্রা- হীমা অইস্‌মা-'ঈলা অইস্‌হা-ক্বা অইয়া'ক্বূবা অল্ আস্‌বা-ত্বি অমা~ ঊতিয়া মূসা- অ

প্রতি; ইব্রাহীম, ইস্‌মাঈল, ইস্‌হাক, ইয়া'কূব ও তাদের বংশধরদের প্রতি। আর যা রবের পক্ষ হতে মূসা,

عِيسَىٰ وَمَا أُوتِيَ النَّبِيُّونَ مِن رَّبِّهِمْ ۚ لَا نُفَرِّقُ بَيْنَ أَحَدٍ مِّنْهُمْ ز وَنَحْنُ

ঈসা- অমা~ উতিয়ান্ নাবিয়্যূনা মির্ রব্বিহিম্ লা-নুফার্‌রিক্বু বাইনা আহাদিম্ মিন্‌হুম্ অনাহ্‌নু

ঈসা ও অন্যান্য নবীদের দেয়া হয়েছে। আমরা পার্থক্য করি না তার, আমরা তাঁরই

لَهُ مُسْلِمُونَ ﴿١٣٧﴾ فَإِنْ آمَنُوا بِمِثْلِ مَا آمَنتُم بِهِ فَقَدِ اهْتَدَوا ۚ وَّإِن تَوَلَّوْا

লাহূ মুস্‌লিমূন্। ১৩৭। ফাইন্ আ-মানূ বিমিছ্‌লি মা~ আ-মান্‌তুম্ বিহী ফাক্বাদিহ্ তাদাও অইন্ তাওয়াল্লাও

অনুগত। (১৩৭) অতঃপর তারাও যদি ঈমান আনে তোমরা যেমন ঈমান এনেছ, তবে নিশ্চয়ই তারা সৎপথ পাবে;

فَإِنَّمَا هُمْ فِي شِقَاقٍ ۚ فَسَيَكْفِيكَهُمُ اللَّهُ ۚ وَهُوَ السَّمِيعُ الْعَلِيمُ ﴿١٣٨﴾ صِبْغَةَ اللَّهِ ۚ

ফাইন্নামা-হুম্ ফী শিক্বা-ক্বিন্ ফাসাইয়াক্‌ফীকা হুমুল্লা-হু অহুওয়াস্ সামী'উল্ 'আলীম্। ১৩৮। ছিব্‌গাতাল্লা-হি

যদি ফিরে যায়, তবে তারা হঠকারিতায়ই রয়েছে, তাদের বিরুদ্ধে তোমার আল্লাহই যথেষ্ট। তিনি শুনেন, জানেন। (১৩৮) আল্লাহর

وَمَنْ أَحْسَنُ مِنَ اللَّهِ صِبْغَةً ز وَنَحْنُ لَهُ عَابِدُونَ ﴿١٣٩﴾ قُلْ أَتُحَاجُّونَنَا

অমান্ আহসানু মিনাল্লা-হি ছিব্‌গাতাওঁ অনাহ্‌নু লাহূ 'আ-বিদূন। ১৩৯। ক্বুল্ আতুহা—জ্জূনানা-

রং এ রঞ্জিত। আল্লাহর রঙ অপেক্ষা উত্তম রঙের কে? আমরা তো তাঁরই ইবাদতকারী। (১৩৯) আপনি বলুন, তোমরা

فِي اللَّهِ وَهُوَ رَبُّنَا وَرَبُّكُمْ ۚ وَلَنَا أَعْمَالُنَا وَلَكُمْ أَعْمَالُكُمْ ۚ وَنَحْنُ لَهُ

ফিল্লা-হি অহুঅ রব্বুনা- অরব্বুকুম্ অলানা~ আ'মা-লুনা- অলাকুম্ আ'মা-লুকুম্ অনাহ্‌নু লাহূ

কি আল্লাহ সম্বন্ধে তর্ক করতে চাও? অথচ তিনি আমাদেরও রব, তোমাদেরও রব, আমাদের কর্ম আমাদের, তোমাদের

مُخْلِصُونَ ﴿١٤٠﴾ أَمْ تَقُولُونَ إِنَّ إِبْرَاهِيمَ وَإِسْمَاعِيلَ وَإِسْحَاقَ وَيَعْقُوبَ وَ

মুখ্‌লিছূন্। ১৪০। আম্ তাক্বূলূনা ইন্না ইব্রা-হীমা অইস্‌মা-'ঈলা অইস্‌হা-ক্বা অইয়া'ক্বূবা অল্

কর্ম তোমাদের, আমরা একনিষ্ঠ। (১৪০) তোমরা কি বল, ইব্রাহীম, ইসমাইল, ইসহাক, ইয়া'কূব ও তাঁর

الْأَسْبَاطَ كَانُوا هُودًا أَوْ نَصَارَىٰ ۗ قُلْ أَأَنتُمْ أَعْلَمُ أَمِ اللَّهُ ۗ وَمَنْ أَظْلَمُ مِمَّن

আস্‌বা-ত্বোয়া কা-নূ হূদান্ আও নাছোয়া-রা-; ক্বুল্ আআন্‌তুম্ আ'লামু আমিল্লা-হ্; অমান্ আজ্‌লামু মিম্মান্

বংশধরেরা ইয়াহূদী বা খৃষ্টান ছিল? বলুন, তোমরা বেশি জান, না আল্লাহ্? তার চেয়ে বড় জালিম আর কে, যে গোপন করে

كَتَمَ شَهَادَةً عِندَهُ مِنَ اللَّهِ ۗ وَمَا اللَّهُ بِغَافِلٍ عَمَّا تَعْمَلُونَ ﴿١٤١﴾ تِلْكَ أُمَّةٌ قَدْ

কাতামা শাহা-দাতান্ 'ইন্দাহূ মিনাল্লা-হ্; অমাল্লা-হু বিগা-ফিলিন্ 'আম্মা-তা'মালূন্। ১৪১। তিল্‌কা উম্মাতুন্ ক্বাদ

আল্লাহর নিকট হতে প্রাপ্ত প্রমাণ? তোমাদের কর্ম সম্বন্ধে আল্লাহ অবগত। (১৪১) সে একদল (যারা) অতীত হয়েছে।

خَلَتْ ۚ لَهَا مَا كَسَبَتْ وَلَكُم مَّا كَسَبْتُمْ ۚ وَلَا تُسْأَلُونَ عَمَّا كَانُوا يَعْمَلُونَ ع

খালাত্, লাহা- মা- কাসাবাত্ অলাকুম্ মা- কাসাব্‌তুম্ অলা- তুস্‌য়ালূনা 'আম্মা- কা-নূ ইয়া'মালূন্।

তাদের কৃতকর্ম তাদের, তোমাদের কৃতকর্ম তোমাদের। তাদের কর্মের ব্যাপারে তোমাদের জিজ্ঞেস করা হবে না।

১৬ ع ১২ ১৬ রুকু

﴿١٤٢﴾ سَيَقُولُ السُّفَهَاءُ مِنَ النَّاسِ مَا وَلَّاهُمْ عَنْ قِبْلَتِهِمُ الَّتِي كَانُوا عَلَيْهَا ط

১৪২। সাইয়াকূ্লুস্ সুফাহা — য়ু মিনান্ না-সি মা-অল্লা-হুম 'আন্ ক্বিব্লাতিহিমুল্ লাতী কা-নূ 'আলাইহা-;
(১৪২) অচিরেই নির্বোধ লোকেরা বলবে, যে কিব্লার দিকে তারা ছিল তা হতে কিসে তাদেরকে ফিরিয়ে দিল।

قُلْ لِلَّهِ الْمَشْرِقُ وَالْمَغْرِبُ ط يَهْدِي مَنْ يَشَاءُ إِلَىٰ صِرَاطٍ مُسْتَقِيمٍ ﴿١٤٣﴾ وَ

কু্ল্ লিল্লা-হিল্ মাশ্রিক্বু অল্মাগ্রিব্; ইয়াহ্দী মাইঁ ইয়াশা — য়ু ইলা-ছিরা-ত্বিম্ মুস্তাক্বীম্। ১৪৩। অ
বলুন, পূর্ব ও পশ্চিম সবই আল্লাহর। তিনি যাকে ইচ্ছা সরল পথে চালান। (১৪৩) এভাবে

كَذَٰلِكَ جَعَلْنَاكُمْ أُمَّةً وَسَطًا لِتَكُونُوا شُهَدَاءَ عَلَى النَّاسِ وَيَكُونَ

কাযা-লিকা জ্বা'আল্না-কুম্ উম্মাতাওঁ অসাত্বোয়াল্ লিতাকূনূ শুহাদা — য়া 'আলান্ না-সি অ ইয়াকূনার্
আমি তোমাদেরকে মধ্যপন্থী জাতি করেছি, যাতে তোমরা মানুষের জন্য সাক্ষ্য দাতা হও। এবং

الرَّسُولُ عَلَيْكُمْ شَهِيدًا ط وَمَا جَعَلْنَا الْقِبْلَةَ الَّتِي كُنْتَ عَلَيْهَا إِلَّا

রাসূলু 'আলাইকুম্ শাহীদা-; অমা-জ্বা'আল্নাল্ ক্বিব্লাতাল্ লাতী কুন্তা 'আলাইহা — ইল্লা-
রাসূল তোমাদের জন্য সাক্ষ্য দাতা হন; আপনি এযাবৎ যে কিব্লার উপর ছিলেন, তাকে আমি এ জন্য প্রতিষ্ঠা

لِنَعْلَمَ مَنْ يَتَّبِعُ الرَّسُولَ مِمَّنْ يَنْقَلِبُ عَلَىٰ عَقِبَيْهِ ط وَإِنْ كَانَتْ لَكَبِيرَةً

লিনা'লামা মাইঁ ইয়াত্তাবি'উর্ রাসূলা মিম্মাইঁ ইয়ান্ক্বালিবু 'আলা-'আক্বিবাইহ্; অইন্ কা-নাত্ লাকাবীরাতান্
করেছি, তা দ্বারা কে রাসূলের অনুসরণ করে আর কে ফিরে যায় তা জানতে পারি; আল্লাহ যাদেরকে সৎপথ

إِلَّا عَلَى الَّذِينَ هَدَى اللَّهُ ط وَمَا كَانَ اللَّهُ لِيُضِيعَ إِيمَانَكُمْ ط إِنَّ اللَّهَ

ইল্লা-'আলাল্লাযীনা হাদাল্লা-হ্; অমা- কা-নাল্লা-হু লিইয়ুদ্বী'আ ঈমা-নাকুম্; ইন্নাল্লা-হা
দেখিয়েছেন; তারা ছাড়া অন্যের নিকট এটা সুকঠিন; আল্লাহ এমন নন যে, নষ্ট করবেন তোমাদের ঈমানকে [১]। আল্লাহ

بِالنَّاسِ لَرَءُوفٌ رَحِيمٌ ﴿١٤٤﴾ قَدْ نَرَىٰ تَقَلُّبَ وَجْهِكَ فِي السَّمَاءِ ج

বিন্না-সি লারাঊফুর্ রাহীম্। ১৪৪। ক্বাদ্ নারা-তাক্বাল্লু্বা অজ্ব্হিকা ফিস্ সামা — য়ি
মানুষের প্রতি করুণাময়, দয়ালু। (১৪৪) আপনার পুনঃপুনঃ আকাশ পানে মুখ উঠানো দেখেছি,

فَلَنُوَلِّيَنَّكَ قِبْلَةً تَرْضَاهَا ص فَوَلِّ وَجْهَكَ شَطْرَ الْمَسْجِدِ الْحَرَامِ ط وَ

ফালানুওয়াল্লিয়ান্নাকা ক্বিব্লাতান্ তারদ্বোয়া-হা-ফাওয়াল্লি অজ্ব্হাকা, শাত্ব্রাল্ মাস্জ্বিদিল্ হারা-ম্; অ
তাই এমন কিবলামুখী করছি যা আপনি পছন্দ করেন, অতএব আপনি মসজিদে হারামের প্রতি

শানেনুযূল ঃ আয়াত-১৪৪ ঃ রাসূল করীম (ছঃ) মদীনায় অবস্থানকালে প্রথম ১৬/১৭ মাস বাইতুল মুকাদ্দিসের দিকে তাকিয়ে নামায পড়তেন। এ সময় তিনি বাররার আকাশ পানে তাকাতেন। তারপর আল্লাহপাক মক্কার ঘরের দিকে মুখ করে নামায পড়ার নির্দেশ নাযিল করেন, এতে বিধর্মীরা বিরূপ মন্তব্য করলে উক্ত আয়াত নাযিল হয়।
টীকা-১ ঃ কিবলা পরিবর্তনের পূর্বে যারা মৃত্যুবরণ করেছে তাদের ঈমান ও নামায নষ্ট হবে না। (অনুবাদক)

حَيْثُ مَا كُنْتُمْ فَوَلُّوْا وُجُوْهَكُمْ شَطْرَهٗ ؕ وَاِنَّ الَّذِيْنَ اُوْتُوا الْكِتٰبَ

হাইছু মা-কুনতুম্ ফাওয়াল্লূ উজ্বূহাকুম্ শাত্বরাহ্; অইন্নাল্লাযীনা ঊতুল্ কিতা-বা

আপনার মুখ ফেরান; তোমরা যেখানেই থাক না কেন তার দিকে মুখ ফিরাও; আর যারা কিতাবপ্রাপ্ত হয়েছে

لَيَعْلَمُوْنَ اَنَّهُ الْحَقُّ مِنْ رَّبِّهِمْ ؕ وَمَا اللّٰهُ بِغَافِلٍ عَمَّا يَعْمَلُوْنَ ﴿١٤٥﴾ وَلَئِنْ

লাইয়া'লামূনা আন্নাহুল্ হাক্বক্বু মিররব্বিহিম; অমাল্লা-হু বিগা-ফিলিন্ 'আম্মা- ইয়া'মালূন্। ১৪৫। অলাইন্

তারা জানে যে, এটি তাদের রবের প্রেরিত সত্য; সে সম্বন্ধে আল্লাহ গাফেল নন। (১৪৫) আপনি

اَتَيْتَ الَّذِيْنَ اُوْتُوا الْكِتٰبَ بِكُلِّ اٰيَةٍ مَّا تَبِعُوْا قِبْلَتَكَ ۚ وَمَآ اَنْتَ

আতাইতাল্ লাযীনা ঊতুল্ কিতা-বা বিকুল্লি আ-ইয়াতিম্ মা-তাবি'ঊ ক্বিব্লাতাকা' অমা~ আন্তা

কিতাবীদের নিকট যাবতীয় প্রমাণ উপস্থিত করলেও তারা কেবলার অনুসরণ করবে না, আর আপনিও

بِتَابِعٍ قِبْلَتَهُمْ ۚ وَمَا بَعْضُهُمْ بِتَابِعٍ قِبْلَةَ بَعْضٍ ؕ وَلَئِنِ اتَّبَعْتَ اَهْوَآءَهُمْ

বিতা-বি'ইন্ ক্বিব্লাতাহুম্ অমা-বা'দ্বুহুম্ বিতা-বি'ইন্ ক্বিবলাতা বা'দ্ব; অলাইনিত্তাবা'তা আহ্ওয়া — য়াহুম্

তাদের কেবলা মানতে পারেন না; তারা একে অপরের কেবলার অনুসরণ করে না; জ্ঞান আসার পরও যদি আপনি তাদের

مِّنْۢ بَعْدِ مَا جَآءَكَ مِنَ الْعِلْمِ ۙ اِنَّكَ اِذًا لَّمِنَ الظّٰلِمِيْنَ ﴿١٤٦﴾ اَلَّذِيْنَ اٰتَيْنٰهُمُ

মিম্ বা'দ্বি মা-জ্বা — য়াকা মিনাল্ 'ইল্মি ইন্নাকা ইযাল্ লামিনাজ্ জোয়া-লিমীন্। ১৪৬। আল্লাযীনা আ-তাইনা-হুমুল্

হীন প্রবৃত্তির অনুসরণ করেন, তবে নিশ্চয়ই তখন আপনি অন্তর্ভুক্ত হবেন যালিমের। (১৪৬) আমি যাদেরকে কিতাব

الْكِتٰبَ يَعْرِفُوْنَهٗ كَمَا يَعْرِفُوْنَ اَبْنَآءَهُمْ ؕ وَاِنَّ فَرِيْقًا مِّنْهُمْ لَيَكْتُمُوْنَ

কিতা-বা ইয়া'রিফূনাহূ কামা- ইয়া'রিফূনা আব্না — য়াহুম্; অইন্না ফারীক্বাম্ মিন্হুম লাইয়াক্তুমূনাল্

দিয়েছি তারা তাকে ঐরূপ চিনে যেরূপ তারা তাদের সন্তানদের চিনে। তবুও একদল জেনে বুঝে সত্যকে গোপন

الْحَقَّ وَهُمْ يَعْلَمُوْنَ ﴿١٤٧﴾ اَلْحَقُّ مِنْ رَّبِّكَ فَلَا تَكُوْنَنَّ مِنَ الْمُمْتَرِيْنَ ﴿١٤٨﴾ وَلِكُلٍّ

হাক্ব্ক্বা অহুম্ ইয়া'লামূন্। ১৪৭। আল্হাক্বক্বু মির্ রব্বিকা ফালা-তাকূনান্না মিনাল্ মুম্তারীন্। ১৪৮। অলিকুল্লিওঁ

করে। (১৪৭) এ সত্য আপনার রবের পক্ষ হতে, অতএব, আপনি সংশয়ীদের দলভুক্ত হবেন না। (১৪৮) প্রত্যেকের

وِّجْهَةٌ هُوَ مُوَلِّيْهَا فَاسْتَبِقُوا الْخَيْرٰتِ ؕ اَيْنَ مَا تَكُوْنُوْا يَاْتِ بِكُمُ

ওয়িজ্ব্হাতুন্ হুওয়া মুওয়াল্লীহা-ফাসতাবিক্বুল্ খাইরা-ত; আইনা মা-তাকূনূ ইয়া''তি বিকুমুল্

রয়েছে একটি কেবলা, যেদিকে সে মুখ করে; সৎকাজে প্রতিযোগিতা কর। যেখানেই তোমরা

ওয়াক্ফে মনযিল ওয়াক্ফে লাযেম ১৭ ع ৬ ১ রুকু ওয়াক্ফুন্নবী (ছাঃ)

আয়াত -১৪৫ ঃ এ আয়াতে ক্বা'বা শরীফকে ক্বিয়ামত পর্যন্ত মুসলমানদের ক্বিবলা নির্ধারিত করা হয়। এর মাধ্যমে ইয়াহুদী নাসারাদের এ বক্তব্যকে খণ্ডন করা হয়েছে যে, তারা বলত, মুসলমানদের ক্বিবলার কোন স্থিতি নেই। ইতোপূর্বে তাদের ক্বিবলা ছিল ক্বা'বা, তারপর হল বায়তুল মুকাদ্দাস, এখন আবার ক্বা'বা শরীফ হল। পুনরায় হয়ত বায়তুল মুকাদ্দাসকে ক্বিবলা বানাবে। (মাঃকোঃ)

আয়াত-১৪৮ ঃ এ আয়াতের মর্মার্থ হল, প্রত্যেক জাতিরই একটি নির্ধারিত ক্বিবলা আছে। সে ক্বিবল হয় আল্লাহর পক্ষ হতে, অন্যথা তারা নিজেরাই ঠিক করেছে। মোটকথা, ই'বাদতের সময় প্রত্যেক জাতিই কোন না কোন দিকে মুখ করে দাড়ায়। এক্ষেত্রে উম্মতে মুহাম্মদীর জন্য কোন বিশেষ দিককে নির্ধারণ করে দিলে তাতে আশ্চর্য হওয়ার কি আছে?

اللّٰهُ جَمِيْعًا ۭ اِنَّ اللّٰهَ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ ﴿١٤٩﴾ وَمِنْ حَيْثُ خَرَجْتَ فَوَلِّ وَجْهَكَ

লা-হু জ্বামী'আ-; ইন্নাল্লা-হা 'আলা- কুল্লি শাইয়িন্ ক্বাদীর্। ১৪৯। অমিন্ হাইছু খারাজ্ তা ফাওয়াল্লি অজ্ হাকা
অবস্থান কর না কেন, আল্লাহ্ সকলকে একত্র করবেন, নিশ্চয় আল্লাহ সর্ব শক্তিমান। (১৪৯) যেদিক হতে বের হন, আপনার

شَطْرَ الْمَسْجِدِ الْحَرَامِ ۭ وَاِنَّهٗ لَلْحَقُّ مِنْ رَّبِّكَ ۭ وَمَا اللّٰهُ بِغَافِلٍ عَمَّا

শাত্ব্ রাল্ মাস্জ্বিদিল্ হারা-ম্; অইন্নাহূ লাল্হাক্ব্ক্বু মির্ রব্বিক্; অমাল্লা-হু বিগা-ফিলিন্ 'আম্মা-
মুখ মসজিদে হারামের দিকে ফেরান অবশ্যই তা আপনার রবের পক্ষ হতে বাস্তব সত্য; তোমাদের কৃতকর্ম সম্পর্কে

تَعْمَلُوْنَ ﴿١٥٠﴾ وَمِنْ حَيْثُ خَرَجْتَ فَوَلِّ وَجْهَكَ شَطْرَ الْمَسْجِدِ الْحَرَامِ ۭ وَ

তা'মালূন্। ১৫০। অমিন্ হাইছু খারাজ্ তা ফাওয়াল্লি ওয়াজ্ হাকা শাত্বরাল্ মাস্জ্বিদিল্ হারা-ম্; অ
বেখবর নন। (১৫০) আর আপনি যেদিক হতেই বের হন না কেন মসজিদে হারামের প্রতি মুখ ফেরান, আর তোমরা

حَيْثُ مَا كُنْتُمْ فَوَلُّوْا وُجُوْهَكُمْ شَطْرَهٗ ۙ لِئَلَّا يَكُوْنَ لِلنَّاسِ عَلَيْكُمْ

হাইছু মা-কুন্তুম্ ফাওয়াল্লূ উজ্ হাকুম্ শাত্ব্ রাহূ লিয়াল্লা-ইয়াকূনা লিন্না-সি 'আলাইকুম্
যে স্থানেই অবস্থান কর না কেন সেদিকে মুখ ফিরাও, যেন তোমাদের বিরুদ্ধে লোকদের কোন যুক্তি না থাকে যারা

حُجَّةٌ ۤ ۙ اِلَّا الَّذِيْنَ ظَلَمُوْا مِنْهُمْ ۤ فَلَا تَخْشَوْهُمْ وَاخْشَوْنِيْ ۤ وَلِاُتِمَّ

হুজ্জ্বাতুন্ ইল্লাল্লাযীনা জোয়ালামূ মিন্হুম্ ফালা-তাখ্শাওহুম্ ওয়াখ্শাওনী অ লিউতিম্মা
অন্যায়কারী তারা ছাড়া, অতএব তাদের ভয় করো না, আমাকে ভয় কর, তোমাদের প্রতি যেন আমার নিয়ামত পূর্ণ করতে

نِعْمَتِيْ عَلَيْكُمْ وَلَعَلَّكُمْ تَهْتَدُوْنَ ﴿١٥١﴾ كَمَآ اَرْسَلْنَا فِيْكُمْ رَسُوْلًا

নি'মাতী 'আলাইকুম্ অলা'আল্লাকুম্ তাহ্তাদূন্। ১৫১। কামা~ আর্সাল্না- ফীকুম্ রাসূলাম্
পারি, আর যেন তোমরা সৎপথে পরিচালিত হতে পার। (১৫১) যেমন আমি তোমাদের মধ্য হতে তোমাদের কাছে একজন

مِّنْكُمْ يَتْلُوْا عَلَيْكُمْ اٰيٰتِنَا وَيُزَكِّيْكُمْ وَيُعَلِّمُكُمُ الْكِتٰبَ وَالْحِكْمَةَ

মিন্কুম্ ইয়াত্লূ 'আলাইকুম্ আ-ইয়া-তিনা-অইয়ুযাক্কীকুম্ অইয়ু'আল্লিমুকুমুল্ কিতা-বা অল্হিক্মাতা
রাসূল পাঠিয়েছি, যিনি তোমাদেরকে আমার আয়াত পাঠ করে শুনান, তোমাদের পবিত্র করেন, কিতাব ও হিকমত শিক্ষা দেন

وَيُعَلِّمُكُمْ مَّا لَمْ تَكُوْنُوْا تَعْلَمُوْنَ ﴿١٥٢﴾ فَاذْكُرُوْنِيْٓ اَذْكُرْكُمْ وَ

অইয়ু'আল্লিমুকুম্ মা-লাম্ তাকূনূ তা'লামূন্। ১৫২। ফায্কুরূনী~ আয্কুর্কুম্ অশ্
এবং যা তোমরা জান না তা শিক্ষা প্রদান করেন। (১৫২) অতএব তোমরা আমাকে স্মরণ কর, আমি তোমাদেরকে স্মরণ

শানেনুযূল ঃ আয়াত-১৫১ ঃ ক্বা'বা নির্মাণের পর হযরত ইব্রাহীম (আঃ) আল্লাহ পাকের নিকট এই জনপদ (মক্কা)-এর জন্য একজন রাসূল পাঠানোর জন্য দোয়া করেন। আমাদের প্রিয়নবী হযরত মুহাম্মদ (ছঃ) উক্ত দোয়ার ফলশ্রুতি। অতএব নবী করীম (ছঃ) ও তাঁর উম্মতের ক্বিবলা ক্বা'বা শরীফ হওয়াই অধিকতর যুক্তিযুক্ত। (মাঃ কোঃ,সামান্য পরিবর্তিত)
আয়াত-১৫২ ঃ এ আয়াতের মর্মার্থ হল, তোমরা আমাকে আমার নির্দেশের আনুগত্যের মাধ্যমে স্মরণ কর, তা হলে আমি তোমাদেরকে সওয়াব ও মার্জনার মাধ্যমে স্মরণ করব। হাদীস্ শরীফে বর্ণিত আছে, মহানবী (ছঃ) বলেন, যে ব্যক্তি আল্লাহ তা'আলার আনুগত্য করে অর্থাৎ তাঁর হালাল ও হারাম সম্পর্কিত নির্দেশাবলী অনুসরণ করে, তার নফল নামায ও রোযা কম হলেও, সে-ই

মো'আনাকা-৩

ع ١٨ ৫ ২ রুকু

الرُّسُلَ فَيَقُولُ مَاذَا أُجِبْتُمْ ۖ قَالُوا لَا عِلْمَ لَنَا ۖ إِنَّكَ أَنتَ عَلَّامُ الْغُيُوبِ ☆

রুসুলা ফাইয়াক্বু লু মা- যা ~ উজিব্তুম্; ক্বা-লূ লা- 'ইল্মা লা-না-; ইন্নাকা আন্তা 'আল্লা-মুল্ গুইয়ূব্।

জিজ্ঞেস করবেন, তোমরা কি উত্তর পেলে? তারা বলবে, আমাদের তো কিছুই জানা নেই; আপনি তো গায়েব সম্বন্ধে জ্ঞাত

ওয়াক্ফে গোফরান

۝١١٠ إِذْ قَالَ اللَّهُ يَٰعِيسَى ابْنَ مَرْيَمَ اذْكُرْ نِعْمَتِي عَلَيْكَ وَعَلَىٰ وَالِدَتِكَ

১১০। ইয্ ক্বা-লাল্লা-হু ইয়া-'ঈসাব্না মার্ইয়ামায্ কুর্ নি'মাতী 'আলাইকা অ 'আলা-ওয়া-লিদাতিক্

(১১০) যখন আল্লাহ বললেন, হে ঈসা ইবনে মরিয়ম! আমার নেয়ামতের কথা স্মরণ কর যা তোমার ও তোমার মাতার

إِذْ أَيَّدتُّكَ بِرُوحِ الْقُدُسِ تُكَلِّمُ النَّاسَ فِي الْمَهْدِ وَكَهْلًا ۖ وَإِذْ

ইয্ আইঁ ইয়াত্তুকা বিরূহিল্ ক্বুদুসি তুকাল্লিমুন্ না- সা ফিল্ মাহ্দি অকাহ্লান্ অইয্

প্রতি ছিল। জিব্রাঈল দ্বারা তোমাকে সাহায্য করেছি, তুমি মানুষের সঙ্গে কথা বলতে দোলনায় ও পরিণত

عَلَّمْتُكَ الْكِتَٰبَ وَالْحِكْمَةَ وَالتَّوْرَىٰةَ وَالْإِنجِيلَ ۖ وَإِذْ تَخْلُقُ مِنَ الطِّينِ

'আ ল্লাম্তুকাল্ কিতা-বা অল্হিক্মাতা অত্তাওরা-তা অল্ ইন্জ্বীলা অইয্ তাখ্লুক্বু মিনাত্ত্বীনি

বয়সে -- তোমাকে কিতাব, হিকমাত, তাওরাত ও ইনজীল শিক্ষা দিয়েছি; আর আমার অনুমতিতে মাটি দিয়ে

كَهَيْـَٔةِ الطَّيْرِ بِإِذْنِي فَتَنفُخُ فِيهَا فَتَكُونُ طَيْرًا بِإِذْنِي ۖ وَتُبْرِئُ الْأَكْمَهَ

কাহাইয়াতিত্ত্বোয়াইরি বিইয্নী ফাতান্ফুখু ফীহা-ফাতাকূনূ ত্বোয়াইরাম্ বিইয্নী অতুব্রিউল্ আক্মাহা

পাখির আকৃতি গঠন করে ফুঁক দিলে, তা আমার হুকুমে উড়ত। আমার অনুগ্রহে জন্মান্ধ ও কুষ্ঠ রুগীকে

وَالْأَبْرَصَ بِإِذْنِي ۖ وَإِذْ تُخْرِجُ الْمَوْتَىٰ بِإِذْنِي ۖ وَإِذْ كَفَفْتُ بَنِي

অল্ আব্রাছোয়া বিইয্নী অইয্ তুখ্রিজুল্ মাওতা- বিইয্নী অইয্ কাফাফ্তু বানী ~

ভাল করতে, আমার হুকুমে মৃতকে জীবিত করতে আর যখন আমি বনী ইসরাঈলকে তোমার ক্ষতি হতে

إِسْرَٰٓءِيلَ عَنكَ إِذْ جِئْتَهُم بِالْبَيِّنَٰتِ فَقَالَ الَّذِينَ كَفَرُوا مِنْهُمْ إِنْ هَٰذَا إِلَّا

ইসরা — ঈলা 'আন্কা ইয্জ্বি'তাহুম্ বিল্বাইয়্যিনা-তি ফাক্বা-লাল্ লাযীনা কাফারূ মিন্হুম্ ইন্ হা-যা ~ ইল্লা-

বারণ রেখেছিলাম; তুমি তাদের সামনে প্রকাশ্য নিদর্শন আনলে, তখন কাফেররা বলল, এতো শুধু

سِحْرٌ مُّبِينٌ ۝١١١ وَإِذْ أَوْحَيْتُ إِلَى الْحَوَارِيِّينَ أَنْ ءَامِنُوا بِي وَبِرَسُولِي ۖ

সিহ্রুম্ মুবীন্। ১১১। অইয্ আওহাইতু ইলাল্ হাওয়া-রিয়্যীনা আন্ আ-মিনূ বী অবিরাসূলী

যাদু। (১১১) আর স্মরণ কর যখন হাওয়ারীদের কাছে ওহী পাঠালাম যে, তোমরা বিশ্বাস কর আমাকে ও আমার রাসূলকে।

قَالُوٓا ءَامَنَّا وَاشْهَدْ بِأَنَّنَا مُسْلِمُونَ ۝١١٢ إِذْ قَالَ الْحَوَارِيُّونَ يَٰعِيسَى ابْنَ مَرْيَمَ

ক্বা-লূ ~ আ-মান্না-অশ্হাদ্ বিআন্নানা- মুস্লিমূন্। ১১২। ইয্ ক্বা-লাল্ হাওয়ারিয়ূনা ইয়া-'ঈসাব্না মারইয়ামা

তারা বলল, বিশ্বাস করলাম, আপনি সাক্ষী থাকুন যে, আমরা মুসলিম। (১১২) যখন হাওয়ারীরা বলল, হে ঈসা ইবনে মরিয়াম!

টিকা-১. আয়াত-১১০ ঃ অর্থাৎ হযরত ঈসা (আঃ) কে একটি বিশেষ মু'জিযা দেয়া হয়েছে তা হল তিনি মানুষের সাথে শিশু অবস্থায়ও কথা বলেন এবং পরিণত বয়সেও কথা বলেন। জন্ম গ্রহণের প্রথম দিকে শিশু কথা বলতে পারে না। কোন শিশু মায়ের কোলে বা দোলনায় কথা-বার্তা বললে, তা তার বিশেষ স্বাতন্ত্র্যরূপে গণ্য হবে। পরিণত বয়সে কথা বলা, যা আয়াতে বর্ণিত হয়েছে, কোন উল্লেখযোগ্য বিষয় নয়। প্রত্যেক মানুষই এ বয়সে কথা বলে থাকে। কিন্তু ঈসা (আঃ) শিশু অবস্থায় কথা বলা তো স্পষ্টই মু'জিযা। আর তাঁর জন্য পরিণত বয়সেও কথা বলা মু'জিযা। কেননা, এতে বুঝা যায় যে, তিনি পুনর্বার পৃথিবীতে পদার্পণ করবেন। কারণ পরিণত বয়সের পূর্বেই তাঁকে আসমানে উঠিয়ে নেওয়া হয়েছে। (মাঃ কোঃ)

هَلْ يَسْتَطِيعُ رَبُّكَ أَنْ يُنَزِّلَ عَلَيْنَا مَائِدَةً مِّنَ السَّمَاءِ ۖ قَالَ اتَّقُوا اللَّهَ إِنْ

হাল্ ইয়াসতাত্বী'উ' রব্বুকা আইঁ ইয়ুনায্যিলা 'আলাইনা-মা — য়িদাতাম্ মিনাস্ সামা — ই; ক্বা-লাত্তাকুল্লা-হা-ইন্
আকাশ হতে খাবার পাঠাবার শক্তি কি তোমার প্রতিপালকের আছে? তিনি বললেন, আল্লাহ্‌কে ভয় কর যদি

كُنْتُمْ مُؤْمِنِينَ ﴿١١٣﴾ قَالُوا نُرِيدُ أَنْ نَأْكُلَ مِنْهَا وَتَطْمَئِنَّ قُلُوبُنَا وَنَعْلَمَ

কুন্‌তুম্ মু''মিনীন্ ।১১৩। ক্বা-লূ নূরীদু আন্ না''কুলা মিন্‌হা- অতাত্ব্‌মায়িন্না ক্বু-লূবুনা- অনা'লামা
তুমি মু'মিন হও। (১১৩) বলল, তা হতে কিছু খেয়ে আন্তরিক পরিতৃপ্তি লাভ করতে চাই; আর জানতে চাই যে,

أَنْ قَدْ صَدَقْتَنَا وَنَكُونَ عَلَيْهَا مِنَ الشَّاهِدِينَ ﴿١١٤﴾ قَالَ عِيسَى ابْنُ مَرْيَمَ

আন্ ক্বাদ্ ছদাক্ব্‌তানা-অনাকূনা 'আলাইহা- মিনাশ্ শা-হিদীন্ । ১১৪ । ক্বা-লা 'ঈসাব্‌নু মার্‌ইয়ামা
তুমি আমাদেরকে সত্য বলেছ এবং তার সাক্ষী থাকতে চাই। (১১৪) ঈসা ইবনে মরিয়ম বললেন,

اللَّهُمَّ رَبَّنَا أَنْزِلْ عَلَيْنَا مَائِدَةً مِّنَ السَّمَاءِ تَكُونُ لَنَا عِيدًا لِأَوَّلِنَا وَآخِرِنَا

ল্লা-হুম্মা রব্বানা ~ আন্‌যিল্ 'আলাইনা- মা — য়িদাতাম্ মিনাস্ সামা — য়ি তাকূনু লানা-'ঈদাল্ লিআওয়্যালিনা-অ আ-খিরিনা-
হে রব! আমাদের জন্য আকাশ থেকে খাদ্য পাঠাও, যা আমাদের ও আমাদের পূর্বের ও পরের সবার জন্য আনন্দস্বরূপ,

وَآيَةً مِّنْكَ ۖ وَارْزُقْنَا وَأَنْتَ خَيْرُ الرَّازِقِينَ ﴿١١٥﴾ قَالَ اللَّهُ إِنِّي مُنَزِّلُهَا عَلَيْكُمْ ۖ

অ আ-ইয়াতাম্ মিন্‌কা, অরযুক্ব্‌না-অ আন্‌তা খাইরুর্ রা-যিক্বীন্ । ১১৫ । ক্বা-লাল্লা-হু ইন্নী মুনায্যিলুহা-'আলাইকুম্
আর তোমার নিদর্শন হবে । আমাদেরকে রিযিক দাও; তুমি উত্তম রিযিকদাতা। (১১৫) আল্লাহ বললেন, অবশ্যই আমি তা

فَمَنْ يَكْفُرْ بَعْدُ مِنْكُمْ فَإِنِّي أُعَذِّبُهُ عَذَابًا لَّا أُعَذِّبُهُ أَحَدًا مِّنَ الْعَالَمِينَ ۞

ফামাইঁ ইয়াকফুর্ বা'দু মিন্‌কুম্ ফাইন্নী ~ উ'আয্যিবুহূ 'আযা-বাল্‌লা ~ উ'আয্যিবুহূ ~ আহাদাম্ মিনাল্ 'আ-লামীন্।
তোমাদের কাছে পাঠাব, তবে এরপর কেউ কুফরী করলে তাকে এমন শাস্তি দেব যে শাস্তি বিশ্বের কাকেও দেব না।

১৫ ৭ ৫ রুকু

﴿١١٦﴾ وَإِذْ قَالَ اللَّهُ يَا عِيسَى ابْنَ مَرْيَمَ أَأَنْتَ قُلْتَ لِلنَّاسِ اتَّخِذُونِي وَ

১১৬। অ ইয ক্বা-লা ল্লা-হু ইয়া-'ঈসাব্‌না মারইয়ামা আ-আনতা ক্বু-ল্‌তা লিন্না-সিত্ তাখিযূনী অ
(১১৬) যখন আল্লাহ বলবেন, হে ঈসা ইবনে মরিয়ম! তুমি কি মানুষকে বলেছিলে যে, তোমরা আল্লাহ ছাড়া আমাকে ও

أُمِّيَ إِلَٰهَيْنِ مِنْ دُونِ اللَّهِ ۖ قَالَ سُبْحَانَكَ مَا يَكُونُ لِي أَنْ أَقُولَ مَا لَيْسَ

উম্মিয়া ইলা-হাইনি মিন্ দূনিল্লা-হ্; ক্বা-লা সুব্‌হা-নাকা মা- ইয়াকূনু লী ~ আন্ আক্বূ-লা মা- লাইসা
আমার মাকে ইলাহ্‌রূপে গ্রহণ কর? বলবে,পবিত্রতা আপনার, আমার পক্ষে মোটেও উচিৎ নয় যাহা আমার অধিকারে

لِي بِحَقٍّ ۚ إِنْ كُنْتُ قُلْتُهُ فَقَدْ عَلِمْتَهُ ۚ تَعْلَمُ مَا فِي نَفْسِي وَلَا أَعْلَمُ مَا فِي

লী বিহাক্ব্; ইন্ কুন্‌তু ক্বু-ল্‌তুহূ ফাক্বাদ্ 'আলিম্‌তাহ্; তা'লামু মা-ফী নাফ্‌সী অলা ~ আ'লামু মা-ফী
নেই তা বলা। আর বলে থাকলে আপনি তো তা জানতেন, আপনি তো মনের খবর জানেন, আপনার অন্তরের খবর আমি

এক চতুর্থাংশ • ওয়াকফুন্নবী (ছাঃ)

نَفْسِكَ ۚ اِنَّكَ اَنْتَ عَلَّامُ الْغُيُوْبِ ﴿١١٦﴾ مَا قُلْتُ لَهُمْ اِلَّا مَآ اَمَرْتَنِيْ بِهٖ

নাফ্সিক্ ; ইন্নাকা আন্তা 'আল্লা-মূল্ গুইয়ূব্। ১১৭। মা-ক্বুল্তু লাহুম্ ইল্লা-মা ~ আমারতানী বিহী ~
জানি না' নিশ্চয়ই আপনি গায়েব সম্পর্কে অবহিত। (১১৭) আমি তো বলিনি, হ্যাঁ, শুধু যা আপনার নির্দেশ আমার

اَنِ اعْبُدُوا اللّٰهَ رَبِّيْ وَرَبَّكُمْ ۚ وَكُنْتُ عَلَيْهِمْ شَهِيْدًا مَّا دُمْتُ فِيْهِمْ ۚ فَلَمَّا

আনি'বুদুল্লা-হা রব্বী অরব্বাকুম্ অকুন্তু 'আলাইহিম্ শাহীদাম্ মা-দুম্তু ফীহিম্ ফালাম্মা-
ও তোমাদের রব আল্লাহ্র এবাদাত কর; আমি তাদের সাক্ষী ছিলাম ততদিন যতদিন তাদের মাঝে ছিলাম; যখন

تَوَفَّيْتَنِيْ كُنْتَ اَنْتَ الرَّقِيْبَ عَلَيْهِمْ ۗ وَاَنْتَ عَلٰى كُلِّ شَيْءٍ شَهِيْدٌ ﴿١١٧﴾ اِنْ

তাওয়াফ্ফাইতানী কুন্তা আন্তার রাক্বীবা 'আলাইহিম্; অআন্তা 'আলা-কুল্লি শাইয়িন্ শাহীদ্। ১১৮। ইন্
তুলে নিলেন তখন থেকে আপনিই তো তত্ত্বাবধায়ক, আর সর্ব বিষয়ে আপনিই সাক্ষী। (১১৮) যদি

تُعَذِّبْهُمْ فَاِنَّهُمْ عِبَادُكَ ۚ وَاِنْ تَغْفِرْ لَهُمْ فَاِنَّكَ اَنْتَ الْعَزِيْزُ الْحَكِيْمُ ﴿١١٨﴾ قَالَ

তু'আয্যিব্হুম্ ফাইন্নাহুম্ 'ইবা-দুকা, অ ইন্ তাগ্ফির্ লাহুম্ ফাইন্নাকা আনতাল্ 'আযীযুল্ হাকীম্। ১১৯। ক্বা-লা
শাস্তি দেন, তবে তারা তো আপনারই বান্দা। আর যদি ক্ষমা করেন, তবে আপনিই পরাক্রমশালী, বিজ্ঞ। (১১৯) আল্লাহ্

اللّٰهُ هٰذَا يَوْمُ يَنْفَعُ الصّٰدِقِيْنَ صِدْقُهُمْ ۗ لَهُمْ جَنّٰتٌ تَجْرِيْ مِنْ تَحْتِهَا

ল্লা-হু হা-যা- ইয়াওমু ইয়ান্ফা'উছ্ ছোয়া-দ্বিক্বীনা ছিদ্ক্বুহুম্; লাহুম্ জান্না-তুন্ তাজ্রী মিন্ তাহ্তিহাল
বলবেন, আজকের দিনে সত্যবাদীরা সততার জন্য উপকৃত হবে ; তাদের জন্য জান্নাত, যার নিচ দিয়ে প্রবাহিত ঝর্ণাধারা।

الْاَنْهٰرُ خٰلِدِيْنَ فِيْهَآ اَبَدًا ۗ رَضِيَ اللّٰهُ عَنْهُمْ وَرَضُوْا عَنْهُ ۗ ذٰلِكَ الْفَوْزُ الْعَظِيْمُ

আন্হা-রু খা-লিদীনা ফীহা ~ আবাদা-; রাদ্বিয়াল্লা-হু 'আন্হুম্ অরাদ্বূ 'আন্হু; যা-লিকাল্ ফাওযুল্ 'আজীম।
আর সেখানে তারা চিরদিন থাকবে: আল্লাহ্ তাদের প্রতি এবং তারা আল্লাহর প্রতি সন্তুষ্ট; এটাই বড় সাফল্য।

১৬ ع ৫ ৬ রুকু

لِلّٰهِ مُلْكُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَمَا فِيْهِنَّ ۗ وَهُوَ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ ﴿١٢٠﴾

১২০। লিল্লা-হি মুল্কুস্ সামা-ওয়া-তি অল্ আরদ্বি অমা- ফীহিন্না; অহুঅ 'আলা- কুল্লি শাইয়িন্ ক্বাদীর্।
(১২০) আসমান, যমীন ও এদের মধ্যকার সব কিছু আল্লাহর; আর তিনি সব কিছুর উপর ক্ষমতাবান।

সূরা আন্'আম
মক্কাবতীর্ণ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিস্মিল্লা-হির রাহ্মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ১৬৫
রুকূ ঃ ২০

اَلْحَمْدُ لِلّٰهِ الَّذِيْ خَلَقَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ وَجَعَلَ الظُّلُمٰتِ وَالنُّوْرَ ﴿١﴾

১। আল্হাম্দু লিল্লা-হিল্লাযী খালাক্বাস্ সামা-ওয়া-তি অল্ আরদ্বোয়া অ জ্বা'আলাজ্জুলুমা-তি অন্নূর্;
(১) সমস্ত প্রশংসাই আল্লাহ্র, যিনি আকাশ ও পৃথিবী সৃষ্টি করছেন তিনি আঁধার ও আলো সৃষ্টি করছেন ;

ثُمَّ الَّذِينَ كَفَرُوا بِرَبِّهِمْ يَعْدِلُونَ ۝٢ هُوَ الَّذِي خَلَقَكُمْ مِنْ طِينٍ ثُمَّ

ছুম্মাল্লাযীনা কাফারূ বিরব্বিহিম্ ইয়া'দিলূন্। ২। হুঅল্লাযী খালাক্বাকুম্ মিন্ ত্বীনিন্ ছুম্মা
তারপরও কাফেররা রবের সমকক্ষ সাব্যস্ত করে। (২) তিনিই তোমাদেরকে মাটি দিয়ে সৃষ্টি করে মৃত্যুর সময়

قَضَىٰ أَجَلًا ۖ وَأَجَلٌ مُسَمًّى عِنْدَهُ ۖ ثُمَّ أَنْتُمْ تَمْتَرُونَ ۝٣ وَهُوَ اللَّهُ فِي السَّمَاوَاتِ

ক্বাদ্বোয়া ~ আজ্বালা-; অআজ্বালুম্ মুসাম্মান্ 'ইন্দাহূ ছুম্মা আন্‌তুম্ তাম্‌তারূন্। ৩। অহুঅল্লা-হু ফিস্ সামা-ওয়া-তি
নির্ধারণ করে দিয়েছেন তাঁর কাছে বস্তুর নির্দিষ্ট কাল আছে; তারপরও তোমরা সন্দেহ কর। (৩) তিনিই আল্লাহ আসমান ও

وَفِي الْأَرْضِ ۖ يَعْلَمُ سِرَّكُمْ وَجَهْرَكُمْ وَيَعْلَمُ مَا تَكْسِبُونَ ۝٤ وَمَا تَأْتِيهِمْ

অ ফিল্ আরদ্ব্; ইয়া'লামু সিররাকুম্ অজ্বাহ্‌রাকুম্ অ ইয়া'লামু মা-তাক্‌সিবূন্। ৪। অ মা-তা''তীহিম্
যমীনে; তিনি গোপন ও প্রকাশ্য সবকিছু জানেন, তোমাদের অর্জিত সব কিছুও তিনি জানেন। (৪) আর রবের পক্ষ থেকে

مِنْ آيَةٍ مِنْ آيَاتِ رَبِّهِمْ إِلَّا كَانُوا عَنْهَا مُعْرِضِينَ ۝٥ فَقَدْ كَذَّبُوا بِالْحَقِّ لَمَّا

মিন্ আ-ইয়াতিম্ মিন্ আ-ইয়া-তি রব্বিহিম্ ইল্লা- কানূ-'আন্‌হা- মু'রিদ্বীন্। ৫। ফাক্বাদ্ কায্‌যাবূ বিল্‌হাক্ব্ক্বি লাম্মা-
যে নিদর্শনই এসেছে, তারা তা থেকে বিমুখ হয়েছে। (৫) অনন্তর তারা মিথ্যা সাব্যস্ত করেছে যখনই তাদের কাছে

جَاءَهُمْ ۖ فَسَوْفَ يَأْتِيهِمْ أَنْبَاءُ مَا كَانُوا بِهِ يَسْتَهْزِئُونَ ۝٦ أَلَمْ يَرَوْا كَمْ

জ্বা — য়াহুম্; ফাসাওফা ইয়া''তীহিম্ আম্‌বা — উ মা-কা-নূ বিহী ইয়াস্‌তাহ্‌যিউন্। ৬। আলাম্ ইয়ারাও কাম্
সত্য এসেছে, তা নিয়ে তারা ঠাট্টা করত। শীঘ্রই তার খবর তাদের কাছে পৌছবে। (৬) তারা কি দেখে না, ইতোপূর্বে

أَهْلَكْنَا مِنْ قَبْلِهِمْ مِنْ قَرْنٍ مَكَّنَّاهُمْ فِي الْأَرْضِ مَا لَمْ نُمَكِّنْ لَكُمْ وَأَرْسَلْنَا

আহ্‌লাক্‌না-মিন্ ক্বাব্‌লিহিম্ মিন্ ক্বার্‌নিম্ মাক্কান্না-হুম্ ফিল্ আরদ্বি মা-লাম্ নুমাক্কিল্ লাকুম্ অ আর্‌সাল্‌নাস্
কত জনগোষ্ঠীকে ধ্বংস করেছি, তাদেরকে আমি দুনিয়ায় প্রতিষ্ঠিত করেছিলাম যা তোমাদেরকে করি নি। আর

السَّمَاءَ عَلَيْهِمْ مِدْرَارًا وَجَعَلْنَا الْأَنْهَارَ تَجْرِي مِنْ تَحْتِهِمْ فَأَهْلَكْنَاهُمْ

সামা — আ 'আলাইহিম্ মিদ্‌রা-রাওঁ অজ্বা'আল্‌নাল্ আন্‌হা-রা তাজ্‌রী মিন্ তাহ্‌তিহিম্ ফাআহ্‌লাক্‌না-হুম্
আমি তাদের উপরে অঝোর বৃষ্টি বর্ষণ করেছি আর তাদের নিচ দিয়ে ঝর্ণাসমূহ প্রবাহিত করেছি। অতঃপর তাদের পাপের

ফযীলত ঃ সূরা আনআমঃ সূরা আনআমই একমাত্র এমন একটি সূরা যা আদ্যপান্ত এক সাথে একই সময়ে নাযিল হয়। এটি রাতের বেলা নাযিল হয়। তখন সত্তর হাজার ফেরেশতা আসমানের প্রান্তভাগে সমবেত অবস্থায় নানান স্তুতি যপে লিপ্ত ছিলেন যার কলরবে চতুর্দিক মুখরিত ছিল। রাসূলুল্লাহ (ছঃ) ও তাদের সঙ্গে দুবার উচ্চারণ করে সেজদায় পতিত হন। রাসূলুল্লাহ (ছঃ) বলেন, যে ব্যক্তি এই সূরা পাঠ করে তার জন্য সত্তর হাজার ফেরেশতা রাত-দিন দোয়া করতে থাকেন। শানেনুযূল ঃ এই পবিত্র সূরা মক্কায় নাযিল হয়। তফসীরকাররা মদিনায় অবতারিত সূরা বাকারা, সূরা নিসা ও সূরা মায়েদার পূর্বে এবং হযরত রাসূলুল্লাহ (ছঃ)– এর মক্কা অবস্থানের শেষ বছরে এই সূরার অবতারণকাল নির্দেশ করেছেন। তাঁরা আরও নির্দেশ করেছেন যে, এই সূরার সমস্ত অংশ একবারে এবং একই সময়ে অবতীর্ণ হয়েছিল। (তঃ ইবনে আব্বাস ও কবির)।
নামকরণ ঃ পৌত্তলিক কাফেররা মূর্তি-পূজার সাথে যে সকল অনুষ্ঠানে অদ্বিতীয় আল্লাহ্‌র শরীক নির্ধারণ করে থাকে, তন্মধ্যে আল্লাহ্‌র সৃষ্ট জীব-জন্তু তাদের কল্পিত দেব-দেবীর নামে উৎসর্গ অথবা বলিদান করা বিশেষভাবে উল্লেখযোগ্য। সুতরাং এই সূরার 'আন'আম' নামকরণ যে বিশেষ উপযোগী হয়েছে, তাতে কোন সন্দেহ নেই। এই সূরা ১৬৬ আয়াতে এবং ২০ রুকূতে বিভক্ত হয়েছে। কেউ কেউ এর আয়াত সংখ্যা ১৬৫ বলেও নির্দেশ করেছেন। (বঃ কোঃ) শানেনুযূল ঃ আয়াত- ৬ ঃ ইবনে হারেছ, নওফল ইবনে খোয়াইলিদ এবং ইবনে উমাইয়া মাখযুমী রাসূল (ছঃ) কে বলল, হে মুহাম্মদ! আমরা ঈমান আনব না যাবত তোমার নিকট প্রকাশ্যে কোন ফেরেশতা আগমন না করে, আর তাঁর নিকট এমর্মে কোন লিপিকারও থাকতে হবে যে, তুমি সত্যই আল্লাহর রাসূল এবং এ মর্মে তাদেরকে সাক্ষ্যও প্রদান করতে হবে। তখন এ আয়াতটি অবতীর্ণ হয়।

بِذُنُوبِهِمْ وَأَنْشَأْنَا مِنْ بَعْدِهِمْ قَرْنًا آخَرِينَ ۝٧ وَلَوْ نَزَّلْنَا عَلَيْكَ كِتَابًا فِي

বিযুনূবিহিম অআন্শা'না-মিম বা'দিহিম্ ক্বারনান্ আ-খারীন্। ৭। অলাও নাযযাল্না- 'আলাইকা কিতা-বান্ ফী
কারণে ধ্বংস করেছি; তাদের স্থলে অন্য জাতি সৃষ্টি করেছি। (৭) আর যদি নাযিল করতাম আপনার কাছে

قِرْطَاسٍ فَلَمَسُوهُ بِأَيْدِيهِمْ لَقَالَ الَّذِينَ كَفَرُوا إِنْ هَٰذَا إِلَّا سِحْرٌ مُبِينٌ

ক্বির্ত্বোয়া-সিন্ ফালামাসূহু বিআইদীহিম্ লাক্ব-লাল্লাযীনা কাফারু ~ ইন্ হা-যা ~ ইল্লা-সিহ্রুম্ মুবীন।
কাগজে লিখিত কিতাব আর তারা হাত দিয়ে স্পর্শ করত, তবুও কাফেররা অবশ্যই বলত, এতে সুস্পষ্ট যাদু।

۝٨ وَقَالُوا لَوْلَا أُنْزِلَ عَلَيْهِ مَلَكٌ ۖ وَلَوْ أَنْزَلْنَا مَلَكًا لَقُضِيَ الْأَمْرُ ثُمَّ لَا يُنْظَرُونَ

৮। অক্বা-লূ লাওলা ~ উন্যিলা 'আলাইহি মালাক; অলাও আন্যাল্না- মালাকাল্ লাক্বুদ্বিয়াল্ আম্রু ছুম্ম লা- ইয়ুন্জোয়ারূন্।
(৮) বলে, ফেরেশতা আসে না কেন? ফেরেশ্তা পাঠালে তাদের কর্মের চূড়ান্ত ফয়সালা হয়ে যেতো তখন তারা অবকাশ পেত না।

۝٩ وَلَوْ جَعَلْنَاهُ مَلَكًا لَجَعَلْنَاهُ رَجُلًا وَلَلَبَسْنَا عَلَيْهِمْ مَا يَلْبِسُونَ ۝١٠ وَلَقَدِ اسْتُهْزِئَ

৯। অলাও জ্বা'আল্না-হু মালাকাল্ লাজ্বা'আল্না-হু রাজুলাওঁ অলালাবাস্না-'আলাইহিম্ মা-ইয়াল্বিসূন্ ।১০। অ লাক্বাদিস্ তুহ্যিয়া
(৯) ফেরেশতা রাসূল করে পাঠালে মানুষের আকৃতিতেই পাঠাতাম এবং তাদেরকে এখনকারমত সন্দেহে ফেলতাম। (১০) নিশ্চয়ই

ع ১ ১০ ৭ রুকু

بِرُسُلٍ مِنْ قَبْلِكَ فَحَاقَ بِالَّذِينَ سَخِرُوا مِنْهُمْ مَا كَانُوا بِهِ يَسْتَهْزِئُونَ

বিরুসুলিম্ মিন্ ক্বাব্লিকা ফাহা-ক্বা বিল্লাযীনা সাখিরূ মিনহুম মা-কা-নূ বিহী ইয়াস্তাহ্যিউন্।
আপনার পূর্ববর্তী রাসূলদের সাথেও উপহাস করেছে, যা নিয়ে তারা উপহাস করত তা তাদেরকে ঘিরে ধরেছিল।

۝١١ قُلْ سِيرُوا فِي الْأَرْضِ ثُمَّ انْظُرُوا كَيْفَ كَانَ عَاقِبَةُ الْمُكَذِّبِينَ

১১। ক্বুল্ সীরূ ফিল্ আর্দ্বি ছুম্মান্জুরূ কাইফা কা-না 'আ-কিবাতুল্ মুকায্যিবীন।
(১১) বলুন, যমীনে ভ্রমণ কর, দেখ কিরূপ হয়েছে তাদের পরিণাম যারা অস্বীকার করেছে।

۝١٢ قُلْ لِمَنْ مَا فِي السَّمَاوَاتِ وَالْأَرْضِ ۖ قُلْ لِلَّهِ ۚ كَتَبَ عَلَىٰ نَفْسِهِ الرَّحْمَةَ

১২। ক্বুল্লিমাম্ মা-ফিস্ সামা-ওয়া-তি অল্ আর্দ্ব ; ক্বুল্ লিল্লা-হ্; কাতাবা 'আলা-নাফ্সিহির্ রহ্মাহ্;
(১২) বলুন, আকাশ ও পৃথিবীর সবকিছু কার? বলুন, আল্লাহ্র; তিনি নিজেই রহমতের দায়িত্ব নিয়েছেন। নিঃসন্দেহে

لَيَجْمَعَنَّكُمْ إِلَىٰ يَوْمِ الْقِيَامَةِ لَا رَيْبَ فِيهِ ۚ الَّذِينَ خَسِرُوا أَنْفُسَهُمْ فَهُمْ لَا

লাইয়াজ্মা'আন্নাকুম্ ইলা- ইয়াওমিল্ ক্বিয়া-মাতি লা-রাইবা ফীহ্; আল্লাযীনা খাসিরূ আন্ফুসাহুম্ ফাহুম্ লা-
আখেরাতে তিনি তোমাদেরকে একত্র করবেন; যারা ক্ষতি করে তারা ঈমান •

যোগসূত্র ঃ আয়াত-৭ঃ পূর্বের আয়াতে কাফেরদের অস্বীকৃতিত এবং উপেক্ষার বর্ণনা ছিল যা তাওহীদের সাথে সম্পর্ক ছিল। অত্র আয়াতে তাদের সেই মিথ্যা আরোপ ও হঠধর্মীতে তাদের দৃঢ় থাকার বর্ণনা করা হয়েছে। বর্ণিত এই বিষয়দ্বয় মূলতঃই তাদের ক্রমপর্যায়ের অপরাধ তাই উক্ত ক্রমে উল্লেখ করা হয়। (বঃ কোঃ)
আয়াত-১০ঃ এতে রাসূলুল্লাহ (ছঃ) কে সান্ত্বনা প্রদান করা হয়েছে যে, তাদের এরূপ চালচলন নতুন কিছু নয় বরং পূর্ববর্তী নবীদের সাথেও তারা এরূপ চালচলনই করেছিল। (বঃ কোঃ)

يُؤْمِنُوْنَ ⑬ وَلَهٗ مَا سَكَنَ فِي الَّيْلِ وَالنَّهَارِ ۗ وَهُوَ السَّمِيْعُ الْعَلِيْمُ ⑭ قُلْ

ইয়ু''মিনূন্ ।১৩। অলাহূ মা-সাকানা ফিল্লাইলি অন্নাহা-র্; অহুওয়াস্ সামী'উল্ 'আলীম্। ১৪। ক্বুল্
আনবে না। ১৩। তাঁরই জন্য রাতে ও দিনে যারা অবস্থান করে; তিনি সর্বশ্রোতা, বিজ্ঞ। (১৪) বলুন,

أَغَيْرَ اللّٰهِ أَتَّخِذُ وَلِيًّا فَاطِرِ السَّمٰوٰتِ وَالْأَرْضِ وَهُوَ يُطْعِمُ وَلَا يُطْعَمُ ۗ

আগাইরাল্লা-হি আত্তাখিযু অলিয়্যান্ ফা-ত্বিরিস্ সামা-ওয়া-তি অল্ আরদ্বি অহুঅ ইয়ুত্ব্'ইমু অলা-ইয়ুত্ব্'আম্;
আসমান ও যমীনের স্রষ্টা আল্লাহ ছাড়া অন্যকে কি সহায় বানাব? তিনি আহার দেন, তাঁকে কেউ আহার দেয় না,

قُلْ إِنِّيْ أُمِرْتُ أَنْ أَكُوْنَ أَوَّلَ مَنْ أَسْلَمَ وَلَا تَكُوْنَنَّ مِنَ الْمُشْرِكِيْنَ

ক্বুল্ ইন্নী ~ উমির্তু আন্ আকূনা আওয়্যালা মান্ আস্লামা অলা- তাকূনান্না মিনাল্ মুশ্রিকীন্।
বলুন, প্রথম মুসলিম হওয়ার জন্য আমি আদিষ্ট হয়েছি, আপনি মুশরিকদের অন্তর্ভুক্ত নন।

⑮ قُلْ إِنِّيْ أَخَافُ إِنْ عَصَيْتُ رَبِّيْ عَذَابَ يَوْمٍ عَظِيْمٍ ⑯ مَنْ يُصْرَفْ عَنْهُ

১৫। ক্বুল্ ইন্নী ~ আখা-ফু ইন্ 'আছোয়াইতু রব্বী 'আযা-বা ইয়াওমিন্ 'আজীম্। ১৬। মাইঁ ইয়ুছ্রাফ 'আনহু
(১৫) বলুন, আমি যদি রবের নাফরমানি করি, তবে মহাদিনের শাস্তির ভয় করি। (১৬) সেদিন যাকে রক্ষা করা হবে

يَوْمَئِذٍ فَقَدْ رَحِمَهٗ ۗ وَذٰلِكَ الْفَوْزُ الْمُبِيْنُ ⑰ وَإِنْ يَّمْسَسْكَ اللّٰهُ بِضُرٍّ فَلَا

ইয়াওমায়িযিন্ ফাক্বাদ্ রহিমাহূ; অযা-লিকাল্ ফাওযুল্ মুবীন্। ১৭। অইঁ ইয়াম্সাস্কাল্লা-হু বিদ্বুররিন ফালা-
শাস্তি হতে, সে-ই তাঁর অনুগ্রহ পাবে; এটাই সুস্পষ্ট সফলতা। (১৭) আর আল্লাহ আপনাকে ক্ষতিতে ফেললে,

كَاشِفَ لَهٗٓ إِلَّا هُوَ ۗ وَإِنْ يَّمْسَسْكَ بِخَيْرٍ فَهُوَ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ ⑱ وَهُوَ

কা-শিফা লাহূ ~ ইল্লা-হু অইঁ ইয়াম্সাস্কা বিখাইরিন ফাহুঅ 'আলা- কুল্লি শাইয়িন ক্বাদীর।১৮। অ হুঅল
তিনি ভিন্ন কেউ তা দূর করার নেই। তিনি যদি মঙ্গল করেন তবে তিনিই সর্ব বিষয়ে শক্তিমান। (১৮) আর তিনি

الْقَاهِرُ فَوْقَ عِبَادِهٖ ۗ وَهُوَ الْحَكِيْمُ الْخَبِيْرُ ⑲ قُلْ أَيُّ شَيْءٍ أَكْبَرُ شَهَادَةً ۗ

ক্বা-হিরু ফাওক্বা 'ইবা-দিহ্; অহুঅল হাকীমুল্ খাবীর্। ১৯। ক্বুল আইয়্যু শাইয়িন্ আক্বারু শাহা-দাহ্;
স্বীয় বান্দাহ্দের উপর পরাক্রমশালী, তিনি বিজ্ঞ, হেকমত ওয়ালা। (১৯) বলুন, সাক্ষ্য দানে বড় কে? বলে দিন.

قُلِ اللّٰهُ ۙ شَهِيْدٌۢ بَيْنِيْ وَبَيْنَكُمْ ۙ وَأُوْحِيَ إِلَيَّ هٰذَا الْقُرْاٰنُ لِأُنْذِرَكُمْ

ক্বুলিল্লা-হু শাহীদুম্ বাইনী অবাইনাকুম্ অ উহিয়া ইলাইয়্যা হা-যাল্ ক্বুর্আ-নু লিউন্যিরাকুম্
আল্লাহ আমার ও তোমাদের মধ্যে সাক্ষী, এ কোরআন আমার প্রতি নাযিল হয়েছে যেন তা তোমাদেরকে ও যার

بِهٖ وَمَنْۢ بَلَغَ ۗ أَئِنَّكُمْ لَتَشْهَدُوْنَ أَنَّ مَعَ اللّٰهِ اٰلِهَةً أُخْرٰى ۗ قُلْ لَّآ أَشْهَدُ ۚ

বিহী অমাম্ বালাগ্; আয়িন্নাকুম্ লাতাশ্হাদূনা আন্না মা'আল্লা-হি আ-লিহাতান্ উখরা-; ক্বুল্ লা ~ আশ্হাদু,
কাছে পৌছে তাকে সাবধান করি; তোমরা কি সাক্ষ্য দাও যে, আল্লাহ্র সঙ্গে অন্য ইলাহ্ আছে? বলুন, এমন সাক্ষ্য

قُلْ اِنَّمَا هُوَ اِلٰهٌ وَّاحِدٌ وَّاِنَّنِيْ بَرِيْٓءٌ مِّمَّا تُشْرِكُوْنَ ۝٢٠ اَلَّذِيْنَ اٰتَيْنٰهُمُ الْكِتٰبَ

কু্ল্ ইন্নামা-হুঅ ইলা-হুওঁ ওয়া-হিদুওঁ অইন্নানী বারী — উম্ মিম্মা-তুশরিকূন্। ২০। আল্লাযীনা আ-তাইনা-হুমুল্ কিতা-বা
আমি দেই না; বলুন, তিনি একমাত্র ইলাহ্। তোমরা যে শরীক কর তা থেকে আমি মুক্ত। (২০) যাদেরকে কিতাব দিলাম

يَعْرِفُوْنَهٗ كَمَا يَعْرِفُوْنَ اَبْنَآءَهُمْ ۘ اَلَّذِيْنَ خَسِرُوْٓا اَنْفُسَهُمْ فَهُمْ لَا يُؤْمِنُوْنَ ☆

ইয়া'রিফূনাহূ কামা-ইয়া'রিফূনা আব্না — আহুম্। আল্লাযীনা খাসিরূ ~ আন্ফুসাহুম ফাহুম্ লা-ইয়ু'মিনূন্।
তারা তাঁকে আপন সন্তানদের মত চিনে; যারা নিজেরাই নিজেদের ক্ষতি করেছে, তারা ঈমান আনবে না।

۝٢١ وَمَنْ اَظْلَمُ مِمَّنِ افْتَرٰى عَلَى اللّٰهِ كَذِبًا اَوْ كَذَّبَ بِاٰيٰتِهٖ ؕ اِنَّهٗ لَا يُفْلِحُ

২১। অমান্ আজ্লামু মিম্মানিফ্তারা- 'আলাল্লা-হি কাযিবান্ আও কায্যাবা বিআ-ইয়া-তিহ্; ইন্নাহূ লা-ইয়ুফ্লিহুজ্
(২১) যে আল্লাহ্র ব্যাপারে মিথ্যা বলে বা তাঁর আয়াতকে অস্বীকার করে, তার চেয়ে বড় যালিম কে? জালিমরা কখনও

الظّٰلِمُوْنَ ۝٢٢ وَيَوْمَ نَحْشُرُهُمْ جَمِيْعًا ثُمَّ نَقُوْلُ لِلَّذِيْنَ اَشْرَكُوْٓا اَيْنَ

জোয়া-লিমূন্। ২২। অইয়াওমা নাহ্শুরুহুম্ জ্বামী'আন্ ছুম্মা নাকু্লু লিল্লাযীনা আশ্রাকূ ~ আইনা
সফল হবে না। (২২) স্মরণ কর, যেদিন তাদের সবাইকে একত্র করব, তারপর মুশরিকদের বলব, তোমাদের

شُرَكَآؤُكُمُ الَّذِيْنَ كُنْتُمْ تَزْعُمُوْنَ ۝٢٣ ثُمَّ لَمْ تَكُنْ فِتْنَتُهُمْ اِلَّآ اَنْ قَالُوْا

শুরাকা — উ কুমুল্লাযীনা কুন্তুম্ তায্'উমূন্। ২৩। ছুম্মা লাম্ তাকুন্ ফিত্নাতুহুম্ ইল্লা ~ আন্ কা-লূ
দাবী করা শরীকরা কোথায়? (২৩) তাদের কোন ওযর পেশ করার মত থাকবে না বরং বলবে, আমাদের রব আল্লাহর

وَاللّٰهِ رَبِّنَا مَا كُنَّا مُشْرِكِيْنَ ۝٢٤ اُنْظُرْ كَيْفَ كَذَبُوْا عَلٰٓى اَنْفُسِهِمْ وَضَلَّ عَنْهُمْ

অল্লা-হি রব্বিনা- মা- কুন্না- মুশ্রিকীন্। ২৪। উন্জুর্ কাইফা কাযাবূ 'আলা ~ আন্ফুসিহিম্ অদ্বোয়াল্লা 'আন্হুম্
কসম; আমরা তো মুশরিক ছিলাম না। (২৪) দেখুন, নিজেদেরই বিরুদ্ধে তারা কেমন মিথ্যা বলছে। আর তাদের মিথ্যা

مَّا كَانُوْا يَفْتَرُوْنَ ۝٢٥ وَمِنْهُمْ مَّنْ يَّسْتَمِعُ اِلَيْكَ ۚ وَجَعَلْنَا عَلٰى قُلُوْبِهِمْ اَكِنَّةً

মা-কা-নূ ইয়াফ্তারূন্।২৫। অমিন্হুম্ মাইঁ ইয়াস্তামি'উ ইলাইকা অজা'আল্না-'আলা- কু্লূবিহিম্ আকিন্নাতান্
রচনা নিস্ফল হল? (২৫) তাদের মধ্যে কেউ কেউ আপনার দিকে কান পাতে; আমি তাদের অন্তরে আবরণ ফেলে রেখেছি

اَنْ يَّفْقَهُوْهُ وَفِيْٓ اٰذَانِهِمْ وَقْرًا ؕ وَاِنْ يَّرَوْا كُلَّ اٰيَةٍ لَّا يُؤْمِنُوْا بِهَا ؕ

আইঁ ইয়াফ্কাহূহু অফী ~ আ-যা-নিহিম্ অক্ব্রা-; অইঁ ইয়ারাও কুল্লা আ-ইয়াতিল্ লা-ইয়ু'মিনূ বিহা-;
যেন তারা বুঝতে না পারে, তাদের কানে আছে বধিরতা; যদি তারা সকল নিদর্শন দেখেও তারা তাতে ঈমান আনবে না;

আয়াত-২৪ ঃ কতিপয় মুফাসসিরের মতে যারা মিথ্যা কসম খেয়ে তাদের শিরক করাকে অস্বীকার করবে, তারা হল সেসব লোক যারা সরাসরি সৃষ্ট জীবকে আল্লাহ বা আল্লাহর প্রতিনিধি করে নি। তবে তারা আল্লাহর সব ক্ষমতা সৃষ্ট জীবে বন্টন করে দিয়েছে। (বাহারে মুহীত) শানেনুযূল ঃ আয়াত- ২৫ ঃ হযরত ইবনে আব্বাস হতে বর্ণিত, আবুসুফিয়ান ইবনে হরব, অলীদ ইবনে মুগীরা, নযর ইবনে হারছ, ওতবা ও শায়বা ইবনে রবীয়া এবং উমাইয়া ও উবাই ইবনে খলফ্ রাসূল (ছঃ)-এর কুরআন পাঠ শুনে সকলেই নযরকে জিজ্ঞেস করল তুমি কি বুঝলে? সে বলল, এসব কিছুতে কেবল মুহাম্মদের ঠোঁট নাড়ানো ব্যতীত অন্য কিছু বুঝা যায় না, মনে হয় পুরানো কিছু গল্প বলছে যেমন আমি বলে থাকি। তখন এ আয়াত নাযিল হয়।

حَتّٰىٓ اِذَا جَآءُوْكَ يُجَادِلُوْنَكَ يَقُوْلُ الَّذِيْنَ كَفَرُوْٓا اِنْ هٰذَآ اِلَّآ اَسَاطِيْرُ

হাত্তা ~ ইয়া- জ্বা — ঊ কা ইয়ুজ্বা-দিলূনাকা ইয়াকূ্লুল্লাযীনা কাফারূ ~ ইন্ হা ~ যা ~ ইল্লা আসা-ত্বীরুল্

এমন কি যখন আপনার কাছে এসে তর্ক করে, তখন যারা কাফের তারা বলে যে, এটা তো শুধু পুরান

الْاَوَّلِيْنَ ﴿٢٦﴾ وَهُمْ يَنْهَوْنَ عَنْهُ وَيَنْـَٔوْنَ عَنْهُ ۚ وَاِنْ يُّهْلِكُوْنَ اِلَّآ اَنْفُسَهُمْ

আওয়্যালীন্। ২৬। অহুম্ ইয়ান্হাওনা ‘আন্হু অইয়ান্আওনা ‘আন্হু অইঁ ইয়ুহ্লিকূনা ইল্লা ~ আন্ফুসাহুম্

কাহিনী। (২৬) আর তারা তা থেকে অন্যকে বিরত রাখে আর নিজেরাও বিরত থাকে; তারা নিজেকেই ধ্বংস করে, অথচ বুঝেও

وَمَا يَشْعُرُوْنَ ﴿٢٧﴾ وَلَوْ تَرٰىٓ اِذْ وُقِفُوْا عَلَى النَّارِ فَقَالُوْا يٰلَيْتَنَا نُرَدُّ وَلَا

অমা- ইয়াশ্‘উরূন্। ২৭। অলাও তারা ~ ইয্ উক্বিফূ ‘আলান্না-রি ফাক্বা-লূ ইয়া-লাইতানা- নুরাদ্দু অলা-

তারা বুঝে না (২৭) দোযখের পাশে তাদের অবস্থান যদি দেখতেন। তখন তারা বলে, হায়! যদি পুনরায় দুনিয়ায় প্রেরিত

نُكَذِّبَ بِاٰيٰتِ رَبِّنَا وَنَكُوْنَ مِنَ الْمُؤْمِنِيْنَ ﴿٢٨﴾ بَلْ بَدَا لَهُمْ مَّا كَانُوْا يُخْفُوْنَ

নুকায্যিবা বিআ-ইয়া-তি রব্বিনা- অনাকূনা মিনাল্ মু’’মিনীন্। ২৮। বাল্ বাদা-লাহুম মা-কা-নূ ইয়ুখ্ফূনা

হতাম, তবে রবের আয়াতকে অস্বীকার করতাম না, মুমিন হয়ে যেতাম। (২৮) না, ইতোপূর্বে তারা যা গোপন করত

مِنْ قَبْلُ ۖ وَلَوْ رُدُّوْا لَعَادُوْا لِمَا نُهُوْا عَنْهُ وَاِنَّهُمْ لَكٰذِبُوْنَ ﴿٢٩﴾ وَقَالُوْٓا اِنْ

মিন্ ক্বাব্ল; অলাও রুদ্দূ লা ‘আ-দূ লিমা- নুহূ ‘আন্হু অইন্নাহুম্ লাকা-যিবূন্। ২৯। অক্বা-লূ ~ ইন্

এখন তা প্রকাশিত হয়েছে; তারা ফিরলে নিষিদ্ধ কাজ আবার করবে নিঃসন্দেহে তারা মিথ্যাবাদী। (২৯) আর তারা বলে,

هِيَ اِلَّا حَيَاتُنَا الدُّنْيَا وَمَا نَحْنُ بِمَبْعُوْثِيْنَ ﴿٣٠﴾ وَلَوْ تَرٰىٓ اِذْ وُقِفُوْا عَلٰى رَبِّهِمْ ۚ

হিয়া ইল্লা- হাইয়া-তুনাদ্দুন্ইয়া-অমা- নাহ্নু বিমাব্‌উ’ছীন্। ৩০। অলাও তারা ~ ইয্ উক্বিফূ ‘আলা-রব্বিহিম্;

পার্থিব জীবনই আমাদের একমাত্র জীবন, আমরা পুনরুত্থিত হব না। (৩০) আর আল্লাহর সামনে তাদের অবস্থান যদি

قَالَ اَلَيْسَ هٰذَا بِالْحَقِّ ۚ قَالُوْا بَلٰى وَرَبِّنَا ۚ قَالَ فَذُوْقُوا الْعَذَابَ بِمَا

ক্বা-লা আলাইসা হা-যা- বিল্হাক্ব্; ক্বা-লূ বালা-অরব্বিনা-; ক্বা-লা ফাযূকুল্ ‘আযা-বা বিমা-

আপনি দেখতেন? বলবেন, এটা কি সত্য নয় বলবে, হ্যাঁ রবের শপথ; বলবেন, কুফ্রীর কারণে

كُنْتُمْ تَكْفُرُوْنَ ﴿٣١﴾ قَدْ خَسِرَ الَّذِيْنَ كَذَّبُوْا بِلِقَآءِ اللّٰهِ ۚ حَتّٰىٓ اِذَا جَآءَتْهُمُ

ع ١٠ ৩ ৯ রুকু

কুন্তুম্ তাক্ফুরূন্। ৩১। ক্বাদ্ খাসিরাল্লাযীনা কায্যাবূ বিলিক্বা —য়িল্লা-হ্; হাত্তা ~ ইযা- জ্বা — য়াত্হুমুস্

শাস্তি ভোগ কর। (৩১) নিশ্চয়ই তারা ক্ষতিগ্রস্ত আল্লাহর সাক্ষাতকে যারা মিথ্যা বলেছে, এমনকি হঠাৎ যখন তাদের

السَّاعَةُ بَغْتَةً قَالُوْا يٰحَسْرَتَنَا عَلٰى مَا فَرَّطْنَا فِيْهَا ۙ وَهُمْ يَحْمِلُوْنَ اَوْزَارَهُمْ

সা-‘আতু বাগ্তাতান্ ক্বা-লূ ইয়া-হাস্রাতানা-‘আলা-মা-ফার্‌রাত্ব্না-ফীহা- অহুম্ ইয়াহ্মিলূনা আওযা-রাহুম্

নিকটে কিয়ামত উপস্থিত হবে, তখন তারা বলবে হায়! কতই না অবহেলা করছি। আর তারা তাদের পাপের

عَلٰى ظُهُوْرِهِمْ ؕ اَلَا سَآءَ مَا يَزِرُوْنَ ﴿٣٢﴾ وَمَا الْحَيٰوةُ الدُّنْيَآ اِلَّا لَعِبٌ وَّلَهْوٌ ؕ

'আলা-জুহূরিহিম্; আলা- সা — য়া মা- ইয়াযিরূন্। ৩২। অমাল্ হাইয়া-তুদ্ দুন্‌ইয়া ~ ইল্লা-লা'ইবুঁও অলাহ্‌উন্;

বোঝা বহন করবে; তাদের বোঝা কতই না নিকৃষ্ট। (৩২) পার্থিব জীবন তো খেল তামাশা বৈ কিছু নয়;

وَلَلدَّارُ الْاٰخِرَةُ خَيْرٌ لِّلَّذِيْنَ يَتَّقُوْنَ ؕ اَفَلَا تَعْقِلُوْنَ ﴿٣٣﴾ قَدْ نَعْلَمُ اِنَّهٗ

অলাদ্দা-রুল্ আ-খিরাতু খাইরুল্ লিল্লাযীনা ইয়াত্তাক্বূনা আফালা-তা'ক্বিলূন্। ৩৩। ক্বাদ্ না'লামু ইন্নাহূ

মুত্তাকীদের জন্য পরকালের বাসস্থানই উত্তম। (৩৩) আমি অবশ্যই বুঝি, তাদের উক্তিসমূহ

لَيَحْزُنُكَ الَّذِيْ يَقُوْلُوْنَ فَاِنَّهُمْ لَا يُكَذِّبُوْنَكَ وَلٰكِنَّ الظّٰلِمِيْنَ بِاٰيٰتِ اللّٰهِ

লা-ইয়াহ্‌যুনুকাল্লাযী ইয়াক্বূলূনা ফাইন্নাহুম্ লা-ইয়ুকায্‌যিবূনাকা অলা-কিন্নাজ্জোয়া-লিমীনা বিআ-ইয়া-তিল্লা-হি

আপনাকে চিন্তিত করে কিন্তু তারা তো আপনাকে মিথ্যা বলে না বরং যালিমরা আল্লাহ্‌র আয়াতকে

يَجْحَدُوْنَ ﴿٣٤﴾ وَلَقَدْ كُذِّبَتْ رُسُلٌ مِّنْ قَبْلِكَ فَصَبَرُوْا عَلٰى مَا كُذِّبُوْا

ইয়াজ্‌হাদূন্। ৩৪। অলাক্বাদ্ কুয্‌যিবাত্ রুসুলুম্ মিন্ ক্বাব্‌লিকা ফাছোয়াবারূ 'আলা মা- কুয্‌যিবূ

অস্বীকার করে। (৩৪) আর মিথ্যাবাদী বলা হয়েছিল আপনার পূর্বে বহু রাসূলকে। মিথ্যা প্রচার ও কষ্ট সহ্য করছিলেন

وَاُوْذُوْا حَتّٰٓى اَتٰىهُمْ نَصْرُنَا ۚ وَلَا مُبَدِّلَ لِكَلِمٰتِ اللّٰهِ ۚ وَلَقَدْ جَآءَكَ مِنْ

অউযূ হাত্তা ~ আতা-হুম্ নাছরুনা-অলা-মুবাদ্দিলা লিকালিমা-তিল্লা-হি অলাক্বাদ্ জ্বা — য়াকা মিন্

আমার সাহায্য তাদের নিকট না পৌঁছা পর্যন্ত। আর আল্লাহর আদেশ পরিবর্তন হয় না; রাসূলদের কিছু খবর তো

نَّبَاِى الْمُرْسَلِيْنَ ﴿٣٥﴾ وَاِنْ كَانَ كَبُرَ عَلَيْكَ اِعْرَاضُهُمْ فَاِنِ اسْتَطَعْتَ

নাবায়িল্ মুর্‌সালীন্। ৩৫। অইন্ কা-না কাবুরা 'আলাইকা ই'রা-দুহুম্ ফাইনিস্‌তাত্বোয়া'তা

আপনার কাছে এসেছে। (৩৫) আর যদি তাদের উপেক্ষা আপনার কাছে অসহনীয় হয়, তবে শক্তি থাকলে অন্বেষণ

اَنْ تَبْتَغِيَ نَفَقًا فِي الْاَرْضِ اَوْ سُلَّمًا فِي السَّمَآءِ فَتَاْتِيَهُمْ بِاٰيَةٍ ؕ وَلَوْ شَآءَ اللّٰهُ

আন্ তাব্‌তাগিয়া নাফাক্বান্ ফিল্ আর্‌দ্বি আও সুল্লামান্ ফিস্ সামা — য়ি ফাতা" তিয়াহুম্ বিআ-ইয়াহ্; অলাও শা — য়াল্লা-হু

করে নিন ভূগর্ভে কোন সুড়ঙ্গ কিংবা আকাশে কোন সিঁড়ি এবং তাদের জন্য নিদর্শন আনুন। আল্লাহ ইচ্ছা করলে তাদের

لَجَمَعَهُمْ عَلَى الْهُدٰى فَلَا تَكُوْنَنَّ مِنَ الْجٰهِلِيْنَ ﴿٣٦﴾ اِنَّمَا يَسْتَجِيْبُ الَّذِيْنَ

লাজ্বামা'আহুম্ 'আলাল্ হুদা-ফালা-তাকূনান্না মিনাল্ জ্বা-হিলীন্। ৩৬। ইন্নামা-ইয়াস্‌তাজ্বীবুল্লাযীনা

সকলকে সৎপথে একত্র করতেন। অতএব, আমি দলভুক্ত হব না অজ্ঞ মূর্খদের। (৩৬) তারাই আহ্বানে সাড়া দেয় যারা

• অর্থাংশ ওয়াকফে গোফরান

আয়াত-৩১ ঃ হাদীসে আছে, ক্বিয়ামতের দিনে সৎ লোকদের আ'মল তাদের বাহন হবে। পক্ষান্তরে অসৎ লোকদের কাজ-কর্ম ভারী বোঝার আকারে তাদের মাথায় চাপিয়ে দেয়া হবে। (মাঃ কোঃ) আয়াত-৩২ ঃ এখানে পার্থিব জীবনকেই খেলা-ধূলার বস্তু বলা উদ্দেশ্য নয়, বরং যে সকল কার্যকলাপ পরকালের সহায় নয় শুধু সেগুলোকেই খেলা-ধূলার বস্তু বলা হয়েছে। (বঃ কোঃ) আয়াত-৩৪ ঃ ইমাম সুদ্দী (রঃ) হতে বর্ণিত একবার দু'জন কাফের সর্দার আখনাস ইবনে শুরাইক ও আবূ জাহেলের মধ্যে সাক্ষাত হলে আখনাস আবূ জাহেলকে জিজ্ঞাসা করল, মুহাম্মদ ইবনে আবদুল্লাহ সম্পর্কে আপনার সঠিক ধারণা কি? আবূ জাহল আল্লাহর কসম খেয়ে বলল, মুহাম্মদ (ছঃ) সত্যবাদী। কিন্তু কোরাইশ গোত্রের একটি শাখা 'বনী কুসাই' এসব গৌরব ও মহত্বের একচ্ছত্র অধিকারী হবে, একথা আমরা মেনে নিতে পারি না। তখন আয়াতটি নাযিল হয়। (তাফঃ মাযঃ)

يَسْمَعُونَ ۘ وَالْمَوْتَىٰ يَبْعَثُهُمُ اللَّهُ ثُمَّ إِلَيْهِ يُرْجَعُونَ ﴿٣٦﴾ وَقَالُوا لَوْلَا نُزِّلَ

ইয়াস্মা'উন্; অল্মাওতা- ইয়াব্'আছুহুমুল্লা-হু ছুম্মা ইলাইহি ইয়ুরজা'উন্ ।৩৭। অক্বা-লূ লাওলা-নুযযিলা

আন্তরিকতার সাথে শোনে; আল্লাহ মৃতদের পুনর্জীবিত করবেন; পরে তাঁর দিকেই তাদের প্রত্যাবর্তন। (৩৭) তারা বলে, রবের

عَلَيْهِ آيَةٌ مِّن رَّبِّهِ ۚ قُلْ إِنَّ اللَّهَ قَادِرٌ عَلَىٰ أَن يُنَزِّلَ آيَةً وَلَٰكِنَّ أَكْثَرَهُمْ لَا

'আলাইহি আ-ইয়াতুম্ মির্ রব্বিহ্; ক্বুল্ ইন্নাল্লা-হা ক্বা-দিরুন্ 'আলা ~ আঁই য়ুনায্যিলা আ-ইয়াতাওঁ অলা-কিন্না আক্ছারাহুম্ লা-

নিদর্শন নাযিল হয় না কেন? বলুন, নিশ্চয়ই আল্লাহ নিদর্শন নাযিলে সক্ষম, কিন্তু তাদের অধিকাংশই তা

يَعْلَمُونَ ﴿٣٧﴾ وَمَا مِن دَابَّةٍ فِي الْأَرْضِ وَلَا طَائِرٍ يَطِيرُ بِجَنَاحَيْهِ إِلَّا أُمَمٌ

ইয়া'লামূন্। ৩৮। অমা-মিন্ দা —ব্বাতিন্ ফিল্ আরদ্বি অলা-ত্বোয়া — য়িরিই ইয়াত্বীরু বিজ্বানা-হাইহি ইল্লা ~ উমামুন্

বুঝে না। (৩৮) সমগ্র জগতে যত প্রকার বিচরণশীল জীব বা ডানার সাহায্যে উড়ন্ত পাখী তারা সকলে তোমাদের

أَمْثَالُكُم ۚ مَّا فَرَّطْنَا فِي الْكِتَابِ مِن شَيْءٍ ۚ ثُمَّ إِلَىٰ رَبِّهِمْ يُحْشَرُونَ ﴿٣٨﴾ وَ

আম্ছা-লুকুম; মা-ফার্রাত্ব্না ফিল্ কিতা-বি মিন্ শাইয়িন্ ছুম্মা ইলা-রব্বিহিম্ ইয়ুহ্শারূন্। ৩৯। অল্

মত একটি উম্মত (২); কিতাবে কিছুই বাদ দেই নি; পরে সকলকে রবের কাছে একত্র করা হবে। (৩৯) যারা

الَّذِينَ كَذَّبُوا بِآيَاتِنَا صُمٌّ وَبُكْمٌ فِي الظُّلُمَاتِ ۗ مَن يَشَإِ اللَّهُ يُضْلِلْهُ ۖ

লাযীনা কায্যাবূ বিআ-ইয়া-তিনা-ছুম্মুওঁ অবুক্মুন্ ফিজ্জুলুমা-ত্; মাই ইয়াশায়িল্লা-হু ইয়ুদ্ব্লিল্হু

আমার আয়াতকে মিথ্যা জানে তারা বধির ও বোবা, তারা অন্ধকারে নিমজ্জিত; আল্লাহ যাকে ইচ্ছা বিপথগামী

وَمَن يَشَأْ يَجْعَلْهُ عَلَىٰ صِرَاطٍ مُّسْتَقِيمٍ ﴿٣٩﴾ قُلْ أَرَأَيْتَكُمْ إِنْ أَتَاكُمْ عَذَابُ

অমাই ইয়াশাইয়াজ্ব্'আল্হু 'আলা- ছিরা-ত্বিম্ মুসতাক্বীম্। ৪০। ক্বুল্ আরায়াইতাকুম্ ইন্ আতা-কুম্ 'আযা-বু

করেন, আর যাকে ইচ্ছা সরল পথে রাখেন। (৪০) বলুন, বল তো দেখি তোমাদের নিকট আল্লাহ্র শাস্তি বা কিয়ামত

اللَّهِ أَوْ أَتَتْكُمُ السَّاعَةُ أَغَيْرَ اللَّهِ تَدْعُونَ إِن كُنتُمْ صَادِقِينَ ﴿٤٠﴾ بَلْ إِيَّاهُ

ল্লা-হি আও আতাত্কুমুস্ সা-'আতু আগাইরাল্লা-হি তাদ্'উনা ইন্ কুনতুম্ ছোয়া-দিক্বীন। ৪১। বাল্ ইয়্যা-হু

আসলে তোমরা কি আল্লাহকে বাদ দিয়ে অন্য কাকেও ডাকবে, যদি তোমরা সত্যবাদী হও? (৪১) বরং তখন কেবল

تَدْعُونَ فَيَكْشِفُ مَا تَدْعُونَ إِلَيْهِ إِن شَاءَ وَتَنسَوْنَ مَا تُشْرِكُونَ ﴿٤١﴾ وَ

তাদ্'উনা ফাইয়াক্শিফু মা- তাদ্'উনা ইলাইহি ইন্ শা —য়া অতানসাওনা মা-তুশরিকূন্। ৪২। অ

তাকেই ডাকবে; ইচ্ছে করলে দূর করতে পারেন; (ঐ সময়) তোমরা শরীকদের ভুলে যাবে। (৪২) আপনার

لَقَدْ أَرْسَلْنَا إِلَىٰ أُمَمٍ مِّن قَبْلِكَ فَأَخَذْنَاهُم بِالْبَأْسَاءِ وَالضَّرَّاءِ لَعَلَّهُمْ

লাক্বাদ আর্সাল্না ~ইলা ~ উমামিম্মিন্ ক্বাব্লিকা ফাআখায্না-হুম্ বিলবা"সা — য়ি অদ্দ্বোয়ারবা — য়ি লা'আল্লাহুম্

পূর্বেও জাতির কাছে রাসূল প্রেরণ করেছি ; তাদেরকে পাকড়াও করেছিলাম দুঃখ-কষ্ট দিয়ে, যেন তারা

ওয়াক্বেফে মানযিল

৪ ع ১১ ১০ রুকু

يَتَضَرَّعُونَ ﴿٤٣﴾ فَلَوْلَآ إِذْ جَآءَهُمْ بَأْسُنَا تَضَرَّعُوا وَلٰكِنْ قَسَتْ قُلُوبُهُمْ وَزَيَّنَ

ইয়াতাদ্বোয়াররা'উন্। ৪৩। ফালাওলা ~ ইয্ জ্বা — য়াহুম্ বা''সুনা-তাদ্বোয়াররা'উ অলা-কিন্ ক্বাসাত্ কু্লূবুহুম্ অযাইয়্যানা
বিনীত হয়। (৪৩) অতঃপর যখন তাদের উপর আমার শাস্তি আসল তখন তারা কেন বিনীত হল না? বরং তাদের হৃদয় কঠিন হল,

لَهُمُ الشَّيْطٰنُ مَا كَانُوا يَعْمَلُونَ ﴿٤٤﴾ فَلَمَّا نَسُوا مَا ذُكِّرُوا بِهِۦ فَتَحْنَا عَلَيْهِمْ

লাহুমুশ্ শাইত্বোয়া-নু মা-কা-নূ ইয়া'মালূন্। ৪৪। ফালাম্মা-নাসূ মা-যুক্কিরূ বিহী ফাতাহ্না-'আলাইহিম্
আর শয়তান তাদের কৃতকর্মকে শোভন করে দেখাল। (৪৪) অতঃপর যখন তারা উপদেশ ভুলে গেল, সকল কিছুর দরজা

أَبْوٰبَ كُلِّ شَىْءٍ حَتّٰىٓ إِذَا فَرِحُوا بِمَآ أُوتُوٓا أَخَذْنٰهُمْ بَغْتَةً فَإِذَا هُمْ مُّبْلِسُونَ *

আব্ওয়া-বা কুল্লি শাইয়িন্ হাত্তা ~ ইযা-ফারিহূ বিমা ~ উতূ ~ আখায্না-হুম্ বাগ্তাতান্ ফাইযা-হুম্ মুব্লিসূন্।
খুলে দিলাম। শেষ পর্যন্ত তারা যখন সকল কিছু পেয়ে উল্লসিত, তখন হঠাৎ তাদেরকে ধরলাম, তখন তারা নিরাশ হল।

﴿٤٥﴾ فَقُطِعَ دَابِرُ الْقَوْمِ الَّذِينَ ظَلَمُوا ۚ وَالْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعٰلَمِينَ ﴿٤٦﴾ قُلْ أَرَءَيْتُمْ

৪৫। ফাক্বুত্বি'আ দা-বিরুল্ ক্বাওমিল্লাযীনা জোয়ালামূ; অল্হাম্দু লিল্লা-হি রব্বিল্ 'আ-লামীন্। ৪৬। ক্বুল্ আরায়াইতুম্
(৪৫) পরিশেষে জালিম কাওমের মুলোৎপাটিত হল; সকল প্রশংসা সারা জাহানের রব আল্লাহ্র। (৪৬) বলুন, তোমরা ভেবে

إِنْ أَخَذَ اللّٰهُ سَمْعَكُمْ وَأَبْصٰرَكُمْ وَخَتَمَ عَلٰى قُلُوبِكُمْ مَّنْ إِلٰهٌ غَيْرُ اللّٰهِ

ইন্ আখাযাল্লা-হু সাম্'আকুম্ অ আব্ছোয়া-রাকুম্ অখাতামা 'আলা-ক্বুলূ বিকুম্ মান্ ইলা-হুন্ গাইরুল্লা-হি
দেখেছে কি? যদি আল্লাহ তোমাদের শ্রবণ শক্তি ও দৃষ্টিশক্তি কেড়ে নেন এবং তোমাদের অন্তরে সীল করেন, তবে আল্লাহ ছাড়া

يَأْتِيكُمْ بِهِ ۗ انْظُرْ كَيْفَ نُصَرِّفُ الْأٰيٰتِ ثُمَّ هُمْ يَصْدِفُونَ ﴿٤٧﴾ قُلْ أَرَءَيْتَكُمْ

ইয়া''তীকুম্ বিহী; উন্জুর্ কাইফা নুছোয়াররিফুল্ আ-ইয়া-তি ছুম্মা হুম্ ইয়াছ্দিফূন্। ৪৭। ক্বুল্ আরায়াইতাকুম্
কোন্ ইলাহ্ তোমাদিগকে তা ফিরিয়ে দেয়; দেখ কিভাবে আয়াত বর্ণনা করি, তবুও তারা মুখ ফিরিয়ে নেয়। (৪৭) বলুন,

إِنْ أَتٰىكُمْ عَذَابُ اللّٰهِ بَغْتَةً أَوْ جَهْرَةً هَلْ يُهْلَكُ إِلَّا الْقَوْمُ الظّٰلِمُونَ *

ইন্ আতা-কুম্ 'আযা-বুল্লা-হি বাগ্তাতান্ আও জ্বাহ্রাতান্ হাল্ ইয়ুহ্লাকু ইল্লাল্ ক্বাওমুজ্জোয়া-লিমূন্।
বল তো দেখি, আল্লাহর আযাব হঠাৎ বা প্রকাশ্যে আপতিত হলে জালিম কাওম ছাড়া অন্য কেউ ধ্বংস হবে কি?

﴿٤٨﴾ وَمَا نُرْسِلُ الْمُرْسَلِينَ إِلَّا مُبَشِّرِينَ وَمُنْذِرِينَ ۖ فَمَنْ اٰمَنَ وَأَصْلَحَ فَلَا

৪৮। অমা-নুরসিলুল্ মুর্সালীনা ইল্লা-মুবাশ্শিরীনা অমুন্যিরীনা ফামান্ আ-মানা অআছ্লাহা ফালা-
(৪৮) আমি তো পাঠাচ্ছি রাসূলদেরকে সুসংবাদদাতা ও সতর্ককারী রূপেই অতঃপর যে ঈমান আনে ও সংশোধিত হয়,

আয়াত-৪৫ ঃ হযরত উবাদাহ ইবনে ছামেত (রাঃ) হতে বর্ণিত। রাসূলুল্লাহ (ছঃ) বলেন, আল্লাহ তা'আলা কোন জাতিকে যখন টিকিয়ে রাখতে ও উন্নত করতে চান, তখন তার মধ্যে দুটি গুণ সৃষ্টি করে দেন। এক ঃ প্রত্যেক কাজে মমতা ও মধ্যবর্তীতা। দুইঃ সাধুতা ও পবিত্রতা। পক্ষান্তরে আল্লাহ তা'আলা যখন কোন জাতিকে ধ্বংস করতে চান, তাদের জন্য বিশ্বাস ভঙ্গ ও আত্মসাতের দ্বার খুলে দেন। রাসূলুল্লাহ (ছঃ) বলেন, যখন তোমরা দেখ যে, কোন ব্যক্তির উপর নেয়ামত ও ধন-দৌলতের বৃষ্টি বর্ষিত হয়েছে অথচ সে গুনাহ ও অবাধ্যতায় অটল, তখন বুঝে নিবে যে, তাকে ঢিল দেয়া হয়েছে। তার এই ভোগ-বিলাস কঠোর আযাবে গ্রেফতার হওয়ারই পূর্বাভাস। (ইবঃ কাঃ)

خَوْفٌ عَلَيْهِمْ وَلَا هُمْ يَحْزَنُونَ ﴿٤٩﴾ وَالَّذِينَ كَذَّبُوا بِآيَاتِنَا يَمَسُّهُمُ الْعَذَابُ

খাওফুন্ 'আলাইহিম্ অলা-হুম ইয়াহ্যানূন। ৪৯। অল্লাযীনা কায্যাবূ বিআ-ইয়া-তিনা ইয়ামাস্সু হুমুল 'আযা-বু

তার নেই কোন ভয়, নেই কোন দুঃখ। (৪৯) আর যারা আমার আয়াতকে মিথ্যা বলে তাদের উপর আমার

بِمَا كَانُوا يَفْسُقُونَ ﴿٥٠﴾ قُلْ لَا أَقُولُ لَكُمْ عِنْدِي خَزَائِنُ اللَّهِ وَلَا أَعْلَمُ

বিমা-কা-নূ ইয়াফ্সুকূন্। ৫০। কুল্ লা ~ আকূলু লাকুম্ 'ইনদী খাযা — ইনুল্লা -হি অলা~ আ'লামুল্

শাস্তি আপতিত হবে। (৫০) বলুন, আমি বলি না যে, আমার কাছে আল্লাহ্‌র ধনভাণ্ডার আছে; আমি অদৃশ্য বিষয়

الْغَيْبَ وَلَا أَقُولُ لَكُمْ إِنِّي مَلَكٌ ۖ إِنْ أَتَّبِعُ إِلَّا مَا يُوحَىٰ إِلَيَّ ۚ قُلْ هَلْ

গাইবা অলা ~ আকূলূ লাকুম্ ইন্নী মালাকুন্ ইন্ আত্তাবি'উ ইল্লা- মা- ইয়ূহা ~ ইলাইয়্যা; কুল্ হাল্

সম্বন্ধেও জানি না; আমি একথা বলি না যে, আমি ফেরেশতা, আমি শুধু অহীর অনুসরণ করি; যা আমার প্রতি নাযিল হয়;

يَسْتَوِي الْأَعْمَىٰ وَالْبَصِيرُ ۚ أَفَلَا تَتَفَكَّرُونَ ﴿٥١﴾ وَأَنْذِرْ بِهِ الَّذِينَ يَخَافُونَ

ইয়াস্তাওয়িল্ আ'মা- অল্ বাছীর; আফালা- তাতাফাক্কারূন্। ৫১। অ আন্যির্ বিহিল্লাযীনা ইয়াখা-ফূনা

বলুন, অন্ধ ও চক্ষুষ্মান কি সমান? তোমরা কি চিন্তা কর না? (৫১) এটা (কোরআন) দ্বারা ঐসব লোককে সতর্ক করুন

৫ ع ৯ ১১ রুকু

أَنْ يُحْشَرُوا إِلَىٰ رَبِّهِمْ ۙ لَيْسَ لَهُمْ مِنْ دُونِهِ وَلِيٌّ وَلَا شَفِيعٌ لَعَلَّهُمْ يَتَّقُونَ

আইঁ ইয়ুহ্শারূ ~ ইলা-রব্বিহিম্ লাইসা লাহুম্ মিন্ দূনিহী অলিয়্যুওঁ অলা- শাফী'উল্ লা'আল্লাহুম্ ইয়াত্তাকূন্।

যারা ভয় করে রবের দরবারে সমবেত হওয়ার; তিনি ছাড়া কোন অবিভাবক ও সুপারিশকারী নেই; যেন মুত্তাকী হতে পারে।

﴿٥٢﴾ وَلَا تَطْرُدِ الَّذِينَ يَدْعُونَ رَبَّهُمْ بِالْغَدَاةِ وَالْعَشِيِّ يُرِيدُونَ وَجْهَهُ ۖ مَا

৫২। অলা তাত্‌রুদিল্লাযীনা ইয়াদ্'উনা রব্বাহুম্ বিল্‌গাদা-তি অল্'আশিয়্যি ইয়ুরীদূনা অজ্‌হাহূ; মা-

(৫২) আর যারা সকাল-সন্ধ্যায় তাদের রবের সন্তুষ্টির জন্য তাঁকে ডাকে তাদেরকে তাড়াবেন না; তাদের

عَلَيْكَ مِنْ حِسَابِهِمْ مِنْ شَيْءٍ وَمَا مِنْ حِسَابِكَ عَلَيْهِمْ مِنْ شَيْءٍ فَتَطْرُدَهُمْ

'আলাইকা মিন্ হিসা-বিহিম্ মিন্ শাইয়িঁও অমা-মিন্ হিসা-বিকা 'আলাইহিম্ মিন্ শাইয়িন ফাতাত্‌রুদাহুম্

কোন কর্মের হিসাব আপনার দায়িত্বে নয়, আপনার কোন কর্মের হিসাবও তাদের উপর নয়; তাড়ালে জালিমদের

فَتَكُونَ مِنَ الظَّالِمِينَ ﴿٥٣﴾ وَكَذَٰلِكَ فَتَنَّا بَعْضَهُمْ بِبَعْضٍ لِيَقُولُوا أَهَٰؤُلَاءِ مَنَّ

ফাতাকূনা মিনাজোয়া-লিমীন্। ৫৩। অ কাযা-লিকা ফাতান্না- বা'দ্বোয়াহুম্ বিবা'দ্বিল্ লিইয়াকূলূ ~ আহা ~ উলা — য়ি মান্না

অন্তর্ভুক্ত হবেন। (৫৩) আমি এভাবে একদলকে অন্য দল দ্বারা পরীক্ষা করছি যেন তারা বলে- আল্লাহ কি আমাদের

اللَّهُ عَلَيْهِمْ مِنْ بَيْنِنَا ۗ أَلَيْسَ اللَّهُ بِأَعْلَمَ بِالشَّاكِرِينَ ﴿٥٤﴾ وَإِذَا جَاءَكَ الَّذِينَ

ল্লা- হু 'আলাইহিম্ মিম্ বাইনিনা-; আলাইসাল্লা-হু বিআ'লামা বিশ্‌শা-কিরীন্। ৫৪। অইযা-জ্বা — য়াকাল্লাযীনা

মধ্যে এদের প্রতি অনুগ্রহ করছেন? আল্লাহ কি কৃতজ্ঞদের সম্পর্কে জানেন না?(৫৪) আর যখন আমার আয়াতে বিশ্বাসীরা

يُؤْمِنُوْنَ بِاٰيٰتِنَا فَقُلْ سَلٰمٌ عَلَيْكُمْ كَتَبَ رَبُّكُمْ عَلٰى نَفْسِهِ الرَّحْمَةَ ۙ اَنَّهٗ مَنْ عَمِلَ

ইয়ু"মিনূনা বিআ-ইয়া-তিনা-ফাক্বু-ল্ সালা-মুন্ 'আলাইকুম্ কাতাবা রব্বুকুম্ 'আলা-নাফ্‌সিহির্ রহ্‌মাতা আন্নাহূ মান্ 'আমিলা
আপনার কাছে আসে, তখন বলুন, তোমাদের প্রতি তোমাদের রব রহমতকে স্বীয় দায়িত্বে নির্ধারণ করেছেন। তোমাদের

مِنْكُمْ سُوْٓءًا بِجَهَالَةٍ ثُمَّ تَابَ مِنْۢ بَعْدِهٖ وَاَصْلَحَ فَاَنَّهٗ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿٥٥﴾ وَ

মিন্‌কুম্ সু — য়াম্ বিজাহা-লাতিন্ ছুম্মা তা-বা মিম্ বা'দিহী ওয়া আছ্‌লাহা ফাআন্নাহূ গাফূরুর্ রহীম। ৫৫। অ
কেউ অজ্ঞতাবশতঃ মন্দ করে তারপর তওবা করলে ও সংশোধন হলে আল্লাহ ক্ষমাশীল ও দয়ালু। (৫৫) এভাবে

৬ ع ৫ ১২ রুকু

كَذٰلِكَ نُفَصِّلُ الْاٰيٰتِ وَلِتَسْتَبِيْنَ سَبِيْلُ الْمُجْرِمِيْنَ ﴿٥٦﴾ قُلْ اِنِّيْ نُهِيْتُ اَنْ

কাযা-লিকা নুফাছ্‌ছিলুল্ আ-ইয়া-তি অ লিতাস্‌তাবীনা সাবীলুল্ মুজ্‌রিমীন্। ৫৬। ক্বু-ল্ ইন্নী নুহীতু আন্
আমি আয়াত বর্ণনা করি, যেন অপরাধীদের পথ স্পষ্ট হয়। (৫৬) বলুন, আল্লাহ ছাড়া যাদেরকে তোমরা

اَعْبُدَ الَّذِيْنَ تَدْعُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ ؕ قُلْ لَّآ اَتَّبِعُ اَهْوَآءَكُمْ ۙ قَدْ ضَلَلْتُ

আ'বুদাল্লাযীনা তাদ্‌'ঊনা মিন্ দূনিল্লা-হ্; ক্বু-ল্ লা ~ আত্তাবি'উ আহ্‌ওয়া — য়াকুম্ ক্বাদ্ দ্বোয়ালাল্‌তু
ডাক, আমাকে তাদের ইবাদত করতে নিষেধ করা হয়েছে; বলুন, কুপ্রবৃত্তির অনুসরণ আমি করি না; করলে আমি

اِذًا وَّمَآ اَنَا مِنَ الْمُهْتَدِيْنَ ﴿٥٧﴾ قُلْ اِنِّيْ عَلٰى بَيِّنَةٍ مِّنْ رَّبِّيْ وَكَذَّبْتُمْ بِهٖ ؕ

ইযাওঁ অমা ~ আনা মিনাল্ মুহ্‌তাদীন্। ৫৭। ক্বু-ল্ ইন্নী 'আলা-বাইয়্যিনাতিম্ মির্ রব্বী অকায্‌যাব্‌তুম্ বিহ্;
পথভ্রষ্ট হব; সৎপথপ্রাপ্ত হব না। (৫৭) বলুন, আমি রবের স্পষ্ট প্রমাণের উপর কায়েম আছি, অথচ তোমরা ওকে মিথ্যা

مَا عِنْدِيْ مَا تَسْتَعْجِلُوْنَ بِهٖ ؕ اِنِ الْحُكْمُ اِلَّا لِلّٰهِ ؕ يَقُصُّ الْحَقَّ وَهُوَ خَيْرُ

মা- 'ইন্‌দী মা- তাস্‌তা'জ্বিলূনা বিহ্; ইনিল্ হুক্‌মু ইল্লাল্লা-হ্; ইয়াক্বু-ছ্‌ছুল্ হাক্ব-ক্বা অহুঅ খাইরুল্
বলছ; যা সত্বর চাও তা আমার কাছে নেই, হুকুম তো একমাত্র আল্লাহ্‌রই; তিনি সত্য বর্ণনা করেন আর উত্তম

الْفٰصِلِيْنَ ﴿٥٧﴾ قُلْ لَّوْ اَنَّ عِنْدِيْ مَا تَسْتَعْجِلُوْنَ بِهٖ لَقُضِيَ الْاَمْرُ بَيْنِيْ وَ

ফা-ছিলীন্। ৫৮। ক্বু-ল্ লাও আন্না 'ইনদী মা- তাস্‌তা'জ্বিলূনা বিহী লাক্বু-দ্বিয়াল আম্‌রু বাইনী অ
মীমাংসাকারী। (৫৮) বলুন, তোমরা যা সত্বর চাও, তা আমার কাছে থাকলে আমার ও তোমাদের মধ্যকার বিষয়ে মীমাংসা

بَيْنَكُمْ ؕ وَاللّٰهُ اَعْلَمُ بِالظّٰلِمِيْنَ ﴿٥٩﴾ وَعِنْدَهٗ مَفَاتِحُ الْغَيْبِ لَا يَعْلَمُهَآ اِلَّا هُوَ ؕ

বাইনাকুম; অল্লা-হু আ'লামু বিজ্জোয়া-লিমীন্। ৫৯। অ 'ইনদাহূ মাফা-তিহুল্ গাইবি লা-ইয়া'লামুহা ~ ইল্লা- হূ;
হয়ে যেত, আল্লাহ জালিমদের ব্যাপারে অবহিত। (৫৯) গায়েবের চাবি তো তাঁরই কাছে, তিনিই তা জানেন, জল-স্থলের সব কিছু

শানেনুযূল ঃ আয়াত-৫৪ ঃ একদা কতিপয় মুসলমান রাসূল (ছঃ) এর নিকট বললেন, হে আল্লাহর রাসূল! আমরা বড় গুনাহ্‌গার আমাদের তওবার উপায় কি বলুন। তখন রাসূল (ছঃ) কিছুক্ষণ অহীর অপেক্ষা করলেন এবং তৎপর আশার বাণী নিয়ে এ আয়াতটি অবতীর্ণ হয়। আয়াত-৫৯ ঃ রাসূলুল্লাহ (ছঃ) সমস্ত গুপ্ত বিষয়ের ভাণ্ডার শব্দের ব্যাখ্যায় পাঁচটি বিষয়ের উল্লেখ করেছেন। ১। ক্বিয়ামত কখন হবে। ২। বৃষ্টি কখন বর্ষিবে। ৩। গর্ভবতীর পেটে কি সন্তান আছে। ৪। মানুষ আগামীকাল কি অর্জন করবে এবং ৫। কোন মাটিতে সে মৃত্যুবরণ করবে। (সূরা লুকমান ৩৪ আয়াত) হাদীসে আছে গায়েবী ইলমের কোন কোন বিষয় আল্লাহ নবীদেরকে অহী দ্বারা এবং অলীদেরকে ইলহাম দ্বারা জানিয়ে দেন। যেমন নবীরা কবরের আযাব, হাশরের ভয়াবহ অবস্থা, দোযখের আযাব এবং

وَيَعْلَمُ مَا فِي الْبَرِّ وَالْبَحْرِ ۚ وَمَا تَسْقُطُ مِن وَرَقَةٍ إِلَّا يَعْلَمُهَا وَلَا حَبَّةٍ فِي

অইয়া'লামু মা-ফিল্‌ বার্‌রি অল্‌বাহ্‌র্‌; অমা-তাস্‌কুতু মিওঁ অরাক্বাতিন্‌ ইল্লা- ইয়া'লামুহা- অলা- হাব্বাতিন্‌ ফী
তিনিই জানেন, একটি পাতাও ঝরে না তাঁর অজ্ঞাতে; মাটির ভেতর একটি দানা নেই,

ظُلُمَاتِ الْأَرْضِ وَلَا رَطْبٍ وَلَا يَابِسٍ إِلَّا فِي كِتَابٍ مُّبِينٍ ﴿٦٠﴾ وَهُوَ الَّذِي

জুলুমা-তিল্‌ আর্‌দ্বি অলা-রাত্বিঁও অলা- ইয়া-বিসিন্‌ ইল্লা- ফী কিতা-বিম্‌ মুবীন্‌। ৬০। অহুঅল্লাযী
নেই রসযুক্ত ও শুষ্ক বস্তু, যা স্পষ্টভাবে নেই কিতাবে। (৬০) আর তিনিই তো রাতে

يَتَوَفَّاكُم بِاللَّيْلِ وَيَعْلَمُ مَا جَرَحْتُم بِالنَّهَارِ ثُمَّ يَبْعَثُكُمْ فِيهِ لِيُقْضَىٰ أَجَلٌ

ইয়াতাওয়াফ্‌ফা-কুম্‌ বিল্লাইলি অ ইয়া'লামু মা জ্বারাহ্‌তুম্‌ বিন্নাহা- রি ছুম্মা ইয়াব্‌'আছুকুম ফীহি লিইয়ুক্ব্‌দ্বোয়া ~ আজ্বালুম্‌
তোমাদের প্রাণ নিয়ে যান; তোমাদের দিনের কাজ সম্পর্কে জানেন, পরের দিন জাগান যেন জীবনের নির্দিষ্ট সময়

৭ ع ৫ ১৩ রুকু

مُّسَمًّى ۖ ثُمَّ إِلَيْهِ مَرْجِعُكُمْ ثُمَّ يُنَبِّئُكُم بِمَا كُنتُمْ تَعْمَلُونَ ﴿٦١﴾ وَهُوَ

মুসাম্মান্‌, ছুম্মা ইলাইহি মার্‌জি'উকুম্‌ ছুম্মা ইয়ুনাব্বিউকুম্‌ বিমা- কুন্‌তুম্‌ তা'মালূন্‌। ৬১। অহুঅল্‌
পূর্ণ হয়। অতঃপর তাঁর কাছেই প্রত্যাবর্তনস্থল, পরে খবর দেবেন তোমাদের কৃতকর্মের। (৬১) তিনি স্বীয়

الْقَاهِرُ فَوْقَ عِبَادِهِ ۖ وَيُرْسِلُ عَلَيْكُمْ حَفَظَةً ۚ حَتَّىٰ إِذَا جَاءَ أَحَدَكُمُ الْمَوْتُ

ক্বা-হিরু ফাওক্বা 'ইবা-দিহী অ ইয়ুর্‌সিলু 'আলাইকুম্‌ হাফাজোয়াহ্‌; হাত্তা ~ ইযা- জ্বা — য়া আহাদাকুমুল্‌ মাওতু
বান্দাদের ওপর মহাপরাক্রান্ত, তিনিই তোমাদের প্রতি ত্রাণকর্তা পাঠান; অবশেষে তোমাদের কারও মৃত্যু আসলে আমার

تَوَفَّتْهُ رُسُلُنَا وَهُمْ لَا يُفَرِّطُونَ ﴿٦٢﴾ ثُمَّ رُدُّوا إِلَى اللَّهِ مَوْلَاهُمُ الْحَقِّ ۚ أَلَا لَهُ

তাওয়াফ্‌ফাত্‌হু রুসুলুনা- অহুম লা-ইয়ুফার্‌রিতূন্‌। ৬২। ছুম্মা রুদ্দু ~ ইলাল্লা-হি মাওলা-হুমুল্‌ হাক্ব্‌; আলা-লাহুল্‌
প্রেরিত ফেরেশতারা প্রাণ নিয়ে নেয়, কোন ত্রুটি করে না। (৬২) পরে তারা প্রত্যাবর্তিত হবে সত্য মাওলা আল্লাহ্‌র

الْحُكْمُ وَهُوَ أَسْرَعُ الْحَاسِبِينَ ﴿٦٣﴾ قُلْ مَن يُنَجِّيكُم مِّن ظُلُمَاتِ الْبَرِّ

হুকমু অহুঅ আস্‌রা'উল্‌ হা-সিবীন্‌। ৬৩। ক্বুল্‌ মাই ইয়ুনাজ্জীকুম্‌ মিন্‌ জুলুমা-তিল্‌ বার্‌রি
কাছে। ওহে, হুকুম তো তাঁরই; তিনি দ্রুত হিসাব গ্রহণকারী। (৬৩) বলুন, জল-স্থলের বিপদ হতে কে

وَالْبَحْرِ تَدْعُونَهُ تَضَرُّعًا وَخُفْيَةً ۖ لَّئِنْ أَنجَانَا مِنْ هَٰذِهِ لَنَكُونَنَّ مِنَ

অল্‌বাহ্‌রি তাদ্‌'উনাহূ তাদ্বোয়াররু'আওঁ অখুফ্‌ইয়াতান্‌, লায়িন্‌ আন্‌জ্বা-না-মিন্‌ হা-যিহী লানাকূনান্না মিনাশ্‌
তোমাদেরকে মুক্তি দেবে যখন কাতরভাবে গোপনে তাঁকে এ বলে ডাক, আমাদিগকে মুক্তি দিলে অবশ্যই আমরা

الشَّاكِرِينَ ﴿٦٤﴾ قُلِ اللَّهُ يُنَجِّيكُم مِّنْهَا وَمِن كُلِّ كَرْبٍ ثُمَّ أَنتُمْ تُشْرِكُونَ

শা-কিরীন্‌। ৬৪। ক্বুলিল্লা-হু ইয়ুনাজ্জীকুম্‌ মিন্‌হা -অমিন্‌ কুল্লি কার্‌বিন্‌ ছুম্মা আন্‌তুম্‌ তুশ্‌রিকূন্‌।
কৃতজ্ঞ হব? (৬৪) বলুন, আল্লাহ্‌ই তা হতে ও সকল কষ্ট হতে মুক্তি দেবেন; তারপরও তোমরা শরীক করে থাক।

قُلْ هُوَ الْقَادِرُ عَلَىٰٓ أَنْ يَبْعَثَ عَلَيْكُمْ عَذَابًا مِنْ فَوْقِكُمْ أَوْ مِنْ تَحْتِ

৬৫। কুল্‌ হুঅল্‌ ক্বা-দিরু 'আলা ~ আইঁ ইয়াব্‌'আছা 'আলাইকুম্‌ 'আযা-বাম্‌ মিন্‌ ফাওক্বিকুম্‌ আও মিন্‌ তাহ্‌তি

(৬৫) বলুন, তিনি উপর ও নিচ হতে তোমাদের উপর শাস্তি প্রেরণ করেন অথবা তোমাদেরকে বিভিন্ন দলে

أَرْجُلِكُمْ أَوْ يَلْبِسَكُمْ شِيَعًا وَيُذِيقَ بَعْضَكُمْ بَأْسَ بَعْضٍ ۗ انْظُرْ كَيْفَ

আরজুলিকুম্‌ আও ইয়াল্‌বিসাকুম্‌ শিয়া'আওঁ অইয়ুযীক্বা বা'দ্বোয়াকুম্‌ বা''সা বা'দ্ব; উন্‌জুর্‌ কাইফা

বিভক্ত করতে এবং পরস্পরকে যুদ্ধের স্বাদ দিতে সক্ষম। দেখুন, কিভাবে আমি বিভিন্ন প্রমানসমূহ বিভিন্ন

نُصَرِّفُ الْآيَاتِ لَعَلَّهُمْ يَفْقَهُونَ ﴿٦٦﴾ وَكَذَّبَ بِهِ قَوْمُكَ وَهُوَ الْحَقُّ ۚ

নুছোয়াররিফুল্‌ আ-ইয়া -তি লা'আল্লাহুম্‌ ইয়াফ্‌ক্বাহূন্‌। ৬৬। অকায্‌যাবা বিহী ক্বাওমুকা অহুঅল্‌ হাক্ব;

পদ্ধতিতে বর্ণনা করি, যেন তারা বুঝে। (৬৬) আর আপনার কাওম তাকে (শাস্তিকে) মিথ্যা বলছে, অথচ তা সত্য; আপনি

قُلْ لَسْتُ عَلَيْكُمْ بِوَكِيلٍ ﴿٦٧﴾ لِكُلِّ نَبَإٍ مُسْتَقَرٌّ ۚ وَسَوْفَ تَعْلَمُونَ ﴿٦٨﴾ وَإِذَا

কুল লাস্‌তু 'আলাইকুম্‌ বিঅকীল্‌। ৬৭। লিকুল্লি নাবায়িম্‌ মুস্‌তাক্বাররুওঁ অসাওফা তা'লামূন্‌। ৬৮। অইয়া-

বলে দিন, আমি তোমাদের উকিল নই। (৬৭) সব বিষয়েরই নির্দিষ্ট সময় আছে, অচিরেই তোমরা জানবে। (৬৮) আর যখন

رَأَيْتَ الَّذِينَ يَخُوضُونَ فِيٓ آيَاتِنَا فَأَعْرِضْ عَنْهُمْ حَتَّىٰ يَخُوضُوا فِي

রায়াইতাল্লাযীনা ইয়াখূদ্বূনা ফী ~ আ-ইয়া-তিনা-ফাআ'রিদ্ব 'আন্‌হুম্‌ হাত্তা-ইয়াখূদ্বূ ফী

তাদেরকে আমার আয়াতসমূহকে অযথা খুঁত অন্বেষণে মগ্ন দেখেন, তখন তাদের কাছ থেকে বিমুখ থাকুন যতক্ষণ না

حَدِيثٍ غَيْرِهِ ۚ وَإِمَّا يُنْسِيَنَّكَ الشَّيْطَانُ فَلَا تَقْعُدْ بَعْدَ الذِّكْرَىٰ مَعَ الْقَوْمِ

হাদীছিন্‌ গাইরিহ্‌; অ ইম্মা- ইয়ুন্‌সিয়ান্নাকাশ্‌ শাইত্বোয়া-নু ফালা-তাক্ব্‌'উদ্‌ বা'দায্‌ যিক্‌রা- মা'আল্‌ ক্বাওমিজ্‌

তারা অন্য আলোচনায় লিপ্ত হয়; আর শয়তান আপনাকে ভুলিয়ে দিলে স্মরণ হওয়ার পর আর যালিমদের সাথে

الظَّالِمِينَ ﴿٦٨﴾ وَمَا عَلَى الَّذِينَ يَتَّقُونَ مِنْ حِسَابِهِمْ مِنْ شَيْءٍ وَلَٰكِنْ ذِكْرَىٰ

জোয়া-লিমীন্‌। ৬৯। অমা- 'আলাল্লাযীনা ইয়াত্তাক্বূনা মিন্‌ হিসা-বিহিম্‌ মিন্‌ শাইয়িওঁ অলা-কিন্‌ যিকরা-

বসবেন না। (৬৯) তাদের কোন কর্মের জবাবই মুত্তাকীদের যিম্মায় নয়; তবে তাদের দায়িত্ব হল উপদেশ দেয়া, যেন তারা

لَعَلَّهُمْ يَتَّقُونَ ﴿٦٩﴾ وَذَرِ الَّذِينَ اتَّخَذُوا دِينَهُمْ لَعِبًا وَلَهْوًا وَغَرَّتْهُمُ الْحَيَاةُ

লা'আল্লাহুম্‌ ইয়াত্তাক্বূন্‌। ৭০। অযারিল্লাযীনাত্তাখাযূ দীনাহুম্‌ লা'ইবাওঁ অলাহ্‌অওঁ অগার্‌রাত্‌ হুমুল্‌ হাইয়া-তুদ্‌

তাকওয়াধারী হতে পারে। (৭০) বর্জন করুন তাদের আর যারা দ্বীনকে খেল-তামাসা মনে করছে, পার্থিব জীবন তাদেরকে

জান্নাতের শান্তির বিষয় যা ইলমে গায়েবের পর্যায়ভূক্ত পরিষ্কারভাবে বর্ণনা করেছেন। মুলকথা হল, কোরআনের পরিভাষায় যাকে গায়েব বলা হয় তা আল্লাহ ব্যতীত অন্য কেউই জানে না। (ইবঃ কাঃ, মাঃ কোঃ) আয়াত- ৬৫ ঃ এখানে তিন প্রকারের শাস্তি বর্ণিত হয়েছে। ১। যা উপরের দিক হতে আসে, যেমন- প্রচণ্ড ঝড়-বৃষ্টি, প্রস্তর বৃষ্টি ইত্যাদি। ২। যা নিচের দিক হতে আসে, যেমন- ভূমিকম্প, ভূমি ধসিয়ে দেয়া ইত্যাদি। ৩। জাতি বিভিন্ন দল ও উপদলে বিভক্ত হয়ে পরস্পরে মুখোমুখী হবে এবং সংঘর্ষে লিপ্ত হবে। (মাঃ কোঃ) শানেনুযূল ঃ আয়াত-৬৮ ঃ কাফেররা মুসলমানদের মজলিসে বসে কুরআন ও ইসলামের

الدُّنْيَا وَذَكِّرْ بِهٖٓ أَنْ تُبْسَلَ نَفْسٌۢ بِمَا كَسَبَتْ ۖق لَيْسَ لَهَا مِنْ دُوْنِ اللّٰهِ وَلِيٌّ

দুন্ইয়া-অযাক্কির্ বিহী ~ আন্ তুব্সালা নাফ্সুম্ বিমা-কাসাবাত্ লাইসা লাহা-মিন্ দূনিল্লা-হি অলিয়্যুঁও
ধোঁকায় রেখেছে; উপদেশ দিন যেন স্বীয় কৃতকর্মের জন্য কেউ ধ্বংস না হয় যখন আল্লাহ ছাড়া তার কোন

وَّلَا شَفِيْعٌ ۚ وَإِنْ تَعْدِلْ كُلَّ عَدْلٍ لَّا يُؤْخَذْ مِنْهَا ۗ أُولٰٓئِكَ الَّذِيْنَ أُبْسِلُوْا

অলা- শাফী'উন্, অইন্ তা'দিল্ কুল্লা 'আদ্লিল্ লা-ইয়ু''খায্ মিন্হা-; উলা — য়িকাল্লাযীনা উব্সিলু
অবিভাবক ও সুপারিশকারী থাকবে না এবং স্বীয় কর্মের দরুন সবকিছু বিনিময় হিসাবে দিলেও তা গ্রহণ করা হবে না।

بِمَا كَسَبُوْا ۚ لَهُمْ شَرَابٌ مِّنْ حَمِيْمٍ وَّعَذَابٌ أَلِيْمٌۢ بِمَا كَانُوْا يَكْفُرُوْنَ ﴿٧١﴾ قُلْ

বিমা - কাসাবূ, লাহুম্ শারা-বুম্ মিন্ হামীমিঁও অ'আ-যা বুন্ আলীমুম্ বিমা-কা নূ ইয়াক্ফুরূন্। ৭১। কুল্
এরাই ধ্বংস হবে; যেহেতু তারা কুফুরী করত, এদের জন্য গরম পানীয় ও যন্ত্রণাদায়ক আযাব রয়েছে। (৭১) বলুন,

أَنَدْعُوْا مِنْ دُوْنِ اللّٰهِ مَا لَا يَنْفَعُنَا وَلَا يَضُرُّنَا وَنُرَدُّ عَلٰٓى أَعْقَابِنَا بَعْدَ إِذْ

আনাদ্'উ মিন্ দূনিল্লা-হি মা-লা-ইয়ান্ফা'উনা অলা-ইয়াদ্বুর্রুনা- অনুরাদ্দু 'আলা ~ আ'ক্বা-বিনা-বা'দা ইয্
আল্লাহ ছাড়া এমন কিছুকে কি ডাকব, যা না কোন উপকার করে, আর না অপকার? আল্লাহ্র হেদায়েতের পর আমরা কি

هَدٰىنَا اللّٰهُ كَالَّذِى اسْتَهْوَتْهُ الشَّيٰطِيْنُ فِى الْأَرْضِ حَيْرَانَ ۠ لَهٗٓ أَصْحٰبٌ

হাদা-নাল্লা-হু কাল্লাযিস্ তাহ্অত্হুশ্ শাইয়া-ত্বীনু ফিল্ আর্দ্বি হাইরা-না লাহূ ~ আছ্হা-বুইঁ
সেই ব্যক্তির ন্যায় পূর্বাবস্থায় ফিরে যাব যাকে শয়তান দুনিয়ায় পথ ভুলিয়ে হয়রান করছে; যদিও তার সহচররা

يَّدْعُوْنَهٗٓ إِلَى الْهُدَى ائْتِنَا ۗ قُلْ إِنَّ هُدَى اللّٰهِ هُوَ الْهُدٰى ۗ وَأُمِرْنَا لِنُسْلِمَ

ইয়াদ্'উনাহূ ~ ইলাল্ হুদা'' তিনা-; কুল্ ইন্না হুদাল্লা-হি হুঅল্ হুদা-; অউমির্না- লিনুস্লিমা
তাকে সুপথে ডাকে- আমাদের কাছে আস। বলুন, আল্লাহ্র পথই পথ; আর আমরা বিশ্ব রবের কাছ হতে আদিষ্ট হয়েছি

لِرَبِّ الْعٰلَمِيْنَ ﴿٧٢﴾ وَأَنْ أَقِيْمُوا الصَّلٰوةَ وَاتَّقُوْهُ ۗ وَهُوَ الَّذِىٓ إِلَيْهِ تُحْشَرُوْنَ

লিরব্বিল্ 'আ-লামীন্। ৭২। অআন্ আক্বীমুছ্ ছলা-তা অত্তাকূহ্; অহুঅল্লাযী ~ ইলাইহি তুহ্শারূন্।
আত্মসমর্পণ করতে। (৭২) আর নামায কায়েম করতে, তাঁকে ভয় করতে ও তাঁর কাছেই তোমাদেরকে একত্র করা হবে

﴿٧٣﴾ وَهُوَ الَّذِىْ خَلَقَ السَّمٰوٰتِ وَالْأَرْضَ بِالْحَقِّ ۗ وَيَوْمَ يَقُوْلُ كُنْ فَيَكُوْنُ ۚ قَوْلُهُ

৭৩। অহুঅল্লাযী খালাক্বাস্ সামা- ওয়া-তি অল্আর্দ্বোয়া বিল্হাক্ব্; অ ইয়াওমা ইয়াকূলু কুন্ ফাইয়াকূন্; ক্বাওলুহুল্
(৭৩) তিনিই যথাযথভাবে সৃষ্টি করেছেন আকাশ ও পৃথিবী, যখন বলেন, 'হও' তখনই হয়ে যায়; তাঁর কথা ঠিক;

الْحَقُّ ۗ وَلَهُ الْمُلْكُ يَوْمَ يُنْفَخُ فِى الصُّوْرِ ۗ عٰلِمُ الْغَيْبِ وَالشَّهَادَةِ ۗ وَهُوَ الْحَكِيْمُ

হাক্ব্; অলাহুল্ মুল্কু ইয়াওমা ইয়ুন্ফাখু ফিছ্ ছূর; 'আ-লিমুল্ গাইবি অশ্শাহা-দাহ্; অহুঅল্ হাকীমুল্
যেদিন ফুঁক দেয়া হবে শিঙ্গায়, সেদিন তাঁরই কর্তৃত্ব থাকবে; তিনি গায়েব ও প্রকাশ্য বিষয় অবগত; তিনি প্রজ্ঞাশীল,

৮ ع ১০ ১৪ রুকু

তিন চতুর্থাংশ

الْخَبِيرُ ۝٧٤ وَإِذْ قَالَ إِبْرٰهِيمُ لِأَبِيهِ آزَرَ أَتَتَّخِذُ أَصْنَامًا آلِهَةً ۚ إِنِّي أَرٰكَ

খাবীর। ৭৪। অইয্ ক্বা-লা ইব্রা-হীমু লিআবীহি আ-যারা আতাত্তাখিযু আছ্না-মান্ আ-লিহাতান্ ইন্নী আরা-কা

অবহিত। (৭৪) (২) যখন ইব্রাহীম তার পিতা আযরকে বললেন, মূর্তিকে কি আপনি ইলাহ্ মানেন? আপনাকে ও আপনার

وَقَوْمَكَ فِي ضَلٰلٍ مُّبِينٍ ۝٧٥ وَكَذٰلِكَ نُرِي إِبْرٰهِيمَ مَلَكُوتَ السَّمٰوٰتِ

অক্বাওমাকা ফী দ্বোয়ালালিম্ মুবীন্। ৭৫। অকাযা-লিকা নুরী ~ ইব্রা-হীমা মালাকূতাস্ সামা-ওয়া-তি

কাওমকে স্পষ্ট ভ্রষ্টতায় দেখছি। (৭৫) এভাবে আমি ইব্রাহীমকে আকাশ ও পৃথিবীর পরিচালন কৌশল দেখাই;

وَالْأَرْضِ وَلِيَكُونَ مِنَ الْمُوقِنِينَ ۝٧٦ فَلَمَّا جَنَّ عَلَيْهِ الَّيْلُ رَاٰ كَوْكَبًا ۚ قَالَ هٰذَا

অল্‌আর্‌দ্বি অলিয়াকূনা মিনাল্ মূক্বিনীন্। ৭৬। ফালাম্মা-জান্না 'আলাইহিল্ লাইলু রায়া-কাওকাবান্, ক্বা-লা হা-যা-

যেন দৃঢ় ঈমানের অধিকারী হয় (৭৬) যখন রাত আসল, তখন তারকা দেখে বলল, এটিই আমার রব; যখন তা

رَبِّي ۚ فَلَمَّا أَفَلَ قَالَ لَا أُحِبُّ الْاٰفِلِينَ ۝٧٧ فَلَمَّا رَاَ الْقَمَرَ بَازِغًا قَالَ هٰذَا رَبِّي ۚ

রাব্বী, ফালাম্মা ~ আফালা ক্বা-লা লা ~ উহিব্বুল্ আ-ফিলীন্। ৭৭। ফালাম্মা- রায়াল্ ক্বামারা বা-যিগান্ ক্ব-লা হা-যা- রব্বী

অস্তমিত হল তখন বলল, অস্তমিতকে পছন্দ করি না। (৭৭) যখন উজ্জ্বল চাঁদ দেখল, বলল এটাই রব; যখন অস্তমিত হল,

---

فَلَمَّا أَفَلَ قَالَ لَئِنْ لَّمْ يَهْدِنِي رَبِّي لَأَكُونَنَّ مِنَ الْقَوْمِ الضَّالِّينَ ۝٧٨ فَلَمَّا رَاَ

ফালাম্মা ~ আফালা ক্বা-লা লায়িল্লাম ইয়াহ্‌দিনী রব্বী লাআকূনান্না মিনাল্ ক্বাওমিদ্ দ্বোয়া — ল্লীন্।৭৮। ফালাম্মা- রায়াশ্

তখন সে বলল, যদি আমার রব সৎপথ না দেখান তবে অবশ্যই আমি পথহারা হব। (৭৮) অতঃপর যখন

الشَّمْسَ بَازِغَةً قَالَ هٰذَا رَبِّي هٰذَا أَكْبَرُ ۚ فَلَمَّا أَفَلَتْ قَالَ يٰقَوْمِ إِنِّي بَرِيٓءٌ

শাম্‌সা বা-যিগাতান্ ক্ব-লা হা-যা-রব্বী হা-যা ~ আক্ বারু-ফালাম্মা ~ আফালাত্ ক্ব-লা ইয়া-কাওমী ইন্নী বারী — উম্

উজ্জ্বল সূর্যকে দেখল, বলল, এটাই রব; এটা বড়; যখন অস্তমিত হল, বলল, হে আমার জাতির লোকেরা! নিশ্চয় আমি

مِّمَّا تُشْرِكُونَ ۝٧٩ إِنِّي وَجَّهْتُ وَجْهِيَ لِلَّذِي فَطَرَ السَّمٰوٰتِ وَالْأَرْضَ حَنِيفًا

মিম্মা-তুশ্‌রিকূন। ৭৯। ইন্নী- অজ্জাহ্‌তু অজ্ হিয়া লিল্লাযী ফাত্বোয়ারস্ সামা-ওয়া-তি অল্‌আর্‌দ্বোয়া হানীফাওঁ

শিরক হতে মুক্ত। (৭৯) নিশ্চয়ই আমি একান্ত তাঁরই প্রতি মুখ করলাম যিনি আকাশ ও পৃথিবী সৃষ্টি করেছেন। আর

وَّمَا أَنَا مِنَ الْمُشْرِكِينَ ۝٨٠ وَحَاجَّهُ قَوْمُهُ ۚ قَالَ أَتُحَآجُّوٓنِّي فِي اللّٰهِ وَقَدْ هَدٰنِ ۚ

অমা ~ আনা মিনাল্ মুশরিকীন্। ৮০। অহা — জ্জুহূ ক্বাওমুহ্; ক্ব-লা আতুহা — জ্জু — ন্নী ফিল্লা-হি অক্বাদ্ হাদা-ন্;

আমি মুশরিকদের দলে নেই। (৮০) তার কাওম বিতর্ক করলে বললেন, তোমরা কি আল্লাহ্‌র ব্যাপারে তর্ক করবে? অথচ

সমালোচনা ও বিদ্রূপ করে থাকে। রাসূলুল্লাহ (ছঃ) বললেন, তাদেরকে এরূপ করতে দেখলে তোমরা মজলিস থেকে উঠে যাও। সাহাবীরা বললেন, কা'বার তাওয়াফ ও মসজিদে হারামে অবস্থান আমাদের জরুরী কাজ। তারা কোরআনের বিদ্রূপ করলেও আমরা এ সমস্ত ই'বাদত ত্যাগ করতে পারি না। আমরা কি এতে গুনাহ্‌গার হব? তখন এই আয়াতগুলো নাযিল হল। (মুঃ কোঃ)

ইয়াছ্‌দিফূন্ ।১৫৮। হাল্ ইয়ান্‌জুরূনা ইল্লা ~ আন্ তা" তিয়াহুমুল্ মালা — য়িকাতু আও ইয়া"তিয়া রব্বুকা আও
এ বিমুখতার কারণে। (১৫৮) তারা তো কেবল অপেক্ষা করছে যে, তাদের কাছে ফিরিশ্‌তা বা আপনার রব আসবেন,

يَأْتِيَ بَعْضُ اٰيٰتِ رَبِّكَ ۗ يَوْمَ يَأْتِي بَعْضُ اٰيٰتِ رَبِّكَ لَا يَنفَعُ نَفْسًا

ইয়া"তিয়া বা'দ্বু আ-ইয়া-তি রব্বিক্; ইয়াওমা ইয়া"তী বা'দ্বু আ-ইয়া-তি রব্বিকা লা-ইয়ান্‌ফা'উ নাফসান্
কিংবা রবের পক্ষ থেকে কিছু নিদর্শন আসবে। যে দিন রবের কিছু নিদর্শন বা আয়াত আসবে সে দিন কারও

إِيمَانُهَا لَمْ تَكُنْ اٰمَنَتْ مِن قَبْلُ أَوْ كَسَبَتْ فِي إِيمَانِهَا خَيْرًا ۗ قُلِ

ঈমা-নুহা-লাম্ তাকুন্ আ-মানাত্ মিন্ ক্বাব্‌লু আও কাসাবাত্ ফী ~ ঈমা-নিহা-খাইরা-; ক্বুলিন্
ঈমান কোন কাজে আসবে না; যে পূর্বে ঈমান আনেনি, ঈমানদার অবস্থায় কল্যাণ করে নি। বলুন, তোমরা অপেক্ষা

انتَظِرُوا إِنَّا مُنتَظِرُونَ ١٥٩ إِنَّ الَّذِينَ فَرَّقُوا دِينَهُمْ وَكَانُوا شِيَعًا لَّسْتَ

তাজিরূ ~ ইন্না-মুন্‌তাজিরূন্। ১৫৯। ইন্নাল্লাযীনা ফার্‌রাকু দীনাহুম্ অকা-নূ শিয়া'আল্ লাস্‌তা
কর, আমরাও প্রতীক্ষায় আছি। (১৫৯) নিশ্চয়ই যারা স্বীয় দ্বীনকে খণ্ড -বিখণ্ড করেছে এবং বিভিন্ন দলে বিভক্ত হচ্ছে,

مِنْهُمْ فِي شَيْءٍ ۚ إِنَّمَا أَمْرُهُمْ إِلَى اللّٰهِ ثُمَّ يُنَبِّئُهُم بِمَا كَانُوا يَفْعَلُونَ ٭

মিন্হুম ফী শাইয়িন্; ইন্নামা ~ আম্‌রুহুম্ ইলাল্লা-হি ছুম্মা ইয়ুনাব্বিউহুম্ বিমা-কা-নূ-ইয়াফ্'আলূন্।
তাদের ব্যাপারে আপনি দায়িত্বশীল নন; তাদের ব্যাপার আল্লাহ্‌র কাছে ন্যস্ত ; তিনি তাদের কৃতকর্মের খবর দেবেন।

টীকা-১। আয়াত-১৫৮ ঃ অর্থাৎ তারা কি বিশ্বাস স্থাপনের ব্যাপারে এজন্য অপেক্ষা করছে যে, মৃত্যুর ফেরেশতা তাদের কাছে পৌছবে নাকি হাশরের ময়দানের অপেক্ষা করছে যেখানে প্রতিদান ও শাস্তির ফয়সালা করার জন্য আল্লাহ স্বয়ং আগমন করবেন। (মাঃ কোঃ) ২। নবী (ছঃ) বলেছেনঃ ক্বিয়ামতের সর্বশেষ নিদর্শন হিসাবে যখন সূর্য পূর্বদিকের পরিবর্তে পশ্চিমদিকে উদিত হবে, তখনকার ঈমান ও তাওবাহ গ্রহণীয় হবে না। (ইমাম বাগভী) আয়াত-১৬০ঃ বুখারী, মুসলিম, নাসায়ী ও মুসনাদ আহমাদে বর্ণিত এক হাদীসে রাসূলুল্লাহ (ছঃ) বলেন, তোমাদের রব অত্যন্ত দয়ালু। সৎ কাজের নিয়ত করলে একটি নেক, কার্য সম্পাদনের পর দশটি নেক লিখা হয়। পক্ষান্তরে পাপ কার্যের নিয়ত করে তা না করলে একটি নেক আর কার্যে পরিণত করার পর গুনাহ তার আ'মলনামায় লিখিত হয় কিংবা তাও মিটিয়ে দেয়া হয়। (ইবঃ কাঃ)

مَنْ جَآءَ بِالْحَسَنَةِ فَلَهٗ عَشْرُ اَمْثَالِهَا ۚ وَمَنْ جَآءَ بِالسَّيِّئَةِ فَلَا يُجْزٰٓى اِلَّا ﴿١٦٠﴾

১৬০। মান্ জ্বা — য়া- বিল্‌হাসানাতি ফালাহূ আশ্‌রু 'আম্‌ছা-লিহা-অমান্ জ্বা — য়া বিস্‌সাইয়িয়াতি ফালা-ইয়ুজ্‌যা ~ ইল্লা-

(১৬০) যে একটি সৎকাজ করে সে দশগুণ পায়। আর অসৎ কাজ করলে সম-পরিমাণ প্রতিফল দেয়া হবে। আর তাদের

مِثْلَهَا وَهُمْ لَا يُظْلَمُوْنَ ﴿١٦١﴾ قُلْ اِنَّنِىْ هَدٰىنِىْ رَبِّىْٓ اِلٰى صِرَاطٍ مُّسْتَقِيْمٍ ۚ

মিছ্‌লাহা-অহুম্ লা-ইয়ুজ্‌লামূন্। ১৬১। ক্বুল্ ইন্নানী হাদা-নী রব্বী ~ ইলা-ছিরা-ত্বিম্ মুস্‌তাক্বীম্ ;

উপর জুলুম করা হবে না। (১৬১) বলুন, নিশ্চয়ই আমার রব আমাকে সরল পথ দেখিয়েছেন, তা দৃঢ়ভাবে

دِيْنًا قِيَمًا مِّلَّةَ اِبْرٰهِيْمَ حَنِيْفًا ۚ وَمَا كَانَ مِنَ الْمُشْرِكِيْنَ ﴿١٦٢﴾ قُلْ اِنَّ

দীনান্ ক্বিয়ামাম্ মিল্লাতা ইব্রা-হীমা হানীফান্ অমা-কা-না মিনাল্ মুশ্‌রিকীন। ১৬২। ক্বুল্ ইন্না

প্রতিষ্ঠিত সত্যনিষ্ঠ দ্বীন ইব্রাহীমের আদর্শ। আর তিনি মুশরিকদের দলভুক্ত ছিলেন না। (১৬২) বলুন, আমার

صَلَاتِىْ وَنُسُكِىْ وَمَحْيَاىَ وَمَمَاتِىْ لِلّٰهِ رَبِّ الْعٰلَمِيْنَ ﴿١٦٣﴾ لَا شَرِيْكَ

ছলা-তী অনুসুকী অমাহ্‌ইয়া-ইয়া অমামা-তী লিল্লা-হি রব্বিল্‌'আ-লামীন্। ১৬৩। লা-শারীকা

নামায, আমার কোরবানী, আমার জীবন ও আমার মরণ সারা জাহানের রব আল্লাহ্‌র জন্য। (১৬৩) তাঁর কোন শরীক

لَهٗ ۚ وَبِذٰلِكَ اُمِرْتُ وَاَنَا اَوَّلُ الْمُسْلِمِيْنَ ﴿١٦٤﴾ قُلْ اَغَيْرَ اللّٰهِ اَبْغِىْ رَبًّا

লাহূ অবিযা-লিকা উমিরতু অআনা আওয়্যালুল্ মুস্‌লিমীন্। ১৬৪। ক্বুল্ আগাইরাল্লা-হি আব্‌গী রব্বাওঁ

নেই; এ ব্যাপারেই আমি আদিষ্ট হয়েছি আর আমিই প্রথম মুসলমান। (১৬৪) বলুন, আমি কি আল্লাহ ভিন্ন অন্য রব

وَّهُوَ رَبُّ كُلِّ شَىْءٍ ۗ وَلَا تَكْسِبُ كُلُّ نَفْسٍ اِلَّا عَلَيْهَا ۚ وَلَا تَزِرُ وَازِرَةٌ

অ হুঅ রব্বু ক্বুল্লি শাইয়িন্ অলা-তাক্‌সিবু কুল্লু নাফ্‌সিন্ ইল্লা-'আলাইহা-অলা-তাযিরু অ-যিরাতুওঁ

খুঁজব? অথচ তিনিই সব কিছুর রব। যে যা করবে তাই পাবে। কেউ কারও বোঝা বহন করবে না। তোমাদের রবের

وِّزْرَ اُخْرٰى ۚ ثُمَّ اِلٰى رَبِّكُمْ مَّرْجِعُكُمْ فَيُنَبِّئُكُمْ بِمَا كُنْتُمْ فِيْهِ تَخْتَلِفُوْنَ ۞

ওয়িয্‌রা উখ্‌রা- ছুম্মা ইলা-রব্বিকুম্ মার্‌জি'উকুম্ ফাইয়ুনাব্বিউকুম্ বিমা-কুন্‌তুম্ ফীহি তাখ্‌তালিফূন্।

কাছেই তোমাদেরকে প্রত্যাবর্তন করতে হবে, তখন তোমাদেরকে তোমাদের মতান্তরের বিষয়ে অবহিত করবেন।

وَهُوَ الَّذِىْ جَعَلَكُمْ خَلٰٓئِفَ الْاَرْضِ وَرَفَعَ بَعْضَكُمْ فَوْقَ بَعْضٍ دَرَجٰتٍ ﴿١٦٥﴾

১৬৫। অহুঅল্লাযী জ্বা'আলাকুম্ খালা — য়িফাল্ আর্‌দ্বি অরাফা'আ বা'দ্বোয়াকুম্ ফাওক্বা বা'দ্বিন্ দারাজ্বা-তিল্

(১৬৫) আর তিনিই তোমাদেরকে দুনিয়ার প্রতিনিধি বানিয়েছেন এবং একেক অন্যের উপর মর্যাদা দিয়েছেন।

لِّيَبْلُوَكُمْ فِىْ مَآ اٰتٰىكُمْ ۗ اِنَّ رَبَّكَ سَرِيْعُ الْعِقَابِ ۖ وَاِنَّهٗ لَغَفُوْرٌ رَّحِيْمٌ ۞

লিইয়াব্‌লু অকুম্ ফীমা ~ আ-তা-কুম্; ইন্না রব্বাকা সারী'উল 'ইক্বা-বি অইন্নাহূ লাগাফূরুর্ রাহীম্।

যেন তিনি পরীক্ষা করতে পারেন। নিশ্চয়ই আপনার রব শাস্তি দানে তৎপর এবং নিঃসন্দেহে তিনি ক্ষমাশীল, দয়ালু।

প্রথমাংশ ২০

ع ১১ ৭ রুকু

সূরা আ'রাফ
মক্কাবতীর্ণ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ২০৬
রুকূ ঃ ২৪

(١) الٓمّٓصٓ (٢) كِتٰبٌ اُنْزِلَ اِلَيْكَ فَلَا يَكُنْ فِىْ صَدْرِكَ حَرَجٌ مِّنْهُ لِتُنْذِرَ

১। আলিফ্ লা — ম্ মী — ছোয়া — দ্। ২। কিতা-বুন্ উন্যিলা ইলাইকা ফালা-ইয়াকুন্ ফী ছোয়াদ্রিকা হারাজুম্ মিন্হু লিতুন্যিরা

(১) আলিফ, লাম, মীম, ছোয়াদ। (২) আপনার কাছে কিতাব অবতীর্ণ হচ্ছে, এ বিষয়ে আপনার মনে যেন সঙ্কোচ না থাকে; সতর্ক

بِهٖ وَذِكْرٰى لِلْمُؤْمِنِيْنَ (٣) اِتَّبِعُوْا مَآ اُنْزِلَ اِلَيْكُمْ مِّنْ رَّبِّكُمْ وَلَا تَتَّبِعُوْا

বিহী অযিক্রা-লিল্মু"মিনীন্। ৩। ইত্তাবি'উ মা ~ উন্যিলা ইলাইকুম্ মির্ রব্বিকুম্ অলা-তাত্তাবি'উ

করবেন এর দ্বারা এবং এটা মু'মিনদের জন্য উপদেশ। (৩) তোমাদের রবের পক্ষ হতে তোমাদের কাছে যা নাযিল হচ্ছে তার অনুসরণ কর।

مِنْ دُوْنِهٖٓ اَوْلِيَآءَ قَلِيْلًا مَّا تَذَكَّرُوْنَ (٤) وَكَمْ مِّنْ قَرْيَةٍ اَهْلَكْنٰهَا فَجَآءَهَا

মিন্ দূনিহী ~ আওলিয়া — আ; ক্বালীলাম্ মা-তাযাক্কারূন্। ৪। অকাম্ মিন্ ক্বার্ইয়াতিন্ আহ্লাক্না-হা-ফাজ্বা — য়াহা-

অনুসরণ করো না তাঁকে ছেড়ে অন্যদের, তোমরা তো উপদেশ কমই শুন। (৪) আর অনেক জনপদকে আমি ধ্বংস করেছি।

بَاْسُنَا بَيَاتًا اَوْ هُمْ قَآئِلُوْنَ (٥) فَمَا كَانَ دَعْوٰىهُمْ اِذْ جَآءَهُمْ بَاْسُنَآ اِلَّآ

বা'সুনা-বাইয়া-তান্ আও হুম্ ক্বা — য়িলূন্। ৫। ফামা-কা-না দা'ওয়া-হুম্ ইয্ জ্বা — য়াহুম্ বা'সুনা ~ ইল্লা ~

তাদের উপর আমার শাস্তি রাতে অথবা দ্বিপ্রহরের বিশ্রাম অবস্থায় এসেছে। (৫) যখন আমার শাস্তি এসেছিল তখন

اَنْ قَالُوْٓا اِنَّا كُنَّا ظٰلِمِيْنَ (٦) فَلَنَسْئَلَنَّ الَّذِيْنَ اُرْسِلَ اِلَيْهِمْ وَلَنَسْئَلَنَّ

আন্ ক্বা-লূ ~ ইন্না-কুন্না-জোয়া-লিমীন্। ৬। ফালানাস্য়ালান্নাল্লাযীনা উর্সিলা ইলাইহিম্ অলানাস্য়ালান্নাল্

তারা শুধু বলত আমরাই জালিম। (৬) যাদের কাছে রাসূল প্রেরিত হয়েছিল তাদেরকে আমি অবশ্যই জিজ্ঞেস করব আর

الْمُرْسَلِيْنَ (٧) فَلَنَقُصَّنَّ عَلَيْهِمْ بِعِلْمٍ وَّمَا كُنَّا غَآئِبِيْنَ (٨) وَالْوَزْنُ يَوْمَئِذِ

মুর্সালীন্। ৭। ফালানাক্বু ছ্ছোয়ান্না 'আলাইহিম্ বি'ইল্মিওঁ অমা-কুন্না-গা — য়িবীন্। ৮। অল্অয্নু ইয়াওমায়িযিনিল্

রাসূলদেরকেও। (৭) পূর্ণজ্ঞানের সাথেই তাদের কাছে বর্ণনা করব, আমি তো অনুপস্থিত ছিলাম না। (৮) আর ঐ দিন

الْحَقُّ فَمَنْ ثَقُلَتْ مَوَازِيْنُهٗ فَاُولٰٓئِكَ هُمُ الْمُفْلِحُوْنَ (٩) وَمَنْ خَفَّتْ مَوَازِيْنُهٗ

হাক্কু,কু ফামান্ ছাক্বুলাত্ মাওয়া-যীনুহূ ফাউলা — য়িকা হুমুল্ মুফ্লিহূন্। ৯। অমান্ খাফ্ফাত্ মাওয়া-যীনুহূ

ওজন হবেই; যাদের পাল্লা ভারী হবে, তারাই হবে ভাগ্যবান। (৯) যাদের পাল্লা হাল্কা হবে, তারা তো এমন

আয়াত-২ ঃ এই আয়াতে রাসূলুল্লাহ (ছঃ)-কে সম্বোধন করে বলা হয়েছে যে, এই কোরআন আল্লাহর গ্রন্থ যা আপনার উপর নাযিল হয়েছে। এ কারণে আপনার অন্তরে কোন সঙ্কোচ থাকা উচিত নয়। অন্তরের সংকোচ অর্থ হল, কোরআন পাক ও এর নির্দেশাবলী প্রচারের ক্ষেত্রে কারো ভয়-ভীতি অন্তরায় না হওয়া উচিত যে, মানুষ এর প্রতি মিথ্যারোপ করবে এবং আপনাকে কষ্ট দিবে। (তাফঃ মাযঃ) আয়াত-৮ ঃ সেদিন যে ভাল-মন্দ কাজের ওযন হবে তা সত্য সঠিকভাবেই হবে। এতে কোনরূপ অবকাশ নেই। প্রশ্ন হতে পারে যে, কাজ-কর্ম তো জড়পদার্থ নয় এর ওযন হবে কিভাবে? এর উত্তর হল, পরম করুণাময় আল্লাহ সর্বশক্তিমান। কাজেই আমরা যা করতে পারি না তা আল্লাহ তাআ'লা পারবে না এরূপ ধারণা ঠিক নয়। (মাঃ কোঃ)

فَاُولٰٓئِكَ الَّذِيْنَ خَسِرُوْٓا اَنْفُسَهُمْ بِمَا كَانُوْا بِاٰيٰتِنَا يَظْلِمُوْنَ ﴿۱۰﴾ وَلَقَدْ

ফাউলা — য়িকাল্লাযীনা খাসিরূ ~ আন্ফুসাহুম্ বিমা-কা-নূ-বিআ-ইয়া-তিনা-ইয়াজ্লিমূন্। ১০। অলাক্বাদ্
লোক যারা নিজেদের ক্ষতি করবে, কারণ, তারা আমার আয়াতের প্রতি অবিচার করেছে। (১০) আর আমি

১ ع ১০ ৮ রুকু

مَكَّنّٰكُمْ فِى الْاَرْضِ وَجَعَلْنَا لَكُمْ فِيْهَا مَعَايِشَ ؕ قَلِيْلًا مَّا تَشْكُرُوْنَ

মাক্কান্না-কুম্ ফিল্ আরদ্বি অজ্বা'আল্না-লাকুম্ ফীহা-মা'আ-য়িশ্; ক্বালীলাম্ মা-তাশ্কুরূন্।
তো তোমাদেরকে দুনিয়ায় প্রতিষ্ঠিত করেছি, ওতে জীবিকার ব্যবস্থা করেছি কিন্তু তোমারা তো কমই শোকর কর।

﴿۱۱﴾ وَلَقَدْ خَلَقْنٰكُمْ ثُمَّ صَوَّرْنٰكُمْ ثُمَّ قُلْنَا لِلْمَلٰٓئِكَةِ اسْجُدُوْا لِاٰدَمَ ۖ فَسَجَدُوْٓا

১১। অলাক্বাদ্ খালাক্ব্না-কুম্ ছুম্মা ছোয়াওয়্যার্না-কুম্ ছুম্মা ক্বুল্না-লিল্মালা — য়িকাতিস্ জুদূ লিআ-দামা ফাসাজ্বাদূ ~
(১১) আর আমিই তোমাদেরকে সৃষ্টি করেছি, আকৃতি দিয়েছি; অতঃপর ফেরেশতাদেরকে বলেছি আদমকে সিজদা কর; ইবলিস ছাড়া

اِلَّآ اِبْلِيْسَ ؕ لَمْ يَكُنْ مِّنَ السّٰجِدِيْنَ ﴿۱۲﴾ قَالَ مَا مَنَعَكَ اَلَّا تَسْجُدَ اِذْ

ইল্লা ~ ইব্লীস্; লাম্ ইয়াকুম্ মিনাস্ সা-জ্বিদীন্। ১২। ক্বা-লা মা-মানা'আকা আল্লা-তাস্জুদা ইয্
সকলেই সিজদা করেছে। সে সিজদাকারী ছিল না। (১২) আল্লাহ বললেন, কিসে তোকে সিজদা থেকে বিরত রেখেছে যখন

اَمَرْتُكَ ؕ قَالَ اَنَا خَيْرٌ مِّنْهُ ۚ خَلَقْتَنِىْ مِنْ نَّارٍ وَّخَلَقْتَهٗ مِنْ طِيْنٍ ﴿۱۳﴾ قَالَ فَاهْبِطْ

আমার্তুক; ক্বা-লা আনা-খাইরুম্ মিন্হু খালাক্ব্তানী মিন্ না-রিওঁ অখলাক্ব্তাহূ মিন্ ত্বীন্। ১৩। ক্বা-লা ফাহ্বিত্ব্
আমি হুকুম দিলাম। বলল, আমি তো তার চেয়ে উত্তম, আমাকে অগ্নি দ্বারা সৃষ্টি করেছেন আর তাকে মাটি দিয়ে। (১৩) বললেন,

مِنْهَا فَمَا يَكُوْنُ لَكَ اَنْ تَتَكَبَّرَ فِيْهَا فَاخْرُجْ اِنَّكَ مِنَ الصّٰغِرِيْنَ ﴿۱۴﴾ قَالَ

মিন্হা-ফামা-ইয়াকূনু লাকা আন্ তাতাকাব্বারা ফীহা-ফাখ্রুজ্ ইন্নাকা মিনাছ্ ছোয়া-গিরীন্। ১৪। ক্বা-লা
এখান হতে নেমে যাও, এখানে থেকে অহংকার করতে পারবে না। নেমে যাও, নিশ্চয়ই তুমি অধমের অন্যতম। (১৪) সে বলল,

اَنْظِرْنِىْٓ اِلٰى يَوْمِ يُبْعَثُوْنَ ﴿۱۵﴾ قَالَ اِنَّكَ مِنَ الْمُنْظَرِيْنَ ﴿۱۶﴾ قَالَ فَبِمَآ اَغْوَيْتَنِىْ

আন্জির্নী ~ ইলা-ইয়াওমি ইয়ুব্'আছূন্। ১৫। ক্বা-লা ইন্নাকা মিনাল্ মুন্জোয়ারীন্। ১৬। ক্বা-লা ফাবিমা ~ আগ্ওয়াইতানী
পুনরুত্থান দিবস পর্যন্ত আমাকে অবকাশ দিন। (১৫) তিনি বললেন, নিশ্চয় তুমি অবকাশ প্রাপ্তদের একজন। (১৬) সে বলল,

لَاَقْعُدَنَّ لَهُمْ صِرَاطَكَ الْمُسْتَقِيْمَ ﴿۱۷﴾ ثُمَّ لَاٰتِيَنَّهُمْ مِّنْۢ بَيْنِ اَيْدِيْهِمْ وَمِنْ

লাআক্ব্'উদান্না লাহুম্ ছিরা-ত্বোয়াকাল্ মুস্তাক্বীম্। ১৭। ছুম্মা লাআ-তিয়ান্নাহুম্ মিম্ বাইনি আইদীহিম্ অমিন্
যেহেতু আমাকে গোমরাহ সাব্যস্ত করলে, আমি ও সরল পথের বাঁকে ওঁৎ পেতে থাকব; (১৭) অতঃপর তাদের সম্মুখ পেছন,

خَلْفِهِمْ وَعَنْ اَيْمَانِهِمْ وَعَنْ شَمَآئِلِهِمْ ؕ وَلَا تَجِدُ اَكْثَرَهُمْ شٰكِرِيْنَ ﴿۱۸﴾ قَالَ

খাল্ফিহিম্ অ'আন্ আইমা-নিহিম্ অ আন্ শামা — য়িলিহিম্; অলা-তাজ্বিদু আক্ছারাহুম্ শা-কিরীন্। ১৮। ক্বা-লাখ্
ডান ও বাম দিক থেকে তাদের নিকট আসব, আপনি তাদের অধিকাংশকে শোকর গুজার পাবেন না। (১৮) বললেন, বের হয়ে

اخْرُجْ مِنْهَا مَذْءُومًا مَّدْحُورًا ۖ لَّمَن تَبِعَكَ مِنْهُمْ لَأَمْلَأَنَّ جَهَنَّمَ مِنكُمْ أَجْمَعِينَ ﴿١٨﴾

রুজ্ব্ মিন্হা- মায্উমাম্ মাদ্হূরা-; লামান্ তাবি'আকা মিন্হুম্ লাআম্লায়ান্না জ্বাহান্নামা মিন্কুম্ আজ্ব্মা'ঈন্।
যা লাঞ্ছিত ও ধিকৃত অবস্থায়, তাদের মধ্যে যে কেউ তোর অনুসরণ করবে অবশ্যই তোদের সকলকে দিয়েই জাহান্নাম পূর্ণ করব।

﴿١٩﴾ وَيَا آدَمُ اسْكُنْ أَنتَ وَزَوْجُكَ الْجَنَّةَ فَكُلَا مِنْ حَيْثُ شِئْتُمَا وَلَا تَقْرَبَا

১৯। অ ইয়া ~ আ-দামুস্কুন্ আন্তা অযাওজ্বুকাল্ জ্বান্নাতা ফাকুলা-মিন্ হাইছু শি''তুমা অলা-তাক্ব্রবা-
(১৯) হে আদম! তুমি ও তোমার স্ত্রী জান্নাতে থাক অতঃপর যেখান থেকে যা ইচ্ছে খাও; তবে এ গাছের কাছেও

هَٰذِهِ الشَّجَرَةَ فَتَكُونَا مِنَ الظَّالِمِينَ ﴿٢٠﴾ فَوَسْوَسَ لَهُمَا الشَّيْطَانُ لِيُبْدِيَ

হা-যিহিশ্ শাজ্বারাতা ফাতাকূনা-মিনাজ্জোয়া-লিমীন্ ২০। ফাঅস্অসা লাহুমাশ্ শাইত্বোয়া-নু লিইয়ুব্দিয়া
যেও না; গেলে জালিমদের অন্তর্ভুক্ত হবে। (২০) অতঃপর শয়তান উভয়কে ধোঁকা দিল, যেন তাদের গোপন

لَهُمَا مَا وُورِيَ عَنْهُمَا مِن سَوْآتِهِمَا وَقَالَ مَا نَهَاكُمَا رَبُّكُمَا عَنْ هَٰذِهِ الشَّجَرَةِ

লাহুমা- মা-উরিয়া 'আন্ হুমা- মিন্ সাওআ-তিহিমা-অক্বা-লা মা- নাহা-কুমা- রব্বুকুমা-'আন্ হা-যিহিশ্ শাজ্বারতি
অঙ্গ প্রকাশিত হয়, যা তাদের কাছে গোপন ছিল এবং বলল, তোমাদের রব এ বৃক্ষ সম্পর্কে নিষেধ করছেন, যেন

إِلَّا أَن تَكُونَا مَلَكَيْنِ أَوْ تَكُونَا مِنَ الْخَالِدِينَ ﴿٢١﴾ وَقَاسَمَهُمَا إِنِّي لَكُمَا لَمِنَ

ইল্লা ~ আন্ তাকূনা- মালাকাইনি আও তাকূনা-মিনাল্ খা-লিদীন্। ২১। অক্বা-সামাহুমা ~ ইন্নী লাকুমা- লামিনান্
তোমরা ফিরিশ্তা বা বাসিন্দা হয়ে না যাও চিরদিনের জন্য। (২১) আর সে উভয়কে কসম দিয়ে বলল, আমি অবশ্যই

النَّاصِحِينَ ﴿٢٢﴾ فَدَلَّاهُمَا بِغُرُورٍ ۚ فَلَمَّا ذَاقَا الشَّجَرَةَ بَدَتْ لَهُمَا سَوْآتُهُمَا

না-ছিহীন্। ২২। ফাদাল্লা-হুমা-বিগুরূরিন্ ফালাম্মা- যা-ক্বাশ্ শাজ্বারতা বাদাত্ লাহুমা- সাওআ-তুহুমা-
শুভাকাঙ্ক্ষী। (২২) এভাবে সে ধোঁকায় ফেলল, অতঃপর যখন তারা বৃক্ষের ফল খেলে তাদের লজ্জাস্থান প্রকাশিত

وَطَفِقَا يَخْصِفَانِ عَلَيْهِمَا مِن وَرَقِ الْجَنَّةِ ۖ وَنَادَاهُمَا رَبُّهُمَا أَلَمْ أَنْهَكُمَا عَن

অ ত্বোয়াফিক্বা-ইয়াখ্ছিফা-নি 'আলাইহিমা- মিওঁ অরাক্বিল্ জান্নাহ্, অ না-দা-হুমা- রব্বুহুমা ~ আলাম্ আন্হাকুমা- 'আন্
হয়ে পড়ল, আর তারা জান্নাতের পাতা দিয়ে তা ঢাকতে লাগল; তখন তাদের রব তাদেরকে বললেন, আমি কি এ বৃক্ষ

تِلْكُمَا الشَّجَرَةِ وَأَقُل لَّكُمَا إِنَّ الشَّيْطَانَ لَكُمَا عَدُوٌّ مُّبِينٌ ﴿٢٣﴾ قَالَا رَبَّنَا

তিল্কুমাশ্ শাজ্বারতি অআকুল্ লাকুমা ~ ইন্নাশ্ শাইত্বোয়া-না লাকুমা-'আদুওয়্যুম্ মুবীন্। ২৩। ক্বা-লা-রব্বানা-
হতে নিষেধ করি নি, আমি কি তোমাদের বলিনি যে, শয়তান তোমাদের প্রকাশ্য শত্রু (২৩) তারা বলল, হে আমাদের রব!

আয়াত-১৯ ঃ বৃক্ষটির ব্যাপারে বিভিন্ন জনে বিভিন্ন ধরনের মত ব্যাক্ত করেছেন। কারও মতে গম বৃক্ষ; আর কারও মতে আঙ্গুর বৃক্ষ, অন্য কারও মতে দাড়িম্ব বৃক্ষ অথবা বেদ বৃক্ষ অথবা লেবু বৃক্ষ ছিল।

আয়াত-২০ ঃ শয়তান কুমন্ত্রণা হয়ত বেহেশতের বাইরে থেকে দিয়েছিল, সম্ভবতঃ শয়তানকে আল্লাহ্ সেই ক্ষমতা দিয়েছিলেন; অথবা হয়ত অন্য কোন তদবীরের মাধ্যমে বেহেশতে প্রবেশ করেছিল, যেমন কাসাসুল আম্বিয়ায় সর্পের মুখে ঢুকে প্রবেশের ঘটনাটি বর্ণিত রয়েছে।

ظَلَمْنَآ اَنْفُسَنَا ۫ وَاِنْ لَّمْ تَغْفِرْلَنَا وَتَرْحَمْنَا لَنَكُوْنَنَّ مِنَ الْخٰسِرِيْنَ

জোয়ালামনা- আন্‌ফুসানা- অইল্লাম্ তাগ্‌ফিরলানা-অতারহাম্‌না-লানাকূনান্না মিনাল্ খা-সিরীন্।

আমরা নিজেদের প্রতি যুলুম করেছি, যদি আপনি ক্ষমা না করেন এবং দয়া না করেন, তবে অবশ্যই আমরা ক্ষতিগ্রস্ত হব।

﴿٢٤﴾ قَالَ اهْبِطُوْا بَعْضُكُمْ لِبَعْضٍ عَدُوٌّ ۚ وَلَكُمْ فِى الْاَرْضِ مُسْتَقَرٌّ وَّمَتَاعٌ

২৪। ক্বা-লাহ্‌বিতূ বা'দুকুম্ লিবা'দ্বিন্ 'আদুওয়্যুন্ অলাকুম্ ফিল্‌আরদ্বি মুস্‌তাক্বার্‌রুঁও অমাতা-'উন্

(২৪) তিনি বললেন, তোমরা পরস্পর শত্রুরূপে নেমে যাও, তোমাদের জন্য পৃথিবীতে কিছু সময় বসবাস ও

২ ع ১৫ ৯ রুকু

اِلٰى حِيْنٍ ﴿٢٥﴾ قَالَ فِيْهَا تَحْيَوْنَ وَفِيْهَا تَمُوْتُوْنَ وَمِنْهَا تُخْرَجُوْنَ ﴿٢٦﴾ يٰبَنِىْٓ

ইলা-হীন্। ২৫। ক্বা-লা ফীহা-তাহ্‌ইয়াওনা অফীহা-তামূতূনা অমিন্‌হা-তুখ্‌রজূ্‌ন্।২৬। ইয়া-বানী ~

জীবিকা আছে। (২৫) বললেন, সেখানেই জীবন যাপন সেখানেই মৃত্যু, সেথা হতেই বের করে আনা হবে। (২৬) হে আদম

اٰدَمَ قَدْ اَنْزَلْنَا عَلَيْكُمْ لِبَاسًا يُّوَارِىْ سَوْاٰتِكُمْ وَرِيْشًا ۖ وَلِبَاسُ التَّقْوٰى ۙ

আ-দামা ক্বাদ্ আন্‌যাল্‌না- 'আলাইকুম্ লিবা-সাইঁ ইয়ুওয়া-রী সাও আ-তিকুম্ অরীশা-; অ লিবা-সুত্তাক্বাওয়া-

সন্তান! আমি তোমাদের জন্য পোশাক সৃষ্টি করেছি লজ্জাস্থান ঢাকবার ও সৌন্দর্যের জন্য আর তাকওয়ার পোশাকই উত্তম।

ذٰلِكَ خَيْرٌ ۖ ذٰلِكَ مِنْ اٰيٰتِ اللّٰهِ لَعَلَّهُمْ يَذَّكَّرُوْنَ ﴿٢٧﴾ يٰبَنِىْٓ اٰدَمَ لَا يَفْتِنَنَّكُمُ

যা-লিকা খাইর; যা-লিকা মিন্ আ-ইয়া-তিল্লা-হি লা'আল্লাহুম্ ইয়ায্‌যাক্কারূন্। ২৭। ইয়া-বানী ~ আ-দামা লা- ইয়াফ্‌তিনান্নাকুমুশ্

এটা আল্লাহ্‌র নিদর্শনসমূহের অন্যতম যেন উপদেশ গ্রহণ করে। (২৭) হে আদম সন্তান! শয়তান যেন বিপদে না

الشَّيْطٰنُ كَمَآ اَخْرَجَ اَبَوَيْكُمْ مِّنَ الْجَنَّةِ يَنْزِعُ عَنْهُمَا لِبَاسَهُمَا لِيُرِيَهُمَا

শাইত্বোয়া-নু কামা~ আখ্‌রজা আবাওয়াইকুম্ মিনাল্ জ্বান্নাতি ইয়ান্‌যি'উ 'আন্‌হুমা-লিবা-সাহুমা-লিইয়ুরিয়াহুমা-

ফেলে, যেভাবে সে তোমাদের মাতা- পিতাকে বেহেশত হতে বের করেছিল; সে তাদের লজ্জাস্থান দেখানোর জন্য

سَوْاٰتِهِمَا ۖ اِنَّهٗ يَرٰىكُمْ هُوَ وَقَبِيْلُهٗ مِنْ حَيْثُ لَا تَرَوْنَهُمْ ۖ اِنَّا جَعَلْنَا الشَّيٰطِيْنَ

সাওআ-তিহিমা-; ইন্নাহূ ইয়ার-কুম্ হুঅ অক্বাবীলুহূ মিন্ হাইছু লা- তারাওনাহুম্; ইন্না- জ্বা'আল্‌নাশ্ শাইয়া-ত্বীনা

তাদেরকে বিবস্ত্র করেছিল। সে ও তার দল তোমাদেরকে এমনভাবে দেখে অথচ তোমরা তাদেরকে দেখ না। যারা ঈমান

اَوْلِيَآءَ لِلَّذِيْنَ لَا يُؤْمِنُوْنَ ﴿٢٨﴾ وَاِذَا فَعَلُوْا فَاحِشَةً قَالُوْا وَجَدْنَا عَلَيْهَآ

আওলিয়া —য়া লিল্লাযীনা লা-ইয়ু''মিনূন্। ২৮। অইযা- ফা'আলূ ফা-হিশাতান্ ক্বা-লূ অজ্বাদ্‌না-'আলাইহা ~

আনে না। আমি শয়তানকে তাদের বন্ধু করেছি (২৮) তারা কোন ফাহেশা কাজ করলে বলে আমাদের পিতৃপুরুষকে

اٰبَآءَنَا وَاللّٰهُ اَمَرَنَا بِهَا ۖ قُلْ اِنَّ اللّٰهَ لَا يَاْمُرُ بِالْفَحْشَآءِ ۖ اَتَقُوْلُوْنَ عَلَى اللّٰهِ

আ-বা —য়ানা অল্লা-হু আমারানা- বিহা-;ক্বু্‌ল ইন্নাল্লা-হা লা-ইয়া''মুরু বিল্ ফাহ্‌শা —ই; আতাক্বূ্‌লূনা 'আলাল্লা-হি

এটা করতে দেখেছি' আল্লাহ্‌ও এর নির্দেশ দিয়েছেন, আল্লাহ্ কখনও কুকর্মের নির্দেশ দেন না। না জেনে কেন আল্লাহ্ সম্পর্কে

مَا لَا تَعْلَمُونَ ﴿٢٩﴾ قُلْ أَمَرَ رَبِّي بِالْقِسْطِ وَأَقِيمُوا وُجُوهَكُمْ عِنْدَ كُلِّ

মা-লা- তা'লামূন্। ২৯। কুল্ আমারা রব্বী বিল্ক্বিস্‌তি অ আক্বীমূ উজ্বূহাকুম্ 'ইন্দা কুল্লি

এমন কথা বলছ?(২৯) বলুন, রব নির্দেশ দিয়েছেন ন্যায় বিচারের। নামাযের সময় মুখমণ্ডল স্থির রাখ। তাঁরই আনুগত্যে

مَسْجِدٍ وَادْعُوهُ مُخْلِصِينَ لَهُ الدِّينَ كَمَا بَدَأَكُمْ تَعُودُونَ ﴿٣٠﴾ فَرِيقًا هَدَى

মাস্‌জ্বিদিওঁ অদ্'উহু মুখ্‌লিছীনা লাহুদ দীন্; কামা- বাদায়াকুম্ তা'উদূন্। ৩০। ফারীক্বান্ হাদা-

বিশুদ্ধচিত্তে একনিষ্ঠাভাবে তাঁকেই ডাক। যে ভাবে তিনি প্রথমে সৃষ্টি করছেন সে ভাবেই তোমরা ফিরবে। (৩০) একদলকে

وَفَرِيقًا حَقَّ عَلَيْهِمُ الضَّلَالَةُ إِنَّهُمُ اتَّخَذُوا الشَّيَاطِينَ أَوْلِيَاءَ مِنْ دُونِ

অফারীক্বান্ হাক্ব্‌ক্বা 'আলাইহিমুদ্ব্‌ দ্বোয়ালা-লাহ্; ইন্নাহুমুত্ তাখাযুশ্ শাইয়া-ত্বীনা আওলিয়া — য়া মিন্ দূনি

তিনি হিদায়াত করেছেন, অন্য দলের উপর ভ্রষ্টাতা যথার্থ হয়েছে; তারা আল্লাহ ছাড়া শয়তানকে বন্ধু বানিয়েছে;

اللَّهِ وَيَحْسَبُونَ أَنَّهُمْ مُهْتَدُونَ ﴿٣١﴾ يَا بَنِي آدَمَ خُذُوا زِينَتَكُمْ عِنْدَ كُلِّ

ল্লা-হি অইয়াহ্‌সাবূনা আন্না হুম্ মুহ্‌তাদূন্। ৩১। ইয়া-বানী ~ আ-দামা খুযূ যীনাতাকুম্ 'ইন্দা কুল্লি

তারা মনে করছে যে তারা সৎপথে রয়েছে (৩১) হে আদম সন্তান! প্রত্যেক নামাযে তোমরা সুন্দর পোশাক পরিধান

مَسْجِدٍ وَكُلُوا وَاشْرَبُوا وَلَا تُسْرِفُوا إِنَّهُ لَا يُحِبُّ الْمُسْرِفِينَ ﴿٣٢﴾ قُلْ مَنْ حَرَّمَ

মাস্‌জ্বিদিওঁ অকুলূ অশ্‌রাবূ অলা-তুস্‌রিফূ ইন্নাহূ লাইয়ুহিব্বুল্ মুস্‌রিফীন্। ৩২। ক্বুল্ মান্ হার্‌রামা

করবে এবং খাবে কিন্তু অপব্যয় করবে না; তিনি অপব্যয়ীকে নিশ্চয়ই পছন্দ করবেন না। (৩২) বলুন, আল্লাহর বান্দাহর

৩ ع ৬ ১০ রুকু

زِينَةَ اللَّهِ الَّتِي أَخْرَجَ لِعِبَادِهِ وَالطَّيِّبَاتِ مِنَ الرِّزْقِ قُلْ هِيَ لِلَّذِينَ آمَنُوا

যীনাতাল্লা-হিল্লাতী ~ আখরাজ্বা লি'ইবা-দিহী অত্ত্বাইয়িবা-তি মিনার্ রিয্‌ক্ব্; ক্বুল্ হিয়া লিল্লাযীনা আ-মানূ

জন্য যে সব সুন্দর বস্তু ও পবিত্র খাদ্য দান করেছেন তাহা কে হারাম করেছে? বলুন এটাতো পার্থিব জীবনের।

فِي الْحَيَاةِ الدُّنْيَا خَالِصَةً يَوْمَ الْقِيَامَةِ كَذَلِكَ نُفَصِّلُ الْآيَاتِ لِقَوْمٍ يَعْلَمُونَ

ফিল্ হাইয়া- তিদ্দুন্‌য়া-খা-লিছোয়াতাইঁ ইয়াওমাল্ ক্বিয়া-মাহ্; কাযা-লিকা নুফাছ্‌ছিলুল্ আ-ইয়া-তি লিক্বাওমিইঁ ইয়া' লামূন্।

বিশেষ করে পরকালে যারা বিশ্বাসী তাদের জন্য। এভাবেই আমি আয়াত বিস্তারিতভাবে বর্ণনা করি জ্ঞানিদের জন্য।

﴿٣٣﴾ قُلْ إِنَّمَا حَرَّمَ رَبِّيَ الْفَوَاحِشَ مَا ظَهَرَ مِنْهَا وَمَا بَطَنَ وَالْإِثْمَ وَالْبَغْيَ

৩৩। ক্বুল্ ইন্নামা- হার্‌রামা রব্বিয়াল্ ফাওয়া-হিশা মা-জোয়াহারা মিন্‌হা-অমা-বাত্বোয়ানা অল্‌ইছ্‌মি অল্‌বাগ্‌ইয়া

(৩৩) বলুন, তোমাদের রব তো হারাম করেছেন সকল ধরনের প্রকাশ্য ও গোপন অশ্লীলতা, পাপ, অযথা বাড়াবাড়ি,

শানেনুযুল ঃ আয়াত-৩১ ঃ হযরত ইবনে আব্বাস (রাঃ) হতে বর্ণিত আছে, নারীরা উলঙ্গাবস্থায় তাওয়াফ করত এ প্রসঙ্গে আলোচ্য আয়াত নাযিল হয়। মুসলিম শরীফ সাভী কিতাবে হযরত ইবনে আব্বাস(রাঃ) থেকে বর্ণিত, আরববাসীরা কা'বাগৃহ উলঙ্গাবস্থায় তাওয়াফ করত, দিনে করত পুরুষেরা আর রাতে নারীরা এবং বলত, যে পোশাক নিয়ে আল্লাহ্‌র নাফরমানী করছি ঐ পোশাক নিয়ে কিরূপে আল্লাহর ঘর প্রদক্ষিণ করব। তখন এ আয়াতটি নাযিল হয়। আয়াত-৩২ ঃ কতিপয় লোক ছাগদুগ্ধ ইত্যাদি হারাম করে নিয়েছিল। হযরত ইবনে আব্বাস (রাঃ) বলেন, বর্বর যুগে কতিপয় হালাল বস্তু নিজেদের উপর হারাম করেছিল, এ প্রেক্ষিতে উক্ত আয়াত অবতীর্ণ হয়। (মুসলি শরীফ)

بِغَيْرِ الْحَقِّ وَأَنْ تُشْرِكُوا بِاللَّهِ مَا لَمْ يُنَزِّلْ بِهِ سُلْطَانًا وَأَنْ تَقُولُوا عَلَى اللَّهِ

বিগাইরিল্ হাক্ব্ক্বি অআন্ তুশ্‌রিকূ বিল্লা-হি মা-লাম্ ইয়ুনায্‌যিল্ বিহী সুল্‌ত্বোয়া-নাওঁ অআন্ তাক্বূলূ 'আলাল্লা-হি
আল্লাহ্‌র সাথে শরীক করা- যে ব্যাপারে কোন প্রমাণ তিনি নাযিল করেন নি। এবং না জেনে আল্লাহ সম্বন্ধে

مَا لَا تَعْلَمُونَ ﴿٣٤﴾ وَلِكُلِّ أُمَّةٍ أَجَلٌ فَإِذَا جَاءَ أَجَلُهُمْ لَا يَسْتَأْخِرُونَ سَاعَةً وَلَا

মা-লা-তা'লামূন্। ৩৪। অলিকুল্লি উম্মাতিন্ আজ্বালুন্ ফাইযা-জ্বা — য়া আজ্বালুহুম্ লা-ইয়াস্‌তা' খিরূনা সা-'আতাওঁ অলা-
এমন কিছু বলা। (৩৪) প্রত্যেক জাতির জন্য নির্দিষ্ট সময় আছে সুতরাং নির্দিষ্ট মুহূর্তের জন্য আগ পাছ করতে

يَسْتَقْدِمُونَ ﴿٣٥﴾ يَا بَنِي آدَمَ إِمَّا يَأْتِيَنَّكُمْ رُسُلٌ مِنْكُمْ يَقُصُّونَ عَلَيْكُمْ آيَاتِي

ইয়াস্‌তাক্বদিমূন্। ৩৫। ইয়া-বানী ~ আ-দামা ইম্মা- ইয়া'' তিয়ান্নাকুম্ রুসুলুম্ মিন্‌কুম্ ইয়াক্বুছ্‌ছূনা 'আলাইকুম্ আ-ইয়া-তী
পারবে না। (৩৫) হে আদম সন্তান! তোমাদের মধ্য হতে তোমাদের কাছে রাসূল এসে আমার আয়াত শুনালে

فَمَنِ اتَّقَىٰ وَأَصْلَحَ فَلَا خَوْفٌ عَلَيْهِمْ وَلَا هُمْ يَحْزَنُونَ ﴿٣٦﴾ وَالَّذِينَ كَذَّبُوا

ফামানিত্তাক্বা- অআছ্‌লাহা ফালা-খাওফুন্ 'আলাইহিম্ অলা-হুম্ ইয়াহ্‌যানূন্। ৩৬। অল্লাযীনা কায্‌যাবূ
যে তাকওয়া অবলম্বন করবে ও সংশোধিত হবে তাদের কোন ভয় নেই, তারা দুঃখিতও হবে না। (৩৬) আমার আয়াতসমূহ যারা

بِآيَاتِنَا وَاسْتَكْبَرُوا عَنْهَا أُولَٰئِكَ أَصْحَابُ النَّارِ هُمْ فِيهَا خَالِدُونَ ﴿٣٧﴾ فَمَنْ

বিআ-ইয়া-তিনা-অস্‌তাক্‌বারূ 'আন্‌হা ~ উলা — য়িকা আছ্‌হা-বুন্ না-রি হুম্ ফীহা-খা-লিদূন্। ৩৭। ফামান্
অস্বীকার করেছে এবং অহংকারে তা থেকে মুখ ফিরায় তারাই দোযখে প্রবেশ করবে, সেথায় তারা চিরকাল থাকবে। (৩৭) তার

أَظْلَمُ مِمَّنِ افْتَرَىٰ عَلَى اللَّهِ كَذِبًا أَوْ كَذَّبَ بِآيَاتِهِ أُولَٰئِكَ يَنَالُهُمْ

আজ্‌লামু মিম্মানিফ্ তারা-'আলাল্লা-হি কাযিবান্ আও কায্‌য়াবা বিআ-ইয়া-তিহ্;উলা — য়িকা ইয়ানা-লুহুম্
চেয়ে বড় জালিম কে, যে আল্লাহ্‌র উপর মিথ্যা বলে বা তাঁর নিদর্শনকে প্রত্যাখ্যান করে? কিতাবের নির্ধারিত অংশ

نَصِيبُهُمْ مِنَ الْكِتَابِ حَتَّىٰ إِذَا جَاءَتْهُمْ رُسُلُنَا يَتَوَفَّوْنَهُمْ قَالُوا أَيْنَ مَا

নাছীবুহুম্ মিনাল্ কিতা-ব; হাত্তা ~ ইযা-জ্বা — য়াত্‌হুম্ রুসুলুনা-ইয়াতাঅফ্‌ফাওনাহুম্ ক্বা-লূ ~ আইনা মা-
যখন তাদের কাছে পৌছবে। অবশেষে ফিরিশ্‌তারা তাদের মৃত্যুর সময় বলবেন, আল্লাহ ছাড়া যাদেরকে তোমরা

كُنْتُمْ تَدْعُونَ مِنْ دُونِ اللَّهِ قَالُوا ضَلُّوا عَنَّا وَشَهِدُوا عَلَىٰ أَنْفُسِهِمْ أَنَّهُمْ

কুন্‌তুম্ তাদ্'উনা মিন দূনিল্লা-হ্;ক্বা-লূ দ্বোয়াল্লূ 'আন্না-অশাহিদূ 'আলা ~ আন্‌ফুসিহিম্ আন্নাহুম্
ডাকতে তারা এখন কোথায়? তারা বলবে, তারা উধাও হয়েছে, তখন তারা নিজেরাই স্বীকৃতি দেবে, তারা

كَانُوا كَافِرِينَ ﴿٣٨﴾ قَالَ ادْخُلُوا فِي أُمَمٍ قَدْ خَلَتْ مِنْ قَبْلِكُمْ مِنَ الْجِنِّ وَ

কা-নূ কা-ফিরীন্। ৩৮। ক্বা-লাদ্ খুলূ ফী ~ উমামিন্ ক্বাদ্ খালাত্ মিন্ ক্বাব্‌লিকুম্ মিনাল্ জ্বিন্নি অল্
কাফের ছিল। (৩৮) আল্লাহ বলবেন, জাহান্নামে প্রবেশ কর তোমাদের পূর্বের জিন ও

الْاِنْسِ فِي النَّارِ ؕ كُلَّمَا دَخَلَتْ اُمَّةٌ لَّعَنَتْ اُخْتَهَا ؕ حَتّٰۤى اِذَا ادَّارَكُوْا

ইন্‌সি ফিন্না-র; কুল্লামা- দাখালাত্ উম্মাতুল্ লা'আনাত্ উখ্‌তাহা; হাত্তা~ ইযাদ্দা-রাকূ

মানুষের সঙ্গে যখনই একদল ঢুকবে তখনই তারা অন্যদলকে অভিশাপ দেবে। অবশেষে সবাই তাতে একত্র হয়ে

فِيْهَا جَمِيْعًا ۙ قَالَتْ اُخْرٰىهُمْ لِاُوْلٰىهُمْ رَبَّنَا هٰۤؤُلَآءِ اَضَلُّوْنَا فَاٰتِهِمْ عَذَابًا

ফীহা-জ্বামী'আন্ ক্বা-লাত্ উখ্‌রা-হুম্ লিউ~ লা-হুম্ রব্বানা- হা ~ উলা —য়ি অদ্বোয়াল্লূনা- ফাআ-তিহিম্ 'আযা-বান্

পরবর্তীরা পূর্ব বর্তীদের সম্বন্ধে বলবে, হে আমাদের রব! এরাই আমাদেরকে গোমরা করেছে; এদেরকে দ্বিগুণ- শাস্তি দাও।

ضِعْفًا مِّنَ النَّارِ ؕ قَالَ لِكُلٍّ ضِعْفٌ وَّلٰكِنْ لَّا تَعْلَمُوْنَ ﴿٣٩﴾ وَقَالَتْ اُوْلٰىهُمْ

দ্বি'ফাম্ মিনান্ না-র; ক্বা-লা লিকুল্লি দ্বি'ফুওঁ অলা-কিল্লা-তা'লামূন্। ৩৯। অক্বা-লাত্ উলা-হুম্

বলবেন, প্রত্যেকের জন্যই দিগুণ শাস্তি আছে। তবে তোমরা তা জান না। (৩৯) তাদের পূর্ববর্তী লোকেরা পরবর্তী

لِاُخْرٰىهُمْ فَمَا كَانَ لَكُمْ عَلَيْنَا مِنْ فَضْلٍ فَذُوْقُوا الْعَذَابَ بِمَا كُنْتُمْ

লিউখ্‌রা-হুম্ ফামা-কা-না লাকুম্'আলাইনা- মিন্ ফাদ্বলিন্ ফাযূক্বুল্ 'আযা-বা বিমা-কুনতুম্

লোকদের বলবে, আমাদের উপর তোমাদের কোন শ্রেষ্ঠত্ব নেই, সুতরাং তোমরা আযাব ভোগ করতে থাক, স্বীয়

تَكْسِبُوْنَ ﴿٤٠﴾ اِنَّ الَّذِيْنَ كَذَّبُوْا بِاٰيٰتِنَا وَاسْتَكْبَرُوْا عَنْهَا لَا تُفَتَّحُ لَهُمْ

4 ع ৮ ১১ রুকু

তাক্‌সিবূন্। ৪০। ইন্নাল্লাযীনা কায্‌যাবূ বিআ-ইয়া-তিনা- অস্‌তাক্‌বারূ 'আন্‌হা- লা-তুফাত্তাহু লাহুম্

কর্মের জন্য। (৪০) নিশ্চয়ই যারা প্রত্যাখ্যান করে আমার আয়াত এবং অহংকার করে মুখ ফিরায়, তাদের জন্য

اَبْوَابُ السَّمَآءِ وَلَا يَدْخُلُوْنَ الْجَنَّةَ حَتّٰى يَلِجَ الْجَمَلُ فِيْ سَمِّ الْخِيَاطِ ؕ

আব্‌ওয়া-বুস্ সামা —য়ি অলা- ইয়াদ্‌খুলূনাল্ জ্বান্নাতা হাত্তা-ইয়ালিজ্বাল্ জ্বামালু ফী সাম্মিল্ খিয়া-ত্ব;

গগনদ্বার খোলা হবে না; আর প্রবেশ করতে পারবে না বেহেশতে- যতক্ষন না সূঁচের ছিদ্র দিয়ে উট ঢুকে,

وَكَذٰلِكَ نَجْزِي الْمُجْرِمِيْنَ ﴿٤١﴾ لَهُمْ مِّنْ جَهَنَّمَ مِهَادٌ وَّمِنْ فَوْقِهِمْ

অকাযা-লিকা নাজ্বযিল্ মুজ্বরিমীন্। ৪১। লাহুম্ মিন্ জ্বাহান্নামা মিহা-দুঁও অমিন্ ফাওক্বিহিম্

এভাবে আমি দোষীদের প্রতিফল প্রদান করি। (৪১) জাহান্নামই তাদের জন্য বিছানা ও উপরের

غَوَاشٍ ؕ وَكَذٰلِكَ نَجْزِي الظّٰلِمِيْنَ ﴿٤٢﴾ وَالَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ

গাওয়া-শ্; অকাযা-লিকা নাজ্বযিজ্জোয়া-লিমীন্। ৪২। অল্লাযীনা আ-মানূ অ'আমিলুছ্ ছোয়া-লিহা-তি

আচ্ছাদন; এভাবেই আমি জালিমদের প্রতিফল দেই। (৪২) কাকেও সাধ্যাতীত বোঝা দেই না; যারা ঈমান আনে ও সৎকাজ করে

আয়াত - ৪০ ঃ হযরত ইবনে আব্বাস (রাঃ) হতে এ আয়াতের এক তাফসীরে উল্লেখ আছে যে, তাদের আ'মল ও তাদের দোয়ার জন্য আকাশের দরজা খোলা হবে না। অর্থাৎ তাদের দোয়া কবুল করা হবে না এবং তাদের আ'মলকে ঐস্থানে যেতে দেয়া হবে না, যেখানে আল্লাহর নেক বান্দাহদের আ'মলসমূহ সংরক্ষিত রাখা হয়। এর তাফসীরে হযরত ইবনে আব্বাস (রাঃ) বলেন ঃ কাফেরদের আত্মার জন্য আকাশের দরজা খোলা হবে না। এসব আত্মাকে নিচে নিক্ষেপ করা হবে। অন্যান্য সাহাবী হতেও এরূপ তাফসীর বর্ণিত আছে। (মাঃ কোঃ বাহরে মুহীত) আয়াত-৪১ ঃ উদ্দেশ্য হল, সূঁচের ছিদ্রে উট প্রবেশ করা যেমন অসম্ভব, তেমনি তাদের জান্নাতে প্রবেশ করাও হবে অসম্ভব। এটা তাদের চিরস্থায়ী জাহান্নামের শাস্তি বর্ণনা করা উদ্দেশ্য। (মাঃ কোঃ)

لَا نُكَلِّفُ نَفْسًا إِلَّا وُسْعَهَآ أُولَٰٓئِكَ أَصْحَٰبُ ٱلْجَنَّةِ ۖ هُمْ فِيهَا خَٰلِدُونَ ﴿٤٣﴾ وَ

লা- নুকাল্লিফু নাফ্‌সান্ ইল্লা-উস্'আহা ~ উলা —য়িকা আছ্‌হা-বুল্ জ্বান্নাতি হুম্ ফীহা- খা-লিদূন্। ৪৩। অ

আমি তাদের কাউকে সাধ্যাতীত বোঝা দেই না, তারাই বেহেশতী, সেখানে তারা চিরকাল থাকবে। (৪৩) আর তাদের

نَزَعْنَا مَا فِى صُدُورِهِم مِّنْ غِلٍّ تَجْرِى مِن تَحْتِهِمُ ٱلْأَنْهَٰرُ ۖ وَقَالُوا۟ ٱلْحَمْدُ

নাযা'না- মা- ফী ছুদূরিহিম্ মিন্ গিল্লিন্ তাজ্ব্‌রী মিন্ তাহ্‌তিহিমুল্ আন্‌হা-রু, অক্বা-লুল্ হামদু

অন্তর হতে সকল দুঃখ দূর করব, তাদের পাশ দিয়ে ঝর্ণাধারা প্রবাহিত হবে, আর তারা বলবে, সকল প্রশংসা একমাত্র

لِلَّهِ ٱلَّذِى هَدَىٰنَا لِهَٰذَا وَمَا كُنَّا لِنَهْتَدِىَ لَوْلَآ أَنْ هَدَىٰنَا ٱللَّهُ ۖ لَقَدْ

লিল্লা-হিল্লাযী হাদা-না- লিহা-যা- অমা- কুন্না- লিনাহ্‌তাদিয়া লাওলা ~ আন্ হাদা-নাল্লা-হু লাক্বাদ্

আল্লাহ্‌রই, যিনি এর পথ দেখালেন, আল্লাহ যদি পথ না দেখাতেন, তবে আমরা কখনও এ পথ পেতাম না। আমাদের

جَآءَتْ رُسُلُ رَبِّنَا بِٱلْحَقِّ ۖ وَنُودُوٓا۟ أَن تِلْكُمُ ٱلْجَنَّةُ أُورِثْتُمُوهَا بِمَا كُنتُمْ

জ্বা —য়াত্ রুসুলু রব্বিনা- বিল্‌হাক্ব্; অনূ দূ ~ আন্ তিল্‌কুমুল্ জ্বান্নাতু উরিছ্‌তুমূহা-বিমা-কুন্‌তুম্

রবের রাসূলরা সত্যবাণী নিয়ে এসেছিলেন, তাদেরকে বলা হবে, কৃতকর্মের জন্যই তোমাদেরকে এ জান্নাত প্রদান

تَعْمَلُونَ ﴿٤٤﴾ وَنَادَىٰٓ أَصْحَٰبُ ٱلْجَنَّةِ أَصْحَٰبَ ٱلنَّارِ أَن قَدْ وَجَدْنَا مَا وَ

তা'মালূন্। ৪৪। অনা-দা ~ আছ্‌হা-বুল্ জান্নাতি আছ্‌হা-বান্না-রি আন্ ক্বাদ্ অজ্বাদ্‌না- মা- অ

করা হল। (৪৪) জান্নাতবাসীরা জাহান্নামীদেরকে ডেকে বলবে, আমাদের রব যে প্রতিশ্রুতি আমাদেরকে দিয়েছিলেন,

عَدَنَا رَبُّنَا حَقًّا فَهَلْ وَجَدتُّم مَّا وَعَدَ رَبُّكُمْ حَقًّا ۖ قَالُوا۟ نَعَمْ ۚ فَأَذَّنَ مُؤَذِّنٌۢ

'আদানা-রব্বুনা- হাক্বক্বান্ ফাহাল্ অজ্বাত্‌তুম্ মা- অ'আদা রব্বুকুম্ হাক্ব্‌ক্বা-; ক্ব-লূ না'আম্, ফাআয্‌যানা মুয়ায্‌যিনুম্

আমরা তার সবই বাস্তবে পেয়েছি। তোমরা কি তোমাদের রবের ওয়াদা সত্য পেয়েছ? তারা বলবে, হাঁ, ঘোষক ঘোষণা

بَيْنَهُمْ أَن لَّعْنَةُ ٱللَّهِ عَلَى ٱلظَّٰلِمِينَ ﴿٤٥﴾ ٱلَّذِينَ يَصُدُّونَ عَن سَبِيلِ ٱللَّهِ وَ

বাইনাহুম্ আল্লা'নাতুল্লা-হি 'আলাজ্জোয়া-লিমীন্। ৪৫। আল্লাযীনা ইয়াছুদ্দূনা 'আন্ সাবীলিল্লা-হি অ

দেবে যে, জালিমদের উপর আল্লাহর লানত। (৪৫) যারা আল্লাহর পথে বিঘ্ন সৃষ্টি করত এবং তাতে বক্রতা অনুসন্ধান

يَبْغُونَهَا عِوَجًا وَهُم بِٱلْءَاخِرَةِ كَٰفِرُونَ ﴿٤٦﴾ وَبَيْنَهُمَا حِجَابٌ ۚ وَعَلَى ٱلْأَعْرَافِ

ইয়াব্‌গূনাহা- ই'ওয়াজ্বান্ অহুম্ বিল্‌আ-খিরাতি কা-ফিরূন্। ৪৬। অবাইনাহুমা- হিজ্বা-বুন্ অ 'আলাল্ আ'রা-ফি

করত তারাই পরকালকে অবিশ্বাস করত। (৪৬) উভয়ের (জান্নাত ও জাহান্নামের) মাঝে আছে প্রাচীর, আর আ'রাফের

رِجَالٌ يَعْرِفُونَ كُلًّۢا بِسِيمَىٰهُمْ ۚ وَنَادَوْا۟ أَصْحَٰبَ ٱلْجَنَّةِ أَن سَلَٰمٌ عَلَيْكُمْ ۚ لَمْ

রিজ্বা-লুঁই ইয়া'রিফূনা কুল্লাম্ বিসীমা-হুম অনা-দাও আছ্‌হা-বাল্ জ্বান্নাতি আন্ সালা-মুন্ 'আলাইকুম লাম্

উপর থাকবে কিছু লোক, যারা প্রত্যেককে তার লক্ষ্যণ দ্বারা চিনবে এবং জান্নাতীদের ডেকে বলবে, শান্তি বর্ষিত হোক তোমাদের

তিন চতুর্থাংশ

ওয়াক্ফে গোফরান

يَدْخُلُوهَا وَهُمْ يَطْمَعُونَ ﴿٤٧﴾ وَإِذَا صُرِفَتْ أَبْصَارُهُمْ تِلْقَاءَ أَصْحَابِ النَّارِ

ইয়াদ্‌খুলূহা-অহুম্ ইয়াত্ব্‌মা'উন্। ৪৭। অ ইযা-ছুরিফাত্ আব্‌ছোয়া-রুহুম্ তিল্‌কা — য়া আছ্‌হা-বিন্ না-রি
উপর, তখনও তারা জান্নাতে প্রবেশ করেনি তবে তারা আশা করে। (৪৭) অগ্নিবাসীদের প্রতি তাদের দৃষ্টি ফিরিয়ে

قَالُوا رَبَّنَا لَا تَجْعَلْنَا مَعَ الْقَوْمِ الظَّالِمِينَ ﴿٤٨﴾ وَنَادَىٰ أَصْحَابُ الْأَعْرَافِ رِجَالًا

ক্বা-লূ রব্বানা- লা-তাজ্‌'আল্‌না- মা'আল্ ক্বাওমিজ্জোয়া-লিমীন্। ৪৮। অনা-দা ~ আছ্‌হা-বুল্ ' আ'রা-ফি রিজ্বা-লাঁই
দিলে তারা বলবে, হে আমাদের রব! আমাদিগকে এ জালিমদের সাথী করো না। (৪৮) 'আ'রাফবাসীরা লক্ষণ দিয়ে

৫ ع ৮ ১২ রুকু

يَعْرِفُونَهُمْ بِسِيمَاهُمْ قَالُوا مَا أَغْنَىٰ عَنْكُمْ جَمْعُكُمْ وَمَا كُنْتُمْ تَسْتَكْبِرُونَ

ইয়া'রিফূনাহুম্ বিসীমা-হুম্ ক্বা-লূ মা ~ আগ্‌না- 'আন্‌কুম্ জ্বাম্'উকুম্ অমা-কুন্‌তুম্ তাস্‌তাক্‌বিরূন্।
যাদেরকে চিনতে সে সব ব্যক্তিদের বলবে, তোমাদের দল ও অহংকার তোমাদের কোন কাজেই আসল না।

﴿٤٩﴾ أَهَٰؤُلَاءِ الَّذِينَ أَقْسَمْتُمْ لَا يَنَالُهُمُ اللَّهُ بِرَحْمَةٍ ۚ ادْخُلُوا الْجَنَّةَ لَا خَوْفٌ

৪৯। আ হা ~ উলা — য়িল্লাযীনা আক্ব্‌সাম্‌তুম্ লা-ইয়ানা-লুহুমুল্লা-হু বিরহ্‌মাহ্; উদ্‌খুলুল্ জ্বান্নাতা লা-খাওফুন্
(৪৯) এরাই কি তারা, যাদের ব্যাপারে তোমারা শপথ করে বলতে যে, আল্লাহ এদের প্রতি রহম করবে না; তোমরা জান্নাতে

عَلَيْكُمْ وَلَا أَنْتُمْ تَحْزَنُونَ ﴿٥٠﴾ وَنَادَىٰ أَصْحَابُ النَّارِ أَصْحَابَ الْجَنَّةِ أَنْ

'আলাইকুম্ অলা ~ আন্‌তুম্ তাহ্‌যানূন্। ৫০। অনা-দা ~ আছ্‌হা-বুন্না-রি আছ্‌হা-বাল্ জ্বান্নাতি আন্
প্রবেশ কর; তোমাদের নাই কোন ভয় আর নাই কোন দুঃখ। (৫০) জাহান্নামীরা জান্নাতের অধিবাসীদের বলবে, আমাদের

أَفِيضُوا عَلَيْنَا مِنَ الْمَاءِ أَوْ مِمَّا رَزَقَكُمُ اللَّهُ ۚ قَالُوا إِنَّ اللَّهَ حَرَّمَهُمَا عَلَى

আফীদ্বূ 'আলাইনা- মিনাল্ মা — য়ি আও মিম্মা- রাযাক্বাকুমুল্লা-হ্; ক্বা-লূ ~ ইন্নাল্লা-হা হার্‌রামাহুমা- 'আলাল্
উপর কিছু পানি ঢাল বা আল্লাহ্‌র দেয়া থেকে আমাদের কিছু দাও; তারা বলবে, আল্লাহ ও দুটো কাফেরদের উপর

الْكَافِرِينَ ﴿٥١﴾ الَّذِينَ اتَّخَذُوا دِينَهُمْ لَهْوًا وَلَعِبًا وَغَرَّتْهُمُ الْحَيَاةُ الدُّنْيَا ۚ

কা-ফিরীন্। ৫১। আল্লাযীনাত্ তাখাযূ দীনাহুম্ লাহ্‌ওয়াওঁ অলা'ইবাওঁ অগার্‌রাত্‌হুমুল্ হাইয়া-তুদ্দুন্‌ইয়া -
হারাম করেছেন। (৫১) যারা স্বীয় দ্বীন্‌কে খেল-তামাসারূপে গ্রহণ করেছে এবং পার্থিব জীবন যাদেরকে ধোঁকায় রেখেছে,

فَالْيَوْمَ نَنْسَاهُمْ كَمَا نَسُوا لِقَاءَ يَوْمِهِمْ هَٰذَا وَمَا كَانُوا بِآيَاتِنَا يَجْحَدُونَ

ফাল্‌ইয়াওমা নান্‌সা-হুম্ কামা-নাসূ লিক্বা — য়া ইয়াওমিহিম্ হা-যা- অমা কা-নূ বিআ-ইয়া-তিনা- ইয়াজ্‌হাদূন।
আজ আমি তাদেরকে ভুলে যাব, যেমন তারা ভুলেছে এ দিনের সাক্ষাৎকে, আর আমার আয়াতকে অস্বীকার করত।

আয়াত-৪৯ ঃ এ বাক্যটি আ'রাফবাসীরা জান্নাতে অবস্থানরত হযরত বেলাল, সুহায়েব ও সালমান (রাঃ) প্রভৃতি দরিদ্র ও গোলাম শ্রেণীর মুসলমানদের প্রতি ইশারা করে দোযখবাসী কাফের সরদারদেরকে বলবে এবং এ কথোপকথন শেষে আ'রাফবাসীদের জান্নাতে প্রবেশের অনুমতি দেয়া হবে। (মুঃ কোঃ)

আয়াত-৫১ ঃ জান্নাতবাসীরা জান্নাতে এবং দোযখবাসীরা দোযখে নিজ নিজ ঠিকানায় পৌঁছে গেলে বাহ্যতঃ উভয় স্থানের মধ্যে সব দিক দিয়ে বিরাট ব্যবধান হবে। কিন্তু এতদ্‌সত্বেও কোরআন পাকের বহু আয়াত সাক্ষ্য দেয় যে, উভয় স্থানের মাঝখানে এমন কিছু রাস্তা থাকবে, যাতে একে অপরকে দেখতে পারবে এবং পরস্পরের মধ্যে কথা-বার্তা ও প্রশ্নোত্তর হবে। (মাঃ কোঃ)

﴿٥٢﴾ وَلَقَدْ جِئْنٰهُمْ بِكِتٰبٍ فَصَّلْنٰهُ عَلٰى عِلْمٍ هُدًى وَّرَحْمَةً لِّقَوْمٍ يُّؤْمِنُوْنَ ۞

৫২। অলাক্বাদ্ জ্বি'না-হুম্ বিকিতা-বিন্ ফাছ্ছোয়াল্না-হু 'আলা-'ইল্‌মিন্ হুদাওঁ অরহ্‌মাতাল লিক্বাওমিঁই ইয়ু'মিনূন্।

(৫২) আর, অবশ্যই আমি তাদেরকে দিয়েছি এমন কিতাব যাতে হিদায়াত ও দয়ার জ্ঞান মু'মিনদের জন্য ব্যাখ্যা করেছি।

﴿٥٣﴾ هَلْ يَنْظُرُوْنَ اِلَّا تَاْوِيْلَهٗ ؕ يَوْمَ يَاْتِيْ تَاْوِيْلُهٗ يَقُوْلُ الَّذِيْنَ نَسُوْهُ مِنْ

৫৩। হাল্ ইয়ানযুরূনা ইল্লা- তা''ওয়ীলাহ্; ইয়াওমা ইয়া''তী তা''ওয়ীলুহূ ইয়াকু্লুল্লাযীনা নাসূহু মিন্

(৫৩) তারা কি এর পরিণামের অপেক্ষায় রয়েছে ? যেদিন পরিণাম প্রকাশিত হবে সেদিন যারা পূর্বেকার কথা ভুলেছিল তারা

قَبْلُ قَدْ جَآءَتْ رُسُلُ رَبِّنَا بِالْحَقِّ ۚ فَهَلْ لَّنَا مِنْ شُفَعَآءَ فَيَشْفَعُوْا لَنَآ اَوْ نُرَدُّ

ক্বাব্‌লু ক্বাদ্ জ্বা —য়াত্ রুসুলু রব্বিনা- বিল্‌হাক্ব্; ফাহাল্ লানা-মিন্ শুফা'আ —য়া ফাইয়াশ্‌ফা'উ লানা ~ আও নুরাদ্দু

বলবে, আমাদের রবের রাসূলরা তো সত্য বাণী এনেছিলেন, কোন সুপারিশকারী কি আছে, যে সুপারিশ করবে অথবা ফিরে

فَنَعْمَلَ غَيْرَ الَّذِيْ كُنَّا نَعْمَلُ ؕ قَدْ خَسِرُوْٓا اَنْفُسَهُمْ وَضَلَّ عَنْهُمْ مَّا كَانُوْا

ফানা'মালা গাইরাল্লাযী কুন্না-না'মাল্; ক্বাদ্ খাসিরূ ~ আন্‌ফুসাহুম্ অদ্বোয়াল্লা 'আন্‌হুম্ মা-কা-নূ

যেতে দেবে যেন কৃত আমলের বিপরীত কিছু করতে পারি? তারা নিজেরাই নিজেদের ক্ষতি করেছে এবং তারা যে মিথ্যা রটনা

৬ ع ৬ ১৩ রুকু

يَفْتَرُوْنَ ﴿٥٤﴾ اِنَّ رَبَّكُمُ اللّٰهُ الَّذِيْ خَلَقَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ فِيْ سِتَّةِ اَيَّامٍ

ইয়াফ্‌তারূন্। ৫৪। ইন্না রব্বাকুমুল্লা-হুল্লাযী খালাক্বাস্ সামা-ওয়া-তি অল্ আরদ্বোয়া ফী সিত্তাতি আইয়্যা-মিন্

করত তা আজ দূরে সরে গেছে। (৫৪) নিঃসন্দেহে তোমাদের রব আল্লাহ, যিনি ছয়দিনে আকাশ ও পৃথিবী সৃষ্টি করেন;

ثُمَّ اسْتَوٰى عَلَى الْعَرْشِ ۫ يُغْشِي الَّيْلَ النَّهَارَ يَطْلُبُهٗ حَثِيْثًا ۙ وَّالشَّمْسَ

ছুম্মাস্ তাওয়া-'আলাল্ 'আরশি ইয়ুগ্‌শিল্ লাইলান্ নাহা-রা ইয়াত্বলুবুহূ হাছীছাওঁ অশ্‌শাম্‌সা

তারপর তিনি আরশে সমাসীন হন। তিনি দিন দিয়ে রাতকে ঢাকেন, যাতে একে অন্যকে দ্রুত অনুসরণ করে; আর সূর্য,

وَالْقَمَرَ وَالنُّجُوْمَ مُسَخَّرٰتٍۭ بِاَمْرِهٖ ؕ اَلَا لَهُ الْخَلْقُ وَالْاَمْرُ ؕ تَبٰرَكَ اللّٰهُ

অল্‌ক্বামারা অন্‌নুজূ্মা মুসাখ্‌খারা-তিম্ বিআম্‌রিহ্; আলা-লাহুল্ খাল্‌ক্বু অল্ আমর্; তাবা-রাকাল্লা-হু

চন্দ্র ও তারকাসমূহ যা তাঁরই আদেশের অধীন। আল্লাহ মহিমান্বিত, সমগ্র বিশ্বের রব যা তাঁরই সৃষ্টি ও তাঁরই

رَبُّ الْعٰلَمِيْنَ ﴿٥٥﴾ اُدْعُوْا رَبَّكُمْ تَضَرُّعًا وَّخُفْيَةً ؕ اِنَّهٗ لَا يُحِبُّ الْمُعْتَدِيْنَ ۞

রব্বুল্ 'আ-লামীন্। ৫৫। উদ্'উ রব্বাকুম তাদ্বোয়ার্‌রু'আওঁ অখুফ্‌ইয়াহ্, ইন্নাহূ লা-ইয়ুহিব্বুল্ মু'তাদীন্।

আদেশের অনুবর্তী। (৫৫) তোমাদের রবকে ডাক সকাতরে এবং গোপনে। তিনি জালিমদের ভালবাসেন না।

টীকা ঃ আয়াত ৫২ঃ জান্নাতবাসীদের মর্যাদা এবং আ'রাফবাসীর কথোপকথন ইত্যাদির বর্ণনা গায়বী সংবাদের অন্তর্গত। যিনি গায়েব জানেন তাঁর সংবাদ ব্যতীত বিবেকের দ্বারা তা অবগত হওয়া সম্ভব নয়। গায়েবের মালিক 'আল্লাহর' নিজেরই ঐ সংবাদসমূহ বলে দেয়া মেহেরবানীস্বরূপ। মানুষ যেন নিজের পরিণাম সম্বন্ধে জানতে পারে এবং পরকালের সফলতা অর্জনের প্রতি আগ্রহী হয়ে যায়। তাই আল্লাহ্ তা'আলা বলেছেন, হে লোক সকল। এ সমস্ত বাণীকে মূল্যহীন ভেবো না। কারণ, আমি তোমাদের নিকট এমন একটি কিতাব অর্থাৎ কোরআন মজীদ প্রেরণ করেছি যাতে ঐ সব কিছু বিস্তারিতভাবে বর্ণনা করেছি। তাতে পরকালের এ সকল অবস্থাও বর্ণিত আছে যে, হাশরে অবিশ্বাসীরা হতভাগ্য ও তাদের অন্তর অন্ধ;

﴿٥٦﴾ وَلَا تُفْسِدُوا فِي الْأَرْضِ بَعْدَ إِصْلَاحِهَا وَادْعُوهُ خَوْفًا وَطَمَعًا ۚ إِنَّ

৫৬। অলা- তুফ্সিদূ ফিল্ আরদ্বি বা'দা ইছ্লা-হিহা- অদ্'উহু খাওফাওঁ অত্বোয়ামা'আ-; ইন্না

(৫৬) আর দুনিয়ায় তোমরা শান্তির পর অশান্তি সৃষ্টি করো না ভয় ও আশা নিয়ে তোমরা তাঁকে ডাক; নিশ্চয়ই

رَحْمَتَ اللَّهِ قَرِيبٌ مِنَ الْمُحْسِنِينَ ﴿٥٧﴾ وَهُوَ الَّذِي يُرْسِلُ الرِّيحَ بُشْرًا

রহ্মাতাল্লা-হি ক্বারীবুম্ মিনাল্ মুহ্সিনীন্ ৫৭। অহুঅল্লাযী ইয়ুর্সিলুর্ রিয়া-হা বুশ্রাম্

আল্লাহর রহমত সৎকর্মশীলদের নিকটবর্তী। (৫৭) আর তিনিই স্বীয় রহমতের বৃষ্টি বর্ষণের পূর্বে বাতাসকে সুসংবাদদাতা

بَيْنَ يَدَيْ رَحْمَتِهِ ۖ حَتَّىٰ إِذَا أَقَلَّتْ سَحَابًا ثِقَالًا سُقْنَاهُ لِبَلَدٍ مَيِّتٍ فَأَنْزَلْنَا

বাইনা ইয়াদাই রহ্মাতিহ্; হাত্তা ~ ইযা ~ আক্বাল্লাত্ সাহা-বান্ ছিক্বা-লান্ সুক্ব্না-হু লিবালাদিম্ মাইয়্যিতিন্ ফাআন্যাল্না-

হিসেবে প্রেরণ করেন; শেষে যখন তা ভারী মেঘ বহন করে আসে তখন ঐ মেঘমালাকে নির্জীব ভূখণ্ডের দিকে পাঠাই;

بِهِ الْمَاءَ فَأَخْرَجْنَا بِهِ مِنْ كُلِّ الثَّمَرَاتِ ۚ كَذَٰلِكَ نُخْرِجُ الْمَوْتَىٰ لَعَلَّكُمْ

বিহিল মা — য়া ফাআখ্ রাজ্ না-বিহী মিন্ কুল্লিছ্ ছামারা-ত্; কাযা-লিকা নুখ্রিজুল মাওতা- লা'আল্লাকুম্

পরে তা হতে বৃষ্টি বর্ষণ করি; অতঃপর তা দিয়ে সর্বপ্রকার ফল ফলাই; এভাবে আমি মৃতকে জীবিত করে উঠাব, যেন তোমরা

تَذَكَّرُونَ ﴿٥٨﴾ وَالْبَلَدُ الطَّيِّبُ يَخْرُجُ نَبَاتُهُ بِإِذْنِ رَبِّهِ ۖ وَالَّذِي خَبُثَ

তাযাক্কারূন্। ৫৮। অল্ বালাদুত্ব্ ত্বোয়াইয়্যিবু ইয়াখ্রুজু নাবা-তুহূ বিইয্নি রব্বিহী অল্লাযী খাবুছা

তা থেকে উপদেশ গ্রহণ কর। (৫৮) আর রবের নির্দেশে উত্তম ভূমিতে ফসল উৎপন্ন হয় এবং নিকৃষ্ট ভূমিতে

৭ ع ৫ 14 রুকু

لَا يَخْرُجُ إِلَّا نَكِدًا ۚ كَذَٰلِكَ نُصَرِّفُ الْآيَاتِ لِقَوْمٍ يَشْكُرُونَ ﴿٥٩﴾ لَقَدْ أَرْسَلْنَا

লা-ইয়াখ্রুজু ইল্লা- নাকিদা-; কাযা-লিকা নুছোয়ার্রিফুল্ আ-ইয়া-তি লিক্বাওমিইঁ ইয়াশ্কুরূন্। ৫৯। লাক্বাদ্ আরসাল্না-

খুব কম ফসল উৎপন্ন হয়; নিশ্চয়ই আমি এভাবে কৃতজ্ঞদের জন্য আয়াত বর্ণনা করি। (৫৯) নূহ্কে তার কাওমের

نُوحًا إِلَىٰ قَوْمِهِ فَقَالَ يَا قَوْمِ اعْبُدُوا اللَّهَ مَا لَكُمْ مِنْ إِلَٰهٍ غَيْرُهُ ۖ إِنِّي

নূহান্ ইলা-ক্বাওমিহী ফাক্ব-লা ইয়া-ক্বাওমি'বুদুল্লা-হা মা-লাকুম্ মিন্ ইলা-হিন গাইরুহ্ ; ইন্নী ~

নিকট প্রেরণ করেছি, তিনি বলেছেন, হে কাওম! আল্লাহ্র ইবাদাত কর, তিনি ছাড়া তোমাদের কোন ইলাহ্ নেই;

أَخَافُ عَلَيْكُمْ عَذَابَ يَوْمٍ عَظِيمٍ ﴿٦٠﴾ قَالَ الْمَلَأُ مِنْ قَوْمِهِ إِنَّا لَنَرَاكَ فِي

আখা-ফু 'আলাইকুম্ 'আযা-বা ইয়াওমিন্ 'আজীম্। ৬০। ক্বা-লাল্ মালাউ মিন্ ক্বাওমিহী ~ ইন্না-লানারা-কা ফী

আমি তোমাদের উপর কঠিন দিনের শাস্তির ভয় করি। (৬০) তাঁর কাওমের সর্দাররা বলল, আমরা তোমাকে স্পষ্ট

আর তাঁরাই ভাগ্যবান যার ওতে বিশ্বাস করে এবং এ কিতাবকে পথ প্রদর্শক ও রহমতের উপায় ভেবে তার কল্যাণের অংশীদার হয় এবং তার কোন অংশেই সন্দেহভাজন হয় না। অবিশ্বাসীদেরকে বহুবার বলা হয়েছে যে, ইহকালীন নেয়ামত ও আমোদ-প্রমোদ বর্জন করে তোমাদেরকে অন্য জগতে পাড়ি দিতে হবে। সেখানে আপন কৃত কর্মের পুরস্কার ও শাস্তি ভোগের জন্য মরণোত্তর পুনরায় জীবিত করা হবে। তখন হতভাগ্যদের ইহকালের নেয়ামতের পরিবর্তে কন্টক, শীতল পানির পরিবর্তে উষ্ণ পানি পান করানো হবে এবং শিখায়িত আগুনে তাদেরকে দগ্ধিভূত হতে হবে। কিন্তু তারা এর প্রতি ভ্রূক্ষেপও করে নি এবং আরও বলে যে, যখন ঐসব কিছু প্রত্যক্ষ করব তখনই মানব। আলোচ্য আয়াতে তাদের এ উক্তির প্রতি ইঙ্গিত করা হয়েছে।

ضَلٰلٍ مُّبِيۡنٍ ﴿٦١﴾ قَالَ يٰقَوۡمِ لَيۡسَ بِىۡ ضَلٰلَةٌ وَّلٰكِنِّىۡ رَسُوۡلٌ مِّنۡ رَّبِّ الۡعٰلَمِيۡنَ

দোয়ালা-লিম্ মুবীন্।৬১। ক্বা-লা ইয়া-ক্বওমি লাইসা বী দ্বোয়ালা-লাতুওঁ অলা-কিন্নী রাসূলুম্ মির্ রব্বিল্ 'আ-লামীন্।
ভ্রান্তিতে দেখছি। (৬১) বললেন, হে আমার কাওম! আমি বিপথে নই, আমি তো বিশ্ব- প্রতিপালকের রাসূল।

﴿٦٢﴾ اُبَلِّغُكُمۡ رِسٰلٰتِ رَبِّىۡ وَاَنۡصَحُ لَكُمۡ وَاَعۡلَمُ مِنَ اللّٰهِ مَا لَا تَعۡلَمُوۡنَ ﴿٦٣﴾ اَوَ

৬২। উবাল্লিগুকুম্ রিসা-লা-তি রব্বী অ আন্‌ছোয়াহু লাকুম্ অআ'লামু মিনাল্লা-হি মা-লা-তা'-লামূন্। ৬৩। আও
(৬২) আমি রবের বাণী পৌঁছাই ও সদুপদেশ দেই, এবং আমি আল্লাহর পক্ষ হতে যা জানি, তোমরা তা জান না। (৬৩) তোমরা

عَجِبۡتُمۡ اَنۡ جَآءَكُمۡ ذِكۡرٌ مِّنۡ رَّبِّكُمۡ عَلٰى رَجُلٍ مِّنۡكُمۡ لِيُنۡذِرَكُمۡ

'আজিব্‌তুম্ আন্ জ্বা — য়াকুম্ যিক্‌রুম্ মির্ রব্বিকুম্ 'আলা-রাজ্বু_লিম্ মিন্‌কুম্ লিইয়ুন্‌যিরাকুম্
কি বিস্মিত হচ্ছ যে, রবের পক্ষ হতে তোমাদের একজনের মাধ্যমে তোমাদের কাছে উপদেশ এসেছে? যেন সতর্ক করেন

وَلِتَتَّقُوۡا وَلَعَلَّكُمۡ تُرۡحَمُوۡنَ ﴿٦٤﴾ فَكَذَّبُوۡهُ فَاَنۡجَيۡنٰهُ وَالَّذِيۡنَ مَعَهٗ فِى الۡفُلۡكِ

অলিতাত্তাক্বূ_ অলা'আল্লাকুম্ তুর্‌হামূন। ৬৪। ফাকায্‌যাবূহু ফাআন্‌জ্বাইনা-হু অল্লাযীনা মা'আহূ ফিল্‌ফুল্‌কি
আর তোমরা সতর্ক হও এবং রহমত পাও। (৬৪) তারা তাঁকে মিথ্যাবাদী বলে, আমি তখন তাঁকে এবং তাঁর নৌকার

৮ ع ৬ ১৫ রুকু

وَاَغۡرَقۡنَا الَّذِيۡنَ كَذَّبُوۡا بِاٰيٰتِنَا ؕ اِنَّهُمۡ كَانُوۡا قَوۡمًا عَمِيۡنَ ﴿٦٥﴾ وَاِلٰى عَادٍ

অআগ্‌রাক্বূ_নাল্ লাযীনা কায্‌যাবূ বিআ-ইয়া-তিনা-; ইন্নাহুম্ কা-নূ ক্বাওমান্ 'আমীন্। ৬৫। অইলা- 'আ-দিন্
সঙ্গীদের উদ্ধার করি আর যারা অস্বীকার করেছিল আমার আয়াতকে, তাদেরকে ডুবিয়েছি, তারা ছিল অন্ধ জাতি। (৬৫) আমি আদ

اَخَاهُمۡ هُوۡدًا ؕ قَالَ يٰقَوۡمِ اعۡبُدُوا اللّٰهَ مَا لَكُمۡ مِّنۡ اِلٰهٍ غَيۡرُهٗ ؕ اَفَلَا تَتَّقُوۡنَ

আখা-হুম্ হূদা-; ক্বা-লা ইয়া-ক্বওমি'বুদুল্লা-হা মা- লাকুম্ মিন্ ইলা-হিন্ গাইরুহ্; আফালা-তাত্তাক্বূ_ন্।
জাতির কাছে তাদের ভাই হুদকে পাঠালাম, তিনি বললেন, হে কওম আল্লাহ্‌র ইবাদাত কর, তিনি ছাড়া ইলাহ্ নেই; সুতরাং তোমরা কি সতর্ক হবে না?

﴿٦٦﴾ قَالَ الۡمَلَاُ الَّذِيۡنَ كَفَرُوۡا مِنۡ قَوۡمِهٖۤ اِنَّا لَنَرٰٮكَ فِىۡ سَفَاهَةٍ وَّاِنَّا لَنَظُنُّكَ

৬৬। ক্বা-লাল্ মালাউল্লাযীনা কাফারূ মিন্ কওমিহী ~ ইন্না-লানারা-কা ফী সাফা-হাতিওঁ অইন্না-লানাজুন্নু_কা
(৬৬) তাঁর কাওমের কাফের প্রধানরা বলল, আমরা তোমাকে নির্বোধ দেখছি এবং নিশ্চয়ই তোমাকে আমরা

مِنَ الۡكٰذِبِيۡنَ ﴿٦٧﴾ قَالَ يٰقَوۡمِ لَيۡسَ بِىۡ سَفَاهَةٌ وَّلٰكِنِّىۡ رَسُوۡلٌ مِّنۡ رَّبِّ الۡعٰلَمِيۡنَ

মিনাল্ কা-যিবীন্।৬৭। ক্বা-লা ইয়া-ক্বওমি লাইসা বী সাফা-হাতুওঁ অলা-কিন্নী রাসূলুম্ মির্ রব্বিল্ 'আ-লামীন্।
মিথ্যাবাদী মনে করি। (৬৭) সে বলল, হে আমার কাওম! আমি নির্বোধ নই বরং আমি একজন রাসূল বিশ্ব-রবের।

আয়াত-৬৫ ঃ হযরত হূদ (আঃ) ছিলেন আ'দ জাতিরই একজন। আল্লাহ্ তাআ'লা তাকে আ'দ জাতির নিকট নবী করে পাঠান। আ'দ সম্প্রদায়ের তেরটি পরিবার ছিল। আম্মান হতে শুরু করে হাযরামাওত ও ইয়ামেন পর্যন্ত তাদের বসতি ছিল। তাদের ক্ষেত-খামারগুলো অত্যন্ত সজীব ও শস্য-শ্যামল ছিল। সব রকম বাগান ছিল। তারা হযরত হূদ (আঃ) এর দাওয়াত প্রত্যাখ্যান করায় আল্লাহ পাক তাদের উপর আযাব নাযিল করেন। প্রথমতঃ তিন বছর পর্যন্ত উপর্যুপরি বৃষ্টি বন্ধ থাকে। তাদের শস্যক্ষেত্র শুষ্ক বালুকাময় মরুভূমিতে পরিণত হয়। অতঃপর আট দিন সাত রাত পর্যন্ত তাদের উপর প্রবল ঘূর্ণিঝড়ের আযাব বইতে থাকে। মানুষ ও জীব-জন্তু শূন্যে উড়তে থাকে। এভাবে আ'দ জাতিকে সমূলে ধ্বংস করে দেয়া হয়। (মাঃ কোঃ)

﴿٦٨﴾ أُبَلِّغُكُمْ رِسٰلٰتِ رَبِّيْ وَاَنَا لَكُمْ نَاصِحٌ اَمِيْنٌ ﴿٦٩﴾ اَوَعَجِبْتُمْ اَنْ جَآءَكُمْ

৬৮। উবাল্লিগুকুম্ রিসা-লাতি রব্বী অ আনা লাকুম্ না-ছিহুন্ আমীন্। ৬৯। আওআজিব্তুম্ আন্ জ্বা — য়াকুম্
(৬৮) আমি রবের বাণী তোমাদের কাছে পৌছাই, আমি বিশ্বস্ত উপদেশদানকারী। (৬৯) তোমরা কি আশ্চর্য হচ্ছ যে, তোমাদের

ذِكْرٌ مِّنْ رَّبِّكُمْ عَلٰى رَجُلٍ مِّنْكُمْ لِيُنْذِرَكُمْ ۚ وَاذْكُرُوْٓا اِذْ جَعَلَكُمْ

যিক্রুম্ মির্ রব্বিকুম্ 'আলা-রাজু্লিম্ মিন্কুম্ লিইয়ুন্যিরাকুম্; অয্কুরূ ~ ইয্ জ্বা'আলাকুম্
কাছে তোমাদের একজনের মাধ্যমে রবের তরফ থেকে সতর্ক করণার্থে উপদেশ এসেছে? আর স্মরণ কর, তিনি তোমাদেরকে

خُلَفَآءَ مِنْ بَعْدِ قَوْمِ نُوْحٍ وَّزَادَكُمْ فِى الْخَلْقِ بَصْۜطَةً ۚ فَاذْكُرُوْٓا اٰلَآءَ اللّٰهِ

খুলাফা — য়া মিম্ বা'দ্বি ক্বওমি নূহিঁও অযা-দাকুম্ ফিল্ খাল্ক্বি বাছ্ত্বোয়াতান্ ফায্কুরূ ~ আ-লা — য়াল্লা-হি
নূহ্ জাতির পরে তাদের স্থলাভিষিক্ত করেছেন এবং স্বাস্থ্যবান করেছেন. অতএব তোমরা আল্লাহ্র নিয়ামত স্মরণ রাখ,

لَعَلَّكُمْ تُفْلِحُوْنَ ﴿٧٠﴾ قَالُوْٓا اَجِئْتَنَا لِنَعْبُدَ اللّٰهَ وَحْدَهٗ وَنَذَرَ مَا كَانَ يَعْبُدُ

লা'আল্লাকুম্ তুফ্লিহূন্। ৭০। ক্বা-লূ ~ আজ্বি''তানা-লিনা'বুদাল্লা-হা অহ্দাহূ অ নাযারা মা- কা-না ইয়া'বুদু
যেন সফলকাম হও। (৭০) তারা বলল, তুমি কি এসেছ, যেন আমরা আল্লাহ্র ইবাদাত করি আর বাপ-দাদারা যার

اٰبَآؤُنَا ۚ فَاْتِنَا بِمَا تَعِدُنَآ اِنْ كُنْتَ مِنَ الصّٰدِقِيْنَ ﴿٧١﴾ قَالَ قَدْ وَقَعَ

আ-বা — উনা-; ফা'তিনা- বিমা- তা'ইদুনা ~ ইন্ কুন্তা মিনাছ্ ছোয়া-দিক্বীন্। ৭১। ক্বা-লা ক্বদ্ অক্বা'আ
এবাদাত করত তা ছেড়ে দেই? সত্যবাদী হলে যার ভয় দেখাচ্ছ তা নিয়ে আস্। (৭১) তিনি বললেন, রবের শাস্তি

عَلَيْكُمْ مِّنْ رَّبِّكُمْ رِجْسٌ وَّغَضَبٌ ۗ اَتُجَادِلُوْنَنِيْ فِيْٓ اَسْمَآءٍ سَمَّيْتُمُوْهَآ

'আলাইকুম্ মির্ রব্বিকুম্ রিজ্স্ুঁও অগাদ্বোয়াব্; আতুজ্বা-দিলূনানী ফী ~ আস্মা — য়িন্ সাম্মাইতুমূহা ~
ও ক্রোধ তোমাদের উপর পতিত, তবে কি তোমরা আমার সঙ্গে এমন বিষয় নিয়ে তর্ক কর যা তোমাদের পিতৃপুরুষরা

اَنْتُمْ وَاٰبَآؤُكُمْ مَّا نَزَّلَ اللّٰهُ بِهَا مِنْ سُلْطٰنٍ ۗ فَانْتَظِرُوْٓا اِنِّيْ مَعَكُمْ مِّنَ

আন্তুম্ অ আ-বা — উকুম্ মা-নায্যালাল্লা-হু বিহা-মিন্ সুলত্বোয়া-ন্; ফান্তাজিরূ ~ ইন্নী মা'আকুম্ মিনাল্
রেখে গেছে, যে সম্বন্ধে আল্লাহ্ না কোন সনদ পাঠিয়েছেন? সুতরাং প্রতীক্ষা কর, আমিও তোমাদের সাথে প্রতীক্ষা

الْمُنْتَظِرِيْنَ ﴿٧٢﴾ فَاَنْجَيْنٰهُ وَالَّذِيْنَ مَعَهٗ بِرَحْمَةٍ مِّنَّا وَقَطَعْنَا دَابِرَ الَّذِيْنَ كَذَّبُوْا

মুন্তাজিরীন্। ৭২। ফাআন্জ্বাইনা-হু অল্লাযীনা মা'আহূ বিরহ্মাতিম্ মিন্না-অক্বাত্বোয়া'না- দা-বিরাল্লাযীনা কায্যাবূ
করছি। (৭২) অবশেষে তাঁকে ও তাঁর সঙ্গীদেরকে স্বীয় অনুগ্রহে রক্ষা করেছি, আর যারা আমার আয়াতকে অস্বীকার করেছে

আয়াত-৬৮ ঃ সত্যিকারের হিতৈষী এ জন্যই যে, তৌহীদ ও ঈমানের মধ্যে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে তোমাদেরই কল্যাণ রয়েছে, যা তিনি তোমাদেরকে নিঃস্বার্থভাবে শিক্ষা দিচ্ছেন। কাফেররা হযরত হুদ (আঃ)-এর নবুওয়াত এ জন্যই অস্বীকার করত যে, তাদের বিশ্বাস ছিল মানুষ কখনও নবী হতে পারে না। হযরত হুদ (আঃ) তাদের এ ধারণা রদ কল্পে বলেছেন, তোমরা এতে বিস্ময়বোধ কর না যে, তোমাদের নিকট তোমাদের প্রতিপালকের পক্ষ হতে কোন ঐশী-বাণী সমাগত হয়েছে একজন মানুষের মাধ্যমে, যেন তিনি তোমাদেরকে আল্লাহ্র আযাব হতে ভয় প্রদর্শন করেন, কারণ এটা কোন আশ্চর্যের বিষয় নয়। মানুষ হওয়া নবী হওয়ার খেলাপ কখনও নয়।

بِاٰيٰتِنَا وَمَا كَانُوْا مُؤْمِنِيْنَ ﴿٧٣﴾ وَاِلٰى ثَمُوْدَ اَخَاهُمْ صٰلِحًا ۘ قَالَ يٰقَوْمِ اعْبُدُوا

বিআ-ইয়া-তিনা- অমা-কা-নূ মু'মিনীন্। ৭৩। অইলা-ছামূদা আখা-হুম্ ছোয়া-লিহা- । ক্বা-লা ইয়া-ক্বওমি'বুদু

এবং মুমিন ছিল না তাদেরকে উৎখাত করেছি (৭৩) আর সামূদ জাতির কাছে পাঠিয়েছি সালেহকে, তিনি বললেন, হে কাওম!

اللّٰهَ مَا لَكُمْ مِّنْ اِلٰهٍ غَيْرُهٗ ؕ قَدْ جَآءَتْكُمْ بَيِّنَةٌ مِّنْ رَّبِّكُمْ ؕ هٰذِهٖ نَاقَةُ اللّٰهِ

ল্লা-হা মা-লাকুম্ মিন্ ইলা-হিন্ গাইরুহ্; ক্বদ্ জ্বা — য়াত্কুম্ বাইয়্যিনাতুম্ মির্ রব্বিকুম্; হা-যিহী না-ক্বাতুল্লা-হি

আল্লাহ্র ইবাদাত কর, তিনি ছাড়া ইলাহ্ নাই, রবের পক্ষ হতে তোমাদের কাছে স্পষ্ট আয়াত এসেছে, এটা আল্লাহ্র উষ্ট্রী,

لَكُمْ اٰيَةً فَذَرُوْهَا تَاْكُلْ فِيْۤ اَرْضِ اللّٰهِ وَلَا تَمَسُّوْهَا بِسُوْٓءٍ فَيَاْخُذَكُمْ

লাকুম্ আ-ইয়াতান্ ফাযারূহা-তা''কুল্ ফী ~ আর্দ্বিল্লা-হি অলা- তামাস্সূহা-বিস্সূ — য়িন্ ফাইয়া''খুযাকুম্

তোমাদের জন্য নিদর্শন; আল্লাহ্র যমীনে ছেড়ে দাও যেন খেয়ে বেড়ায়, কুমতলবে স্পর্শ কর না, করলে তোমাদেরকে

عَذَابٌ اَلِيْمٌ ﴿٧٤﴾ وَاذْكُرُوْۤا اِذْ جَعَلَكُمْ خُلَفَآءَ مِنْۢ بَعْدِ عَادٍ وَّبَوَّاَكُمْ فِي

'আযা-বুন্ আলীম্। ৭৪। অয্কুরূ ~ ইয্ জ্বা'আলাকুম্ খুলাফা — য়া মিম্ বা'দি 'আ-দিওঁ অ বাওয়্যায়াকুম্ ফিল্

মর্মন্তুদ শাস্তি পেতে হবে। (৭৪) আর স্মরণ কর 'আদ জাতির পর তোমাদেরকে তিনি তাদের স্থালাভিষিক্ত করেছেন, দুনিয়ার

الْاَرْضِ تَتَّخِذُوْنَ مِنْ سُهُوْلِهَا قُصُوْرًا وَّتَنْحِتُوْنَ الْجِبَالَ بُيُوْتًا ۚ فَاذْكُرُوْۤا

আর্দ্বি তাত্তাখিযূনা মিন্ সুহূলিহা-ক্বু ছূরাওঁ অতান্হিতূনাল্ জ্বিবা-লা বুইয়ূতান্ ফায্কুরূ ~

বুকে আবাদ করেছেন, তোমরা মাটি দিয়ে প্রাসাদ নির্মাণ করেছ, পাহাড় কেটে বাসগৃহ নির্মাণ করেছ। অতএব তোমরা

اٰلَآءَ اللّٰهِ وَلَا تَعْثَوْا فِي الْاَرْضِ مُفْسِدِيْنَ ﴿٧٥﴾ قَالَ الْمَلَاُ الَّذِيْنَ اسْتَكْبَرُوْا

আ-লা — য়াল্লা-হি অলা-তা'ছাও ফিল্ আর্দ্বি মুফ্সিদীন্। ৭৫। ক্বা-লাল্ মালাউল্ লাযীনাস্ তাক্বারূ

আল্লাহ্র নিয়ামত স্মরণ কর, যমীনে বিপর্যয় সৃষ্টি কর না। (৭৫) তার দলের অহংকারী সর্দাররা তাদের কাওমের সব

مِنْ قَوْمِهٖ لِلَّذِيْنَ اسْتُضْعِفُوْا لِمَنْ اٰمَنَ مِنْهُمْ اَتَعْلَمُوْنَ اَنَّ صٰلِحًا مُّرْسَلٌ

মিন্ ক্বওমিহী লিল্লাযীনাস্ তুদ্ব'ইফূ লিমান্ আ-মানা মিন্ হুম্ আতা'লামূনা আন্না ছোয়া-লিহাম্ মুর্সালুম্

দরিদ্র লোকদের মধ্যে যারা ঈমান এনেছিল,তাদেরকে বলল, তোমরা কি জান যে, সালেহ তার রবের প্রেরিত? তারা

مِّنْ رَّبِّهٖ ؕ قَالُوْۤا اِنَّا بِمَاۤ اُرْسِلَ بِهٖ مُؤْمِنُوْنَ ﴿٧٦﴾ قَالَ الَّذِيْنَ اسْتَكْبَرُوْۤا اِنَّا

মির্ রব্বিহ্; ক্বা-লূ ~ ইন্না- বিমা ~ উরসিলা বিহী- মু'মিনূন্। ৭৬। ক্ব-লাল্লাযীনাস্ তাক্বারূ ~ ইন্না-

বলল, যা নিয়ে সে প্রেরিত, আমরা তাঁর প্রতি ঈমান এনেছি । (৭৬) অহংকারীরা বলল, যার প্রতি তোমরা ঈমান

আয়াত-৭৪ ঃ আলোচ্য আয়াতসমূহ হতে কতিপয় মৌলিক ও শাখাগত মাসআলা জানা যায়। এক ঃ দ্বীনের মূল বিশ্বাসসমূহে সব পয়গাম্বরই একমত। সকল পয়গম্বরেরই দাওয়াত ছিল এক আল্লাহর ইবাদত করা এবং এর বিরোধীতা করার কারণে ইহকাল ও পরকালের শাস্তির ভয় প্রদর্শন করা। দুই ঃ পূর্ববর্তী উম্মতদের ইতিহাস হতে জানা যায় যে, গোত্রের অধিকাংশ বিত্তশালী ও প্রধানরা পয়গাম্বরদের দাওয়াত প্রত্যাখান করেছে ফলে তারা ইহাকালেও ধ্বংস হয়েছে এবং পরকালেও শাস্তির যোগ্য হয়েছে। তিন ঃ আল্লাহর নেয়া'মতসমূহ দুনিয়াতে কাফেরদেরকেও দান করা হয়। চার ঃ সুউচ্চ প্রাসাদ ও বৃহদাকার অট্টালিকা নির্মাণ করাও আল্লাহর নেয়া'মত ও বৈধ। (মাঃ কোঃ)

بِالَّذِىْٓ اٰمَنْتُمْ بِهٖ كٰفِرُوْنَ ﴿٧٧﴾ فَعَقَرُوا النَّاقَةَ وَعَتَوْا عَنْ اَمْرِ رَبِّهِمْ وَقَالُوْا

বিল্লাযী ~ আ-মান্‌তুম্ বিহী কা-ফিরূন্। ৭৭। ফা'আক্বারুন্ না-ক্বাতা অ'আতাও 'আন্ আম্‌রি রব্বিহিম্ অক্বা-লূ
এনেছ আমরা তার অমান্যকারী। (৭৭) অতঃপর তারা উষ্ট্রীটিকে হত্যা করল এবং রবের নির্দেশ অমান্য করে বলল,

يٰصٰلِحُ ائْتِنَا بِمَا تَعِدُنَآ اِنْ كُنْتَ مِنَ الْمُرْسَلِيْنَ ﴿٧٨﴾ فَاَخَذَتْهُمُ الرَّجْفَةُ فَاَصْبَحُوْا

ইয়া-ছোয়া-লিহু''তিনা-বিমা-তা'ইদুনা ~ ইন্ কুন্‌তা মিনাল্ মুর্‌সালীন্। ৭৮। ফাআখাযাত্‌হুমুর্ রাজ্‌ফাতু ফাআছ্‌বাহূ
হে সালেহ! তুমি রাসূল হয়ে থাকলে যার ভয় তুমি আমাদেরকে দেখাচ্ছ তা এনে দেখাও। (৭৮) অতঃপর তারা ভূমিকম্পে পতিত হয়,

فِىْ دَارِهِمْ جٰثِمِيْنَ ﴿٧٩﴾ فَتَوَلّٰى عَنْهُمْ وَقَالَ يٰقَوْمِ لَقَدْ اَبْلَغْتُكُمْ رِسَالَةَ رَبِّىْ وَ

ফী দা-রিহিম্ জ্বা-ছিমীন্।৭৯। ফাতাঅল্লা 'আন্‌হুম্ অক্বা-লা ইয়া-ক্বওমি লাক্বাদ্ আব্‌লাগ্‌তুকুম্ রিসা-লাতা রব্বী অ
ফলে স্বীয় গৃহেই তারা উপুড় হয়ে পড়ে রইল। (৭৯) অতঃপর তিনি তাদের কাছ হতে ফিরে বললেন, হে জাতি! আমি রবের বাণী তোমাদের কাছে পৌঁছেয়েছি

نَصَحْتُ لَكُمْ وَلٰكِنْ لَّا تُحِبُّوْنَ النّٰصِحِيْنَ ﴿٨٠﴾ وَلُوْطًا اِذْ قَالَ لِقَوْمِهٖٓ

নাছোয়াহ্‌তু লাকুম্ অলা-কিল্ লা-তুহিব্বূনান্ না-ছিহীন্। ৮০। অলূত্বোয়ান্ ইয্ ক্বা-লা লিক্বাওমিহী ~
'আর উপদেশ দিয়েছি, কিন্তু তোমরা উপদেশকারীদের ভাল জান না। (৮০) আর আমি লূতকেও পাঠিয়েছি। তিনি তার

اَتَاْتُوْنَ الْفَاحِشَةَ مَا سَبَقَكُمْ بِهَا مِنْ اَحَدٍ مِّنَ الْعٰلَمِيْنَ ﴿٨١﴾ اِنَّكُمْ لَتَاْتُوْنَ

আতা''তূ নাল্ ফা-হিশাতা মা- সাবাক্বাকুম্ বিহা-মিন্ আহাদিম্ মিনাল্ 'আ-লামীন্। ৮১। ইন্নাকুম্ লাতা''তূনার্
কাওমকে বললেন, তোমরা কি এমন দুষ্কর্ম কর যা তোমাদের পূর্বে এ বিশ্বে কেউই করে নি। (৮১) তোমরা তো যৌন

الرِّجَالَ شَهْوَةً مِّنْ دُوْنِ النِّسَآءِ ؕ بَلْ اَنْتُمْ قَوْمٌ مُّسْرِفُوْنَ ﴿٨٢﴾ وَمَا كَانَ

রিজ্বা-লা শাহ্‌অতাম্ মিন্ দূনিন্ নিসা —ই; বাল্ আন্‌তুম্ ক্বাওমুম্ মুস্‌রিফূন্। ৮২। অমা- কা-না
ক্ষুধা নিবারণের জন্য নারীর স্থলে পরুষ গ্রহণ কর, তোমরা বড়ই সীমালংঘনকারী। (৮২) আর তাঁর সম্প্রদায়

جَوَابَ قَوْمِهٖٓ اِلَّآ اَنْ قَالُوْٓا اَخْرِجُوْهُمْ مِّنْ قَرْيَتِكُمْ ۚ اِنَّهُمْ اُنَاسٌ يَّتَطَهَّرُوْنَ ☆

জ্বাঅ-বা ক্বওমিহী ~ ইল্লা ~ আন্ ক্বা-লূ ~ আখ্‌রিজূহুম্ মিন্ ক্বর্‌ইয়াতিকুম্, ইন্নাহুম্ উনা-সুইঁ ইয়াতাত্বোয়াহ্‌হারূন্।
এ ছাড়া কোন উত্তরই দিতে পারল না যে, তাঁরা বলল, এদেরকে বের কর, তোমাদের এলাকা হতে। এরা পবিত্র লোক হতে চায়।

﴿٨٣﴾ فَاَنْجَيْنٰهُ وَاَهْلَهٗٓ اِلَّا امْرَاَتَهٗ ۖؗ كَانَتْ مِنَ الْغٰبِرِيْنَ ﴿٨٤﴾ وَاَمْطَرْنَا

৮৩। ফাআন্‌জ্বাইনা-হু অআহ্‌লাহূ ~ ইল্লাম্‌রায়াতাহূ কা-নাত্ মিনাল্ গা-বিরীন্। ৮৪। অআম্‌ত্বোয়ার্‌না
(৮৩) তাঁর স্ত্রী ছাড়া তাঁকে ও তাঁর পরিবারকে উদ্ধার করলাম, স্ত্রী ছিল ভ্রষ্টদের একজন। (৮৪) আমি তাদের উপর-

আয়াত-৭৯ ঃ সালেহ (আঃ) তাঁর জাতির কাফেরদেরকে পূর্ব হতেই আযাবের ব্যাপারে সাবধান করেছিলেন। বৃহস্পতিবার ভোরে সালেহ (আঃ)-এর কথানুযায়ী সকলের মুখমণ্ডল গভীর হলুদ রঙ ধারণ করল। দ্বিতীয় দিন ভবিষ্যদ্বাণী অনুযায়ী সকলের মুখমণ্ডল লাল এবং তৃতীয় দিন ঘোর কাল হয়ে গেল। এ কাহিনী কোরআন পাকে বর্ণিত হয়েছে। (মাঃ কোঃ, কাঃ আঃ)

আয়াত-৮০ ঃ লুত (আঃ)-কে আল্লাহ তাআ'লা নবুয়্যত দান করে জর্দান ও বায়তুল মুকাদ্দাসের মধ্যবর্তী সামূদের অধিবাসীদের হেদায়েতের জন্য পাঠান। তারা আল্লাহর অজস্র নেয়া'মত লাভ করার পর সমকামিতার ন্যায় জঘন্য পাপে লিপ্ত হয়। এ কারণে আল্লাহর আদেশে জিবরাঈল (আঃ) তাদের গোটা শহরকে উল্টিয়ে দেন। আল্লাহর আযাব আসার পূর্বেই লুত (আঃ) ও তাঁর অনুসারীদেরকে দেশ ত্যাগের নির্দেশ দেন। (মাঃ কোঃ)

১০ ع ১২ ১৭ রুকু

عَلَيْهِم مَّطَرًا ۖ فَانظُرْ كَيْفَ كَانَ عَاقِبَةُ الْمُجْرِمِينَ ﴿٨٥﴾ وَإِلَىٰ مَدْيَنَ أَخَاهُمْ

আল্লাহ ছাড়া তোমাদের কোন বন্ধু নেই, সাহায্যও পাবে না। (১১৪) নামায কায়েম করবে দিনের দু প্রান্তে ও রাতের একাংশে;

الليل إن الحسنت يذهبن السيئات ذلك ذكرى للذكرين ﴿١١٥﴾ واصبر

লাইল্; ইন্নাল্ হাসানা-তি ইয়ুয্হিব্নাস্ সাইয়িয়া-ত্; যা-লিকা যিক্র-লিয্যা-কিরীন্। ১১৫। অছ্বির্

পুণ্য অবশ্যই পাপকে মিটায়; এটি একটি উপদেশ, যারা উপদেশ গ্রহণ করে তাদের জন্য। (১১৫) ধৈর্য অবলম্বন কর,

فإن الله لا يضيع أجر المحسنين ﴿١١٦﴾ فلولا كان من القرون من قبلكم

ফাইন্নাল্লা-হা লা-ইয়ুদ্বী'উআজ্র্ রাল্ মুহ্সিনীন্। ১১৬। ফালাওলা কা-না মিনাল্ ক্বুরূনি মিন্ ক্বব্লিকুম্

আল্লাহ সৎকর্মশীলদের শ্রমের ফল বিনষ্ট করেন না। (১১৬) তোমাদের পূর্বযুগে যাদের রক্ষা করেছিলাম, তাদের সাথে

أولوا بقية ينهون عن الفساد في الأرض إلا قليلا ممن أنجينا منهم

উলূবাক্বিয়াতিঁ ইয়ান্হাওনা 'আনিল্ ফাসা-দি ফীল্ আর্দ্বি ইল্লা-ক্বালীলাম্ মিম্মান্ আন্জ্বাইনা-মিনহুম্

অবস্থানকারী গুটিকতক ছাড়া এমন কোন সৎকর্মশীল ছিল না যারা যমীনে ফাসাদ সৃষ্টি করতে বাধা প্রদান করত;

وَاتَّبَعَ الَّذِينَ ظَلَمُوا مَا أُتْرِفُوا فِيهِ وَكَانُوا مُجْرِمِينَ ۝١١٦ وَمَا كَانَ رَبُّكَ

অত্তাবা'আ ল্লাযীনা জোয়ালামূ মা ~ উত্রিফূ ফীহি অ কা-নূ মুজ্ রিমীন্। ১১৭। অমা-কা-না রব্বুকা

বরং জালিমরা তো যাতে আরাম-আয়েশ পেত তারই অণুসরণ করত; ওরাই অপরাধী। (১১৭) আপনার রব জনপদ

لِيُهْلِكَ الْقُرَىٰ بِظُلْمٍ وَأَهْلُهَا مُصْلِحُونَ ۝١١٧ وَلَوْ شَاءَ رَبُّكَ لَجَعَلَ النَّاسَ أُمَّةً

লিইয়ুহ্লিকাল্ কু্রা বিজুল্মিঁও অআহ্লুহা-মুছ্লিহূন্। ১১৮। অলাও শা — য়া রব্বুকা লাজ্বা'আলান্না-সা উম্মাতাঁও

ধ্বংস করার নয়, অথচ যার অধিবাসীরা নেককার। (১১৮) আপনার রব ইচ্ছা করলে সবাইকে এক জাতি করতেন,

وَاحِدَةً وَلَا يَزَالُونَ مُخْتَلِفِينَ ۝١١٨ إِلَّا مَنْ رَحِمَ رَبُّكَ ۚ وَلِذَٰلِكَ خَلَقَهُمْ ۗ وَتَمَّتْ

ওয়া-হিদাতাঁও অলা-ইয়াযা-লূনা মুখ্তালিফীন্। ১১৯। ইল্লা-মার্ রহিমা রব্বুক্; অলিযা-লিকা খলাক্বহুম্; অ তাম্মাত্

তবে তারা সর্বদা মতভেদ করতেই থাকবে। (১১৯) রবের দয়া যার প্রতি সে নয়; আর এ জন্যই তিনি তাদেরকে সৃষ্টি

كَلِمَةُ رَبِّكَ لَأَمْلَأَنَّ جَهَنَّمَ مِنَ الْجِنَّةِ وَالنَّاسِ أَجْمَعِينَ ۝١١٩ وَكُلًّا نَقُصُّ عَلَيْكَ

কালিমাতু রব্বিকা লাআম্লায়ান্না জ্বাহান্নামা মিনাল্ জিন্নাতি অন্না-সি আজ্মা'ঈন্। ১২০। অকুল্লান্ নাকু ছ্ছু 'আলাইকা

করেছেন; আপনার রবের কথা পূর্ণ হবেই যে;"জিন ও মানুষ দ্বারা আমি অবশ্যই পূর্ণ করব জাহান্নামকে"।(১২০) আমি রাসূলদের

مِنْ أَنْبَاءِ الرُّسُلِ مَا نُثَبِّتُ بِهِ فُؤَادَكَ ۚ وَجَاءَكَ فِي هَٰذِهِ الْحَقُّ وَمَوْعِظَةٌ

মিন্ আম্বা — য়ির্ রুসুলি মা-নুছাব্বিতু বিহী ফুয়াদাকা, অজ্বা — য়াকা ফী হা- যিহিল্ হাক্কু অমাও 'ইজোয়াতুঁও

ঐসব বৃত্তান্ত আপনার নিকট বর্ণনা করছি, যদ্দারা আপনার চিত্তকে দৃঢ় করি। আর এর মাধ্যমে আপনার কাছে সত্য এসেছে,

وَذِكْرَىٰ لِلْمُؤْمِنِينَ ۝١٢٠ وَقُلْ لِلَّذِينَ لَا يُؤْمِنُونَ اعْمَلُوا عَلَىٰ مَكَانَتِكُمْ ۖ إِنَّا

অযিক্রা- লিল্মু''মিনীন্। ১২১। অক্বুল্ লিল্লাযীনা লা-ইয়ু''মিনূনা' মালূ 'আলা- মাকা-নাতিকুম্; ইন্না-

উপদেশ ও স্মরণীয় মু'মিনদের জন্য। (১২১) আর আপনি অবিশ্বাসীদেরকে বলুন, স্ব-স্ব স্থানে থেকে কাজ কর, আমরাও

عَامِلُونَ ۝١٢١ وَانْتَظِرُوا إِنَّا مُنْتَظِرُونَ ۝١٢٢ وَلِلَّهِ غَيْبُ السَّمَاوَاتِ وَالْأَرْضِ

'আমিলূন্। ১২২। অন্তাজিরূ ইন্না মুন্তাজিরূন্। ১২৩। অলিল্লা-হি গইবুস্ সামা-ওয়া-তি অল্ আরদ্বি

কাজ করি। (১২২) প্রতীক্ষা কর আমরাও প্রতীক্ষা করি। (১২৩) আসমান-যমীনের অদৃশ্য বিষয় এবং আল্লাহর দিকেই

১০ ع ১৪ ১০ রুকু

وَإِلَيْهِ يُرْجَعُ الْأَمْرُ كُلُّهُ فَاعْبُدْهُ وَتَوَكَّلْ عَلَيْهِ ۚ وَمَا رَبُّكَ بِغَافِلٍ عَمَّا تَعْمَلُونَ

অ ইলাইহি ইয়ুর্জ্বা'উল্ আম্রু কুল্লু হূ ফা'বুদ্হু অতাঅক্কাল্ 'আলাইহি অমা-রব্বুকা বিগ-ফিলিন্ 'আম্মা-তা'মালূন্।

প্রত্যাবর্তিত হবে সকল কিছু। তাঁরই দাসত্ব করে, এবং তারই ভরসা করে। তোমাদের কৃতকর্ম সম্পর্কে তোমার রব অনবহিত নন।

আয়াত-১১৭ ঃ অত্র আয়াতের সারমর্ম হল, যে সকল জাতিকে ধ্বংস করা হয় তারা প্রকৃতপক্ষেই নিপাতযোগ্য, অপরাধী। পূর্ববর্তী জাতিসমূহের অন্যায় আচরণই তাদের উপর দুনিয়ায় আযাব অবতীর্ণ হওয়ার মূল কারণ। (মাঃ কোঃ) আয়াত-১১৮ ঃ আলোচ্য আয়াতে যে মতবিরোধের নিন্দা করা হয়েছে, তা হলো-নবীদের শিক্ষা ও সত্য দ্বীনের বিরোধিতা করা। পক্ষান্তরে ওলামায়ে দ্বীন ও মুজতাহিদ আলেমদের মধ্যে যেই মতবিরোধ ছাহাবায়ে কেরামের যুগ হতে চলে আসছে, তা মোটেই নিন্দনীয় এবং আল্লাহ্র রহমতের খেলাপ নয়। বরং তা একান্ত অবশ্যম্ভাবী, সাধারণ মুসলমানদের জন্য মঙ্গলকর এবং আল্লাহর রহমতস্বরূপ। অত্র আয়াতের পরিপ্রেক্ষিতে যারা মুজতাহিদ, ইমাম ও ফকীহদের মতভেদকে বিভ্রান্তিকর ও ক্ষতিকর আখ্যা দিয়েছে, তাদের উক্তি অত্র আয়াতের মর্ম এবং ছাহাবী ও তাবেয়ীনদের আ'মলের খেলাপ। (মাঃ কোঃ)

সূরা ইউসুফ
মক্কাবতীর্ণ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিস্‌মিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ১১১
রুকূ ঃ ১২

﴿١﴾ الٓرٰ تِلْكَ اٰيٰتُ الْكِتٰبِ الْمُبِيْنِ ﴿٢﴾ اِنَّآ اَنْزَلْنٰهُ قُرْءٰنًا عَرَبِيًّا

১। আলিফ্ লা — ম্ র-, তিল্‌কা আ-ইয়া-তুল্ কিতা-বিল্ মুবীন্। ২। ইন্না ~ আন্‌যালনা-হু কু্রআ-নান্ 'আরাবিয়্যাল্
(১) আলিফ লা-ম রা-; নিশ্চয়ই এটি সুস্পষ্ট কিতাবের আয়াত। (২) নিশ্চয়ই আমি একে নাযিল করেছি কোরআনরূপে

لَّعَلَّكُمْ تَعْقِلُوْنَ ﴿٣﴾ نَحْنُ نَقُصُّ عَلَيْكَ اَحْسَنَ الْقَصَصِ بِمَآ اَوْحَيْنَآ اِلَيْكَ هٰذَا

লা'আল্লাকুম্ তা'ক্বিলূন্। ৩। নাহ্নু নাকুছ্ছু 'আলাইকা আহ্‌সানাল্ ক্বাছোয়াছি বিমা ~ আওহাইনা ~ ইলাইকা হা-যাল্
আরবীতে, যেন তোমরা বুঝ। (৩) আমি আপনার কাছে এক অতি উত্তম কাহিনী বর্ণনা করছি, ওহী যোগে এ কোরআন

الْقُرْاٰنَ ۖ وَاِنْ كُنْتَ مِنْ قَبْلِهٖ لَمِنَ الْغٰفِلِيْنَ ﴿٤﴾ اِذْ قَالَ يُوْسُفُ لِاَبِيْهِ يٰٓاَبَتِ

কু্রআ-না অইন্ কুন্‌তা মিন্ ক্বাব্‌লিহী লামিনাল্ গ-ফিলীন্। ৪। ইয্ ক্বা-লা ইয়ূসুফু লিআবীহি ইয়া ~ আবাতি
প্রেরণ করে; যদিও ইতোপূর্বে আপনি এ ব্যাপারে জানতেন না। (৪) স্মরণ কর, ইউসুফ যখন তার পিতাকে বলেছিল, হে

اِنِّيْ رَاَيْتُ اَحَدَ عَشَرَ كَوْكَبًا وَّالشَّمْسَ وَالْقَمَرَ رَاَيْتُهُمْ لِيْ سٰجِدِيْنَ *

ইন্নি-রয়াইতু আহাদা আশারা কাওকাবাঁও অশ্‌শাম্‌সা অল্ ক্বমারা রায়াইতুহুম্ লী সা-জ্বিদীন্।
আমার পিতা! আমি স্বপ্নে দেখেছি যে, এগারটি নক্ষত্র, সূর্য ও চন্দ্র। আমি তাদেরকে দেখেছি- সেজদারত অবস্থায়।

﴿٥﴾ قَالَ يٰبُنَيَّ لَا تَقْصُصْ رُءْيَاكَ عَلٰٓى اِخْوَتِكَ فَيَكِيْدُوْا لَكَ كَيْدًا ۚ اِنَّ

৫। ক্বা-লা ইয়া-বুনাইয়্যা লা-তাকুছুছ্ রু'ইয়া-কা 'আলা ~ ইখ্‌ওয়াতিকা ফাইয়াকীদূ লাকা কাইদা-; ইন্নাশ্
(৫) (পিতা) বলল, হে পুত্র! তোমার ভাইদের কাছে স্বপ্নের বর্ণনা দিও না; তারা ষড়যন্ত্র করবে তোমার বিরুদ্ধে। নিশ্চয়

الشَّيْطٰنَ لِلْاِنْسَانِ عَدُوٌّ مُّبِيْنٌ ﴿٦﴾ وَكَذٰلِكَ يَجْتَبِيْكَ رَبُّكَ وَيُعَلِّمُكَ مِنْ

শাইত্বোয়া-না লিল্‌ইন্‌সা-নি আ'দুওয়্যুম্ মুবীন্। ৬। অকাযা-লিকা ইয়াজ্‌তাবীকা রব্বুকা অইয়ু'আল্লিমুকা মিন্
শয়তান মানুষের প্রকাশ্য শত্রু। (৬) তোমার রব এ'ভাবেই তোমাকে মনোনীত করবেন; এবং তোমাকে স্বপ্ন-ব্যাখ্যা;

تَاْوِيْلِ الْاَحَادِيْثِ وَيُتِمُّ نِعْمَتَهٗ عَلَيْكَ وَعَلٰٓى اٰلِ يَعْقُوْبَ كَمَآ اَتَمَّهَا عَلٰٓى

তা'ওয়ীলিল্ আহা-দীছি অইয়ুতিম্মু নি'মাতাহূ 'আলাইকা অ'আলা ~ আ-লি ইয়া'ক্বূবা কামা ~ আতাম্মাহা 'আলা~
শেখাবেন, তোমার ও ইয়াকূবের পরিবারের প্রতি অনুগ্রহ পূর্ণ করবেন; যেমন তিনি ইতোপূর্বে তোমার পিতৃপুরুষ

শানেনুযূল ঃ সূরা ইউসুফ- জালালুদ্দীন সুয়ূতী হতে বর্ণিত আছে, একদা ছাহাবারা রাসূল (ছঃ)-কে কোন কাহিনী শুনাতে বললে সূরা ইউসুফ অবতীর্ণ হয়। এ জন্য সূরাটি একাধারে সম্পূর্ণ বৃত্তান্তের সাথে পরিপূর্ণ (রূহুল মা'আনী)। মুফাস্‌সিরদের মতে, অত্র সূরা ইহুদীদের প্রশ্নানুসারে অবতীর্ণ হয়েছে। তারা বলে পাঠাল, হযরত ইয়াকূব (আঃ)-এর সন্তানরা মিসরে কেন গিয়েছিল এবং হযরত ইউসুফ (আঃ) ও তাঁর ভাইদের সাথে কি ঘটনা ঘটেছিল এবং তিনি কেনানের বাসিন্দা হয়ে মিসরে কিরূপে পৌঁছলেন ইত্যাদি বৃত্তান্তসমূহ। ইহুদীরা ভেবেছিল আহলে কিতাবের ঐতিহাসিকরা ছাড়া অজ্ঞ লোকেরা বিশেষতঃ মক্কাবাসীরা এ ব্যাপারে ঘূর্ণাক্ষরেও জানত না; সুতরাং তিনি বলতে পারবেন না। অনন্তর মক্কাবাসী রাসূলুল্লাহ (ছঃ)-এর নিকট উক্ত প্রশ্ন করে বসল, তখন এ সূরাটি নাযিল হয়। ইহুদীরা তাঁর মুখে ঐ ঘটনার বিবরণ শুনে অবাক হয়ে গেল এবং মনে মনে তাঁর নবুওয়াতে বিশ্বাস হল। কিন্তু তারা মুখে স্বীকার করার পাত্রই তো ছিল না।

১ ع ৬ ১১ রুকু

أَبَوَيْكَ مِن قَبْلُ إِبْرَٰهِيمَ وَإِسْحَٰقَ ۚ إِنَّ رَبَّكَ عَلِيمٌ حَكِيمٌ ﴿٦﴾ لَّقَدْ كَانَ فِى

আবাওয়াইকা মিন্ ক্বাব্লু ইব্রা-হীমা অইসহা-ক্ব; ইন্না রব্বাকা 'আলীমুন্ হাকীম্। ৭। লাক্বদ্ কা-না ফী
ইব্রাহীম ও ইসহাকের প্রতি পূর্ণ করেছিলেন। নিশ্চয়ই তোমার রব তো জ্ঞানী, সূক্ষ্মদর্শী। (৭) ইউসুফ ও তাঁর ভাইদের

يُوسُفَ وَإِخْوَتِهِۦٓ ءَايَٰتٌ لِّلسَّآئِلِينَ ﴿٧﴾ إِذْ قَالُوا۟ لَيُوسُفُ وَأَخُوهُ أَحَبُّ إِلَىٰٓ

ইয়ূসুফা অ ইখ্অতিহী ~ আ-ইয়া-তুল্ লিস্সা — য়িলীন্। ৮। ইয্ ক্বা-লূ লাইয়ূসুফু অআখূহু আহাব্বু ইলা ~
মধ্যে জিজ্ঞাসুদের জন্য নিদর্শন আছে। (৮) তারা (ভাইয়েরা) বলল, অবশ্যই ইউসুফ ও তার ভাই পিতার নিকট বেশি

أَبِينَا مِنَّا وَنَحْنُ عُصْبَةٌ إِنَّ أَبَانَا لَفِى ضَلَٰلٍ مُّبِينٍ ﴿٨﴾ ٱقْتُلُوا۟ يُوسُفَ أَوِ

আবীনা মিন্না—অনাহ্নু 'উছ্বাহ্; ইন্না আবা-না- লাফী দ্বোয়ালা-লিম্ মুবীন্। ৯। নিক্ব্তুলূ ইয়ূসুফা আওয়িত্ব্
প্রিয়। অথচ আমরা একই দল। নিশ্চয়ই আমাদের পিতা স্পষ্ট ভ্রান্তিতে আছেন। (৯) ইউসুফকে হত্যা কর নতুবা

ٱطْرَحُوهُ أَرْضًا يَخْلُ لَكُمْ وَجْهُ أَبِيكُمْ وَتَكُونُوا۟ مِنۢ بَعْدِهِۦ قَوْمًا صَٰلِحِينَ

রাহূহু আর্দ্বোয়াই ইয়াখ্লু লাকুম্ অজ্হু আবীকুম্ অতাকূনূ মিম্ বা'দিহী ক্বওমান্ ছোয়া-লিহীন্।
যমীনে ফেলে দাও, ফলে পিতার স্নেহ দৃষ্টি তোমাদের দিকেই পড়বে এবং এরপর তোমরা ভাল বিবেচতি হবে।

﴿٩﴾ قَالَ قَآئِلٌ مِّنْهُمْ لَا تَقْتُلُوا۟ يُوسُفَ وَأَلْقُوهُ فِى غَيَٰبَتِ ٱلْجُبِّ يَلْتَقِطْهُ بَعْضُ

১০। ক্বা-লা ক্বা — য়িলুম্ মিন্হুম্ লা-তাক্ব্তুলূ ইয়ূসুফা অ আল্ক্বূহু ফী গইয়া-বাতিল্ জুব্বি ইয়াল্তাক্বিত্ব্হু বা'দ্বুস
(১০) তাদের একজন বলল, ইউসুফকে কিছু করতে চাইলে তাকে হত্যা না করে কূপে নিক্ষেপ কর, যাতে যাত্রীদের কেউ

ٱلسَّيَّارَةِ إِن كُنتُمْ فَٰعِلِينَ ﴿١٠﴾ قَالُوا۟ يَٰٓأَبَانَا مَا لَكَ لَا تَأْمَ۫نَّا عَلَىٰ يُوسُفَ وَإِنَّا لَهُۥ

সাইয়্যা-রতি ইন্ কুন্তুম্ ফা'ইলীন্। ১১। ক্বা -লূ ইয়া ~ আবা-না- মা-লাকা লা-তা''মান্না- 'আলা-ইয়ূসুফা অইন্না- লাহূ
তুলে নিয়ে যায়। (১১) বলল, হে পিতা! আপনার কি হয়েছে যে, ইউসুফের ব্যাপারে আমাদেরকে বিশ্বাস করেন না? অথচ আমরা

لَنَٰصِحُونَ ﴿١١﴾ أَرْسِلْهُ مَعَنَا غَدًا يَرْتَعْ وَيَلْعَبْ وَإِنَّا لَهُۥ لَحَٰفِظُونَ ﴿١٢﴾ قَالَ إِنِّى

লানা-সিহূন্। ১২। আর্সিল্হু মা'আনা-গদাই ইয়ার্তা' অইয়াল্'আব্ অইন্না-লাহূ লাহা-ফিজূন্। ১৩। ক্বা-লা ইন্নী
তার হিতাকাংখী। (১২) আপনি তাকে কাল আমাদের সাথে দিবেন, সে বিচরণ করবে ও খেলবে, আর আমরা হিফাযতকারী। (১৩) বলল,

لَيَحْزُنُنِىٓ أَن تَذْهَبُوا۟ بِهِۦ وَأَخَافُ أَن يَأْكُلَهُ ٱلذِّئْبُ وَأَنتُمْ عَنْهُ

লাইয়াহ্যুনুনী ~ আন্ তায্হাবূ বিহী অআখ-ফু আইঁইয়া''কুলাহুয্ যি''বু অআন্তুম্ 'আনহু
তোমরা তাকে নিলে আমি চিন্তিত থাকব; আমি আশংক করছি যে, তোমরা অমনোযাগী হলে তাকে কোন নেকড়ে বাঘ

غَٰفِلُونَ ﴿١٣﴾ قَالُوا۟ لَئِنْ أَكَلَهُ ٱلذِّئْبُ وَنَحْنُ عُصْبَةٌ إِنَّآ إِذًا لَّخَٰسِرُونَ ﴿١٤﴾ فَلَمَّا ذَهَبُوا۟ بِهِۦ

গাফিলূন্। ১৪। ক্বা-লূ লায়িন আকালাহুয্ যি''বু অনাহ্নু 'উছ্বাতুন্ ইন্না ~ ইযা ল্লাখ-সিরূন্। ১৫। ফালাম্মা-যাহাবূ বিহী-
খেয়ে ফেলে। (১৪) তারা বলল, আমরা সুসংহত একটি দল, তাকে নেকড়ে খেলে আমরাই তো ক্ষতিগ্রস্ত হব। (১৫) অতঃপর তারা

وَأَجْمَعُوْٓا أَنْ يَّجْعَلُوْهُ فِيْ غَيٰبَتِ الْجُبِّ ج وَأَوْحَيْنَآ إِلَيْهِ لَتُنَبِّئَنَّهُمْ

অ আজ্ মাউ’ ~ আইঁ ইয়াজ্ব ‘আলূহু ফী গইয়া-বাতিল্ জুব্বি অ আওহাইনা ~ ইলাইহি লাতুনাব্বিয়ান্নাহুম্

যখন তাকে নিয়ে গভীর কূপে নিক্ষেপে একমত হল, তখন আমি তাকে জানিয়ে দিলাম যে, (পরে) একদিন তুমি অবশ্যই এটা জানিয়ে

بِأَمْرِهِمْ هٰذَا وَهُمْ لَا يَشْعُرُوْنَ ﴿١٦﴾ وَجَآءُوْٓ أَبَاهُمْ عِشَآءً يَّبْكُوْنَ ﴿١٧﴾ قَالُوْا

বিআম্রিহিম্ হা-যা- অ হুম্ লা-ইয়াশ্‌উরূন্। ১৬। অজ্বা — য়ূ ~ আবা-হুম্ ‘ইশা — য়াঁই ইয়াব্‌কূন্। ১৭। ক্বা-লূ

দিবে, যখন তারা তোমাকে চিনবে না। (১৬) রাতে তাদের পিতার কাছে কাঁদতে কাঁদতে আসল। (১৭) বলল, হে আমার

يٰٓأَبَانَآ إِنَّا ذَهَبْنَا نَسْتَبِقُ وَتَرَكْنَا يُوْسُفَ عِنْدَ مَتَاعِنَا فَأَكَلَهُ الذِّئْبُ ج وَمَآ

ইয়া ~ আবা-না ~ ইন্না-যাহাব্‌না-নাস্‌তাবিক্বু অতারাক্‌না-ইয়ূসুফা ‘ইনদা মাতা-‘ইনা-ফাআকালাহুয্ যি”বু অমা ~

পিতা! ইউসুফকে মাল-পত্রের নিকট রেখে আমরা দৌড় প্রতিযোগিতায় গেলাম আর বাঘ তাকে খেয়ে ফেলল, আমরা সত্যবাদী

أَنْتَ بِمُؤْمِنٍ لَّنَا وَلَوْ كُنَّا صٰدِقِيْنَ ﴿١٨﴾ وَجَآءُوْ عَلٰى قَمِيْصِهٖ بِدَمٍ كَذِبٍ ط قَالَ

আন্‌তা বিমু’মিনিল্ লানা- অলাও কুন্না-ছোয়া-দ্বিক্বীন্। ১৮। অজ্বা — য়ূ ‘আলা-ক্বমীছিহী বিদামিন্ কাযিব্; ক্বা-লা.

হলেও আপনি বিশ্বাস করবেন না। (১৮) আর তারা তার জামায় মিথ্যা রক্ত মেখে নিয়ে আসল। (ইয়াকূব) বলল, তোমরা নিজেরাই

بَلْ سَوَّلَتْ لَكُمْ أَنْفُسُكُمْ أَمْرًا ط فَصَبْرٌ جَمِيْلٌ ط وَاللّٰهُ الْمُسْتَعَانُ عَلٰى مَا تَصِفُوْنَ *

বাল্ সাওওলাত্ লাকুম্ আন্‌ফুসুকুম্ আম্‌রা-; ফাছোয়াব্‌রুন্ জ্বামীল্; অল্লা-হুল্ মুস্‌তা‘আ-নু ‘আলা- মা- তাছিফূন্।

এক মনগড়া কাহিনী সাজিয়েছে। তাই এখন আমার জন্য পূর্ণ ধৈর্য ধরাই উত্তম। তোমাদের বক্তব্যে, আল্লাহই আমার সাহায্যস্থল।

﴿١٩﴾ وَجَآءَتْ سَيَّارَةٌ فَأَرْسَلُوْا وَارِدَهُمْ فَأَدْلٰى دَلْوَهٗ ط قَالَ يٰبُشْرٰى هٰذَا غُلٰمٌ ط

১৯। অ জ্বা — য়াত্ সাইয়্যা-রতুন্ ফাআর্‌সালূ ওয়া-রিদাহুম্ ফাআদ্‌লা- দাল্‌অহূ; ক্বা-লা ইয়া-বুশরা- হা-যা-গুলা-ম্;

(১৯) আর ঘটনাক্রমে এক যাত্রীদল সেখানে এসে তাদের পানি সংগ্রাহককে পাঠাল। সে বালতি কূপে ফেলে বলল, সুখবর!

وَأَسَرُّوْهُ بِضَاعَةً ط وَاللّٰهُ عَلِيْمٌ بِمَا يَعْمَلُوْنَ ﴿٢٠﴾ وَشَرَوْهُ بِثَمَنٍ بَخْسٍ

অ আসারর্‌রূহু বিদ্বোয়া-‘আহ্; অল্লা-হু ‘আলীমুম্ বিমা-ইয়া’মালূন্। ২০। অশারাওহু বিছামানিম্ বাখ্‌সিন্

এ’যে এক বালক! তারা তাকে পণ্যরূপে লুকাল, আর আল্লাহ্ তাদের কর্ম সম্পর্কে জানেন। (২০) তারা মাত্র কয়েক দিরহামের

دَرَاهِمَ مَعْدُوْدَةٍ ج وَكَانُوْا فِيْهِ مِنَ الزّٰهِدِيْنَ ﴿٢١﴾ وَقَالَ الَّذِي اشْتَرٰىهُ مِنْ مِّصْرَ

দার-হিমা মা’দূদাতিন্ অকা-নূ ফীহি মিনায্ যাহিদীন্। ২১। অক্বা-লা ল্লাযিশ্ তারা-হু মিম্ মিছ্‌রা

বিনিময়ে স্বল্প মূল্যে তাকে বিক্রি করল, তারা ছিল তার ব্যাপারে লোভহীন। (২১) আর মিসরের যে ব্যক্তি তাকে ক্রয় করল,

ع ২ ১৪ ১২ রুকু

তিন চতুর্থাংশ •

لِامْرَاَتِهٖٓ أَكْرِمِيْ مَثْوٰىهُ عَسٰٓى أَنْ يَّنْفَعَنَآ أَوْ نَتَّخِذَهٗ وَلَدًا ط وَكَذٰلِكَ مَكَّنَّا

লিম্‌রায়াতিহী ~ আক্‌রিমী মাছ্‌ওয়া-হু ‘আসা ~ আইঁ ইয়ান্‌ফা‘আনা ~ আও নাত্তাখিযাহূ অলাদা-; অকাযা-লিকা মাক্কান্না-

সে তার স্ত্রীকে বলল, একে সযত্নে রাখ, হয়ত সে আমাদের উপকারে আসবে, বা আমরা তাকে পুত্র বানাব। এ’ভাবে

لِيُوسُفَ فِى الْأَرْضِ وَلِنُعَلِّمَهُ مِن تَأْوِيلِ الْأَحَادِيثِ ۚ وَاللَّهُ غَالِبٌ عَلَىٰٓ

লি ইয়ূসুফা ফিল্ আর্দ্বি অ লিনু'আল্লিমাহূ মিন্ তা''ওয়ীলিল্ আহা-দীছ্; অল্লা-হু গলিবুন্ 'আলা ~
আমি ইউসুফকে যমীনে স্থান দিলাম, যেহেতু তাকে স্বপ্নের ব্যাখ্যা শিখাব। আল্লাহ কর্ম সম্পাদনে বিজয়ী, কিন্তু

أَمْرِهِۦ وَلَٰكِنَّ أَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُونَ ﴿٢١﴾ وَلَمَّا بَلَغَ أَشُدَّهُۥٓ ءَاتَيْنَٰهُ حُكْمًا

আম্‌রিহী অলা-কিন্না আক্‌ছারা ন্না-সি লা-ইয়া'লামূন্। ২২। অ লাম্মা-বালাগা আশুদ্দাহূ ~ আ-তাইনা-হু হুক্‌মাঁও
অধিকাংশ লোক জানে না। (২২) আর সে পূর্ণ যৌবনে পৌঁছলে আমি তাকে জ্ঞান-বিজ্ঞান দান করলাম। আর এভাবেই

وَعِلْمًا ۚ وَكَذَٰلِكَ نَجْزِى الْمُحْسِنِينَ ﴿٢٢﴾ وَرَٰوَدَتْهُ الَّتِى هُوَ فِى بَيْتِهَا عَن نَّفْسِهِۦ وَ

অ ই'ল্‌মা-;অকাযা-লিকা নাজ্‌যিল্ মুহ্‌সিনীন্। ২৩। অ র-অদাত্ হুল্লাতী হুঅ ফী বাইতিহা-'আন্ নাফ্‌সিহী অ
পুণ্যশীলদের পুরস্কৃত করে থাকি। (২৩) যে মহিলার ঘরে সে অবস্থান করছিল সে মহিলা তাকে ফুসলাল ও দরজাসমূহ

غَلَّقَتِ الْأَبْوَٰبَ وَقَالَتْ هَيْتَ لَكَ ۚ قَالَ مَعَاذَ اللَّهِ ۖ إِنَّهُۥ رَبِّىٓ أَحْسَنَ مَثْوَاىَ ۖ

গল্লাক্বাতিল্ আব্‌ওয়া-বা অক্ব-লাত্ হাইতা লাক্; ক্ব-লা মা'আ-যাল্লাহি ইন্নাহূ রব্বী ~ আহ্‌সানা মাছ্‌ওয়া-ইয়া;
বন্ধ করে দিয়ে বলল, 'এস'। সে বলল, আল্লাহর পানাহ চাই, তিনি তো আমার রব, তিনি আমাকে উত্তম আশ্রয় দিলেন,

إِنَّهُۥ لَا يُفْلِحُ الظَّٰلِمُونَ ﴿٢٣﴾ وَلَقَدْ هَمَّتْ بِهِۦ ۖ وَهَمَّ بِهَا لَوْلَآ أَن رَّءَا بُرْهَٰنَ

ইন্নাহূ লা-ইয়ুফ্‌লিহুজ্ জোয়া-লিমূন্। ২৪। অলাক্বাদ্ হাম্মাত্ বিহী, অহাম্মা বিহা- লাওলা ~ আর্‌রায়া- বুরহা-না
আর জালিমরা কখনও সফলতা লাভ করে না। (২৪) মহিলা তার প্রতি আসক্ত হল, সেও আসক্ত হত যদি রবের নিদর্শন

رَبِّهِۦ ۚ كَذَٰلِكَ لِنَصْرِفَ عَنْهُ السُّوٓءَ وَالْفَحْشَآءَ ۚ إِنَّهُۥ مِنْ عِبَادِنَا الْمُخْلَصِينَ ﴿٢٤﴾

রব্বিহ্; কাযা-লিকা লিনাছ্‌রিফা 'আন্‌হুস্ সূ—য়া অল্ ফাহ্‌শা—য়্; ইন্নাহূ মিন্ ই'বা-দিনাল্ মুখলাছীন্।
সে না দেখত এ'ভাবেই আমি তাকে মন্দ ও অশ্লীলতা হতে ফিরাই। নিশ্চয়ই সে নিষ্ঠাবান বান্দাদের অন্তর্ভুক্ত ছিল।

﴿٢٥﴾ وَاسْتَبَقَا الْبَابَ وَقَدَّتْ قَمِيصَهُۥ مِن دُبُرٍ وَأَلْفَيَا سَيِّدَهَا لَدَا الْبَابِ ۚ

২৫। অস্ তাবাক্বল্ বা-বা অক্বদ্দাত্ ক্বামীছোয়াহূ মিন্ দুবুরিঁও অআল্‌ফা ইয়া- সাইয়্যিদাহা-লাদাল্ বা-ব্;
(২৫) উভয়ে দরজার দিকে দৌড়াল এবং সে ইউসুফের জামার পিছন ছিঁড়ে ফেলল। উভয়েই মালিককে দরজার পাশে ফেলে.

قَالَتْ مَا جَزَآءُ مَنْ أَرَادَ بِأَهْلِكَ سُوٓءًا إِلَّآ أَن يُسْجَنَ أَوْ عَذَابٌ أَلِيمٌ

ক্ব-লাত্ মা-জ্বাযা — য়ু মান্ আর-দা বিআহ্‌লিকা সূ — য়ান্ ইল্লা ~ আইঁ ইয়ুস্‌জ্বানা আও 'আযা-বুন্ আলীম্।
মহিলা বলল, যে তোমার পরিবারের সঙ্গে কুকর্ম করতে চায়, তাকে কারারুদ্ধ বা অন্য কোন মারাত্মক শাস্তি দিবে।

আয়াত-২৪ ঃ পাপ থেকে বাঁচার প্রধান অবলম্বন হল স্বয়ং আল্লাহর কাছে আশ্রয় প্রার্থনা করা। ইউসুফ (আঃ) যখন নিজেকে চতুর্দিক হতে পরিবেষ্টিত দেখলেন, তখন পয়গম্বর সুলভ ভঙ্গিতে সর্বপ্রথম আল্লাহর নিকট আশ্রয় প্রার্থনা করলেন। আর যে ব্যক্তি আল্লাহর আশ্রয় লাভ করে তাকে কেউ সৎ পথ থেকে বিচ্যুত করতে পারে না। অতঃপর তিনি পয়গাম্বর সুলভ বিজ্ঞতা প্রকাশ করে যুলায়খাকে উপদেশ দিলেন যে, তারও উচিত আল্লাহকে ভয় করা এবং মন্দ বাসনা হতে বিরত থাকা। তোমার স্বামী আমাকে উত্তম স্থান দিয়েছে। আমি তাঁর ইজ্জতে হস্তক্ষেপ করলে সীমালংঘনকারী হব। আর আমি কয়েক দিনের লালন-পালনের কৃতজ্ঞতা যখন এতটুকু স্বীকার করি, তখন তোমাকে আরও অধিক স্বীকার করা প্রয়োজন। (মাঃ কোঃ)

قَالَ هِيَ رَاوَدَتْنِي عَنْ نَّفْسِي وَشَهِدَ شَاهِدٌ مِّنْ أَهْلِهَا ۚ إِنْ كَانَ قَمِيصُهُ ٢٦

২৬। ক্বা-লা হিয়া রা-অদাত্নী 'আন্ নাফ্সী অ শাহিদা শা-হিদুম্ মিন্ আহ্লিহা- ইন্ কা-না ক্বামীছুহূ
(২৬) (ইউসূফ) বলল, মহিলাই তো আমাকে অসৎ উদ্দেশে ফুসলিয়েছে, মহিলার পরিবারের এক সাক্ষ্য সাক্ষী দিল, 'জামার

قُدَّ مِنْ قُبُلٍ فَصَدَقَتْ وَهُوَ مِنَ الْكٰذِبِيْنَ ٢٧ وَإِنْ كَانَ قَمِيصُهُ قُدَّ مِنْ دُبُرٍ

ক্বুদ্দা মিন্ ক্বুবুলিন্ ফাছদাক্বত্ অ হুওয়া মিনা ল্কা-যিবীন্। ২৭। অইন্ কা-না ক্বামীছুহূ ক্বুদ্দা মিন্ দুবুরিন্
সম্মুখ যদি ছিঁড়া থাকে তবে স্ত্রী সত্য, আর সে (পুরুষটি) মিথ্যাবাদী। (২৭) কিন্তু যদি পিছন দিকে ছেড়া থাকে তবে স্ত্রী

فَكَذَبَتْ وَهُوَ مِنَ الصّٰدِقِيْنَ ٢٨ فَلَمَّا رَاٰ قَمِيصَهُ قُدَّ مِنْ دُبُرٍ قَالَ إِنَّهُ مِنْ

ফাকাযাবাত্ অ হুওয়া মিনাছ ছোয়া-দিক্বীন্। ২৮। ফালাম্মা-রায়া-ক্বমীছোয়াহূ ক্বুদ্দা মিন্ দুবুরিন্ ক্ব-লা ইন্নাহূ মিন্
মিথ্যা, সে সত্যবাদী। (২৮) জামার পিছনে ছিন্ন পেয়ে (মহিলার স্বামী) বলল, এটি অবশ্যই তোমাদের নারীদের চক্রান্ত;

كَيْدِكُنَّ ۖ إِنَّ كَيْدَكُنَّ عَظِيمٌ ٢٩ يُوسُفُ أَعْرِضْ عَنْ هٰذَا ۚ وَاسْتَغْفِرِي لِذَنْبِكِ ۚ

কাইদিকুন্; ইন্না কাইদাকুন্না 'আজীম্। ২৯। ইয়ূসুফু আ'রিদ্ব 'আন্ হাযা-অস্তাগ্ফিরী লিযাম্বিকি,
নিঃসন্দেহে তোমাদের চক্রান্ত ভয়ানক। (২৯) হে ইউসুফ! তুমি একে উপেক্ষা কর। আর হে নারী! তুমি ক্ষমা চাও।

إِنَّكِ كُنْتِ مِنَ الْخٰطِئِيْنَ ٣٠ وَقَالَ نِسْوَةٌ فِي الْمَدِينَةِ امْرَاَتُ الْعَزِيزِ تُرَاوِدُ

ইন্নাকি কুন্তি মিনাল্ খ-ত্বিয়ীন্। ৩০। অ ক্ব-লা নিস্অতুন্ ফিল্ মাদীনাতিম্ রয়াতুল্ 'আযীযি তুরা-ওয়িদু
অবশ্যই তুমি দোষী। (৩০) নগরের নারীরা পরস্পর বলাবলি করতে লাগল, আযীযের স্ত্রী স্বীয় দাসকে আপন কামনা

৩ ع ৯ ১৩ রুকু

فَتٰهَا عَنْ نَّفْسِهِ ۚ قَدْ شَغَفَهَا حُبًّا ۚ إِنَّا لَنَرٰىهَا فِي ضَلٰلٍ مُّبِينٍ ٣١ فَلَمَّا سَمِعَتْ

ফাতাহা-'আন্ নাফ্সিহী, ক্বদ্ শাগফাহা-হুব্বা-; ইন্না-লানারা-হা ফী দ্বোয়ালা-লিম্ মুবীন্। ৩১। ফালাম্মা-সামি'আত্
চরিতার্থ করার জন্য ফুসলায়। সে তার গভীর প্রেমে আবদ্ধ। আমরা তাকে স্পষ্ট ভ্রান্তিতে দেখছি। (৩১) তাদের গুঞ্জরণ

بِمَكْرِهِنَّ أَرْسَلَتْ إِلَيْهِنَّ وَأَعْتَدَتْ لَهُنَّ مُتَّكَاً وَّاٰتَتْ كُلَّ وَاحِدَةٍ مِّنْهُنَّ

বিমাক্রিহিন্না আরসালাত্ ইলাইহিন্না অ আ'তাদাত্ লাহুন্না মুত্তাকায়াঁও অআ-তাত্ কুল্লা ওয়া-হিদাতিম্ মিন্হুন্না
শুনে তাদের আসন তৈরি করে ডেকে পাঠাল, তাদের জন্য ভোজসভার আয়োজন করল। সে তাদের প্রত্যেককে এক একটি

سِكِّينًا وَّقَالَتِ اخْرُجْ عَلَيْهِنَّ ۚ فَلَمَّا رَاَيْنَهُ أَكْبَرْنَهُ وَقَطَّعْنَ أَيْدِيَهُنَّ وَقُلْنَ

সিক্কীনাঁও অক্ব-লাতিখ্রুজ্ব 'আলাইহিন্না ফালাম্মা- রায়াইনাহূ ~ আক্বারনাহূ অক্বাত্তোয়া'না আইদিয়াহুন্না অক্ব্ল্না
ছুরি দিয়ে বলল, ইউসূফ! তাদের সামনে যাও তখন তাকে দেখে অভিভূত হয়ে নিজেদের হাত কেটে ফেলল। বলল,

حَاشَ لِلّٰهِ مَا هٰذَا بَشَرًا ۖ إِنْ هٰذَا إِلَّا مَلَكٌ كَرِيمٌ ٣٢ قَالَتْ فَذٰلِكُنَّ الَّذِي

হা-শা লিল্লা-হি মা- হাযা- বাশারা-; ইন্ হাযা ~ ইল্লা-মালাকুন্ কারীম্। ৩২। ক্ব-লাত্ ফাযা-লিকুন্নাল্লাযী
আশ্চর্য আল্লাহর মাহাত্ম্য! এতো মানুষ নয়, এতো সম্মানিত ফেরেশতা। (৩২) মহিলা বলল, এ তো সে; যার ব্যাপারে

لمتننى فيه ۖ ولقد راودته عن نفسه فاستعصم ۖ ولئن لم يفعل ما امره

লুম্‌তুন্নানী ফীহ্; অলাকৃদ্ রা-অত্তুহূ 'আন্ নাফ্‌সিহী ফাস্‌তা'ছোয়াম্; অলায়িল্লাম্ ইয়াফ্'আল্ মা ~ আ-মুরুহূ
আমাকে নিন্দা করছিলে। আর বাস্তবিকই স্বীয় কামনা পূর্ণ করতে চেয়েছিলাম, কিন্তু সে সংযত। আমার নির্দেশ পালন না

ليسجنن وليكونا من الصغرين ﴿٣٢﴾ قال رب السجن احب الى مما

লাইয়ুস্‌জ্বানান্না অলাইয়াকূনাম্ মিনাছ্ ছোয়া-গিরীন্। ৩৩। ক্বা-লা রব্বিস্ সিজ্‌নু আহাব্বু ইলাইয়্যা মিম্মা-
করলে তাকে অবশ্যাই কারারুদ্ধ ও হীন হতে হবে। (৩৩) (ইউসুফ) বলল, হে আমার রব! নারীদের আহ্বানের চেয়ে

يدعوننى اليه ۚ والا تصرف عنى كيدهن اصب اليهن واكن من الجهلين ۞

ইয়াদ্'উনানী ~ ইলাইহি অইল্লা-তাছ্‌রিফ্ 'আন্নী কাইদাহুন্না আছ্‌বু ইলাইহিন্না অআকুম্মিনাল্ জ্বা-হিলীন্।
কারাগারই আমার প্রিয়, আপনি। তাদের চক্রান্ত থেকে রক্ষা না করলে আমি তাদের প্রতি ঝুঁকে পড়ব এবং জাহিল সাব্যস্ত হব।

﴿٣٣﴾ فاستجاب له ربه فصرف عنه كيدهن ۚ انه هو السميع العليم ﴿٣٤﴾ ثم

৩৪। ফাস্‌তাজ্বা-বা লাহূ রব্বুহূ ফাছোয়ারাফা 'আন্‌হু কাইদাহুন্;ইন্নাহূ হুঅস্ সামী'উল্ 'আলীম্। ৩৫। ছুম্মা
৩৪। রব তার ডাকে সাড়া দিলেন, এবং তাদের ছলনা থেকে তাকে মুক্তি দিলেন, তিনি সর্বশ্রোতা ও সর্বজ্ঞ (৩৫) অতঃপর

4 ع ٦ 14 রুকু

بدا لهم من بعد ما راوا الايت ليسجننه حتى حين ﴿٣٥﴾ ودخل معه

বাদা-লাহুম্ মিম্ বা'দি মা-রায়ায়ুল্ আ-ইয়া-তি লাইয়াস্‌জুনুন্নাহূ- হাত্তা- হীন্। ৩৬। অদাখালা মা'আহুস্
বিভিন্ন নিদর্শন দেখার পর তাদের মনে হল যে, কিছু কালের জন্য কারারুদ্ধ করতে হবে। (৩৬) তার সঙ্গে দু যুবক

السجن فتين ۖ قال احدهما انى ارىنى اعصر خمرا ۚ وقال الاخر انى

সিজ্‌না ফাতাইয়া-ন্; ক্বা-লা আহাদুহুমা ~ ইন্নী ~ আরনী ~ আ'ছিরু খম্‌রা-'অক্ব-লাল্ আ-খরু ইন্নী ~
কারাগারে গেল। তাদের একজন বলল, আমি স্বপ্নে দেখি যে, শরাব তৈরি করছি। আর অন্যজন বলল, আমি স্বপ্নে নিজকে

ارىنى احمل فوق راسى خبزا تاكل الطير منه ۖ نبئنا بتاويله ۚ انا

আরানী ~ আহ্‌মিলু ফাওক্বা রা''ছী খুব্‌যান্ তা''কুলুত্ব্ ত্বোয়াইরু মিন্‌হু; নাব্বি''না- বিতা''ওয়ীলিহী ইন্না-
এমন অবস্থায় দখি, আমি আমার মাথায় রুটি বহন করছি, এবং পাখি তা হতে ঠুকরিয়ে খাচ্ছে। আপনি আমাদেরকে এর

نرىك من المحسنين ﴿٣٦﴾ قال لا ياتيكما طعام ترزقنه الا نباتكما

নারা-কা মিনাল্ মুহ্‌সিনীন্। ৩৭। ক্বা-লা লা- ইয়া''তীকুমা- ত্বোয়া'আ- মুন্ তুর্‌যাক্ব-নিহী ~ ইল্লা-নাব্বা'' তুকুমা-
ব্যাখ্যা অবগত করান। আমরা আপনাকে পুণ্যবান দেখছি। (৩৭) (ইউসুফ) বলল, তোমাদের যে খাবার দেয়া হয় তা

بتاويله قبل ان ياتيكما ۚ ذلكما مما علمنى ربى ۚ انى تركت ملة قوم

বিতা''ওয়ীলিহী ক্বব্‌লা আইঁ ইয়া''তিয়াকুমা-; যা-লিকুমা-মিম্মা-'আল্লামানী রব্বী; ইন্নী তারাকতু মিল্লাতা ক্বওমিল্
আসার পূর্বেই আমি তোমাদেরকে সপ্নের ব্যাখ্যা বলব, যা আমার রব আমাকে শিখিয়েছেন, আমি তাদের ধর্ম ত্যাগ করছি।

لَا يُؤْمِنُونَ بِاللّٰهِ وَهُمْ بِالْاٰخِرَةِ هُمْ كٰفِرُوْنَ ﴿٣٨﴾ وَاتَّبَعْتُ مِلَّةَ اٰبَآءِيْ إِبْرٰهِيْمَ

লা- ইয়ু'মিনূনা বিল্লা-হি অহুম্ বিল্ আ-খিরতিহুম্ কা-ফিরূন্ । ৩৮ । অত্তাবা'তু মিল্লাতা আ-বা — য়ী ~ ইব্রা-হীমা
যে সম্প্রদায় আল্লাহতে বিশ্বাসী নয় এবং তারা পরকালকে বিশ্বাস করে না। (৩৮) আমি আমার পিতৃপুরুষ ইব্রাহীম,

وَإِسْحٰقَ وَيَعْقُوْبَ ۚ مَا كَانَ لَنَآ أَنْ نُّشْرِكَ بِاللّٰهِ مِنْ شَيْءٍ ۚ ذٰلِكَ مِنْ

অ ইস্হা-ক্বা অইয়া'ক্বূব্; মা- কা-না লানা ~ আন্ নুশ্রিকা বিল্লা-হি মিন্ শাইয়িন্ যা-লিকা মিন্
ইসহাক ও ইয়াকূবের মিল্লাতের অনুসারী, আল্লাহর সাথে অন্য কিছুর শরীক করা আমাদের কাজ নয়। এটি আমাদের

فَضْلِ اللّٰهِ عَلَيْنَا وَعَلَى النَّاسِ وَلٰكِنَّ أَكْثَرَ النَّاسِ لَا يَشْكُرُوْنَ ﴿٣٩﴾ يٰصَاحِبَيِ

ফাদ্বলিল্লা-হি 'আলাইনা– অ'আলান্না-সি অলা-কিন্না আক্ছারান্না-সি লা- ইয়াশ্কুরূন্ । ৩৯ । ইয়া-ছোয়া-হিবায়িস্
প্রতি ও সকল মানুষের প্রতি আল্লাহর বিশেষ দয়া, কিন্তু অধিকাংশই কৃতজ্ঞতা স্বীকার করে না। ৩৯। হে কারাগারের

السِّجْنِ ءَأَرْبَابٌ مُّتَفَرِّقُوْنَ خَيْرٌ أَمِ اللّٰهُ الْوَاحِدُ الْقَهَّارُ ﴿٤٠﴾ مَا تَعْبُدُوْنَ مِنْ

সিজ্নি আ আর্বা-বুম্ মুতাফার্রিকূ্না খাইরুন্ আমিল্লা-হুল্ওয়া-হিদুল্ ক্বহ্হা-র্ । ৪০ । মা-তা'বুদূনা মিন্
সাথীদ্বয়! ভিন্ন ভিন্ন রব ভাল, না পরাক্রমশালী এক আল্লাহ ভাল? (৪০) তাঁকে ছাড়া কেবল ঐ নামগুলোর

دُوْنِهٖٓ إِلَّآ أَسْمَآءً سَمَّيْتُمُوْهَآ أَنْتُمْ وَاٰبَآؤُكُمْ مَّآ أَنْزَلَ اللّٰهُ بِهَا مِنْ سُلْطٰنٍ ۚ

দুনিহী ~ ইল্লা ~ আস্মা — য়ান সাম্মাইতুমূ হা ~ আন্তুম্ অ আ-বা — য়ুকুম্ মা ~ আন্যালা ল্লা-হু বিহা-মিন্ সুল্ত্বোয়া-ন্;
ইবাদাত করছ যা তোমরা ও তোমাদের পিতৃপুরুষরা রেখেছ, যার প্রমাণ আল্লাহ দেননি। বিধান দেবার তো

إِنِ الْحُكْمُ إِلَّا لِلّٰهِ ۚ أَمَرَ أَلَّا تَعْبُدُوْٓا إِلَّآ إِيَّاهُ ۚ ذٰلِكَ الدِّيْنُ الْقَيِّمُ وَلٰكِنَّ

ইনিল্ হুক্মু ইল্লা-লিল্লা-হ্; আমারা আল্লা-তা'বুদূ ~ ইল্লা ~ ইয়্যা-হু; যা-লিকাদ্দীনু ল্ক্বাইয়্যিমু অলা-কিন্না
অধিকার একমাত্র আল্লাহরই। তাঁর নির্দেশ, তাঁকে ছাড়া আর কারও ইবাদত করবে না। এটিই সুদৃঢ় দ্বীন। কিন্তু অনেক

أَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُوْنَ ﴿٤١﴾ يٰصَاحِبَيِ السِّجْنِ أَمَّآ أَحَدُكُمَا فَيَسْقِيْ رَبَّهٗ خَمْرًا ۚ

আক্ছারান্ না-সি লা-ইয়া'লামূন্ । ৪১ । ইয়া-ছোয়া-হিবায়িস্ সিজ্নি আম্মা ~ আহাদুকুমা- ফাইয়াস্ক্বী রব্বাহূ খাম্রান্
লোকই তা জানে না।(৪১) হে কারা-সাথীদ্বয়! তোমাদের একজন তোমাদের মালিককে মদ্য পান করাবে। আর অন্যজন

وَأَمَّا الْاٰخَرُ فَيُصْلَبُ فَتَأْكُلُ الطَّيْرُ مِنْ رَّأْسِهٖ ۚ قُضِيَ الْأَمْرُ الَّذِيْ فِيْهِ تَسْتَفْتِيٰنِ ۞

অ আম্মাল্ আ-খারু ফাইয়ুছ্লাবু ফাতা''কুলুত্ব্ত্বোয়াইরু মির্ র''সিহী-ক্বুদ্বিয়াল্ আম্রুল্লাযী ফীহি তাস্তাফ্তিয়া-ন্।
শুলবিদ্ধ হবে, আর পাখীরা তার মস্তক আহার করবে। তোমরা যে বিষয় আমার নিকট জানতে চেয়েছ তার সিদ্ধান্ত হয়ে আছে।

﴿٤٢﴾ وَقَالَ لِلَّذِيْ ظَنَّ أَنَّهٗ نَاجٍ مِّنْهُمَا اذْكُرْنِيْ عِنْدَ رَبِّكَ ۚ فَأَنْسٰهُ الشَّيْطٰنُ

৪২। অক্বা-লা লিল্লাযী জোয়ান্না আন্নাহূ না-জিম্ মিন্হুমায্ কুর্নী 'ইন্দা রব্বিকা ফাআন্সা-হুশ্ শাইত্বোয়া-নু
(৪২) তাদের দু'জনের মধ্যে যে মুক্তি পাবে ইউসুফ তাকে বলল, তোমার প্রভুকে আমার কথা বলবে, কিন্তু শয়তান

৫ ع ৭ ১৫ রুকু

ذِكْرَ رَبِّهِ فَلَبِثَ فِي السِّجْنِ بِضْعَ سِنِينَ ﴿٤٣﴾ وَقَالَ الْمَلِكُ إِنِّي أَرَى سَبْعَ

যিক্‌র রব্বিহী ফালাবিছা ফিস্ সিজ্‌নি বিদ্ব্'আ সিনীন্। ৪৩। অক্ব-লাল্ মালিকু ইন্নী ~ আরা- সাব্'আ
(ইউসুফের) কথা বলতে ভুলিয়ে দিল। তাই সে (ইউসুফ) কয়েক বছর জেলে রইল। (৪৩) রাজা বলল, আমি স্বপ্নে

بَقَرٰتٍ سِمَانٍ يَأْكُلُهُنَّ سَبْعٌ عِجَافٌ وَسَبْعَ سُنْبُلٰتٍ خُضْرٍ وَأُخَرَ يٰبِسٰتٍ ط

বাক্বারা-তিন্ সিমা-নিঁই ইয়া''কুলুহুন্না সাব্'উন্ 'ইজ্বাফুঁও অ সাব্'আ সুম্বুলাতিন্ খুদ্বরিঁও অ উখর ইয়া-বিসা-ত্;
দেখলাম সাতটি শীর্ণকায় গাভী সাতটি সবল গাভীকে ভক্ষণ করছে, আর সাতটি সবুজ শীষ রয়েছে ও অন্যগুলো শুষ্ক।

يٰٓأَيُّهَا الْمَلَأُ أَفْتُونِي فِي رُءْيَايَ إِنْ كُنْتُمْ لِلرُّءْيَا تَعْبُرُونَ ﴿٤٤﴾ قَالُوْٓا أَضْغَاثُ

ইয়া ~ আইয়্যুহাল্ মালায়ু আফ্‌তূনী ফী রু''ইয়া-ইয়া ইন্ কুন্‌তুম্ লিররু''ইয়া-তা''বুরূন্। ৪৪। ক্ব-লূ ~ আদ্বগা-ছু
হে পরিষদবৃন্দ! আমার স্বপ্নের ব্যাখ্যা দাও যদি তোমরা স্বপ্ন বিশারদ হয়ে থাক। (৪৪) তারা বলল, এটি অর্থহীন কল্পনাপ্রসূত

أَحْلَامٍ ج وَمَا نَحْنُ بِتَأْوِيلِ الْأَحْلَامِ بِعٰلِمِينَ ﴿٤٥﴾ وَقَالَ الَّذِي نَجَا مِنْهُمَا

আহ্‌লা-মিন্ অমা- নাহ্‌নু বিতা''ওয়ীলিল্ আহ্‌লা-মি বি'আ-লিমীন্। ৪৫। অক্ব-লাল্লাযী নাজ্বা-মিন্‌হুমা-
স্বপ্ন। আর আমরা এরূপ স্বপ্নের ব্যাখা জানিও না। (৪৫) যে কারাবন্দীদ্বয়ের মধ্য হতে যে মুক্ত হয়েছিল ও দীর্ঘকাল পরে

وَادَّكَرَ بَعْدَ أُمَّةٍ أَنَا أُنَبِّئُكُمْ بِتَأْوِيلِهِ فَأَرْسِلُونِ ﴿٤٦﴾ يُوسُفُ أَيُّهَا الصِّدِّيقُ

অদ্দাকারা বা'দা উম্মাতিন্ আনা উনাব্বিয়ুকুম্ বিতা''ওয়ীলিহী ফাআর্‌সিলূন্। ৪৬। ইয়ূসুফু আইয়্যুহাছ্ ছিদ্দীক্ব,
যার (ইউসুফের কথা) স্মরণ হল সে বলল, আমি তোমাদেরকে এর ব্যাখা এনে দিব, আমাকে পাঠাও। (৪৬) ইউসুফ,

أَفْتِنَا فِي سَبْعِ بَقَرٰتٍ سِمَانٍ يَأْكُلُهُنَّ سَبْعٌ عِجَافٌ وَسَبْعِ سُنْبُلٰتٍ خُضْرٍ

আফ্‌তিনা- ফী সাব'ঈ বাক্বারা-তিন্ সিমা-নিঁ ইয়া''কুলুহুন্না সাব'উন্ 'ইজ্বা-ফুঁও অসাব্'ঈ 'সুম্বুলা-তিন্ খুদ্বরিঁও
হে সত্যবাদী! সাতটি তাজা গাভীকে সাতটি দুর্বল গাভী খাচ্ছে এবং সাতটি সবুজ শীষ ও অন্যগুলো শুষ্ক শীষ সম্পর্কে

وَأُخَرَ يٰبِسٰتٍ لا لَعَلِّي أَرْجِعُ إِلَى النَّاسِ لَعَلَّهُمْ يَعْلَمُونَ ﴿٤٧﴾ قَالَ تَزْرَعُونَ

অউখর ইয়া-বিসা-তি ল্লা'আল্লী ~ আর্‌জি'উ ইলান্না-সি লা'আল্লাহুম্ ইয়া'লামূন্। ৪৭। ক্ব-লা তায্‌রা'ঊনা
আমাকে ব্যাখ্যা দাও, যেন আমি লোকদের কাছে গেলে তারাও বুঝে। (৪৭) (ইউসুফ) বলল, তোমরা একাধারে

سَبْعَ سِنِينَ دَأَبًا ج فَمَا حَصَدْتُمْ فَذَرُوهُ فِي سُنْبُلِهِ إِلَّا قَلِيلًا مِمَّا تَأْكُلُونَ

সাব্'আ সিনীনা দায়াবান্ ফামা-হাছোয়াত্‌তুম্ ফাযারূহু ফী সুম্বুলিহী ~ ইল্লা–ক্বালীলাম্ মিম্মা-তা''কুলূন্।
সাত বছর চাষ করবে, তারপর তোমরা খাওয়ার অংশ বাদে বাকি সব শীষ সমেত গুদামজাত করে রেখে দিবে।

﴿٤٨﴾ ثُمَّ يَأْتِي مِنْ بَعْدِ ذٰلِكَ سَبْعٌ شِدَادٌ يَأْكُلْنَ مَا قَدَّمْتُمْ لَهُنَّ إِلَّا قَلِيلًا

৪৮। ছুম্মা ইয়া''তী মিম্ বা'দি যা-লিকা সাব্'উন্ শিদা-দুঁই ইয়া'কুল্‌না মা-ক্বদ্দাম্‌তুম্ লাহুন্না ইল্লা-ক্বলীলাম্
(৪৮) আর তার পরে সাতটি কঠিন দুর্ভিক্ষের বছর আসবে, সে সময়ে জমাকৃত সব খাবে; সামান্য ছাড়া যা (বীজ) সংরক্ষণ

مِمَّا تُحْصِنُونَ ﴿٤٨﴾ ثُمَّ يَأْتِي مِن بَعْدِ ذَٰلِكَ عَامٌ فِيهِ يُغَاثُ النَّاسُ وَفِيهِ

মিম্মা-তুহ্ছিনূন্। ৪৯। ছুম্মা ইয়া''তী মিম্ বা'দি যা-লিকা 'আ-মুন্ ফীহি ইয়ুগ-ছুন্ না-সু অ ফীহি
করবে। (৪৯) পরে এমন এক বছর আসবে, সে সময় প্রচুর বৃষ্টিপাত হবে ও তারা প্রচুর ফলের রস

يَعْصِرُونَ وَقَالَ الْمَلِكُ ائْتُونِي بِهِ ۖ فَلَمَّا جَاءَهُ الرَّسُولُ قَالَ ارْجِعْ

ইয়া'ছিরূন্। ৫০। অ ক্ব-লাল্ মালিকু''তূনী বিহী ফালাম্মা-জ্বা — য়াহুর্ রাসূলু ক্ব-লার্ জ্বি'
নিংড়াবে। (৫০) আর বাদশাহ্ বলল, তাকে আমার কাছে নিয়ে আস। দূত আসলে সে (ইউসূফ) বলল, মালিকের

ع ৬ ৭ ১৬ রুকু

إِلَىٰ رَبِّكَ فَاسْأَلْهُ مَا بَالُ النِّسْوَةِ اللَّاتِي قَطَّعْنَ أَيْدِيَهُنَّ ۚ إِنَّ رَبِّي بِكَيْدِهِنَّ

ইলা-রব্বিকা ফাস্য়ালহু মা- বা-লুন্ নিস্অতিল্ লাতী কাত্ত্বোয়া'না আইদিয়াহুন্না; ইন্না রব্বী বিকাইদিহিন্না
কাছে গিয়ে তাকে জিজ্ঞাসা কর, যে নারীরা নিজের হাত কাটল তাদের অবস্থা কি? আমার রব তাদের ষড়যন্ত্র সম্পর্কে

عَلِيمٌ ﴿٥٠﴾ قَالَ مَا خَطْبُكُنَّ إِذْ رَاوَدتُّنَّ يُوسُفَ عَن نَّفْسِهِ ۚ قُلْنَ حَاشَ

'আলীম্। ৫১। ক্ব-লা মা- খাত্ব্বুকুন্না ইয্ রা-ওয়াত্তুন্না ইয়ূসুফা 'আন্ নাফ্সিহী; ক্বু-লনা হা-শা
ভালোভাবে অবহিত। (৫১) বাদশাহ মহিলাদের বলল, যখন ইউসুফকে ফুসলালে তখন কি পেলে? তারা বলল,

لِلَّهِ مَا عَلِمْنَا عَلَيْهِ مِن سُوءٍ ۚ قَالَتِ امْرَأَتُ الْعَزِيزِ الْآنَ حَصْحَصَ

লিল্লা-হি মা-'আলিম্না-'আলাইহি মিন্ সূ—য়িন্; ক্ব-লাতিম্ রায়াতুল্ 'আযীযিল্ আ-না হাছ্হাছোয়াল্
পবিত্রতা আল্লাহর, আমরা তার মধ্যে কোন দোষ পাইনি [১]। আযীয-স্ত্রী বলল, এখন সত্য প্রকাশ হয়ে পড়েছে।

الْحَقُّ أَنَا رَاوَدتُّهُ عَن نَّفْسِهِ وَإِنَّهُ لَمِنَ الصَّادِقِينَ ﴿٥١﴾ ذَٰلِكَ لِيَعْلَمَ

হাক্বক্বু আনা র-ওয়াত্তুহূ আন্ নাফ্সিহী অইন্নাহূ লামিনাছ্ ছোয়া-দিক্বীন্। ৫২। যা-লিকা লিইয়া'লামা
আমিই তাকে ফুসলিয়েছি, নিঃসন্দেহে সে সত্যবাদী [২]। (৫২) ইউসূফ বলল, এটি এ কারণে-যেন সে (আযীয)

أَنِّي لَمْ أَخُنْهُ بِالْغَيْبِ وَأَنَّ اللَّهَ لَا يَهْدِي كَيْدَ الْخَائِنِينَ ۞

আন্নী লাম্ আখুন্হু বিল্গইবি অ আন্নাল্লা-হা লা-ইয়াহ্দী কাইদাল্ খ — য়িনীন্।
জানে যে, আমি তার অনুপস্থিতিতে তার প্রতি বিশ্বাসঘাতকতা করিনি। আল্লাহ্ বিশ্বাসঘাতকদের ষড়যন্ত্র চলতে দেন না।

আয়াত-৫১ ঃ ইউসুফ (আঃ) একদা দীর্ঘ বন্দী জীবনে দুঃসহ হয়ে পড়েছিলেন এবং মনে মনে মুক্তি কামনা করেছিলেন। কাজেই বাদশাহের প্রেরিত বার্তাকে সুবর্ণ সুযোগ মনে করে তিনি তৎক্ষণাৎ বের হয়ে আসতে পারতেন। কিন্তু তিনি পয়গাম্বর সুলভ আচরণের পরিচয় দিয়ে নিজের নির্দোষ হওয়ার সনদ স্বয়ং বাদশাহের মাধ্যমে সেই রমণীদের নিকট হতে গ্রহণ করলেন, যাদের ষড়যন্ত্রের শিকার হয়ে তিনি কারারুদ্ধ হয়েছিলেন। অতঃপর পবিত্র ও বিশ্বস্ত রূপে বাদশাহের সান্নিধ্যে গমন করলেন। এখানে লক্ষণীয় যে, ইউসুফ (আঃ) সরাসরি জোলায়খার বিরুদ্ধে অভিযোগ তোলেন নি। বরং হস্তকর্তনকারীণী মহিলাদের কথা উল্লেখ করেছেন। এতে তিনি স্বীয় প্রভু আযীযের প্রতি সদ্ব্যবহারের চেষ্টা করেছেন। (মাঃ কোঃ সামান্য পরিবর্তিত)

টীকা ঃ (১) আমরা ইউসুফকে সম্পূর্ণ বিস্কলুষ পেয়েছি। আর তখন যোলায়খার তদানীন্তর স্বীকৃতির কথা হয়ত এ জন্যই তারা ব্যক্ত করে নি যে, এতটুকুতেই হযরত ইউসুফ (আঃ)-এর পবিত্রতা প্রকাশ পেয়েছে, অথবা যোলাযখকার মুখামুখী লজ্জাবোধ করাতে অথবা তার ভয়ে।

টীকা ঃ (২) সম্ভবত ঃ এরূপ স্বীকার করতে যোলায়খা বাধ্য হয়ে পড়েছিল। অতঃপর হযরত ইউসুফ (আঃ) বললেন, আমার এ ব্যবস্থা অবলম্বনের কারণ হল, আযীয যেন আমাকে বিশ্বাস ভঙ্গকারী মনে না করে, আমি যে পবিত্র তা যেন অবগত হতে পারে।

পারা ১৩

وَمَآ أُبَرِّئُ نَفْسِىٓ ۚ إِنَّ ٱلنَّفْسَ لَأَمَّارَةٌۢ بِٱلسُّوٓءِ إِلَّا مَا رَحِمَ رَبِّىٓ ۚ

৫৩। অমা ~ উবার্‌রিয়ু নাফ্‌সী ইন্নান্ নাফ্‌সা লাআম্মা-রতুম্ বিস্‌সূ — য়ি ইল্লা-মা-রহিমা রব্বী ;
(৫৩) আর নিজেকে নির্দোষ মনে করো না, কেননা, মন তো কুকর্মপ্রবণ, তবে সে ছাড়া যার প্রতি আমার রব দয়া করেন;

إِنَّ رَبِّى غَفُورٌ رَّحِيمٌ ﴿٥٣﴾ وَقَالَ ٱلْمَلِكُ ٱئْتُونِى بِهِۦٓ أَسْتَخْلِصْهُ لِنَفْسِى ۖ فَلَمَّا

ইন্না রব্বী গফূরুর্ রহীম্। ৫৪। অক্বা-লাল্ মালিকু''তূ নী বিহী ~ আস্‌তাখ্‌লিছ্‌হু লিনাফ্‌সী ফালাম্মা-
নিঃসন্দেহে আমার রব ক্ষমাশীল, দয়ালু। (৫৪) আর বাদশাহ্ বলল, তাকে নিয়ে আস, আমার একান্ত সহচর বানাব। যখন

كَلَّمَهُۥ قَالَ إِنَّكَ ٱلْيَوْمَ لَدَيْنَا مَكِينٌ أَمِينٌ ﴿٥٤﴾ قَالَ ٱجْعَلْنِى عَلَىٰ خَزَآئِنِ ٱلْأَرْضِ ۖ

কাল্লামাহূ ক্বা-লা ইন্নাকাল্ ইয়াওমা লাদাইনা-মাকীনুন্ আমীন্। ৫৫। ক্বা-লা জ্ব্ 'আল্‌নী 'আলা-খযা — য়িনিল্ আর্‌দ্বি
কথা বলল, তখন বাদশা বলল, আজ তুমি আমাদের সম্মানিত, নির্ভরযোগ্য ব্যক্তি। (৫৫) (ইউসুফ) বলল, আমাকে দেশের

إِنِّى حَفِيظٌ عَلِيمٌ ﴿٥٥﴾ وَكَذَٰلِكَ مَكَّنَّا لِيُوسُفَ فِى ٱلْأَرْضِ يَتَبَوَّأُ مِنْهَا حَيْثُ

ইন্নী হাফীজুন্ 'আলীম্। ৫৬। অকাযা-লিকা মাক্কান্না- লিইয়ূসুফা ফিল্ আর্‌দ্বি; ইয়াতাবাওয়ু মিন্‌হা- হাইছু
ধনাগারের দায়িত্ব দিন, আমি রক্ষক, অভিজ্ঞ। (৫৬) এ'ভাবে আমি ইউসুফকে যমীনে প্রতিষ্ঠিত করলাম, সে ইচ্ছামত

يَشَآءُ ۚ نُصِيبُ بِرَحْمَتِنَا مَن نَّشَآءُ ۖ وَلَا نُضِيعُ أَجْرَ ٱلْمُحْسِنِينَ ﴿٥٦﴾ وَلَأَجْرُ ٱلْءَاخِرَةِ

ইয়াশা — য়্; নুছীবু বিরহ্‌মাতিনা- মান্ নাশা — য়্যু অলা-নুদ্বী'উ আজ্‌রল্ মুহ্‌সিনীন্। ৫৭। অলা আজ্‌রুল্ আ-খিরতি
ঘুরতে পারত। আমি যাকে ইচ্ছা করুণা দান করি, আর নেককারদের শ্রম নষ্ট করি না। (৫৭) যারা মু'মিন ও মুত্তাকী

৭ ع ৮ ১ রুকু

خَيْرٌ لِّلَّذِينَ ءَامَنُوا۟ وَكَانُوا۟ يَتَّقُونَ ﴿٥٧﴾ وَجَآءَ إِخْوَةُ يُوسُفَ فَدَخَلُوا۟ عَلَيْهِ

খইরুল্ লিল্লাযীনা আ-মানূ অকা-নূ ইয়াত্তাকূ্ন্। ৫৮। অজা — য়া ইখ্‌ওয়াতু ইউসুফা ফাদাখলূ 'আলাইহি
তাদের জন্য পরকালের পুরস্কারই উত্তম। (৫৮) ইউসুফের ভ্রাতারা তার নিকট এসে হাযির হল। আর ইউসুফ তাদের

فَعَرَفَهُمْ وَهُمْ لَهُۥ مُنكِرُونَ ﴿٥٨﴾ وَلَمَّا جَهَّزَهُم بِجَهَازِهِمْ قَالَ ٱئْتُونِى بِأَخٍ لَّكُم

ফা'আরফাহুম্ অহুম্ লাহূ মুন্‌কিরূন্। ৫৯। অলাম্মা-জ্বাহ্‌হাযা হুম্ বিজ্বাহা-যিহিম্ ক্বা-লা''তূনী বিআখিল্লাকুম্
চিনল, কিন্তু তারা ইউসুফকে চিনতে পারে নি। (৫৯) সে তাদের সামগ্রীর ব্যবস্থা করে বলল, তোমরা তোমাদের বৈমাত্রেয়

مِّنْ أَبِيكُمْ ۚ أَلَا تَرَوْنَ أَنِّىٓ أُوفِى ٱلْكَيْلَ وَأَنَا۠ خَيْرُ ٱلْمُنزِلِينَ ﴿٥٩﴾ فَإِن لَّمْ

মিন্ আবীকুম্ আলা-তারাওনা আন্নী ~ উফিল্ কাইলা অআনা খইরুল্ মুন্‌যিলীন। ৬০। ফাইল্লাম্
ভাইকে নিয়ে এস। তোমরা কি দেখছ না, আমি মাপে পুরো দেই ও শ্রেষ্ঠ মেযবান। (৬০) অতঃপর তোমরা যদি তাকে

আয়াত-৫৩ ঃ ইউসুফ (আঃ)-এর এই উক্তি হতে জানা যায় যে, কোন গুনাহ্ হতে আত্মরক্ষার তাওফীক হলে তজ্জন্য গর্ব কিংবা এর বিপরীতে যারা গুণাহ করে, তাদেরকে হেয় ভাবা উচিত নয়। (মাঃ কোঃ) আয়াত-৫৫ ঃ ইউসুফ (আঃ)-এর এ উক্তি হতে বুঝা গেল যে, প্রয়োজনের ক্ষেত্রে নিজের কোন গুণগত বৈশিষ্ট্য ও শ্রেষ্ঠত্ব বর্ণনা করা অবৈধ নয়। তবে তা অহংকার ও গর্ববশতঃ হওয়া উচিত নয়। উল্লেখ্য যে, যদি নিজে ভালভাবে কোন বিশেষ পদ সম্পাদন করতে পারবে বলে আত্মবিশ্বাস থাকে এবং গুনাহেও লিপ্ত হওয়ার আশংকা না থাকে, তবে পদটি নিজে চেয়ে নেয়া জায়েয। এ শর্তে যে, প্রভাব-প্রতিপত্তি ও অর্থ-কড়ির মোহে নয়, বরং জনগণের বিশুদ্ধ সেবা ও ইনসাফের সাথে তাদের অধিকার সংরক্ষণই উদ্দেশ্য হতে হবে। যেমন, ইউসুফ (আঃ)-এর সামনে এ লক্ষ্যই ছিল। (মাঃ কোঃ)

تَأْتُونِى بِهِۦ فَلَا كَيْلَ لَكُمْ عِندِى وَلَا تَقْرَبُونِ ﴿٦١﴾ قَالُوا۟ سَنُرَٰوِدُ عَنْهُ أَبَاهُ

তা''তূনী বিহী ফালা- কাইলালাকুম্ 'ইন্দী অলা-তাক্ব্‌রাবূন্। ৬১। ক্ব-লূ সানুরা-ওয়িদু 'আন্‌হু আবা-হু

আমার নিকট না আন, তবে তোমরা কোন বরাদ্দ পাবে না, কাছেও আসতে পারবে না। (৬১) তারা বলল, আমরা আব্বাকে

وَإِنَّا لَفَٰعِلُونَ ﴿٦٢﴾ وَقَالَ لِفِتْيَٰنِهِ ٱجْعَلُوا۟ بِضَٰعَتَهُمْ فِى رِحَالِهِمْ لَعَلَّهُمْ

অইন্না- লাফা-'ইলূন্। ৬২। অক্ব-লা লিফিত্‌ইয়া-নিহিজ্‌'আলূ- বিদ্বোয়া-'আতাহুম্ ফী রিহা-লিহিম্ লা'আল্লাহুম্

সম্মত করতে চেষ্টা করব, এবং আমরা নিশ্চয়ই এটা করব। (৬২) ভৃত্যদের বলল, তাদের মূলধন, তাদের মাল-পত্রের মধ্যে

يَعْرِفُونَهَآ إِذَا ٱنقَلَبُوٓا۟ إِلَىٰٓ أَهْلِهِمْ لَعَلَّهُمْ يَرْجِعُونَ ﴿٦٣﴾ فَلَمَّا رَجَعُوٓا۟ إِلَىٰٓ أَبِيهِمْ

ইয়া'রিফূনাহা ~ ইযান্ ক্বলাবূ~ ইলা ~ আহ্‌লিহিম্ লা'আল্লাহুম্ ইয়ার্‌জি'উন্। ৬৩। ফালাম্মা- রাজা'উ~ ইলা ~ আবীহিম্

রেখে দাও, যেন পরিজনের কাছে ফিরলে বুঝতে পেরে আবার প্রত্যাবর্তন করে। (৬৩) অতঃপর পিতার কাছে পৌঁছে বলল,

قَالُوا۟ يَٰٓأَبَانَا مُنِعَ مِنَّا ٱلْكَيْلُ فَأَرْسِلْ مَعَنَآ أَخَانَا نَكْتَلْ وَإِنَّا لَهُۥ لَحَٰفِظُونَ ٭

ক্ব-লূ ইয়া ~ আবা-না- মুনি'আ মিন্নাল্ কাইলু ফাআর্‌সিল্ মা'আনা ~ আখা-না-নাক্‌তাল্ অইন্না-লাহূ লাহাফিজূন্।

হে পিতা! আমাদের বরাদ্দ নিষিদ্ধ। আমাদের ভাইকে সাথে দিন, যেন রসদ পাই। আর তাকে আমরা হেফাজত করবই।

﴿٦٤﴾ قَالَ هَلْ ءَامَنُكُمْ عَلَيْهِ إِلَّا كَمَآ أَمِنتُكُمْ عَلَىٰٓ أَخِيهِ مِن قَبْلُ ۖ فَٱللَّهُ خَيْرٌ

৬৪। ক্ব-লা হাল্ আ-মানুকুম্ 'আলাইহি ইল্লা-কামা ~ আমিন্‌তুকুম্ 'আলা ~ আখীহি মিন্ ক্বব্‌লু; ফাল্লা-হু খইরুন্

(৬৪) পিতা বলল, আমি তোমাদেরকে কি সেরূপ বিশ্বাস করব ইতোপূর্বে যেরূপ তার ভাই সম্পর্কে করেছিলাম; আল্লাহই উত্তম

حَٰفِظًا ۖ وَهُوَ أَرْحَمُ ٱلرَّٰحِمِينَ ﴿٦٥﴾ وَلَمَّا فَتَحُوا۟ مَتَٰعَهُمْ وَجَدُوا۟ بِضَٰعَتَهُمْ

হা-ফিজোয়াঁও অহুঅ আর্‌হামুর্ র-হিমীন্। ৬৫। অলাম্মা- ফাতাহূ মাতা-'আহুম্ অজ্বাদূ বিদ্বোয়া-'আতাহুম্

হেফাজতকারী এবং তিনি শ্রেষ্ঠ দয়ালু। (৬৫) তারা যখন তাদের মালপত্র খুলল, তখন তারা দেখতে পেল তাতে তাদের মূলধন

رُدَّتْ إِلَيْهِمْ ۖ قَالُوا۟ يَٰٓأَبَانَا مَا نَبْغِى ۖ هَٰذِهِۦ بِضَٰعَتُنَا رُدَّتْ إِلَيْنَا ۖ وَنَمِيرُ

রুদ্দাত্ ইলাইহিম্; ক্ব-লূ ইয়া ~ আ-বা-না-মা-নাব্‌গী হা-যিহী বিদ্বোয়া-'আতুনা- রুদ্দাত্ ইলাইনা- অনামীরু

তাদেরকে ফেরত দেয়া হয়েছে। তারা বলল, হে পিতা! আর কি আশা করতে পারি? মূলধন ফেরৎ পেয়েছি। পরিবারের রসদ আনব

أَهْلَنَا وَنَحْفَظُ أَخَانَا وَنَزْدَادُ كَيْلَ بَعِيرٍ ۖ ذَٰلِكَ كَيْلٌ يَسِيرٌ ﴿٦٦﴾ قَالَ لَنْ أُرْسِلَهُۥ

আহ্‌লানা-অনাহ্‌ফাজু আখ-না-অনায্‌দা-দু কাইলা বা'ঈর্ যা-লিকা কাইলুঁই ইয়াসীর্। ৬৬। ক্ব-লা লান্ উর্‌সিলাহূ

ভাইকে রক্ষা করব। একউষ্ট্র-বোঝাই পন্য আনব, এ তো সহজ হিসাব। (৬৬) বলল, তাকে আমি তোমাদের সঙ্গে

مَعَكُمْ حَتَّىٰ تُؤْتُونِ مَوْثِقًا مِّنَ ٱللَّهِ لَتَأْتُنَّنِى بِهِۦٓ إِلَّآ أَن يُحَاطَ بِكُمْ ۖ فَلَمَّآ

মা'আকুম্ হাত্তা-তু''তূনি মাওছিক্বম্ মিনাল্লা-হি লাতা''তুন্নানী বিহী ~ ইল্লা ~ আঈ ইয়ুহা-ত্বোয়াবিকুম্, ফালাম্মা ~

দিব না, যতক্ষণ না তোমরা শপথ করবে আল্লাহর নামে যে, তাকে আমার নিকট ফিরিয়ে আনবে, তবে যদি তোমরা অসহায় হয়ে পড়,

اٰتَوْهُ مَوْثِقَهُمْ قَالَ اللّٰهُ عَلٰى مَا نَقُوْلُ وَكِيْلٌ ﴿٦٧﴾ وَقَالَ يٰبَنِيَّ لَا تَدْخُلُوْا مِنْ

আ-তাওহু মাওছিক্বহুম্‌ ক্ব-লাল্লা-হু 'আলা- মা- নাক্বূলু অক্বীল্‌। ৬৭। অ ক্ব-লা ইয়া-বানিয়্যা লা-তাদ্‌খুলূ মিম্‌

তবে অন্য কথা। অতঃপর তারা তাঁকে ওয়াদা দিলে তিনি বললেন, আল্লাহই সকল বিষয়ে হেফাজতকারী। (৬৭) বলল, হে আমার ছেলেরা!

بَابٍ وَّاحِدٍ وَّادْخُلُوْا مِنْ اَبْوَابٍ مُّتَفَرِّقَةٍ ؕ وَمَاۤ اُغْنِيْ عَنْكُمْ مِّنَ اللّٰهِ مِنْ

বা-বিঁও অহিদিঁও ওয়াদ্‌খুলূ মিন্‌ আব্‌ওয়া-বিম্‌ মুতাফার্‌রিক্বাহ; অমা ~ উগ্‌নী 'আনকুম্‌ মিনাল্লা-হি মিন্‌

তোমরা এক দরজা দিয়ে প্রবেশ করো না, ভিন্ন ভিন্ন দরজা দিয়ে প্রবেশ করবে। আর আমি আল্লাহ হতে তোমাদেরকে

شَيْءٍ ؕ اِنِ الْحُكْمُ اِلَّا لِلّٰهِ ؕ عَلَيْهِ تَوَكَّلْتُ ۚ وَعَلَيْهِ فَلْيَتَوَكَّلِ الْمُتَوَكِّلُوْنَ *

শাইয়িন্‌ ইনিল্‌ হুক্‌মু ইল্লা-লিল্লা-হি 'আলাইহি তাওয়াক্কাল্‌তু, অ 'আলাইহি ফাল্‌ইয়াতাঅক্কালিল্‌ মুতাঅক্কিলূন্‌।

বাঁচাতে পারব না, বিধান তো আল্লাহর। আর আমি তাঁর ওপরই নির্ভর করি; তাঁর ওপরই নির্ভরশীলদের নির্ভর করা শ্রেয়।

﴿٦٨﴾ وَلَمَّا دَخَلُوْا مِنْ حَيْثُ اَمَرَهُمْ اَبُوْهُمْ ؕ مَا كَانَ يُغْنِيْ عَنْهُمْ مِّنَ اللّٰهِ مِنْ

৬৮। অ লাম্মা- দাখালূ মিন্‌ হাইছু আমারহুম্‌ আবূহুম্‌ মা-কা-না ইয়ুগ্‌নী 'আন্‌হুম্‌ মিনাল্লা-হি মিন্‌

(৬৮) আর যখন তারা তাদের পিতার নির্দেশ অনুযায়ী প্রবেশ করল, কিন্তু আল্লাহর বিধান হতে তারা রক্ষা পায়নি।

شَيْءٍ اِلَّا حَاجَةً فِيْ نَفْسِ يَعْقُوْبَ قَضٰىهَا ؕ وَاِنَّهٗ لَذُوْ عِلْمٍ لِّمَا عَلَّمْنٰهُ وَلٰكِنَّ

শাইয়িন্‌ ইল্লা-হা-জ্বাতান্‌ ফী নাফ্‌সি ইয়া'ক্বূবা ক্বদ্বোয়া-হা-; অ ইন্নাহূ লাযূ ই'ল্‌মিল্লিমা-'আল্লাম্‌না-হু অলা-কিন্না

ইয়াকূব কেবল তার মনের একটি অভিপ্রায় পূর্ণ করেছে, আর নিশ্চয়ই সে জ্ঞানী ছিল। কেননা, আমি তাকে শিক্ষা দিয়েছি।

৮ ع ১১ ২ রুকু

اَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُوْنَ ﴿٦٩﴾ وَلَمَّا دَخَلُوْا عَلٰى يُوْسُفَ اٰوٰۤى اِلَيْهِ اَخَاهُ قَالَ

আক্‌ছারা ন্না-সি লা-ইয়া'লামূন্‌। ৬৯। অ লাম্মা- দাখালূ 'আলা- ইয়ূসুফা আ- অ ~ ইলাইহি আখ-হু ক্ব-লা

কিন্তু অধিকাংশ লোক তা জানে না। (৬৯) আর তারা যখন ইউসুফের কাছে আসল তখন সে ভাইকে কাছে রেখে বলল,

اِنِّيْۤ اَنَا اَخُوْكَ فَلَا تَبْتَئِسْ بِمَا كَانُوْا يَعْمَلُوْنَ ﴿٧٠﴾ فَلَمَّا جَهَّزَهُمْ بِجَهَازِهِمْ

ইন্নী ~ আনা আখূকা ফালা-তাব্‌তায়িস্‌ বিমা-কানূ ইয়া'মালূন্‌। ৭০। ফালাম্মা-জ্বাহ্‌হাযাহুম্‌ বিজ্বাহা-যিহিম্‌

নিশ্চয়ই আমি তোমার ভাই, অতএব তাদের কর্ম-কাণ্ডের জন্য দুঃখ করো না। (৭০) অতঃপর যখন তাদের সামগ্রী

جَعَلَ السِّقَايَةَ فِيْ رَحْلِ اَخِيْهِ ثُمَّ اَذَّنَ مُؤَذِّنٌ اَيَّتُهَا الْعِيْرُ اِنَّكُمْ لَسٰرِقُوْنَ *

জ্বা'আলাস্‌ সিক্ব- ইয়াতা ফী রহ্‌লি আখীহি ছুম্মা আয্‌যানা মুওয়ায্‌যিনুন্‌ আইয়্যাতুহাল্‌ 'ঈরু ইন্নাকুম্‌ লাসা-রিক্বূন্‌।

প্রস্তুত করে ভ্রাতার মাল-পত্রে পান-পাত্র রেখে দিল। পরে আহ্বায়ক ডাকল, হে! যাত্রীদল! তোমরাই চোর'।

আয়াত-৬৯ ঃ অর্থাৎ এ সকল লোক হযরত ইউসুফ (আঃ)-এর নিকট তাঁর ভাইকে পৌঁছালে তিনি বললেন, ধন্যবাদ, তোমরা আমার পক্ষ হতে এর বিনিময় পাবে। অতঃপর তাদেরকে স্বীয় পার্শ্বেই বসিয়ে খুব সমাদর ও অভ্যর্থনা করলেন। প্রত্যেক দস্তরখানায় দুজনের জন্য আহারের ব্যবস্থা করালেন এবং তারা দুজন দুজন করে বসে গেল; বিনইয়ামীন একা পড়ে গেল, তখন সে কেঁদে উঠে বলল, আজ আমার ভাই ইউসুফ জীবিত থাকলে তিনি আমাকে তাঁর সঙ্গে বসাতেন। হযরত ইউসুফ (আঃ) অপরাপর ভাইদের উদ্দেশ্যে বললেন, এ তো একাই পড়ে গেল, কাজেই, আমি নিজের সঙ্গে বসাচ্ছি। রাতে শয়নের সময়ও একত্রে দুজন করে নিদ্রার স্থান ঠিক করলেন এবং বিনইয়ামীন একাই পড়ে থাকল, তখন তাকে নিজের সঙ্গে শয়ন করালেন। সকালে উঠে হযরত ইউসুফ (আঃ) বললেন, যেহেতু তোমাদের এ ভ্রাতা সর্বক্ষণে একা পড়ে থাকে, তাই তাকে আমার সঙ্গে আমার কাছেই রাখব।

﴿٧١﴾ قَالُوا وَأَقْبَلُوا عَلَيْهِمْ مَاذَا تَفْقِدُونَ ﴿٧٢﴾ قَالُوا نَفْقِدُ صُوَاعَ الْمَلِكِ وَلِمَنْ

৭১। ক্বা-লূ অআক্ব্বালূ 'আলাইহিম্ মা-যা-তাফ্ক্বিদূন্। ৭২। ক্বা-লূ নাফ্ক্বিদু ছুঅ-'আল্ মালিকি অলিমান্
(৭১) তারা তাদের দিকে লক্ষ্য করে বলল, কি হারিয়েছ? (৭২) তারা বলল, আমরা বাদশাহ্‌র পান-পাত্র হারিয়েছি। যে তা

جَاءَ بِهِ حِمْلُ بَعِيرٍ وَأَنَا بِهِ زَعِيمٌ ﴿٧٣﴾ قَالُوا تَاللَّهِ لَقَدْ عَلِمْتُمْ مَا جِئْنَا

জ্বা —য়া বিহী হিম্‌লু বাঈ'রিওঁ অআনা বিহী যা'ঈম্।৭৩। ক্বা-লূ তাল্লা-হি লাক্বদ্ 'আলিম্‌তুম্ মা-জ্বি'না
আনবে সে উষ্ট্র-বোঝাই মাল পাবে, আমি তার যিম্মাদার। (৭৩) বলল, আল্লাহর শপথ! তোমরা জান, আমরা

لِنُفْسِدَ فِي الْأَرْضِ وَمَا كُنَّا سَارِقِينَ ﴿٧٤﴾ قَالُوا فَمَا جَزَاؤُهُ إِنْ كُنْتُمْ كَاذِبِينَ *

লিনুফ্‌সিদা ফিল্ আরদ্বি অমা-কুন্না-সারিক্বীন্। ৭৪। ক্বা-লূ ফামা-জ্বাযা — য়ুহূ ~ ইন্ কুন্‌তুম্ কা-যিবীন্।
এ দেশে আমরা বিপর্যয় সৃষ্টি করতে আসিনি, আর আমরা চোরও নই। (৭৪) তারা বলল, তোমাদের শাস্তি কি হবে।

﴿٧٥﴾ قَالُوا جَزَاؤُهُ مَنْ وُجِدَ فِي رَحْلِهِ فَهُوَ جَزَاؤُهُ كَذَٰلِكَ نَجْزِي الظَّالِمِينَ *

৭৫। ক্বা-লূ জ্বাযা — য়ুহূ মাওঁ য়ুজ্বিদা ফী রহ্‌লিহী ফাহুঅ জ্বাযা — য়ুহূ কাযা-লিকা নাজ্‌যিজ্ জোয়া-লিমীন্।
(৭৫) তারা বলল, তার শাস্তি হল-যার মাল-পত্রে পাত্রটি পাওয়া যাবে, সে-ই হবে তার বিনিময়। এ'ভাবে আমরা জালিমদের শাস্তি দেই।

﴿٧٦﴾ فَبَدَأَ بِأَوْعِيَتِهِمْ قَبْلَ وِعَاءِ أَخِيهِ ثُمَّ اسْتَخْرَجَهَا مِنْ وِعَاءِ أَخِيهِ ط

৭৬। ফাবাদায়া বিআও'ইইয়াতিহিম্ ক্ববলা ওয়ি'আ — যা আখীহি ছুম্মাস্ তাখ্‌রাজ্বাহা- মিঁও ওয়ি'আ — য়ি আখীহ্;
(৭৬) ভাইয়ের মাল-পত্র তল্লাশির পূর্বে তাদের গুলো তল্লাশী চলল। পরে ভাইয়ের মাল থেকে পাত্রটি বের করা হল।

كَذَٰلِكَ كِدْنَا لِيُوسُفَ ط مَا كَانَ لِيَأْخُذَ أَخَاهُ فِي دِينِ الْمَلِكِ إِلَّا أَنْ

কাযা-লিকা কিদ্‌না-লিইয়ূসুফ; মা-কা-না লিইয়া''খুযা আখ-হু ফী দীনিল্ মালিকি ইল্লা ~ আইঁ
এভাবে ইউসুফকে আমি কৌশল শিক্ষা দিয়েছিলাম। সে দেশের রাজার আইন অনুসারে সহোদরকে আটক করা যায় না,

يَشَاءَ اللَّهُ ط نَرْفَعُ دَرَجَاتٍ مَنْ نَشَاءُ ط وَفَوْقَ كُلِّ ذِي عِلْمٍ عَلِيمٌ ﴿٧٧﴾ قَالُوا

ইয়াশা — য়াল্লা-হ্; নারফাউ' দারাজ্বা-তিম্ মান্ নাশা — য়ু অফাওক্ব কুল্লি যী 'ইল্‌মিন্ 'আলীম্।৭৭। ক্বা-লূ ~
আল্লাহর ইচ্ছা ছাড়া। আমি যাকে ইচ্ছা তাকে বিশেষ মর্যাদা দিয়ে থাকি। জ্ঞানীর ওপর মহাজ্ঞানী আছে। (৭৭) তারা বলল,

إِنْ يَسْرِقْ فَقَدْ سَرَقَ أَخٌ لَهُ مِنْ قَبْلُ ج فَأَسَرَّهَا يُوسُفُ فِي نَفْسِهِ وَلَمْ يُبْدِهَا

ইঁ ইয়াসরিক্ব্‌ ফাক্বদ্ সারাক্বা আখুল্লাহূ মিন্ ক্ববলু, ফাআসাররহা-ইয়ূসুফু ফী নাফ্‌সিহী অলাম্ ইউব্‌দিহা-
সে যদি চুরি করে থাকে, তবে ইতোপূর্বে তার ভাইও চুরি করেছিল, ইউসুফ বিষয়টি প্রকাশ না করে গোপন রেখে

لَهُمْ ج قَالَ أَنْتُمْ شَرٌّ مَكَانًا ج وَاللَّهُ أَعْلَمُ بِمَا تَصِفُونَ ﴿٧٨﴾ قَالُوا يَا أَيُّهَا الْعَزِيزُ

লাহুম্, ক্বা-লা আনতুম্ শাররুম্ মাকা-নান্, অল্লা-হু আ'লামু বিমা-তাছিফূন্।৭৮। ক্বা-লূ-ইয়া ~ আইয়্যুহাল্ 'আযীমু
বলল, এ ব্যাপারে তোমাদের অবস্থা তো হীনতর। আর আল্লাহ তোমাদের কথা সবিশেষ অবগত। (৭৮) তারা বলল, হে আযীয! তার

إِنَّ لَهُ أَبًا شَيْخًا كَبِيرًا فَخُذْ أَحَدَنَا مَكَانَهُ ۚ إِنَّا نَرَاكَ مِنَ الْمُحْسِنِينَ

ইন্না লাহূ ~ আবান্ শাইখান্ কাবীরান্ ফাখুয্ আহাদানা- মাকা-নাহূ, ইন্না-নারা-কা মিনাল্ মুহ্সিনীন্।
এক পিতা আছেন, তিনি অতিশয় বৃদ্ধ, সুতরাং তার স্থলে আপনি আমাদের একজনকে রাখুন, নিশ্চয়ই আমরা আপনাকে সৎ দেখছি।

৯ ১১ ৩ রুকু

(৭৯) قَالَ مَعَاذَ اللَّهِ أَنْ نَأْخُذَ إِلَّا مَنْ وَجَدْنَا مَتَاعَنَا عِنْدَهُ ۙ إِنَّا إِذًا لَظَالِمُونَ

৭৯। ক্বা-লা মা'আযাল্লা-হি আন্ না"খুযা ইল্লা-মাওঁ অজ্বাদ্না-মাতা-'আনা-'ইন্দাহূ ~ ইন্না ~ ইযাল্লাজোয়া-লিমূন্।
(৭৯) বলল, যার কাছে মাল তাকে বাদে অন্যকে রাখার অপরাধ হতে আল্লাহর আশ্রয় চাই। এরূপ করলে আমরাই জালিম হব।

(৮০) فَلَمَّا اسْتَيْأَسُوا مِنْهُ خَلَصُوا نَجِيًّا ۖ قَالَ كَبِيرُهُمْ أَلَمْ تَعْلَمُوا أَنَّ أَبَاكُمْ

৮০। ফালাম্মাস্ তাইয়াসূ মিন্হু খালাছূ নাজ্বিয়্যা-; ক্বা-লা কাবীরুহুম্ আলাম্ তা'লামূ ~ আন্না আবা-কুম্
(৮০) তারা নিরাশ হয়ে নির্জনে গিয়ে পরামর্শে বসল; তাদের জ্যেষ্ঠ ভ্রাতা বলল, তোমরা কি জান না যে, তোমাদের পিতা তোমাদের

قَدْ أَخَذَ عَلَيْكُمْ مَوْثِقًا مِنَ اللَّهِ وَمِنْ قَبْلُ مَا فَرَّطْتُمْ فِي يُوسُفَ ۖ فَلَنْ أَبْرَحَ

ক্বদ্ আখাযা 'আলাইকুম্ মাওছিক্বম্ মিনাল্লা-হি অমিন্ ক্ববলু মা-ফাররাত্ব্তুম্ ফী ইয়ূসুফা ফালান্ আব্ রহাল্
নিকট থেকে আল্লাহর নামে শপথ নিয়েছেন এবং তোমরা ইতোপূর্বে ইউসুফকে নিয়ে যে বাড়াবাড়ি করেছ? কাজেই আমি পিতার বিনা

الْأَرْضَ حَتَّىٰ يَأْذَنَ لِي أَبِي أَوْ يَحْكُمَ اللَّهُ لِي ۖ وَهُوَ خَيْرُ الْحَاكِمِينَ

আর্দ্বোয়া হাত্তা-ইয়া"যানা লী ~ আবী ~ আও ইয়াহ্কুমাল্লা-হু লী অহুঅ খইরুল্ হা-কিমীন্।
অনুমতিতে এ স্থান কিছুতেই ত্যাগ করব না, অথবা যে পর্যন্ত আল্লাহ কোন ফয়সালা করে না দেন, আর তিনিই উত্তম ফয়সালাকারী

(৮১) ارْجِعُوا إِلَىٰ أَبِيكُمْ فَقُولُوا يَا أَبَانَا إِنَّ ابْنَكَ سَرَقَ ۚ وَمَا شَهِدْنَا إِلَّا

৮১। ইর্জ্বিঊ' ~ ইলা ~ আবীকুম্ ফাক্বূলূ ইয়া ~ আবা-না ~ ইন্নাব্ নাকা সারাক্ব, অমা-শাহিদ্না ~ ইল্লা-
(৮১) তোমরা পিতার কাছে ফিরে যাও, অতঃপর বলবে, হে আমাদের পিতা! নিশ্চয়ই আপনার পুত্র চুরি করেছে, যা জানি

بِمَا عَلِمْنَا وَمَا كُنَّا لِلْغَيْبِ حَافِظِينَ (৮২) وَاسْأَلِ الْقَرْيَةَ الَّتِي كُنَّا فِيهَا وَالْعِيرَ

বিমা-'আলিম্না-অমা- কুন্না লিল্গাইবি হা-ফিজীন্। ৮২। অস্য়ালিল্ ক্বর্ইয়াতাল্লাতী কুন্না-ফীহা- অল্'ঈরল
তা-ই বললাম আর আমরা তো অদৃশ্য জানি না। (৮২) জনপদবাসীকে জিজ্ঞাসা করুন, যেখানে ছিলাম এবং সেই দলকেও

الَّتِي أَقْبَلْنَا فِيهَا ۖ وَإِنَّا لَصَادِقُونَ (৮৩) قَالَ بَلْ سَوَّلَتْ لَكُمْ أَنْفُسُكُمْ أَمْرًا

লাতী ~ আক্ব্বাল্না- ফীহা-; অইন্না-লাছোয়া-দিক্বূন্। ৮৩। ক্বা-লা বাল্ সাওঅলাত্ লাকুম্ আন্ফুসুকুম্ আম্রা-;
যাদের সঙ্গে আসলাম, আর আমরা সত্যবাদীই। (৮৩) বলল, বরং তোমরাই সাজিয়েছ, তোমাদের জন্য একটি মনগড়া কথা,

আয়াত-৮১ঃ অর্থাৎ তোমরা পিতার নিকট যাও এবং ঘটনাটি সত্য সত্য বল যে, "আপনার ছেলে বিনইয়ামীন শাহী পান-পাত্র চুরি করেছে? ফলে তাকে গোলাম রূপে আটক করে রেখেছে। আর প্রতিশ্রুতি অনুসারে আমরা তাকে হেফাজত করেছিলাম; কিন্তু চুরি সম্বন্ধে তো আমাদের জানা ছিল না। আমরা কি জানি যে, আমাদের এ ছোট ভাই বিনইয়ামীনই এ পান-পাত্র চুরি করেছে। আপনার বিশ্বাস না হলে মিসরের যে স্থানে আমাদের পথরোধ করা হয়েছিল সেখানে লোক পাঠিয়ে, অথবা আমাদের সাথের কাফেলাকে জিজ্ঞাসা করুন।" অনন্তর তারা তাদের বড় ভাইকে মিসরে রেখে পিতার নিকট কেনআনে এসে সমস্ত ঘটনা যখন বর্ণনা করল তখন তাদের পিতা তাদের বর্ণনা শুনে বললেন, এসব কিছুই তোমাদের মনগড়া, এবং মিথ্যা; কি করব আর ধৈর্য ব্যতীত, সম্ভবতঃ আল্লাহপাক সকলের সঙ্গে মিলনও ঘটাবেন।

فَصَبْرٌ جَمِيلٌ ۖ عَسَى اللَّهُ أَنْ يَأْتِيَنِي بِهِمْ جَمِيعًا ۚ إِنَّهُ هُوَ الْعَلِيمُ الْحَكِيمُ ﴿٨٣﴾ وَ

ফাছোয়াব্‌রুন্ জ্বামীল্; 'আসাল্লা-হু আইঁ ইয়া'তিয়ানী বিহিম্ জ্বামী'আ-; ইন্নাহূ হুঅল্ 'আলীমুল্ হাকীম্। ৮৪। অ
এখন ধৈর্যই শ্রেয়-; যাতে অভিযোগ থাকবে না; হয়ত আল্লাহ সকলকে আমার কাছে এক সঙ্গে আনবেন। তিনি জ্ঞানী, বিজ্ঞ। (৮৪) সে

تَوَلَّىٰ عَنْهُمْ وَقَالَ يَا أَسَفَىٰ عَلَىٰ يُوسُفَ وَابْيَضَّتْ عَيْنَاهُ مِنَ الْحُزْنِ فَهُوَ كَظِيمٌ

তাঅল্লা-'আন্‌হুম্ অ ক্ব-লা ইয়া ~ আ-সাফা- 'আলা-ইয়ূসুফা অব্ ইয়াদ্বদ্বোয়াত্ 'আইনা-হু মিনাল্ হুয্‌নি ফাহুঅ কাজীম্।
মুখ ফিরিয়ে নিল তাদের দিক থেকে এবং বলল, "হায় ইউসুফ!" ইউসুফের শোকে তার চক্ষুদ্বয় সাদা হয়ে গিয়েছিল, সে আত্মসংবরণকারী।

﴿٨٤﴾ قَالُوا تَاللَّهِ تَفْتَأُ تَذْكُرُ يُوسُفَ حَتَّىٰ تَكُونَ حَرَضًا أَوْ تَكُونَ مِنَ الْهَالِكِينَ

৮৫। ক্ব- লূ তাল্লা-হি তাফ্‌তায়ূ তায্‌কুরু ইয়ূসুফা হাত্তা-তাকূনা হারদ্বোয়ান্ আও তাকূনা মিনাল্ হা-লিকীন্।
(৮৫) বলল, আল্লাহর শপথ মনে হয়, আপনি ইউসুফের কথা ভুলবেন না। যে পর্যন্ত মুমূর্ষু না হবেন অথবা মৃত্যু বরণ করবেন।

﴿٨٥﴾ قَالَ إِنَّمَا أَشْكُو بَثِّي وَحُزْنِي إِلَى اللَّهِ وَأَعْلَمُ مِنَ اللَّهِ مَا لَا تَعْلَمُونَ

৮৬। ক্ব-লা ইন্নামা ~ আশ্‌কূ বাছ্‌ছী অহুয্‌নী ~ ইলাল্লা-হি অ আ'লামু মিনাল্লা-হি মা-লা-তা'লামূন্।
(৮৬) বলল, আল্লাহর কাছেই আমি আমার শোক ও দুঃখ পেশ করছি, আল্লাহর তরফ থেকে আমি যা জানি, তোমরা তা জান না।

﴿٨٦﴾ يَا بَنِيَّ اذْهَبُوا فَتَحَسَّسُوا مِنْ يُوسُفَ وَأَخِيهِ وَلَا تَيْأَسُوا مِنْ رَوْحِ اللَّهِ ۖ

৮৭। ইয়া বানিয়্যায্ হাবূ ফাতাহাস্‌সাসূ মিঁ ইয়ূসুফা অআখীহি অলা-তাইয়াসূ মির্ রওহিল্লা-হ্;
(৮৭) হে আমার পুত্ররা! তোমরা যাও, ইউসুফ ও তার ভাইয়ের খোঁজ কর, আর আল্লাহর দয়া থেকে নিরাশ হয়ো না,

إِنَّهُ لَا يَيْأَسُ مِنْ رَوْحِ اللَّهِ إِلَّا الْقَوْمُ الْكَافِرُونَ ﴿٨٧﴾ فَلَمَّا دَخَلُوا عَلَيْهِ قَالُوا

ইন্নাহূ লা-ইয়াই আসু মির্ রওহিল্লা-হি ইল্লাল্ ক্বওমুল্ কা-ফিরূন্। ৮৮। ফালাম্মা-দাখালূ 'আলাইহি ক্ব-লূ
যারা অবিশ্বাসী তারা ছাড়া আল্লাহর দয়া থেকে আর কেউ নিরাশ হয় না। (৮৮) অতঃপর তারা উপস্থিত হয়ে বলল,

يَا أَيُّهَا الْعَزِيزُ مَسَّنَا وَأَهْلَنَا الضُّرُّ وَجِئْنَا بِبِضَاعَةٍ مُزْجَاةٍ فَأَوْفِ لَنَا

ইয়া ~ আইয়্যুহাল্ 'আযীযু মাস্‌সানা-অআহ্‌লানাদ্দু্‌রু অজ্বি'না- বিবিদ্বোয়া-'আতিম্ মুয্‌জ্বা-তিন ফাআওফি লানাল্
হে আযীয! কঠিন সংকট আমাদেরকে ও আমাদের পরিবারকে পেয়েছে; আমরা স্বল্প মূলধন এনেছি, আপনি আমাদেরকে

الْكَيْلَ وَتَصَدَّقْ عَلَيْنَا ۖ إِنَّ اللَّهَ يَجْزِي الْمُتَصَدِّقِينَ ﴿٨٨﴾ قَالَ هَلْ عَلِمْتُمْ

কাইলা অতাছোদ্দাক্ব 'আলাইনা-; ইন্নাল্লা-হা ইয়াজ্‌যিল্ মুতাছোয়াদ্দিক্বীন্। ৮৯। ক্ব-লা হাল্ 'আলিম্‌তুম্
পূর্ণ রসদ দিন এবং আমাদেরকে দান করুন; আল্লাহ দানশীলদের পুরস্কৃত করেন। (৮৯) সে বলল, অজ্ঞ অবস্থায় তোমরা

مَا فَعَلْتُمْ بِيُوسُفَ وَأَخِيهِ إِذْ أَنْتُمْ جَاهِلُونَ ﴿٨٩﴾ قَالُوا أَإِنَّكَ لَأَنْتَ يُوسُفُ ۖ

মা-ফা'আল্‌তুম্ বিইয়ূসুফা অআখীহি ইয্ আন্‌তুম্ জ্বা-হিলূন্। ৯০। ক্ব-লূ ~ 'আইন্নাকা লাআন্‌তা ইয়ূসুফু;
ইউসুফ ও তাঁর ভায়ের প্রতি যে ব্যবহার করেছিলে তা কি তোমাদের জানা আছে? (৯০) তারা বলল, মনে হয় তুমিই ইউসুফ!

قَالَ اَنَا يُوْسُفُ وَهٰذَآ اَخِىْ قَدْ مَنَّ اللّٰهُ عَلَيْنَا اِنَّهٗ مَنْ يَّتَّقِ وَيَصْبِرْ فَاِنَّ

ক্ব-লা আনা ইয়ূসূফু অহাযা ~ আখী ক্বদ্ মান্নাল্লা-হু 'আলাইনা-; ইন্নাহূ মাইঁ ইয়াত্তাক্বি অইয়াছ্‌বির্ ফাইন্না

(ইউসুফ) বলল, আমি ইউসুফ এবং এ আমার ভাই। নিশ্চয়ই আল্লাহ আমাদের প্রতি দয়া করেছেন। যে মুত্তাকী ও ধৈর্যশীল, নিশ্চয়ই

اللّٰهَ لَا يُضِيْعُ اَجْرَ الْمُحْسِنِيْنَ ۝٩١ قَالُوْا تَاللّٰهِ لَقَدْ اٰثَرَكَ اللّٰهُ عَلَيْنَا وَاِنْ كُنَّا

ল্লা-হা লা-ইয়ুদ্বী'উ আজ্‌রাল্ মুহসিনীন্। ৯১। ক্বা-লূ তাল্লা-হি লাক্বদ্ আ-ছারকাল্লা-হু 'আলাইনা- অইন্ কুন্না-

আল্লাহ ঐরূপ পুণ্যশীলদের শ্রম নষ্ট করেন না। (৯১) বলল, আল্লাহর কসম! আল্লাহ তোমাকে আমাদের ওপর প্রাধান্য দিয়েছেন,

لَخٰطِـِٕيْنَ ۝٩٢ قَالَ لَا تَثْرِيْبَ عَلَيْكُمُ الْيَوْمَ يَغْفِرُ اللّٰهُ لَكُمْ وَهُوَ اَرْحَمُ الرّٰحِمِيْنَ ☆

লাখ-ত্বিয়ীন্। ৯২। ক্ব -লা লা-তাছ্‌রীবা 'আলাইকুমুল্ ইয়াওম্; ইয়াগ্‌ফিরু ল্লা-হু লাকুম্ অহুঅ আরহামুর র-হিমীন্।

আমরাই অপরাধী। (৯২) বলল, আজ কোন অভিযোগ নেই। আল্লাহ তোমাদেরকে মাফ করুন, তিনি শ্রেষ্ঠ দয়ালু।

۝٩٣ اِذْهَبُوْا بِقَمِيْصِىْ هٰذَا فَاَلْقُوْهُ عَلٰى وَجْهِ اَبِىْ يَاْتِ بَصِيْرًا ۚ وَاْتُوْنِىْ

৯৩। ইয্ হাবূ বিক্বমীছী হাযা- ফায়াল্‌ক্বূহু 'আলা-অজ্‌হি আবী ইয়া''তি বাছীরন্, অ''তূনী

(৯৩) আমার জামাটি নিয়ে যাও এবং এটা পিতার মুখের ওপর রেখ, এতে তিনি দৃষ্টিশক্তি ফিরে পাবেন, আর পরিবারের

بِاَهْلِكُمْ اَجْمَعِيْنَ ۝٩٤ وَلَمَّا فَصَلَتِ الْعِيْرُ قَالَ اَبُوْهُمْ اِنِّىْ لَاَجِدُ رِيْحَ يُوْسُفَ

বিআহ্‌লিকুম্ আজ্‌মা'ঈন্। ৯৪। অলাম্মা-ফাছোয়ালাতিল্ 'ঈরু ক্ব-লা আবূহুম্ ইন্নী লাআজিদু রীহা ইয়ূসুফা

সবাইকে নিয়ে আসবে। (৯৪) যাত্রীদল যাত্রা করলে তাদের পিতা বলল, তোমরা আমাকে প্রলাপকারী না ভাবলে বলি,

কর; ইতোপূর্বে যাদেরকে জ্ঞান দেয়া হয়েছে, তাদের সামনে যখন তা পাঠ করা হত তখন তারা সেজদায় লুটিয়ে

سُجَّدًا ﴿١٠٨﴾ وَّيَقُوْلُوْنَ سُبْحٰنَ رَبِّنَآ اِنْ كَانَ وَعْدُ رَبِّنَا لَمَفْعُوْلًا ﴿١٠٩﴾ وَيَخِرُّوْنَ

সুজ্জাদা-। ১০৮। অ ইয়াক্বূলূনা সুব্হা-না রব্বিনা ~ ইন্ কা-না ওয়া'দু রব্বিনা-লামাফ্'উলা-। ১০৯। অইয়াখিররূনা
পড়ত।(১০৮) আর বলে, আমাদের প্রতিপালক পবিত্র। নিঃসন্দেহে আমাদের প্রতিপালকের ওয়াদাই বাস্তব। (১০৯) এবং তারা

لِلْاَذْقَانِ يَبْكُوْنَ وَيَزِيْدُهُمْ خُشُوْعًا ﴿١١٠﴾ قُلِ ادْعُوا اللّٰهَ اَوِ ادْعُوا الرَّحْمٰنَ

(সেজ্দা)

লিল্আয্ক্বা-নি ইয়াব্কূনা অইয়াযীদুহুম্ খুশূ 'আ-। ১১০। ক্বু লিদ্'উল্লা-হা আওয়িদ্'উর্ রহ্মা-ন্;
কেঁদে লুটিয়ে পড়ে। এটি তাদের বিনয় বাড়িয়ে দেয়। (১১০) বলুন, তোমরা তাঁকে 'আল্লাহ' বলেই ডাক বা 'রাহমান' বলেই ডাক;

اَيًّا مَّا تَدْعُوْا فَلَهُ الْاَسْمَآءُ الْحُسْنٰى ۚ وَلَا تَجْهَرْ بِصَلَاتِكَ وَلَا تُخَافِتْ بِهَا

আইয়া-ম্মা- তাদ্'উ ফালাহুল্ আস্মা — য়ুল্ হুস্না-অলা-তাজ্ব্হার্ বিছলা-তিকা অলা-তুখ-ফিত্ বিহা-
যে নামেই ডাক, সুন্দর নাম তো একমাত্র তাঁরই। আর স্বীয় নামাযে কেরাত উচ্চৈঃস্বরেও পড়বে না, আবার ক্ষীণ স্বরেও পড়বে না;

ওয়াক্বফে গায়েব

সিজদাহ-৪

وَابْتَغِ بَيْنَ ذَٰلِكَ سَبِيلًا ﴿١١١﴾ وَقُلِ الْحَمْدُ لِلَّهِ الَّذِي لَمْ يَتَّخِذْ وَلَدًا وَلَمْ

অব্তাগি বাইনা যা-লিকা সাবীলা-। ১১১। অকু্লিল্ হাম্দু লিল্লা-হিল্লাযী লাম্ ইয়াত্তাখিয্ অলাদাঁও অ লাম্

মাঝামাঝি পন্থা বলম্বন কর। (১১১) বলুন, সকল প্রশংসা একমাত্র আল্লাহর, যিনি কোন সন্তান গ্রহন করেন নি, সার্বভৌমত্বে

১২ ع ১১ ১২ রুকু

يَكُنْ لَهُ شَرِيكٌ فِي الْمُلْكِ وَلَمْ يَكُنْ لَهُ وَلِيٌّ مِنَ الذُّلِّ وَكَبِّرْهُ تَكْبِيرًا

ইয়াকুল্ লাহূ শারীকুন্ ফিল্ মুল্কি অলাম্ ইয়াকুল্ লাহূ অলিয়্যু ম্মিনায্যুল্লি অকাব্বির্হু তাক্বীর-।

তাঁর কোন শরীক নেই তাঁর কোন দুর্বলতা নেই, যার কারণে তাঁর কোন অভিভাবক থাকতে পারে, আর তাঁরই মহত্ব ঘোষণা কর।

সূরা কাহ্ফ
মক্কাবতীর্ণ

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

বিস্মিল্লা-হির রাহ্মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ১১০
রুকূ ঃ ১২

الْحَمْدُ لِلَّهِ الَّذِي أَنْزَلَ عَلَىٰ عَبْدِهِ الْكِتَابَ وَلَمْ يَجْعَلْ لَهُ عِوَجًا ﴿١﴾

১। আল্হাম্দু লিল্লা-হিল্লাযী ~ আন্যালা 'আলা 'আবদিহিল্ কিতা-বা অ লাম্ ইয়াজ্'আল্ লাহূ 'ইওয়াজ্বা-।

(১) প্রশংসা আল্লাহর, যিনি স্বীয় বান্দার প্রতি কিতাব নাযিল করলেন, এবং তাতে তিনি কোন বক্রতা রাখেন নি;

قَيِّمًا لِيُنْذِرَ بَأْسًا شَدِيدًا مِنْ لَدُنْهُ وَيُبَشِّرَ الْمُؤْمِنِينَ الَّذِينَ يَعْمَلُونَ ﴿٢﴾

২। ক্বাইয়্যিমাল্ লিইয়ুন্যির বা'সান্ শাদীদাম্ মিল্লাদুন্হু অইয়ুবাশ্ শিরাল্ মু'মিনীনাল্লাযীনা ইয়া'মালূনাছ্

(২) বরং একে সুদৃঢ় করেছেন যেন তাঁর কঠিন আযাবের ভয় প্রদর্শন করে এবং সুসংবাদ দেয় মু'মিনদেরকে, যারা নেক

الصَّالِحَاتِ أَنَّ لَهُمْ أَجْرًا حَسَنًا ﴿٣﴾ مَاكِثِينَ فِيهِ أَبَدًا ﴿٤﴾ وَيُنْذِرَ الَّذِينَ

ছোয়া-লিহা-তি আন্না লাহুম্ আজ্ব্রান্ হাসানা-। ৩। মা-কিছীনা ফীহি আবাদা-।৪। অইয়ুন্যিরল্লাযীনা

আমল করে তাদের জন্য উত্তম পাওনা রয়েছে; (৩) তাতে তারা চিরস্থায়ী হবে; (৪) আর সতর্ক করবে তাদেরকে,

قَالُوا اتَّخَذَ اللَّهُ وَلَدًا ﴿٥﴾ مَا لَهُمْ بِهِ مِنْ عِلْمٍ وَلَا لِآبَائِهِمْ كَبُرَتْ كَلِمَةً

ক্বা-লুত্তাখযাল্লা-হু অলাদা-।৫। মা-লাহুম্ বিহী মিন্ 'ইল্মিঁও অলা- লিআ-বা — য়িহিম্; কাবুরত্ কালিমাতান্

যারা বলে, 'আল্লাহ্ পুত্র গ্রহণ করেছেন'। (৫) এটি না তাদের জানা আছে, আর না পিতৃপুরুষের জানাছিল; তাদের

تَخْرُجُ مِنْ أَفْوَاهِهِمْ إِنْ يَقُولُونَ إِلَّا كَذِبًا ﴿٦﴾ فَلَعَلَّكَ بَاخِعٌ نَفْسَكَ عَلَىٰ

তাখ্রুজু্ মিন্ আফ্ওয়া-হিহিম্; ইঁইয়াকু্ লূনা ইল্লা-কাযিবা-। ৬। ফালা'আল্লাকা বা-খি'উন্নাফ্সাকা 'আলা ~

মুখনিঃসৃত বাক্য কি মারাত্মক! তারা তো কেবল মিথ্যাই বলে থাকে। (৬) সম্ভবতঃ আপনি তাদের পিছনে আপনার নিজের

ফযীলত ঃ হাদীস শরীফে বর্ণিত আছে, এক ব্যক্তি রাতে অত্র সূরা তেলাওয়াত করছিল আর এমন সময় তাঁর ঘোড়াটি ভীষন লাফালাফি শুরু করে দিল। অগত্যা সে উপরের দিকে মাথা তুলে তাকিয়ে দেখল যে, একটি নূরের আলো। সকালে সে হুযূর (ছঃ) কে বললে তিনি বললেন, তুমি এটি পড়তে থাক, কারণ এটি মন-সান্ত্বনার আলো, যা উক্ত সূরা পড়াতে নাযিল হয়েছিল। হযরত ইবনে আব্বাস (রাঃ) হতে বর্ণিত আছে, যে ব্যক্তি শুক্রবার রাতে বা দিনে এ সূরা পাঠ করবে তার জন্য তাঁর পাঠের স্থান হতে মক্কা পর্যন্ত একটি আলোক প্রদীপ দেয়া হবে এবং সে শুক্রবার হতে পরবর্তী শুক্রবার পর্যন্ত আরও অধিক তিন দিনের পাপ মাফ করে দেয়া হবে এবং সত্তরজন ফেরেশতা তার জন্য ক্ষমা প্রার্থনা করবে।

শানেনুযূল ঃ আয়াত-৫ ঃ কাফেরদের এ বিশ্বাসও ছিল যে, গুণিজনেরা গায়েব জানে। এর অস্বীকার পূর্বক আলোচ্য আয়াতটি অবতীর্ণ হয়।

آثَارِهِمْ إِن لَّمْ يُؤْمِنُوا بِهَٰذَا الْحَدِيثِ أَسَفًا ۝٧ إِنَّا جَعَلْنَا مَا عَلَى الْأَرْضِ

আ-ছা-রিহিম্ ইল্ লাম্ ইয়ু'মিনূ বিহা-যাল্ হাদীছি আসাফা-। ৭। ইন্না- জ্বা'আল্না-মা- 'আলাল্ আর্দ্বি
জীবনটাই শেষ করবেন যদি তারা এ কথা বিশ্বাস না করে। (৭) যমীনে যা কিছু আছে, আমি তার জন্য শোভা করেছি;

زِينَةً لَّهَا لِنَبْلُوَهُمْ أَيُّهُمْ أَحْسَنُ عَمَلًا ۝٨ وَإِنَّا لَجَاعِلُونَ مَا عَلَيْهَا صَعِيدًا

যীনাতাল্লাহা-লিনাব্লুঅহুম্ আইয়্যুহুম্ আহ্সানু 'আমালা-। ৮। অইন্না-লাজ্বা-'ইলূনা মা-'আলাইহা-ছোয়া'ঈদান্
যেন আমি তাদের মাঝে কর্মে কে শ্রেষ্ঠ তা পরীক্ষা করতে পারি। (৮) আর তার ওপরের সকল বস্তুকে শূন্য ময়দানে

جُرُزًا ۝٩ أَمْ حَسِبْتَ أَنَّ أَصْحَابَ الْكَهْفِ وَالرَّقِيمِ كَانُوا مِنْ آيَاتِنَا عَجَبًا

জু্রুযা-।৯।আম্ হাসিব্তা আন্না আছ্হা-বাল্ কাহ্ফি অর্রক্বীমি কা-নূ মিন্ আ-ইয়া-তিনা- 'আজ্বাবা-
পরিণত করব। (৯) আপনি কি গুহার অধিবাসী ও রাকীমের অধিবাসীদের আমার বিস্ময়কর নিদর্শন বলে মনে করেন?

۝١٠ إِذْ أَوَى الْفِتْيَةُ إِلَى الْكَهْفِ فَقَالُوا رَبَّنَا آتِنَا مِن لَّدُنكَ رَحْمَةً وَهَيِّئْ لَنَا

১০। ইয্ আওয়াল্ ফিত্ইয়াতু ইলাল্ কাহ্ফি ফাক্বা-লূ রব্বানা ~ আ-তিনা-মিল্লাদুন্কা রাহ্মাতাঁও অহাইয়্যি' লানা-
(১০) যখন যুবকরা গুহায় গিয়ে বলল, হে আমাদের রব! তোমার থেকে আমাদেরকে অনুগ্রহ দাও, আমাদের কার্য যথাযথ

مِنْ أَمْرِنَا رَشَدًا ۝١١ فَضَرَبْنَا عَلَىٰ آذَانِهِمْ فِي الْكَهْفِ سِنِينَ عَدَدًا ۝١٢ ثُمَّ

মিন্ আম্রিনা- রশাদা-। ১১। ফাদ্বোয়ারব্না-'আলা ~ আ-যা- নিহিম্ ফিল্ কাহ্ফি সিনীনা 'আদাদা-। ১২। ছুম্মা
হওয়ার ব্যবস্থা কর। (১১) অতঃপর আমি তাদেরকে কয়েক বছর পর্যন্ত গুহায় ঘুমন্ত অবস্থায় রাখলাম। (১২) অতঃপর

১ ع ১২ ১৩ রুকু

بَعَثْنَاهُمْ لِنَعْلَمَ أَيُّ الْحِزْبَيْنِ أَحْصَىٰ لِمَا لَبِثُوا أَمَدًا ۝١٣ نَّحْنُ نَقُصُّ عَلَيْكَ

বা'আছ্না-হুম্ লিনা'লামা আই ইয়ুল্ হিয্বাইনি আহ্ছোয়া-লিমা-লাবিছূ ~ আমাদা-। ১৩। নাহ্নু নাকু্ছ্ছু 'আলাইকা
তাদেরকে জাগালাম, যেন জানি যে, দু দলের মধ্যে কে অবস্থানকাল নির্ণয় করতে সমর্থ হয়। (১৩) আপনার কাছে তাদের বর্ণনা

نَبَأَهُم بِالْحَقِّ ۚ إِنَّهُمْ فِتْيَةٌ آمَنُوا بِرَبِّهِمْ وَزِدْنَاهُمْ هُدًى ۝١٤ وَرَبَطْنَا عَلَىٰ قُلُوبِهِمْ

নাবায়াহুম্ বিল্হাক্ব; ইন্নাহুম্ ফিত্ইয়াতুন্ আ-মানূ বিরব্বিহিম্ অযিদ্না-হুম্ হুদা-। ১৪। অ রবাত্ব্না- 'আলা-ক্বু্লূ বিহিম্
যথাযথ দিচ্ছি ; তারা ছিল যুবক, রবের প্রতি বিশ্বাসী, তাদের হেদায়েত বৃদ্ধি করলাম। (১৪) তাদের মন শক্ত করলাম;

إِذْ قَامُوا فَقَالُوا رَبُّنَا رَبُّ السَّمَاوَاتِ وَالْأَرْضِ لَن نَّدْعُوَ مِن دُونِهِ إِلَٰهًا

ইয্ ক্বা-মূ ফাক্বা-লূ রব্বুনা-রব্বুস্ সামা-ওয়া-তি অল্ আর্দ্বি লান্ নাদ্'উঅ মিন্ দূনিহী ~ ইলা-হাল্
তারা উঠে দাঁড়িয়ে বলল, আমাদের রব আসমান যমীনের রব। আর কখন ও তাকে ছাড়া অন্য কোন ইলাহ আহ্বান

لَّقَدْ قُلْنَا إِذًا شَطَطًا ۝١٥ هَٰؤُلَاءِ قَوْمُنَا اتَّخَذُوا مِن دُونِهِ آلِهَةً ۖ لَّوْلَا يَأْتُونَ

লাক্বদ্ ক্বু্ল্না ~ ইযান্ শাত্বোয়াত্বোয়া-। ১৫। হা ~ উলা —য়ি ক্বওমুনাত্তাখাযূ মিন্ দূনিহী ~আ-লিহাহ; লাওলা- ইয়া'তূনা
করব না, করলে অত্যন্ত গর্হিত হব; (১৫) এরা তো আমাদেরই জাতি, এরা তাঁকে ছেড়ে বহু ইলাহ্ বানিয়েছে, কেন তারা

عَلَيْهِمْ بِسُلْطٰنٍۭ بَيِّنٍ ؕ فَمَنْ اَظْلَمُ مِمَّنِ افْتَرٰى عَلَى اللّٰهِ كَذِبًا ؐ وَاِذِ

'আলাইহিম্ বিসুল্ত্বোয়া-নিম্ বাইয়িনিন্; ফামান্ আজ্লামু মিম্মানিফ্তার– 'আলাল্লা-হি কাযিবা- । ১৬। অ ইযি"

স্পষ্ট প্রমাণ আনে না? তবে তার চেয়ে বড় জালিম আর কে হতে পারে, যে আল্লাহ্ সম্পর্কে মিথ্যারোপ করে? (১৬) যখন

اعْتَزَلْتُمُوْهُمْ وَمَا يَعْبُدُوْنَ اِلَّا اللّٰهَ فَاْوٗۤا اِلَى الْكَهْفِ يَنْشُرْ لَكُمْ رَبُّكُمْ مِّنْ

তাযাল্তুমূহুম্ অমা-ইয়া'বুদূনা ইল্লাল্লা-হা ফা"য়ূ ~ ইলাল্ কাহ্ফি ইয়ান্শুর্ লাকুম্ রব্বুকুম্ মির্

তাদের ও আল্লাহ ছাড়া অন্য ইলাহ্ থেকে ভিন্ন হয়েছ। তখন গুহায় আশ্রয় লও, রব তোমাদের জন্য দয়া বিস্তার করবেন

رَّحْمَتِهٖ وَيُهَيِّئْ لَكُمْ مِّنْ اَمْرِكُمْ مِّرْفَقًا ؑ وَتَرَى الشَّمْسَ اِذَا طَلَعَتْ تَّزٰوَرُ

রহ্মাতিহী অ ইয়ুহাইয়ি"য়ে; লাকুম্ মিন্ আম্রিকুম্ মির্ফাক্বা- ।১৭। অতারা শ্ শাম্সা ইযা- ত্বোয়ালা'আত্ তাযা-অরু

এবং; তোমাদের জন্য তোমাদের কর্মকে সহায়ক করবেন। (১৭) আর উদয়কালে সূর্যকে তাদের গুহা থেকে ডান দিকে

عَنْ كَهْفِهِمْ ذَاتَ الْيَمِيْنِ وَاِذَا غَرَبَتْ تَّقْرِضُهُمْ ذَاتَ الشِّمَالِ وَهُمْ فِيْ

'আন্ কাহ্ফিহিম্ যা-তাল্ ইয়ামীনি অ ইযা-গরবাত্ তাক্ব্রিদ্বুহুম্ যা-তাশ্ শিমা-লি অহুম্ ফী

হেলতে দেখবে এবং যখন অস্ত যায় তখন তা তাদেরকে বাম দিক দিয়ে অতিক্রম করে, অথচ তারা সে গুহার প্রশস্ত স্থানে

فَجْوَةٍ مِّنْهُ ؕ ذٰلِكَ مِنْ اٰيٰتِ اللّٰهِ ؕ مَنْ يَّهْدِ اللّٰهُ فَهُوَ الْمُهْتَدِ ۚ وَمَنْ يُّضْلِلْ

ফাজ্ব্অতিম্ মিন্হু যা-লিকা মিন্ আ-ইয়া-তিল্লা-হ্; মাইইঁয়াহ্দিল্লা-হু ফাহুওয়াল্ মুহ্তাদি অমাই ইঁয়ুদ্বলিল্

থাকে। এটি আল্লাহর নিদর্শন। আল্লাহ্ যাকে হেদায়েত দেন সে-ই হেদায়েত প্রাপ্ত হয়; যাকে তিনি বিপথগামী করেন,

فَلَنْ تَجِدَ لَهٗ وَلِيًّا مُّرْشِدًا ؐ وَتَحْسَبُهُمْ اَيْقَاظًا وَّهُمْ رُقُوْدٌ ۖ وَّنُقَلِّبُهُمْ

ফালান্ তাজ্বিদা লাহূ অলিয়্যাম্মুর্শিদা- । ১৮ । অতাহ্সাবুহুম্ আইক্বা-জোয়াঁও অহুম্ রুকূদুঁও অ নুকাল্লিবুহুম্

সে তার পথ প্রদর্শক, অভিভাবক পাবেন না;(১৮) তাদেরকে দেখলে জাগ্রত মনে করবেন, অথচ তারা ছিল নিদ্রিত। আর

ع ২ ৫ 14 রুকু

ذَاتَ الْيَمِيْنِ وَذَاتَ الشِّمَالِ ۖ وَكَلْبُهُمْ بَاسِطٌ ذِرَاعَيْهِ بِالْوَصِيْدِ ؕ لَوِ اطَّلَعْتَ

যা-তাল্ ইয়ামীনি অযা-তাশ্ শিমা-লি অকাল্বুহুম্ বা-সিতু্ন্ যির-'আইহি বিল্অছীদ্; লাওয়িত্ত্ব ত্বোয়ালা'তা

তাদেরকে আমি পার্শ্ব পরিবর্তন করাতাম। আর তাদের কুকুরটির সামনের পদদ্বয় গুহার মুখের দিকে প্রসারিত ছিল।

عَلَيْهِمْ لَوَلَّيْتَ مِنْهُمْ فِرَارًا وَّلَمُلِئْتَ مِنْهُمْ رُعْبًا ؐ وَكَذٰلِكَ بَعَثْنٰهُمْ

'আলাইহিম্ লাওয়াল্লাইতা মিন্হুম্ ফির-রঁও অলামুলি"তা মিন্হুম্ রু'বা- । ১৯। অ কাযা-লিকা বা'আছ্না-হুম্

আপনি যদি দেখতেন, তবে পলায়ন করতেন, আর তাদের ভয়ে আতঙ্কগ্রস্ত হতেন।(১৯) এ'ভাবে জাগালাম যেন তারা পরস্পর

আয়াত-১৭ ঃ সহীহ মতানুসারে আস্হাবে কাহাফ বর্তমানে জীবিত নেই। আস্হাবে কাহাফের জাগরণ, শহরে আশ্চর্য ঘটনার জানাজানি এবং বাদশাহ বায়দুসীসের কাছে পৌঁছে সাক্ষাত করার পর বাদশাহের নিকট হতে তারা বিদায় গ্রহণ করে এবং নিজেদের শয়ন স্থলে গিয়ে শয়ন করে এবং আল্লাহ তাআ'লা তখনই তাদের মৃত্যুদান করেন। (তাফঃ মাযঃ, মাঃ কোঃ) আয়াত-১৮ ঃ ইবনে আতিয়্যা (রঃ) বলেছেন যে, একটি কুকুর যখন সৎলোক ও গুণীদের সংসর্গের কারণে কোরআন মজীদের বিশেষ আলোচ্য বিষয় হওয়ায় মর্যাদা লাভ করেছে, তখন অনুমান করা যেতে পারে যে, যে সকল ঈমানদার লোক আল্লাহর ওলী ও সৎলোকদের ভালবাসে, তাদের মর্যাদা কতটুকু হবে? এ ঘটনায় তাদের জন্য সান্ত্বনা রয়েছে যারা আ'মলে কাঁচা অথচ রাসূল (ছঃ)-কে ভালবাসে। (কুরতুবী, মাঃ কোঃ)

لِيَتَسَاءَلُوا بَيْنَهُمْ ۚ قَالَ قَائِلٌ مِّنْهُمْ كَمْ لَبِثْتُمْ ۖ قَالُوا لَبِثْنَا يَوْمًا أَوْ بَعْضَ

লিইয়াতাসা — য়ালূ বাইনাহুম্; ক্ব-লা ক্ব — য়িলুম্ মিন্‌হুম্ কাম্ লাবিছ্‌তুম্ ; ক্ব-লূ লাবিছ্‌না-ইয়াওমান্ আও বা'দ্বোয়া
জিজ্ঞাসাবাদ করে, তাদের মধ্য হতে একজন বলল, তোমরা কতকাল এখানে ছিলে? বলল, আমরা একদিন বা কিছু সময়।

يَوْمٍ ۚ قَالُوا رَبُّكُمْ أَعْلَمُ بِمَا لَبِثْتُمْ فَابْعَثُوا أَحَدَكُم بِوَرِقِكُمْ هَٰذِهِ إِلَى

ইয়াওম্; ক্ব-লূ রব্বুকুম্ আ'লামু বিমা-লাবিছ্‌তুম্; ফাব্‌আছূ ~ আহাদাকুম্ বিওয়ারিক্বিকুম্ হা-যিহী ~ ইলাল্
কেউ বলল, তোমাদের রবই তোমাদের অবস্থানকাল সম্পর্কে ভাল জানেন। এখন তোমরা একজনকে এ মুদ্রা দিয়ে নগরে

الْمَدِينَةِ فَلْيَنظُرْ أَيُّهَا أَزْكَىٰ طَعَامًا فَلْيَأْتِكُم بِرِزْقٍ مِّنْهُ وَلْيَتَلَطَّفْ وَلَا

মাদীনাতি ফাল্‌ইয়ান্‌জুর্ আই ইয়ুহা ~ আয্‌কা-ত্বোয়া'আ-মান্ ফাল্‌ইয়া''তিকুম্ বিরিয্‌ক্বিম্ মিন্‌হু অল্‌ইয়াতালাত্ত্বোয়াফ্ অলা-
প্রেরণ কর; সে যেন যাচাই করে দেখে আমাদের জন্য উত্তম খাদ্য নিয়ে আসে এবং সে যেন সুকৌশলে কাজ করে; আর

يُشْعِرَنَّ بِكُمْ أَحَدًا ﴿٢٠﴾ إِنَّهُمْ إِن يَظْهَرُوا عَلَيْكُمْ يَرْجُمُوكُمْ أَوْ يُعِيدُوكُمْ فِي

ইয়ুশ্'ইরান্না বিকুম্ আহাদা-। ২০। ইন্নাহুম্ ইঁ ইয়াজ্‌হারূ 'আলাইকুম্ ইয়ারজুমূকুম্ আও ইয়ু'ঈ দূকুম্ ফী
কাকেও যেন তোমাদের ব্যাপারে না জানায়। (২০) তোমাদের ব্যাপারে জানলে হত্যা করবে বা মুরতাদ বানাবে, এমন

مِلَّتِهِمْ وَلَن تُفْلِحُوا إِذًا أَبَدًا ﴿٢١﴾ وَكَذَٰلِكَ أَعْثَرْنَا عَلَيْهِمْ لِيَعْلَمُوا أَنَّ وَعْدَ اللَّهِ

মিল্লাতিহিম্ অলান্ তুফ্‌লিহূ ~ ইযান্ আবাদা-।২১। অ কাযা-লিকা আ'ছার্‌না-'আলাইহিম্ লিইয়া'লামূ ~ আন্না অ'দাল্লা-হি
ঘটলে তোমরা সফল হতে পারবে না। (২১) আর এভাবে তাদেরকে প্রকাশ করলাম যেন তারা বুঝতে পারে যে, আল্লাহর

حَقٌّ وَأَنَّ السَّاعَةَ لَا رَيْبَ فِيهَا إِذْ يَتَنَازَعُونَ بَيْنَهُمْ أَمْرَهُمْ ۖ فَقَالُوا ابْنُوا

হাক্ব্ক্বুঁও অআন্নাস্‌সা-'আতা লা-রইবা ফীহা-ইয্ ইয়াতানা-যা'ঊনা বাইনাহুম্ আম্‌রহুম্ ফাক্ব-লুবনূ
প্রতিশ্রুতি সত্য। কেয়ামত সম্বন্ধে কোন সন্দেহ নেই। তারা যখন পরস্পর বিবাদে লিপ্ত তখন বলল, তাদের ওপর সৌধ নির্মাণ

عَلَيْهِم بُنْيَانًا ۖ رَّبُّهُمْ أَعْلَمُ بِهِمْ ۚ قَالَ الَّذِينَ غَلَبُوا عَلَىٰ أَمْرِهِمْ لَنَتَّخِذَنَّ

'আলাইহিম্ বুন্‌ইয়া-না-; রব্বুহুম্ আ'লামু বিহিম্ ; ক্ব-লাল্লাযীনা গলাবূ 'আলা ~ আম্‌রিহিম্ লানাত্তাখিযান্না
করে দাও; তাদের রবই তাদের ব্যাপারে ভাল জানেন; যারা ঐ ব্যাপারে জয়ী হল-বলল, অবশ্যই আমরা তাদের পাশে

عَلَيْهِم مَّسْجِدًا ﴿٢٢﴾ سَيَقُولُونَ ثَلَاثَةٌ رَّابِعُهُمْ كَلْبُهُمْ وَيَقُولُونَ خَمْسَةٌ سَادِسُهُمْ

'আলাইহিম্ মাস্‌জিদা-। ২২। সাইয়াক্বূলূনা ছালা-ছাতুর র-বি'উহুম্ কাল্‌বুহুম্ অইয়াক্বূলূনা খাম্‌সাতুন্ সাদিসুহুম্
মসজিদ বানাব। (২২) তাদের মধ্যে কেউ কেউ বলবে, তারা তিনজন ছিল,চতুর্থ হল তাদের কুকুর; কেউ বলবে, তারা ছিল পাঁচ,

كَلْبُهُمْ رَجْمًا بِالْغَيْبِ ۖ وَيَقُولُونَ سَبْعَةٌ وَثَامِنُهُمْ كَلْبُهُمْ ۚ قُل رَّبِّي أَعْلَمُ

কাল্‌বুহুম্ রাজ্‌মাম্ বিল্‌গইবি অ ইয়াক্বূলূনা সাব্'আতুঁও অ ছা-মিনুহুম্ কাল্‌বুহুম্; ক্বুর্ রব্বী ~ আ'লামু
ষষ্ঠ হল কুকুর; অদৃশ্যে পাথর নিক্ষেপের মত; কেউ বলবে সাত, অষ্টম হল তাদের কুকুর; বলুন, রবই কেবলমাত্র তাদের সংখ্যা

بِعِدَّتِهِمْ مَّا يَعْلَمُهُمْ إِلَّا قَلِيلٌ فَلَا تُمَارِ فِيهِمْ إِلَّا مِرَآءً ظَاهِرًا وَلَا تَسْتَفْتِ

বি'ইদ্দাতিহিম্‌ মা-ইয়া'লামুহুম্‌ ইল্লা-ক্বলীল্‌; ফালা-তুমা-রি ফীহিম্‌ ইল্লা-মির — য়ান্‌ জোয়া-হিরঁও অলা-তাস্‌তাফ্‌তি
ভাল জানেন, তাদের সংখ্যা অতি কম লোকই জানে। সাধারণ আলোচনা ছাড়া তাদের বিষয়ে তর্ক করবেন না। তাদের

فِيهِم مِّنْهُمْ أَحَدًا ﴿٢٣﴾ وَلَا تَقُولَنَّ لِشَا۟ىْءٍ إِنِّى فَاعِلٌ ذَٰلِكَ غَدًا ﴿٢٤﴾ إِلَّآ أَن

ফীহিম্‌ মিন্‌হুম্‌ আহাদা- ।২৩। অলা-তাক্বূ লান্না লিশাইয়িন্‌ ইন্নী ফা-'ইলুন্‌ যা-লিকা গদা- । ২৪। ইল্লা ~ আইঁ
কাউকে প্রশ্নও করবেন না। (২৩) আর কোন ব্যাপারেই বলবেন না যে, 'আমি তা আগামী কাল করব।' (২৪) তবে আল্লাহ

يَشَآءَ ٱللَّهُ ۚ وَٱذْكُر رَّبَّكَ إِذَا نَسِيتَ وَقُلْ عَسَىٰٓ أَن يَهْدِيَنِ رَبِّى لِأَقْرَبَ

ইয়াশা — য়াল্লা-হু অয্‌কুর্‌ রব্বাকা ইযা-নাসীতা অক্বুল্‌ 'আসা ~ আইঁ ইয়াহ্‌দিয়ানি রব্বী লিআক্ব্‌রবা
ইচ্ছা করলে; ভুলে গেলে আপনার রবকে স্মরণ করে বলুন, সম্ভবত আমার রব আমাকে এর চেয়ে অধিক নিকটতর

مِنْ هَٰذَا رَشَدًا ﴿٢٥﴾ وَلَبِثُوا فِى كَهْفِهِمْ ثَلَٰثَ مِا۟ئَةٍ سِنِينَ وَٱزْدَادُوا تِسْعًا ﴿٢٦﴾ قُلِ ٱللَّهُ

মিন্‌ হা-যা-রশাদা- ।২৫। অ লাবিছূ ফী কাহ্‌ফিহিম্‌ ছালা-ছা মিয়াতিন্‌ সিনীনা অয্‌দা-দূ তিস্‌'আ- । ২৬। কুলিল্লা-হু
পথ প্রদর্শন করবেন।(২৫) তারা তাদের গুহায় তিনশ' এবং আরও নয় বছর পর্যন্ত অবস্থান করেছিল। (২৬) বলুন, তাদের

أَعْلَمُ بِمَا لَبِثُوا ۖ لَهُۥ غَيْبُ ٱلسَّمَٰوَٰتِ وَٱلْأَرْضِ ۖ أَبْصِرْ بِهِۦ وَأَسْمِعْ ۚ مَا لَهُم مِّن

আ'লামু বিমা-লাবিছূ লাহূ গইবুস্‌ সামা-ওয়া-তি অল্‌ আরদ্ব্‌; আব্‌ছির্‌ বিহী অআস্‌মি' মা-লাহুম্‌ মিন্‌
অবস্থান আল্লাহই সম্যক অবগত, আকাশ ও পৃথিবীর অদৃশ্য জ্ঞান একমাত্র তাঁরই। কত সুন্দর দ্রষ্টা ও শ্রোতা! তিনি ছাড়া

دُونِهِۦ مِن وَلِىٍّ وَلَا يُشْرِكُ فِى حُكْمِهِۦٓ أَحَدًا ﴿٢٧﴾ وَٱتْلُ مَآ أُوحِىَ إِلَيْكَ مِن

দূনিহী মিওঁ অলিয়্যিওঁ অলা-ইয়ুশ্‌রিকু ফী হুক্‌মিহী ~ আহাদা- । ২৭। অত্‌লু মা ~ উহিয়া ইলাইকা মিন্‌
তাদের কোন বন্ধু নেই। তিনি কাকেও স্বীয় কর্তৃত্বে অংশীদার বানান না। (২৭) আপনার রবের কিতাবের প্রত্যাদেশ পাঠ করে

كِتَابِ رَبِّكَ ۖ لَا مُبَدِّلَ لِكَلِمَٰتِهِۦ وَلَن تَجِدَ مِن دُونِهِۦ مُلْتَحَدًا ﴿٢٨﴾ وَٱصْبِرْ

কিতা-বি রব্বিক্‌;লা-মুবাদ্দিলা লিকালিমা-তিহী অলান্‌ তাজ্বিদা মিন্‌ দূনিহী মুল্‌তাহাদা- । ২৮। অছ্‌বির্‌
তাদেরকে শ্রবণ করান; তাঁর বাক্য পরিবর্তন করার কেউ নেই; তাঁকে ছাড়া কোন আশ্রয় পাবেন না। (২৮) আপনি নিজেকে

نَفْسَكَ مَعَ ٱلَّذِينَ يَدْعُونَ رَبَّهُم بِٱلْغَدَوٰةِ وَٱلْعَشِىِّ يُرِيدُونَ وَجْهَهُۥ ۖ وَلَا تَعْدُ

নাফ্‌সাকা মা'আল্লাযীনা ইয়াদ্‌'উনা রব্বাহুম্‌ বিল্‌গদা-তি অল্‌'আশিয়্যি ইয়ুরীদূনা অজ্‌হাহূ অলা-তা'দু
তাদের সঙ্গে ধৈর্য সহকারে রাখুন যারা ইবাদত করে নিজেদের রবের; সন্তুষ্টি লাভের উদ্দেশে সকাল-সন্ধ্যায়; আর পার্থিব

৩ ع ৫ ১৫ রুকু

আয়াত-২২ ঃ ছহীহ্‌ হাদীসে হযরত ইবনে আব্বাস (রাঃ) আসহাবে কাহাফের নাম বর্ণনা করেন- মুকসালমীনা, তাম্‌লীখা, মারতূনূস, সানূনূস, সারিনূতূস, যুনওয়াস, কাইয়াস্তাতিয়ূনূস আর অষ্টমটি হল ক্বিত্‌মীর। (মাঃ কোঃ) ২। এ আয়াত হতে প্রতীয়মান হয় যে, বিরোধপূর্ণ ব্যাপারে দীর্ঘ আলোচনা হতে বিরত থাকা উচিত। কোন বিষয়ে মতবিরোধ দেখা দিলে জরুরি বিষয়গুলো বর্ণনা করা উচিত। এর পরও কেউ অনাবশ্যক আলোচনায় জড়িয়ে পড়লে, তবে তার সাথে সাধারণ আলোচনা করে বিতর্ক শেষ করা বাঞ্ছনীয়। (মাঃ কোঃ) আয়াত-২৪ ঃ আগামীকে কোন কাজ করার ইচ্ছা প্রকাশ করলে 'ইনশাআল্লাহ' বলা মুস্তাহাব। ইন্‌শাআল্লাহ বলতে ভুলে গেলে, যখন স্মরণ হবে তখনই বলে নিবে। অবশ্য কেবল বরকত লাভ ও গোলামীর স্বীকারোক্তির জন্যই এ বাক্য বলা উদ্দেশ্য কোন শর্তারোপ করা উদ্দেশ্য নয়। (মাঃ কোঃ)

عَيْنٰكَ عَنْهُمْ ۚ تُرِيْدُ زِيْنَةَ الْحَيٰوةِ الدُّنْيَا ۚ وَلَا تُطِعْ مَنْ اَغْفَلْنَا قَلْبَهٗ عَنْ ذِكْرِنَا

'আইনা-কা 'আন্হুম্ তুরীদু যীনাতাল্ হাইয়া-তিদ্ দুন্ইয়া-অলা-তুত্বি'মান্ আগ্ফাল্না-ক্বল্বাহূ 'আন্ যিক্রিনা-
জীবনের শোভা চেয়ে তাদের থেকে দৃষ্টি ফিরাবেন না। যার মনকে আমার স্মরণ থেকে গাফেল করেছি, যে প্রবৃত্তির অনুসরণ

وَاتَّبَعَ هَوٰىهُ وَكَانَ اَمْرُهٗ فُرُطًا ﴿٢٨﴾ وَقُلِ الْحَقُّ مِنْ رَّبِّكُمْ ۖ فَمَنْ شَآءَ فَلْيُؤْمِنْ

অত্তাবা'আ হাওয়া-হু অ কা-না আম্রুহূ ফুরুত্বোয়া-। ২৯। অক্বু-লিল্ হাক্কু-মির্ রব্বিকুম্ ফামান্ শা — য়া ফাল্ ইয়ু"মিঁও
করে, যার কার্য সীমার বাইরে তার আনুগত্য করবেন না। (২৯) বলুন, সত্য (দীন) হল তোমার রবের, সুতরাং যার ইচ্ছা

وَّمَنْ شَآءَ فَلْيَكْفُرْ ۙ اِنَّآ اَعْتَدْنَا لِلظّٰلِمِيْنَ نَارًا ۙ اَحَاطَ بِهِمْ سُرَادِقُهَا ۗ وَاِنْ

অমান্ শা — য়া ফাল্ ইয়াক্ফুর্ ইন্না ~ আ'তাদ্না-লিজ্জ্বোয়া-লিমীনা না-রান্ আহা-ত্বোয়া বিহিম্ সুরা-দিক্বুহা-; অ ইঁ
বিশ্বাস করুক কিংবা যার ইচ্ছা কুফরী করুক; নিশ্চয়ই আমি জালিমদের জন্য অগ্নি তৈরি করে রেখেছি; যার তাঁবু তাদেরকে

يَّسْتَغِيْثُوْا يُغَاثُوْا بِمَآءٍ كَالْمُهْلِ يَشْوِى الْوُجُوْهَ ۗ بِئْسَ الشَّرَابُ ۗ وَسَآءَتْ

ইয়াস্তাগীছূ ইয়ুগা-ছূ বিমা — য়িন্ কাল্মুহ্লি ইয়াশ্ওয়িল্ উজ্বূহ্; বি'সাশ্ শারা-ব্; অসা — য়াত্
ঘিরে রাখবে। তারা পানীয় চাইলে গলিত তামার মত পানি দেয়া হবে, যা মুখমণ্ডল দগ্ধ করবে। কতই না নিকৃষ্ট সে পানীয়!

مُرْتَفَقًا ﴿٢٩﴾ اِنَّ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ اِنَّا لَا نُضِيْعُ اَجْرَ مَنْ اَحْسَنَ

মুর্তাফাক্ব-। ৩০। ইন্নাল্লাযীনা আ-মানূ অ'আমিলুছ্ ছোয়া-লিহা-তি ইন্না-লা-নুদ্বী'উ আজ্ রা মান্ আহ্সানা
কতই না খারাপ সে আবাস!(৩০) নিঃসন্দেহে যারা ঈমান আনে ও নেক আমল করে তাদের ভাল কাজের প্রতিদান বিনষ্ট

عَمَلًا ﴿٣٠﴾ اُولٰٓئِكَ لَهُمْ جَنّٰتُ عَدْنٍ تَجْرِىْ مِنْ تَحْتِهِمُ الْاَنْهٰرُ يُحَلَّوْنَ فِيْهَا

'আমালা-।৩১। উলা — য়িকা লাহুম্ জ্বান্না-তু 'আদ্নিন্ তাজ্বরী মিন্ তাহ্তিহিমুল্ আন্হা-রু ইয়ুহাল্লাওনা ফীহা-
করি না। (৩১) তাদের জন্য রয়েছে অনন্তকাল বসবাসের উপযোগী জান্নাত যার পাদদেশ দিয়ে ঝর্ণাধারা সদা প্রবাহিত।

مِنْ اَسَاوِرَ مِنْ ذَهَبٍ وَّيَلْبَسُوْنَ ثِيَابًا خُضْرًا مِّنْ سُنْدُسٍ وَّاِسْتَبْرَقٍ مُّتَّكِـِٕيْنَ

মিন্ আসা-ওয়ির মিন্ যাহাবিঁও অ ইয়াল্বাস্না ছিয়াবান্ খুদ্বরাম্ মিন্ সুন্দুসিঁও অ ইস্তাব্রক্বিম্ মুত্তাক্বিয়ীনা
তাদেরকে সোনার কঙ্কন পরানো হবে এবং পরিধান করবে সবুজ-সূক্ষ্ম ও মোটা রেশমী বস্ত্র। পরে তারা সুসজ্জিত পালঙ্কের

فِيْهَا عَلَى الْاَرَآئِكِ ۗ نِعْمَ الثَّوَابُ ۗ وَحَسُنَتْ مُرْتَفَقًا ﴿٣١﴾ وَاضْرِبْ لَهُمْ مَّثَلًا

ফীহা-'আলাল্ আর — য়িক্; নি'মাছ্ ছাওয়া-ব্; অহাসুনাত্ মুর্তাফাক্ব-। ৩২। অদ্বরিব্ লাহুম্ মাছালার্
উপর উপবেশন করবে। কতই না সুন্দর প্রতিদান, সুখময়-নিকেতন! (৩২) আর আপনি তাদেরকে দু ব্যক্তির উপমা প্রদান

رَّجُلَيْنِ جَعَلْنَا لِاَحَدِهِمَا جَنَّتَيْنِ مِنْ اَعْنَابٍ وَّحَفَفْنٰهُمَا بِنَخْلٍ وَّجَعَلْنَا بَيْنَهُمَا

রাজু-লাইনি জ্বা'আল্না-লিআহাদিহিমা-জ্বান্নাতাইনি মিন্ আ'না-বিঁও অ হাফাফ্না-হুমা-বিনাখ্লিঁও অ জ্বা'আল্না-বাইনাহুমা-
করুন, একজনকে আমি দুটি আঙ্গুর বাগান দিলাম এবং এ দুটিকে খেজুর গাছ দিয়ে বেষ্টন করলাম, উভয়ের মাঝে শস্যক্ষেত্রও

তিন চতুর্থাংশ •

৪ ع ৯ 16 রুকু

زَرْعًا ﴿٣٢﴾ كِلْتَا الْجَنَّتَيْنِ اٰتَتْ اُكُلَهَا وَلَمْ تَظْلِمْ مِّنْهُ شَيْـًٔا ۙ وَّفَجَّرْنَا خِلٰلَهُمَا نَهَرًا

যার্'আ- ।৩৩। কিল্‌তাল্ জ্বান্নাতাইনি আ-তাত্ উকুলাহা- অ লাম্ তাজ্‌লিম্ মিন্‌হু শাইয়াঁও অ ফাজ্জার্‌না-খিলা-লাহুমা-নাহর-।

প্রদান করলাম। (৩৩) উভয় বাগানই ফল প্রদান করল, ত্রুটি করে নি; আর তার ফাঁকে ফাঁকে নহর প্রবাহিত করলাম।

﴿٣٣﴾ وَّكَانَ لَهٗ ثَمَرٌ ۚ فَقَالَ لِصَاحِبِهٖ وَهُوَ يُحَاوِرُهٗٓ اَنَا اَكْثَرُ مِنْكَ مَالًا وَّاَعَزُّ نَفَرًا

৩৪। অ কা-না লাহূ ছামারুন্ ফাক্ব-লা লিছোয়া- হিবিহী অ হুঅ ইয়ুহা-ওয়িরুহূ~ আনা-আক্‌ছারু মিন্‌কা মা-লাওঁ অ আ'আয্‌যু নাফার-।

(৩৪) এবং তার আরও বহু সম্পদ ছিল, কথায় কথায় সে তার সঙ্গীকে বলল, তোমার চেয়ে আমি সম্পদশালী ও জনবলে শ্রেষ্ঠ।

﴿٣٤﴾ وَدَخَلَ جَنَّتَهٗ وَهُوَ ظَالِمٌ لِّنَفْسِهٖ ۚ قَالَ مَآ اَظُنُّ اَنْ تَبِيْدَ هٰذِهٖٓ اَبَدًا ﴿٣٥﴾ وَّمَآ

৩৫। অ দাখালা জ্বান্নাতাহূ অ হুঅ জোয়া-লিমুল্ লিনাফ্‌সিহী ক্ব-লা মা ~ আজুন্নু আন্ তাবীদা হা-যিহী ~ আবাদা-। ৩৬। অমা~

(৩৫) সে জালিম অবস্থায় বাগানে প্রবেশ করে বলল, আমার ধারণা এটি ধ্বংস হবে না। (৩৬) আর আমি কেয়ামত

اَظُنُّ السَّاعَةَ قَآئِمَةً ۙ وَّلَئِنْ رُّدِدْتُّ اِلٰى رَبِّيْ لَاَجِدَنَّ خَيْرًا مِّنْهَا مُنْقَلَبًا ﴿٣٦﴾ قَالَ

আজুন্নুস্ সা'আতা ক্ব—য়িমাতাঁও অলায়ির্ রুদিত্তু ইলা-রব্বী লাআজ্বিদান্না খইরম্ মিন্‌হা- মুন্‌ক্বলাবা-।৩৭।ক্ব-লা

হবার ধারণাও করি না, আর যদি আমাকে কখনও রবের কাছে ফিরিয়ে নেয়া হয়ই তবে সেখানে এতদপেক্ষা উত্তম স্থানই পাব। (৩৭) তার বন্ধু

لَهٗ صَاحِبُهٗ وَهُوَ يُحَاوِرُهٗٓ اَكَفَرْتَ بِالَّذِيْ خَلَقَكَ مِنْ تُرَابٍ ثُمَّ مِنْ نُّطْفَةٍ ثُمَّ

লাহূ ছোয়া-হিবুহূ অ হুঅ ইয়ুহা-ওয়িরুহূ~ আকাফারতা বিল্লাযী খলাক্বকা মিন্ তুরা-বিন্ ছুম্মা মিন্ নুত্ব্ ফাতিন্ ছুম্মা

তাকে বলল, তাঁকে কি তুমি অস্বীকার করছ যিনি তোমাকে মাটি হতে পরে শুক্র হতে সৃষ্টি করেছেন এবং পরে তোমাকে

سَوّٰىكَ رَجُلًا ﴿٣٧﴾ لٰكِنَّا۠ هُوَ اللّٰهُ رَبِّيْ وَلَآ اُشْرِكُ بِرَبِّيْٓ اَحَدًا ﴿٣٨﴾ وَلَوْلَآ اِذْ دَخَلْتَ

সাওয়্যা-কা রাজু্‌লা-। ৩৮। লা-কিন্না হুওয়াল্লা-হু রব্বী অলা ~উশ্‌রিকু বিরব্বী ~আহাদা-। ৩৯। অ লাওলা ~ ইয্ দাখাল্‌তা

মানুষ বানিয়েছেন? (৩৮) কিন্তু আল্লাহই আমার রব, কাকেও আমি রবের সাথে শরীক করি না। (৩৯) আর তুমি উদ্যানে

جَنَّتَكَ قُلْتَ مَا شَآءَ اللّٰهُ ۙ لَا قُوَّةَ اِلَّا بِاللّٰهِ ۚ اِنْ تَرَنِ اَنَا اَقَلَّ مِنْكَ مَالًا وَّ

জ্বান্নাতাকা কু্‌ল্‌তা মা-শা — য়াল্লা-হু লা-কু্‌ওয়্যাতা ইল্লা- বিল্লা-হি ইন্ তারনি আনা-আক্বল্লা মিন্‌কা মা-লাঁও ওয়া

প্রবেশ করে কেন বললে না, আল্লাহ যা চান তা-ই হয়ে থাকে, আল্লাহর শক্তিই আসল শক্তি? যদিও আমাকে ধনে-জনে তোমার

وَلَدًا ﴿٣٩﴾ فَعَسٰى رَبِّيْٓ اَنْ يُّؤْتِيَنِ خَيْرًا مِّنْ جَنَّتِكَ وَيُرْسِلَ عَلَيْهَا حُسْبَانًا مِّنَ

অলাদা-। ৪০। ফা'আসা-রব্বী ~ আঁই ইয়ু'তিয়ানি খইরম্ মিন্ জ্বান্নাতিকা অইয়ুর্‌সিলা 'আলাইহা- হুস্‌বা-নাম্ মিনাস্

অপেক্ষা কম দেখছ; (৪০) হয়ত আমার রব তোমার উদ্যান অপেক্ষা ভাল কিছু আমাকে দিবেন, আর তাতে আসমানী

আয়াত-৩৯ঃ শুআ'বুল ঈমানে হযরত আনাস (রাঃ)এর রেওয়ায়েতক্রমে বর্ণিত আছে যে, রাসূলুল্লাহ (ছঃ) বলেন ঃ কোন পছন্দনীয় বস্তু দেখার পর "মা শাআল্লাহ লা- হাওলা অলা-কুউঅতা ইল্লা বিল্লাহ" বলে দেয়া কোন বস্তু দেখে এই কলেমা পাঠ করলে তা 'চোখলাগা' বা বদ-নযর হতে নিরাপদ থাকবে। যা হোক, মু'মিন নেক্‌কার লোকটি তার অকৃতজ্ঞ সঙ্গীকে বলল, সম্পদ তো আল্লাহরই দান। অহংকার ও অকৃতজ্ঞতার জন্য বিপদ আসার আশংকা রয়েছে। আল্লাহ যে কোন সময় তাঁর নেয়া'মত ছিনিয়ে নিতে পারেন। (তাফঃ মাহঃ হাঃ) আয়াত-৪০ ঃ অর্থাৎ আসমান থেকে হয়ত অগ্নি বর্ষিত হবে, অথবা আসমান থেকে অন্য কোন বিপদ নাযিল হবে। (মাঃ কোঃ)

السَّمَاءِ فَتُصْبِحَ صَعِيدًا زَلَقًا ﴿٤١﴾ أَوْ يُصْبِحَ مَاؤُهَا غَوْرًا فَلَنْ تَسْتَطِيعَ لَهُ طَلَبًا ﴿٤٢﴾ وَ

সামা — য়ি ফাতুছ্বিহা ছোয়া'ঈদান্ যালাক্ব-।৪১। আও ইয়ুছ্বিহা মা — য়ুহা-গওরান্ ফালান্ তাস্তাত্বী 'আ লাহূ ত্বোয়ালাবা-।৪২। অ
বালা পাঠাবেন, যেন তা উদ্ভিদ শূন্য হয়। (৪১) বা তার পানি অন্তর্হিত হবে, যা চাইতেও পারবে না। (৪২) পরে

أُحِيطَ بِثَمَرِهِ فَأَصْبَحَ يُقَلِّبُ كَفَّيْهِ عَلَىٰ مَا أَنْفَقَ فِيهَا وَهِيَ خَاوِيَةٌ عَلَىٰ عُرُوشِهَا

উহীত্বোয়া বিছামারিহী ফাআছ্বাহা ইয়ুক্বাল্লিবু কাফ্ফাইহি 'আলা-মা ~ আন্ফাক্ব ফীহা-অ হিয়া খ-ওয়িয়াতুন্ 'আলা-উরূশিহা-
তার সম্পদ বিপর্যয়ে বেষ্টিত হল, তাতে ব্যয়ের জন্য সে আক্ষেপ করল, আর তা মঞ্চে পড়ে রইল; তখন সে বলতে

وَيَقُولُ يَا لَيْتَنِي لَمْ أُشْرِكْ بِرَبِّي أَحَدًا ﴿٤٣﴾ وَلَمْ تَكُنْ لَهُ فِئَةٌ يَنْصُرُونَهُ مِنْ دُونِ اللَّهِ

অ ইয়াক্বূলু ইয়া-লাইতানী লাম্ উশ্রিক্ বিরব্বী ~ আহাদা-।৪৩। অলাম্ তাকুল্লাহূ ফিয়াতুঁই ইয়ান্ছুরূ নাহূ মিন্ দূনিল্লা-হি
লাগল হায়! যদি আমি রবের শরীক না করতাম! (৪৩) আর তার পক্ষে আল্লাহ ছাড়া কোন সাহায্যকারী দলও ছিল না;

وَمَا كَانَ مُنْتَصِرًا ﴿٤٤﴾ هُنَالِكَ الْوَلَايَةُ لِلَّهِ الْحَقِّ ۚ هُوَ خَيْرٌ ثَوَابًا وَخَيْرٌ عُقْبًا ★

অমা-কা-না মুন্তাছিরা-।৪৪।হুনা-লিকাল্ অলা-ইয়াতু লিল্লা-হিল্ হাক্ব; হুঅ খইরুন্ ছাওয়া-বাঁও অখইরুন্ 'উক্ববা-।
যে নিজেও প্রতিকার করতে পারেনি। (৪৪) সেখানে সাহায্য তো একমাত্র আল্লাহরই; পুণ্য ও পরিণাম দানে তিনিই শ্রেষ্ঠ।

﴿٤٥﴾ وَاضْرِبْ لَهُمْ مَثَلَ الْحَيَاةِ الدُّنْيَا كَمَاءٍ أَنْزَلْنَاهُ مِنَ السَّمَاءِ فَاخْتَلَطَ بِهِ نَبَاتُ

৪৫। অদ্বরিব্ লাহুম্ মাছালাল্ হা-ইয়া-তিদ্ দুন্ইয়া-কামা — য়িন্ আন্যাল্না-হু মিনাস্ সামা — য়ি ফাখ্তালাত্বোয়া বিহী নাবা-তুল্
(৪৫) আপনি তাদের নিকট পার্থিব উদাহরণ প্রদান করুন, যেমন পানি- যা আমি আকাশ হতে বর্ষণ করি। তা দ্বারা

الْأَرْضِ فَأَصْبَحَ هَشِيمًا تَذْرُوهُ الرِّيَاحُ ۗ وَكَانَ اللَّهُ عَلَىٰ كُلِّ شَيْءٍ مُقْتَدِرًا ★

আরদ্বি ফাআছ্বাহা হাশীমান্ তায্রূহু র্রিয়া-হু; অকা-নাল্লা-হু 'আলা- কুল্লি শাইয়িম্ মুক্ব্তাদির-।
ভূমির উদ্ভিদ ঘন হয়ে উদ্গত হয়, পরে শুকিয়ে এমন চূর্ণ হয় যে, বাতাস তা উড়িয়ে নিয়ে যায়। আল্লাহ সর্বশক্তিমান।

﴿٤٦﴾ الْمَالُ وَالْبَنُونَ زِينَةُ الْحَيَاةِ الدُّنْيَا ۖ وَالْبَاقِيَاتُ الصَّالِحَاتُ خَيْرٌ عِنْدَ رَبِّكَ ثَوَابًا

৪৬।-আল্মালু অল্বানূনা যীনাতুল্ হা-ইয়া-তিদ্ দুন্ইয়া-অল্ বা-ক্বিয়া-তুছ্ ছোয়া-লিহা-তু খইরুন্ 'ইন্দা রব্বিকা ছাওয়া-বাঁও
(৪৬) ধন সম্পদ ও সন্তান -সন্ততি পার্থিব জীবনের শোভা, স্থায়ী নেক কাজ আপনার রবের নিকট প্রতিদান প্রাপ্তির দিক দিয়ে

وَخَيْرٌ أَمَلًا ﴿٤٧﴾ وَيَوْمَ نُسَيِّرُ الْجِبَالَ وَتَرَى الْأَرْضَ بَارِزَةً وَحَشَرْنَاهُمْ فَلَمْ نُغَادِرْ

অখইরুন্ আমালা-।৪৭। অ ইয়াওমা নুসাইয়্যিরুল্ জ্বিবা-লা অ তারাল্ আরদ্বোয়া বা-রিযাতাঁও অ হাশার্না-হুম্ ফালাম্ নুগ-দির্
এবং আশার দিক দিয়ে শ্রেষ্ঠ। (৪৭) সেদিন পর্বতকে সঞ্চালিত করব, ভূমিকে উন্মুক্ত দেখব, সকলকে একত্র করব, কাকেও

مِنْهُمْ أَحَدًا ﴿٤٨﴾ وَعُرِضُوا عَلَىٰ رَبِّكَ صَفًّا لَقَدْ جِئْتُمُونَا كَمَا خَلَقْنَاكُمْ أَوَّلَ مَرَّةٍ

মিন্হুম্ আহাদা-।৪৮। অ উরিদ্বূ 'আলা-রব্বিকা ছফ্ফা-; লাক্বদ্ জ্বি'তুমূনা কামা-খলাক্ব্না-কুম্ আউয়্যালা মার্রাহ্
ছাড়ব না। (৪৮) তাদেরকে আপনার রবের নিকট সারিবদ্ধভাবে পেশ করা হবে; আমার কাছে তো আসলে, যেরূপ প্রথমে সৃষ্টি করেছিলাম।

৫ ع ১৩ ১৭ রুকু

بَلْ زَعَمْتُمْ أَلَّن نَّجْعَلَ لَكُم مَّوْعِدًا ﴿٤٩﴾ وَوُضِعَ الْكِتَٰبُ فَتَرَى الْمُجْرِمِينَ

বাল্ যা'আম্তুম্ আল্লান্ নাজ্'আলা লাকুম্ মাও'ইদা- । ৪৯। অ উদ্বি'আল্ কিতা-বু ফাতারাল্ মুজ্ রিমীনা

অথচ তোমরা মনে করতে যে, প্রতিশ্রুত সময় নির্দিষ্ট করব না! (৪৯) এবং আমলনামা রাখা হবে, আপনি পাপীদেরকে

مُشْفِقِينَ مِمَّا فِيهِ وَيَقُولُونَ يَٰوَيْلَتَنَا مَالِ هَٰذَا الْكِتَٰبِ لَا يُغَادِرُ صَغِيرَةً وَلَا

মুশ্ফিক্বীনা মিম্মা-ফীহি অইয়াক্বূলূনা ইয়া-অইলাতানা-মা-লি হা-যাল্ কিতা-বি লা-ইয়ুগ-দিরু ছোয়াগীর তাঁও অলা-

আতঙ্কগ্রস্ত দেখবেন । তারা বলবে, হায় আফসোস আমাদের জন্য! এটি কেমন আমলনামা? এতে ছোট বড় কিছুই তো

كَبِيرَةً إِلَّا أَحْصَاهَا ۚ وَوَجَدُوا مَا عَمِلُوا حَاضِرًا ۗ وَلَا يَظْلِمُ رَبُّكَ أَحَدًا ﴿٥٠﴾ وَإِذْ

ع ৬ ৫ ১৮ রুকু

কাবীর তান্ ইল্লা~ আহ্ছোয়া-হা-অওয়াজাদূ মা- 'আমিলূ হা-দ্বির-; অলা-ইয়াজ্লিমু রব্বুকা আহাদা- । ৫০। অ ইয্

হিসাব ছাড়া নেই! তাদের কৃতকর্ম তারা হাযির পাবে। আপনার রব কারও প্রতি জুলুম্ করেন না। (৫০) আর যখন

قُلْنَا لِلْمَلَٰٓئِكَةِ اسْجُدُوا لِآدَمَ فَسَجَدُوٓا إِلَّآ إِبْلِيسَ كَانَ مِنَ الْجِنِّ فَفَسَقَ عَنْ

কুল্না-লিল্ মালা — য়িকাতিস্ জুদূ লিআ-দামা ফাসাজাদূ ~ ইল্লা ~ ইবলীস্; কা-না মিনাল্ জিন্নি ফাফাসাক্ব 'আন্

ফেরেশতাদেরকে বললাম, আদমকে সিজদা কর, ইবলীস ছাড়া সবাই সিজদা করল। সে জ্বিন ছিল, সে আমান্য করল তার রবের

أَمْرِ رَبِّهِۦٓ ۗ أَفَتَتَّخِذُونَهُۥ وَذُرِّيَّتَهُۥٓ أَوْلِيَآءَ مِن دُونِى وَهُمْ لَكُمْ عَدُوٌّۢ ۚ بِئْسَ

আম্রি রব্বিহ্; আফাতাত্তাখিযূনাহূ অ যুররিয়্যাতাহূ ~ আউলিয়া — য়া মিন্ দূনী অহুম্ লাকুম্ 'আদূউ-; বি'সা

নির্দেশ; তোমরাও কি আমাকে ছেড়ে তাকে ও তার সন্তানকে বন্ধু বানাবে? অথচ তারা তোমাদের শত্রু। এটা জালিমদের জন্য নিকৃষ্ট

لِلظَّٰلِمِينَ بَدَلًا ﴿٥١﴾ مَّآ أَشْهَدتُّهُمْ خَلْقَ السَّمَٰوَٰتِ وَالْأَرْضِ وَلَا خَلْقَ أَنفُسِهِمْ

লিজ্জোয়া-লিমীনা বাদালা- ৫১। মা ~ আশ্ হাত্তুহুম্ খল্ক্বস্ সামা-ওয়া-তি অল্আর্দ্বি অলা-খল্ক্ব আন্ফুসিহিম্

বিনিময়। (৫১) আসমান-যমীনের সৃষ্টিকালে তাদেরকে আহ্বান করি নি, না তাদের সৃষ্টিকালে; আর আমি এমন নয়

وَمَا كُنتُ مُتَّخِذَ الْمُضِلِّينَ عَضُدًا ﴿٥٢﴾ وَيَوْمَ يَقُولُ نَادُوا شُرَكَآءِىَ الَّذِينَ زَعَمْتُمْ

অমা- কুন্তু মুত্তাখিযাল্ মুদ্বিল্লীনা 'আদুদা- ।৫২। অ ইয়াওমা ইয়াকূলু না-দূ শুরাকা — য়িয়াল্লাযীনা যা'আম্তুম্

যে ভ্রান্তদেরকে সাহায্যকারী বানাব। (৫২) সেদিন বলবেন, তোমারা যাদেরকে আমার শরীক মনে করতে তাদেরকে ডাক;

فَدَعَوْهُمْ فَلَمْ يَسْتَجِيبُوا لَهُمْ وَجَعَلْنَا بَيْنَهُم مَّوْبِقًا ﴿٥٣﴾ وَرَءَا الْمُجْرِمُونَ النَّارَ

ফাদা 'আওহুম্ ফালাম্ ইয়াস্তাজীবূ লাহুম্ অ জা'আল্না-বাইনাহুম্ মাওবিক্ব- ।৫৩। অরয়াল্ মুজ্ রিমূনা ন্না-র

তখন তারা তাদের ডাকবে, কিন্তু তারা সাড়া দিবে না; তাদের মধ্যে অন্তরায় সৃষ্টি করব। (৫৩) পাপীরা যখন আগুন দেখবে

টীকা ঃ আয়াত-৫০ ঃ পার্থিব লোভ এবং আখেরাতের প্রতি অমনোযোগীতাই হেদায়াতের অন্তরায়। দুটি কারণেই এ অন্তরায় সৃষ্টি হয়। একঃ ধনৈশ্বর্য ও এর উপকরণ এবং সন্তান-সন্ততি, যার নেশায় সে এমন বিভোর হয় যে, সে না আখেরাতের কোন চিন্তা করতে পারে আর না সেখানকার পাথেয় তৈরির সময় পায়। দুই ঃ শয়তান ও তৎ বংশধররা অথবা তদানুগত্যশীল মানুষ। তার কু-মন্ত্রণা মানুষের মনে এমন কু-ধারণার সৃষ্টি করে, যা সারাক্ষণই মানুষকে অন্যায় ও পঙ্কিল বিষয়সমূহের দিকে তাড়াতে থাকে। অতঃপর শয়তানের এই কু-মন্ত্রণা চালিত ধ্যান ধারণার উপর কিছুদিন অতিক্রান্ত হলে তা একটি রেওয়াজে পরিণত হয়ে যায় এবং তা বংশানুক্রমে কয়েক পুরুষ পর ধর্ম হিসাবে সাব্যস্ত হয়ে যায় যাতে তারা অত্যন্ত সু-শোভিত দ্বীন-দুনিয়ার কল্যাণকর কাজ ভাবে, এমনকি তার পক্ষে আল্লাহর নবীর সাথে পর্যন্ত যুদ্ধ করতে প্রস্তুত হয়ে যায়। (বঃ কঃ)

৭ ৪ ১৯ রুকু

فَظَنُّوٓا أَنَّهُم مُّوَاقِعُوهَا وَلَمْ يَجِدُوا عَنْهَا مَصْرِفًا ﴿٥٤﴾ وَلَقَدْ صَرَّفْنَا فِى هَٰذَا ٱلْقُرْءَانِ

ফাজোয়ান্নূ ~ আন্নাহুম্ মুত্ব-ক্বিউ'হা-অলাম্ ইয়াজ্বিদূ 'আন্হা মাছ্‌রিফা-। ৫৪। অ লাক্বদ্ ছোয়ার্‌রাফ্‌না-ফী হা-যাল্ ক্বুরআ-নি
তখন মনে করবে, তাদেরকে তাতে পড়তেই হবে; বাঁচার পথ পাবে না। (৫৪) আমি এ কুরআনে মানুষের জন্য উপমা

لِلنَّاسِ مِن كُلِّ مَثَلٍ ۚ وَكَانَ ٱلْإِنسَٰنُ أَكْثَرَ شَىْءٍ جَدَلًا ﴿٥٥﴾ وَمَا مَنَعَ ٱلنَّاسَ

লিন্না -সি মিন্ কুল্লি মাছাল্; অ কা-নাল্ ইন্‌সা-নু আক্‌ছারা শাইয়িন্ জ্বাদালা-। ৫৫। অমা-মানা'আন্না-সা
দ্বারা বর্ণনা করেছি, কিন্তু মানুষ অধিকাংশ বিষয়ে ঝগড়াটে। (৫৫) মানুষকে ঈমান আনা এবং তাদের রবের কাছে ক্ষমা

أَن يُؤْمِنُوٓا إِذْ جَآءَهُمُ ٱلْهُدَىٰ وَيَسْتَغْفِرُوا رَبَّهُمْ إِلَّآ أَن تَأْتِيَهُمْ سُنَّةُ ٱلْأَوَّلِينَ

আইঁ ইয়ু'মিনূ ~ ইয্ জ্বা — য়াহুমুল্ হুদা- অ ইয়াস্ তাগ্‌ফিরূ রব্বাহুম্ ইল্লা ~ আন্ তা''তিয়াহুম্ সুন্নাতুল্ আও অলীনা
চাওয়া হতে বিরত রাখে কেবল এটি যে, যখন তাদের কাছে হিদায়াত আসে, তখন তাদের সাথেও পূর্ববর্তীদের মত আচরণ

أَوْ يَأْتِيَهُمُ ٱلْعَذَابُ قُبُلًا ﴿٥٦﴾ وَمَا نُرْسِلُ ٱلْمُرْسَلِينَ إِلَّا مُبَشِّرِينَ وَمُنذِرِينَ ۚ

আও ইয়া''তিয়াহুমুল্ 'আযা-বু ক্বুবুলা-। ৫৬। অমা- নুরসিলুল্ মুরসালীনা ইল্লা-মুবাশ্‌শিরীনা অ মুন্‌যিরীনা
করুক অথবা তাদের প্রতি সরাসরি আযাব অবতীর্ণ হোক। (৫৬) আমি কেবল রাসূলদেরকে সুসংবাদদাতা ও সতর্ককারী

وَيُجَٰدِلُ ٱلَّذِينَ كَفَرُوا بِٱلْبَٰطِلِ لِيُدْحِضُوا بِهِ ٱلْحَقَّ ۖ وَٱتَّخَذُوٓا ءَايَٰتِى وَمَآ

অ ইয়ুজ্বা-দিলুল্লাযীনা কাফারূ বিল্‌বা-ত্বিলি লিইয়ুদ্‌হিদ্বূ বিহিল্ হাক্ব্‌ক্ব অত্তাখাযূ ~ আ-ইয়া-তী অমা ~
রূপেই প্রেরণ করি। সত্যকে ব্যর্থ করার জন্য কাফেররা অযথা বিতর্কে লিপ্ত হয়; অথচ আমার আয়াত ও সতর্কতার বিষয়কে

أُنذِرُوا هُزُوًا ﴿٥٧﴾ وَمَنْ أَظْلَمُ مِمَّن ذُكِّرَ بِـَٔايَٰتِ رَبِّهِۦ فَأَعْرَضَ عَنْهَا وَنَسِىَ مَا

উন্‌যিরূ হুযুঅ। ৫৭। অমান্ আজ্‌লামু মিম্মান্ যুক্‌কিরা বি আ-ইয়া-তি রব্বিহী ফাআ'রদ্বোয়া 'আন্‌হা-অনাসিয়া মা-
তারা বিদ্রূপের বিষয় বানিয়েছে। (৫৭) তার চেয়ে বড় জালিম কে থাকে রবের আয়াত স্মরণ করালে সে মুখ ফিরিয়ে নেয়

قَدَّمَتْ يَدَاهُ ۚ إِنَّا جَعَلْنَا عَلَىٰ قُلُوبِهِمْ أَكِنَّةً أَن يَفْقَهُوهُ وَفِىٓ ءَاذَانِهِمْ وَقْرًا ۖ وَإِن

কাদ্দামাত্ ইয়াদা-হ্; ইন্না-জ্বা'আল্‌না- 'আলা-ক্বু-লূবিহিম্ আকিন্নাতান্ আইঁ ইয়াফ্‌ক্বাহূহু অফী ~ আ-যা-নিহিম্ অক্ব্‌র-; অ ইন্
ও কৃতকর্ম ভুলে যায় আমি তাদের মনে আবরণ দিয়ে রেখেছি ও কানে বধিরতা দিয়েছি যেন তা (কোরআন) না বুঝে, আর

تَدْعُهُمْ إِلَى ٱلْهُدَىٰ فَلَن يَهْتَدُوٓا إِذًا أَبَدًا ﴿٥٨﴾ وَرَبُّكَ ٱلْغَفُورُ ذُو ٱلرَّحْمَةِ ۖ لَوْ

তাদ্'উহুম্ ইলাল্ হুদা-ফালাইঁ ইয়াহ্‌তাদূ ~ ইযান্ আবাদা-। ৫৮। অ রব্বুকাল্ গফূরু যুর্‌রহমাহ্; লাও
আপনি যদি তাদের সৎপথে আহ্বান করেন, তবে তারা কখনো আসবে না। (৫৮) রব ক্ষমাশীল, দয়ালু, কৃতকর্মের জন্য

يُؤَاخِذُهُم بِمَا كَسَبُوا لَعَجَّلَ لَهُمُ ٱلْعَذَابَ ۚ بَل لَّهُم مَّوْعِدٌ لَّن يَجِدُوا مِن

ইয়ুআ খিযুহুম্ বিমা-কাসাবূ লা'আজ্জ্বালা লাহুমুল্ 'আযা-ব্; বাল্ লাহুম্ মাও'ইদুল্লাইঁ ইয়াজিদূ মিন্
পাকড়াও করতে চাইলে শাস্তি ত্বরান্বিত করতেন, বরং তাদের জন্য নির্দিষ্ট কাল আছে, যা থেকে তারা কখনও লুকানোর

ع ৮ ৬ ২০ রুকু

دُوْنِهٖ مَوْئِلًا ﴿٥٨﴾ وَتِلْكَ الْقُرٰىٓ اَهْلَكْنٰهُمْ لَمَّا ظَلَمُوْا وَجَعَلْنَا لِمَهْلِكِهِمْ مَّوْعِدًا ٭

দূনিহী মাওয়িলা- ।৫৯। অ তিল্কাল্ কুরা ~ আহ্লাক্না-হুম্ লাম্মা- জোয়ালামূ অজ্বা'আল্না-লিমাহ্লিকিহিম্ মাও'ইদা- ।

জায়গা পাবে না। (৫৯) আর জনপদবাসীকে জুলুমের কারণে ধ্বংস করেছি এবং ধ্বংসের জন্য কাল নির্ধারণ করেছি।

﴿٦٠﴾ وَاِذْ قَالَ مُوْسٰى لِفَتٰىهُ لَآ اَبْرَحُ حَتّٰىٓ اَبْلُغَ مَجْمَعَ الْبَحْرَيْنِ اَوْ اَمْضِيَ حُقُبًا ٭

৬০। অইয্ ক্বা-লা মূসা -লিফাতা-হু লা ~ আব্রহু হাত্তা ~ আব্লুগ মাজ্ব্মা'আল্ বাহ্রাইনি আও আম্দ্বিয়া হুকুবা- ।

(৬০) আর যখন মূসা যুবককে [১] বলল, দু সমুদ্রের মিলনস্থলে না পৌঁছা পর্যন্ত থামব না, বা যুগ যুগ ধরে চলতে থাকব।

﴿٦١﴾ فَلَمَّا بَلَغَا مَجْمَعَ بَيْنِهِمَا نَسِيَا حُوْتَهُمَا فَاتَّخَذَ سَبِيْلَهٗ فِي الْبَحْرِ سَرَبًا ﴿٦٢﴾ فَلَمَّا

৬১। ফালাম্মা-বালাগ মাজ্ব্মা'আ বাইনিহিমা-নাসিয়া-হূতাহুমা- ফাত্তাখাযা সাবীলাহূ বিল্ বাহ্রি সারাবা-। ৬২। ফালাম্মা-

(৬১) চলতে চলতে উভয়ের মিলনস্থলে পৌঁছলে মাছের কথা ভুলে গেল, এবং তা সমুদ্রের সুড়ংগ পথে চলে গেল। (৬২) অতঃপর অগ্রসর

جَاوَزَا قَالَ لِفَتٰىهُ اٰتِنَا غَدَآءَنَا لَقَدْ لَقِيْنَا مِنْ سَفَرِنَا هٰذَا نَصَبًا ﴿٦٣﴾ قَالَ اَرَءَيْتَ

জ্বা-অযা-ক্বা-লা লিফাত্বা-হু আ-তিনা- গদা — য়ানা-লাক্বদ্ লাক্বীনা-মিন্ সাফারিনা-হাযা-নাছোয়াবা-। ৬৩। ক্বা-লা আরায়াইতা

হলে মূসা যুবককে বলল, প্রাতঃরাশ আন, আমরা এ সফরে ক্লান্ত হয়ে পড়েছি। (৬৩) সঙ্গী বলল, আপনি কি লক্ষ্য

اِذْ اَوَيْنَآ اِلَى الصَّخْرَةِ فَاِنِّيْ نَسِيْتُ الْحُوْتَ وَمَآ اَنْسٰىنِيْهُ اِلَّا الشَّيْطٰنُ اَنْ

ইয্ আওয়াইনা ~ ইলাছ্ ছোয়াখ্রতি ফাইন্নী নাসীতুল্ হূতা অমা ~ আন্সানীহু ইল্লাশ্ শাইত্বোয়া-নু আন্

করেছেন? আমরা যখন পাথরে বিশ্রাম করছিলাম তখন মাছের কথা আমরা ভুলে গিয়ছিলাম, শয়তানই তাদেরকে তা

اَذْكُرَهٗ وَاتَّخَذَ سَبِيْلَهٗ فِي الْبَحْرِ عَجَبًا ﴿٦٤﴾ قَالَ ذٰلِكَ مَا كُنَّا نَبْغِ فَارْتَدَّا عَلٰٓى

আয্কুরাহূ ওয়াত্তাখাযা সাবীলাহূ ফিল্ বাহ্রি 'আজ্বাবা-।৬৪। ক্বা-লা যা-লিকা মা-কুন্না- নাব্গি ফারতাদ্দা 'আলা ~

ভুলিয়েছে, মাছটি আশ্চর্যজনকভাবে সমুদ্রে পথ ধরে চলে গেল। (৬৪) মূসা বলল, তাই তো চাচ্ছি, তাই তারা পদচিহ্ন

اٰثَارِهِمَا قَصَصًا ﴿٦٥﴾ فَوَجَدَا عَبْدًا مِّنْ عِبَادِنَآ اٰتَيْنٰهُ رَحْمَةً مِّنْ عِنْدِنَا وَعَلَّمْنٰهُ مِنْ

আ-ছা-রিহিমা ক্বাছোয়াছোয়া-। ৬৫। ফাঅজ্বাদা-'আব্দাম্ মিন্ 'ইবা-দিনা ~ আ-তাইনা-হু রহ্মাতাম্ মিন্ 'ইন্দিনা-অ 'আল্লাম্না-হু মিল

ধার ফিরে চলল।(৬৫) তারপর তারা এক বান্দাহকে পেল, যাকে আমার অনুগ্রহ প্রদান করেছি, আমার পক্ষ হতে তাকে

لَّدُنَّا عِلْمًا ﴿٦٦﴾ قَالَ لَهٗ مُوْسٰى هَلْ اَتَّبِعُكَ عَلٰٓى اَنْ تُعَلِّمَنِ مِمَّا عُلِّمْتَ رُشْدًا ٭

লাদুন্না 'ইল্মা-।৬৬। ক্বা-লা লাহূ মূসা- হাল্ আত্তাবি'উকা 'আলা ~ আন্ তু'আল্লিমানি মিম্মা-'উল্লিম্তা রুশ্দা-।

শিক্ষা দিয়েছি এক বিশেষ জ্ঞান। (৬৬) মূসা তাকে বলল, আমি কি আপনার অনুগামী হব? তা আমাকে শিখাবেন যা শিখেছেন।

টীকা ঃ ১ আয়াত-৫৮ঃ হাদীস শরীফ হতে জানা যায় যে, শেষ বিচারের দিন কাফেরকে তার ঈমান ও আ'মল সম্পর্কে জিজ্ঞাসা করা হলে সে ঈমান ও নেক আ'মলের দাবি করবে। তার সামনে যখন তার আ'মলনামা ফেরেশতাদের সাক্ষ্য ও লাওহে মাহফূযের লেখা তার দাবির হাযির পেশ করা হবে, তখন সে সব অগ্রাহ্য করবে ও বিতর্ক করবে। পরিশেষে তার অঙ্গ-প্রত্যঙ্গ তার দাবি খণ্ডন করবে। (মাঃ কোঃ)

আয়াত-৫৯ ঃ আ'দ ও সামূদ জাতির ধ্বংসাবশেষসমূহ দেখ, তাদের ঘটনা সকলেরই জানা। তাদের বাসস্থান সকলের নিকট পরিচিত। সীমা লংঘনের কারণে একটি নির্দিষ্ট সময়ে তাদেরকে ধ্বংস করে দেয়া হয়েছে। তা হতে তোমাদের শিক্ষা নেয়া উচিত। তোমরা যদি রাসূল (ছঃ)-এর বিরোধিতা কর, তবে সেই একই পরিণতি তোমাদের জন্য অপেক্ষা করছে। (তাফঃ মাহঃ হাঃ)

٦٧ قَالَ اِنَّكَ لَنْ تَسْتَطِيْعَ مَعِىَ صَبْرًا ٦٨ وَكَيْفَ تَصْبِرُ عَلٰى مَا لَمْ تُحِطْ بِهٖ خُبْرًا *

৬৭। ক্বা-লা ইন্নাকা লান্ তাস্‌তাত্বী 'আ মাই'য়া ছোয়াব্‌রা-। ৬৮। অ কাইফা তাছ্‌বিরু 'আলা-মা-লাম্ তুহিত্ব্ বিহী খুব্‌রা-।
(৬৭) বলল, আমার সঙ্গে ধৈর্য ধরে থাকতে পারবে না। (৬৮) আর যা তোমার জ্ঞানায়ত্ব নয় তাতে ধৈর্য ধরবে কিভাবে?

٦٩ قَالَ سَتَجِدُنِىْٓ اِنْ شَآءَ اللّٰهُ صَابِرًا وَّلَآ اَعْصِىْ لَكَ اَمْرًا ٧٠ قَالَ فَاِنِ

৬৯। ক্বা-লা সাতাজ্বিদুনী ~ ইন্ শা — য়াল্লা-হু ছোয়া-বিরাঁও অলা ~ আ'ছী লাকা আম্‌র-।৭০। ক্বা-লা ফাইনিত্
(৬৯) মূসা বলল, আল্লাহ চাইলে আমাকে ধৈর্যশীল পাবেন, আপনার নির্দেশ অমান্য করব না। (৭০) বলল, অনুগমণ

৯ ع ১১ ২১ রুকু

اتَّبَعْتَنِىْ فَلَا تَسْـَٔلْنِىْ عَنْ شَىْءٍ حَتّٰٓى اُحْدِثَ لَكَ مِنْهُ ذِكْرًا ٧١ فَانْطَلَقَا

তাবা'তানী ফালা-তাস্‌য়াল্‌নী 'আন্ শাইয়িন্ হাত্তা —উহ্‌দিছা লাকা মিন্‌হু যিক্‌র-। ৭১। ফান্‌ত্বোয়ালাক্ব-
করলে কোন বিষয়ে আমাকে প্রশ্ন করো না, যতক্ষণ না আমি তা বলে দেই। (৭১) অতঃপর তারা উভয়ে চলল, যখন নৌকায়

حَتّٰٓى اِذَا رَكِبَا فِى السَّفِيْنَةِ خَرَقَهَا قَالَ اَخَرَقْتَهَا لِتُغْرِقَ اَهْلَهَا لَقَدْ جِئْتَ

হাত্তা ~ ইযা-রকিবা-ফিস্ সাফীনাতি খারাক্বাহা-; ক্বা-লা আখারাক্ব্ তাহা-লিতুগ্‌রিক্ব আহ্‌লাহা-লাক্বদ্ জ্বি''তা
উঠল, সে তা ছিদ্র করে দিল; মূসা বলল, আপনি কি নৌকাটিকে এ জন্য ছিদ্র করলেন যে এর আরোহীদের ডুবিয়ে দিবেন? নিঃসন্দেহে গুরুতর

شَيْـًٔا اِمْرًا ٧٢ قَالَ اَلَمْ اَقُلْ اِنَّكَ لَنْ تَسْتَطِيْعَ مَعِىَ صَبْرًا ٧٣ قَالَ لَا تُؤَاخِذْنِىْ

শাইয়ান্ ইম্‌র-।৭২। ক্বা-লা আলাম্ আক্বু্ল্ ইন্নাকা লান্ তাস্‌তাত্বী'আ মাইয়া ছোয়াব্‌র-। ৭৩। ক্বা-লা লা-তুওয়া-খিয্‌নী
অন্যায় কাজ করেছেন।(৭২) বলল, আমি কি বলি নি তুমি আমার সঙ্গে ধৈর্য ধরতে পারবে না? (৭৩) মূসা বলল, ভুলের

بِمَا نَسِيْتُ وَلَا تُرْهِقْنِىْ مِنْ اَمْرِىْ عُسْرًا ٧٤ فَانْطَلَقَا حَتّٰٓى اِذَا لَقِيَا غُلٰمًا

বিমা-নাসীতু অলা- তুর্‌হিক্ব্‌নী মিন্ আম্‌রী'উস্‌র-। ৭৪। ফান্‌ত্বোয়ালাক্ব-হাত্তা ~ ইযা-লাক্বিয়া-গুলা-মান্
জন্য আমাকে ধরবেন না, আমার ব্যাপারে কঠোর হবেন না। (৭৪) পুনরায় উভয়ে চলতে লাগল, যখন একটি বালকের সঙ্গে

فَقَتَلَهٗ قَالَ اَقَتَلْتَ نَفْسًا زَكِيَّةً بِغَيْرِ نَفْسٍ لَقَدْ جِئْتَ شَيْـًٔا نُّكْرًا *

ফাক্বতালাহূ ক্বা-লা আক্বতাল্‌তা নাফ্‌সান্ যাকিয়্যাতাম্ বিগইরি নাফ্‌স্; লাক্বদ্ জ্বি''তা শাইয়ান্ নুক্‌রা-।
সাক্ষাত হয়, তখন সে তাকে হত্যা করে, বলল, নিষ্পাপ একটি জীবনকে হত্যা করলেন, এতো অন্যায় করলেন।

আয়াত-৭১ঃ বর্ণিত আছে যে, হযরত খিযির (আঃ) কুড়াল দিয়ে নৌকার একটি তক্তা বের করে দেন। ফলে নৌকায় পানি ঢুকে নিমজ্জিত হওয়ার আশংকা দেখা দেয়। এ কারণেই মূসা (আঃ) প্রতিবাদ করেন। কিন্তু কোরআনের পূর্বাপর ঘটনা হতে জানা যায় যে, নৌকাটি ডুবে কোন দুর্ঘটনা ঘটে নি। আল্লামা বাগবীর রেওয়াতে মতে ঐ ভাঙ্গা তক্তার জায়গায় খিযির (আঃ) একটি কাঁচ লাগিয়ে দেন। (বুখারী, মুসলিম, মাঃ কোঃ)

(২) সম্ভবত হযরত ইউশা ইবনে নুনও তাঁদের সঙ্গে ছিলেন। কিন্তু তিনি হযরত মূসা (আঃ)-এর অনুচর হিসেবে ছিলেন, তাই মূখ্যজনের উল্লেখে অনুচরের কথাও উল্লেখ হয়েছে। এটি হতে অনেক বিশারদরা এ মাসআলাও বের করেন যে, ব্যাপক ও সার্বিক বিষয়ে আদিষ্ট জনের লক্ষ্য ধরা যায় না, বরং সে ক্ষেত্রে আদেশ দাতার লক্ষ্যই ধরতে হয়।

আয়াত-৭৪ ঃ অধিকাংশ তাফসীরকারদের মতে, আলোচ্য আয়াতে যে বালকটিকে খিযির (আঃ) হত্যা করেন সে বালকটি ছিল নাবালেগ। একবার নাজদাহ হারূরী ইবনে আব্বাস (রাঃ)-এর নিকট পত্র লিখলেন যে, হযরত খিযির (আঃ) নাবালেগ বালককে কিরূপে হত্যা করলেন? ইবনে আব্বাস (রাঃ) উত্তর দিলেন ঃ খিযির (আঃ) ওহীর মাধ্যমে আল্লাহর নির্দেশ পেয়ে তা করেছেন। (মাঃ কোঃ)

﴿٧٥﴾ قَالَ اَلَمْ اَقُلْ لَّكَ اِنَّكَ لَنْ تَسْتَطِيْعَ مَعِىَ صَبْرًا ﴿٧٦﴾ قَالَ اِنْ سَاَلْتُكَ

৭৫। ক্ব-লা আলাম্ আক্বুল্ লাকা ইন্নাকা লান্ তাস্তাত্বী'আ মা'ইয়া ছোয়াব্‌র-। ৭৬। ক্ব-লা ইন্ সায়াল্তুকা

(৭৫) তিনি বললেন, আমি কি বলি নি, আপনি কিছুতেই ধৈর্যরক্ষায় সক্ষম হবেন না? (৭৬) তনি বললেন, আর যদি আপনাকে

عَنْ شَیْءٍۭ بَعْدَهَا فَلَا تُصٰحِبْنِیْ ۚ قَدْ بَلَغْتَ مِنْ لَّدُنِّیْ عُذْرًا ﴿٧٧﴾ فَانْطَلَقَا وقفه

আন্ শাইয়িম্ বা'দাহা-ফালা-তুছোয়া-হিব্নী, ক্বদ্ বালাগ্তা মিল্লাদুন্নী 'উয্‌র-। ৭৭। ফান্‌ত্বোয়ালাক্ব-

প্রশ্ন করি, তবে আমাকে সংগে রাখবেন না, আমার পক্ষ থেকে আপনার নিকট আমার এ শেষ ওযর। (৭৭) অতঃপর তারা

حَتّٰۤى اِذَاۤ اَتَيَاۤ اَهْلَ قَرْيَةِ ِۨاسْتَطْعَمَاۤ اَهْلَهَا فَاَبَوْا اَنْ يُّضَيِّفُوْهُمَا فَوَجَدَا

হাত্তা ~ ইযা ~ আতাইয়া ~ আহ্লা ক্বরইয়াতিনিস্ তাত্ব্'আমা ~ আহ্লাহা-ফাআবাও আই ইয়ুদ্বোয়াইয়িফূ হুমা- ফাওয়াজ্বাদা-

উভয়ে চলতে চলতে এক জনপদে এসে খাদ্য চাইল; তারা তাদের আতিথ্য অস্বীকার করল, তারা দেখল, একটি প্রাচীর ধসে

فِيْهَا جِدَارًا يُّرِيْدُ اَنْ يَّنْقَضَّ فَاَقَامَهٗ ؕ قَالَ لَوْ شِئْتَ لَتَّخَذْتَ عَلَيْهِ اَجْرًا ☆

ফীহা-জ্বিদা-রই ইয়ুরীদু আইঁ ইয়ান্‌ক্বদ্বোয়া ফায়াক্ব-মাহ্; ক্ব-লা লাও শি'তা লাত্তাখয্‌তা 'আলাইহি আজ্ব্‌র-।

পড়ার উপক্রম হয়েছে, তিনি (খিযির) তা সোজা করে দিলেন, মূসা বলল, ইচ্ছা করলে আপনি পারিশ্রমিক নিতে পারতেন।

﴿٧٨﴾ قَالَ هٰذَا فِرَاقُ بَيْنِىْ وَبَيْنِكَ ۚ سَاُنَبِّئُكَ بِتَاْوِيْلِ مَا لَمْ تَسْتَطِعْ عَّلَيْهِ صَبْرًا ☆

৭৮। ক্ব-লা হা-যা-ফির-ক্বু বাইনী অবাইনিকা সাউনাব্বিয়ুকা বিতা"ওয়ীলি মা-লাম্ তাস্তাত্বি' 'আলাইহি ছোয়াব্‌র-।

(৭৮) তিনি বলল, আমাদের মধ্যে এটাই শেষ। তবে যে বিষয়ে আপনি ধৈর্য ধরতে পারেন নি, তার রহস্য আপনাকে জানাব।

﴿٧٩﴾ اَمَّا السَّفِيْنَةُ فَكَانَتْ لِمَسٰكِيْنَ يَعْمَلُوْنَ فِى الْبَحْرِ فَاَرَدْتُّ اَنْ اَعِيْبَهَا وَكَانَ

৭৯। আম্মাস্ সাফীনাতু ফাকা-নাত্ লিমাসাকীনা ইয়া'মালূনা ফিল্ বাহ্‌রি ফাআরত্‌তু আন্ আ'ঈবাহা-অকা-না

(৭৯) যা হোক নৌকাটি ছিল কতিপয় মিসকীনের, তারা সমুদ্রে কাজ করত। আমি তাকে ক্রটিযুক্ত করতে চেয়েছি; কেননা,

وَرَآءَهُمْ مَّلِكٌ يَّاْخُذُ كُلَّ سَفِيْنَةٍ غَصْبًا ﴿٨٠﴾ وَاَمَّا الْغُلٰمُ فَكَانَ اَبَوٰهُ مُؤْمِنَيْنِ

অর — য়াহুম্ মালিকুঁই ইয়া"খুযু কুল্লা সাফীনাতিন্ গাছ্‌বা-।৮০। অআম্মাল্ গুলা-মু ফাকা-না আবাওয়া-হু মু'মিনাইনি

ওখানকার রাজা জোর পূর্বক নৌকা ছিনিয়ে নিত। (৮০) আর বালকটির মাতা-পিতা মু'মিন ছিল, আমার আশংকা হল যে, সে তার

فَخَشِيْنَاۤ اَنْ يُّرْهِقَهُمَا طُغْيَانًا وَّكُفْرًا ﴿٨١﴾ فَاَرَدْنَاۤ اَنْ يُّبْدِلَهُمَا رَبُّهُمَا خَيْرًا مِّنْهُ

ফাখাশীনা ~ আইঁ ইয়ুর্‌হিক্বাহুমা- ত্বু্গইয়া-নাওঁ অ কুফ্‌র-।৮১। ফাআরদ্‌না ~ আইঁ ইয়ুব্‌দিলাহুমা- রব্বুহুমা-খইরম্ মিন্‌হু

অবাধ্যতা ও কুফুরী দিয়ে তাদেরকে বিব্রত করবে। (৮১) সুতরাং আমি চাই যে, তাদের রব তাদেরকে তার পরিবর্তে এমন

আয়াত-৭৭ ঃ খিযির (আঃ) কোন জনপদে গিয়েছিলেন, সে ব্যাপারে বিভিন্ন মতামত রয়েছে। ইবনে আব্বাস (রাঃ)-এর মতে এন্তাকিয়া' ইবনে শিরীনের মতে 'আইকা' এবং আবু হুরায়রা (রাঃ)-এর মতে সেইটি ছিল স্পেনের একটি জনপদ। এক জালিম বাদশাহ ছিল যে এ পথে চলাচল করত। চলাচলাকালে যেসব নিখুঁত নৌকা তার নযরে পড়ত সেসব নিখুঁত নৌকা সে ছিনিয়ে নিত। হযরত খিযির (আঃ) এ কারণেই নৌকার একটি তক্তা তুলে ফেলেন, যাতে জালিম বাদশাহের লোকেরা ভাঙ্গা দেখে নৌকাটি ছেড়ে দেয় এবং দরিদ্ররা বিপদের হাত হতে বেঁচে যায়। (মাঃ কোঃ) আয়াত-৮০ঃ হাদীসে বর্ণিত আছে, নিহত ছেলের পিতা মাতাকে আল্লাহ তাআ'লা তার পরিবর্তে একটি কন্যা দান করেন, পরবর্তীকালে যার গর্ভে দুজন নবী জন্মগ্রহণ করেন। (মাঃ কোঃ)

زَكٰوةً وَّاَقْرَبَ رُحْمًا ﴿٨٢﴾ وَاَمَّا الْجِدَارُ فَكَانَ لِغُلٰمَيْنِ يَتِيْمَيْنِ فِى الْمَدِيْنَةِ

যাকা-তাঁও অআক্ব্রাবা রুহ্মা-।৮২। অআম্মাল্ জ্বিদা-রু ফাকা-না লিগুলা-মাইনি ইয়াতীমাইনি ফিল্ মাদীনাতি

এক পবিত্র, দয়ালু ও নেক সন্তান দিবেন। (৮২) আর ঐ প্রাচীরটি ছিল শহরের অধিবাসী দু' এতিম কিশোরের এবং ঐ

وَكَانَ تَحْتَهٗ كَنْزٌ لَّهُمَا وَكَانَ اَبُوْهُمَا صَالِحًا ۚ فَاَرَادَ رَبُّكَ اَنْ يَّبْلُغَا اَشُدَّهُمَا

অকা-না তাহ্তাহূ কান্যুল্ লাহুমা-অকা-না আবূহুমা-ছোয়া-লিহান্ ফাআর-দা রব্বুকা আইঁ ইয়াব্লুগা ~

প্রাচীরের নিচে গুপ্তধন প্রোথিত ছিল। আর তাদের পিতা একজন ভাল লোক ছিল। আপনার রব চাইলেন যে, তারা যৌবনে

وَيَسْتَخْرِجَا كَنْزَهُمَا ۖ رَحْمَةً مِّنْ رَّبِّكَ ۚ وَمَا فَعَلْتُهٗ عَنْ اَمْرِىْ ؕ ذٰلِكَ

আশুদ্দা হুমা-অইয়াস্তাখ্রিজ্বা-কান্যাহুমা-রহ্মাতাম্ মির্ রব্বিকা অমা-ফা'আল্তুহূ 'আন্ আম্রী; যা-লিকা

পদার্পণ করুক। আর রবের দয়ায় তারা তাদের সে গুপ্তধন বের করুক। আর আমি আপন ইচ্ছায় এ কাজ করি নি। যে

১০ ع ১২ ১ রুকু

تَاْوِيْلُ مَا لَمْ تَسْطِعْ عَّلَيْهِ صَبْرًا ﴿٨٣﴾ وَيَسْئَلُوْنَكَ عَنْ ذِى الْقَرْنَيْنِ ؕ قُلْ

তা''ওয়ীলু মা-লাম্ তাস্ত্বি' 'আলাইহি ছোয়াব্রা-।৮৩। অইয়াস্য়ালূনাকা আন্ যিল্ক্বার্নাইন্; ক্বুল্

বিষয়ের ধৈর্য আপনার ছিল না, তার রহস্য এটাই। (৮৩) আর তারা আপনাকে 'যুলকারনাইন' [১] সম্পর্কে জিজ্ঞাসা করে, আপনি

سَاَتْلُوْا عَلَيْكُمْ مِّنْهُ ذِكْرًا ﴿٨٤﴾ اِنَّا مَكَّنَّا لَهٗ فِى الْاَرْضِ وَاٰتَيْنٰهُ مِنْ كُلِّ شَىْءٍ

সায়াত্লূ আলাইকুম্ মিন্হু যিক্র-।৮৪। ইন্না- মাক্কান্না-লাহূ ফিল্ আর্দ্বি অ আ-তাইনা-হু মিন্ কুল্লি শাইয়িন্

বলুন, এ ব্যাপারে আমি তোমাদেরকে বলব। (৮৪) নিশ্চয় আমি তাকে যমীনে আধিপত্য প্রদান করেছি ও তাকে সর্বাধিক উপকরণ

سَبَبًا ﴿٨٥﴾ فَاَتْبَعَ سَبَبًا ﴿٨٦﴾ حَتّٰۤى اِذَا بَلَغَ مَغْرِبَ الشَّمْسِ وَجَدَهَا تَغْرُبُ فِىْ

সাবাবা-।৮৫। ফাআত্বা'আ ~ সাবাবা-।৮৬। হাত্তা ~ ইযা-বালাগ মাগ্রিবাশ্ শাম্সি অ জ্বাদাহা-তাগ্রুবু ফী

দিয়েছি। (৮৫) অতঃপর সে অন্য এক পথ ধরল।(৮৬) এমন কি যখন সে সূর্যাস্তের স্থানে পৌঁছল তখন সে তাকে (সূর্যকে)

عَيْنٍ حَمِئَةٍ وَّوَجَدَ عِنْدَهَا قَوْمًا ؕ قُلْنَا يٰذَا الْقَرْنَيْنِ اِمَّاۤ اَنْ تُعَذِّبَ وَاِمَّاۤ

'আইনিন্ হামিয়াতিঁও অ অজ্বাদা 'ইন্দাহা- ক্বাওমা-; ক্বুল্না-ইয়াযাল্ ক্বার্নাইনি ইম্মা ~ আন্ তু'আয্যিবা অ ইম্মা ~

কালো পানিতে ডুবতে দেখল এবং সেখানে সে এক জাতিকে পেল। বললাম, হে যুলকারনাইন! হয় তাদেরকে শাস্তি দাও,

اَنْ تَتَّخِذَ فِيْهِمْ حُسْنًا ﴿٨٧﴾ قَالَ اَمَّا مَنْ ظَلَمَ فَسَوْفَ نُعَذِّبُهٗ ثُمَّ يُرَدُّ اِلٰى رَبِّهٖ

আন্ তাত্তাখিযা ফীহিম্ হুস্না-।৮৭। ক্বা-লা আম্মা-মান জোয়ালামা ফাসাওফা নু'আয্যিবুহূ ছুম্মা ইয়ুরদ্দু ইলা-রব্বিহী

নতুবা তাদের সাথে সদ্ব্যবহার কর। (৮৭) সে বলল, অচিরেই জালিমকে শাস্তি দিব; তার পর সে তার রবের কাছে প্রত্যাবর্তিত

টীকা-১. যুল্কারনাইন ঃ এর ব্যাপারে বিভিন্ন মতামত আছে। কারো মতে, এটি 'দারা'র উপাধি। কারো মতে, এটি ফেলক্বুছ রুমীর ছেলে। কারো মতে এটি হযরত ইব্রাহীম (আঃ)-এর সন্তানদের কেউ। আর কারো মতে, যুলকারনাইন দু জনই ছিলেন, একজন ছিলেন হযরত ইব্রাহীম (আঃ)-এর যুগে যার উযীর ছিলেন হযরত খিযির (আঃ) আর একজন ছিলেন সেই যুলকারনাইন যার উযীর ছিলেন এরিস্টটল। তাফসীরে কবীর প্রণেতার মতে, এখানে শেষোক্ত যুলকার-নাইন সম্বন্ধে বলা হয়েছে যার নাম সেকান্দার ছিল। যা হোক, আয়াতে উল্লিখিত যুলকারনাইনকে কেউ বলেন, একজন নবী এবং কেউ তাঁকে একজন আল্লাহভক্ত লোক বলেছেন। ইবনে কাছীরে

فَيُعَذِّبُهُ عَذَابًا نُّكْرًا ﴿٨٨﴾ وَأَمَّا مَنْ آمَنَ وَعَمِلَ صَالِحًا فَلَهُ جَزَاءً الْحُسْنَىٰ

ফাইয়ু'আয্যিবুহূ 'আযা-বান্ নুক্র-। ৮৮। অআম্মা-মান্ আ-মানা অ 'আমিলা ছোয়া-লিহান্ ফালাহূ জ্বাযা — য়ানিল্ হুস্না-

হবে; তিনি তাকে কঠোর শাস্তি দিবেন। (৮৮) আর যে মু'মিন ও সৎকর্মশীল, তার জন্য রয়েছে উত্তম প্রতিদান এবং

وَسَنَقُولُ لَهُ مِنْ أَمْرِنَا يُسْرًا ﴿٨٩﴾ ثُمَّ أَتْبَعَ سَبَبًا ﴿٩٠﴾ حَتَّىٰ إِذَا بَلَغَ مَطْلِعَ الشَّمْسِ

অ সানাক্বূলু লাহূ মিন্ আম্রিনা-ইয়ুস্র-। ৮৯। ছুম্মা আত্বা'আ সাবাবা-। ৯০। হাত্তা ~ ইযা-বালাগ মাত্বলি'আশ্ শাম্সি

তার সাথে নম্র কথা বলব। (৮৯) তার পরে সে অন্য পথ ধরল। (৯০) এমন কি যখন সে সূর্যোদয়ের স্থানে গিয়ে পৌঁছল তখন

وَجَدَهَا تَطْلُعُ عَلَىٰ قَوْمٍ لَّمْ نَجْعَل لَّهُم مِّن دُونِهَا سِتْرًا ﴿٩١﴾ كَذَٰلِكَ وَقَدْ

অজ্বাদাহা- তাত্বলু'উ 'আলা-ক্বওমিল্ লাম্ নাজ্ব'আল্ লাহুম্ মিন্ দূনিহা-সিত্র-। ৯১। কাযা-লিক্; অক্বদ্

সে ওকে এমন জাতির ওপর উদীয়মান দেখল, যাদের জন্য সূর্যতাপ অন্তরায় করি নি। (৯১) এটাই তো প্রকৃত ঘটনা,

أَحَطْنَا بِمَا لَدَيْهِ خُبْرًا ﴿٩٢﴾ ثُمَّ أَتْبَعَ سَبَبًا ﴿٩٣﴾ حَتَّىٰ إِذَا بَلَغَ بَيْنَ السَّدَّيْنِ وَجَدَ مِن

আহাত্বনা- বিমা-লাদাইহি খুব্র-। ৯২। ছুম্মা আত্বা'আ সাবাবা-। ৯৩। হাত্তা ~ ইযা-বালাগ বাইনাস্ সাদ্দাইনি অজ্বাদা মিন্

তার বৃত্তান্ত আমার আয়ত্বে। (৯২) পরে সে অন্য পথ ধরল। (৯৩) অবশেষে সে যখন দু পাহাড়ের মাঝে পৌঁছল তখন

دُونِهِمَا قَوْمًا لَّا يَكَادُونَ يَفْقَهُونَ قَوْلًا ﴿٩٤﴾ قَالُوا يَا ذَا الْقَرْنَيْنِ إِنَّ يَأْجُوجَ

দূনিহিমা-ক্বওমাল্ লা-ইয়াকা-দূনা ইয়াফ্ক্বাহূনা ক্বওলা-। ৯৪। ক্ব-লূ ইয়াযাল্ ক্বর্নাইনি ইন্না ইয়া'জূজ্বা

সেখানে এমন এক সম্প্রদায়ের দেখা পেল, যারা কোন কথাই বুঝতে পারত না। (৯৪) তারা বলল, হে যুলকারনাইন! নিশ্চয়

وَمَأْجُوجَ مُفْسِدُونَ فِي الْأَرْضِ فَهَلْ نَجْعَلُ لَكَ خَرْجًا عَلَىٰ أَن تَجْعَلَ

অ মা'জূজ্বা মুফ্সিদূনা ফিল্ আর্দ্বি ফাহাল্ নাজ্ব'আলু লাকা খারজ্বান্ 'আলা ~ আন্ তাজ্ব'আলা

ইয়াজুজ ও মাজূজ যমীনে ফাসাদ সৃষ্টি করে; আপনাকে কি আমরা কর দিব যে, আমাদের ও তাদের মাঝে একটি প্রাচীর

بَيْنَنَا وَبَيْنَهُمْ سَدًّا ﴿٩٥﴾ قَالَ مَا مَكَّنِّي فِيهِ رَبِّي خَيْرٌ فَأَعِينُونِي بِقُوَّةٍ أَجْعَلْ

বাইনানা-অবাইনাহুম্ সাদ্দা-। ৯৫। ক্ব-লা মা-মাক্কান্নী ফীহি রব্বী খইরুন্ ফাআ'ঈনূনী বিক্বওতিন্ আজ্ব'আল্

নির্মাণ করে দিবেন? (৯৫) সে বলল, আমার রব আমাকে যে ক্ষমতা দিয়েছেন, তা-ই যথেষ্ট, আমাকে তোমরা শ্রম দ্বারা সাহায্য

بَيْنَكُمْ وَبَيْنَهُمْ رَدْمًا ﴿٩٦﴾ آتُونِي زُبَرَ الْحَدِيدِ حَتَّىٰ إِذَا سَاوَىٰ بَيْنَ

বাইনাকুম্ অ বাইনাহুম্ রদ্মা-। ৯৬। আ-তূনী যুবারল্ হাদীদ্; হাত্তা ~ ইযা- সা-ওয়া-বাইনাছ্

কর, আমি তোমাদের ও তাদের মাঝে প্রাচীর করে দিব। (৯৬) তোমরা আমাকে লোহার পাত এনে দাও; অবশেষে যখন দু'পর্বতের

হযরত আলী (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি একজন আল্লাহভক্ত নেককার লোক ছিলেন, নিজ গোত্রের লোকদেরকে তিনি দ্বীনে হকের প্রতি আহ্বান জানিয়েছিলেন, লোকেরা তাঁকে এক পার্শ্বে আঘাত করলে তার মৃত্যু হয়। আল্লাহ তাকে পুনরায় জীবিত করেন এবং পুনরায় অনুরূপ ঘটনা ঘটে। তাই তাকে যুলকারনাইন বলা হয়, অর্থাৎ দুই পার্শ্বওয়ালা। হযরত শো'বা হতে বর্ণিত, তিনি পূর্ব হতে পশ্চিম পর্যন্ত ভ্রমন করেছিলেন বিধায় তার উপাধি যুলকারনাইন হয়েছিল।

টীকা- ২ঃ এরা পার্বত্য জাতি। মানুষের ওপর নির্যাতন করত। তাদের বাসস্থান কোথায় তা সঠিক ভাবে জানা নেই। কিয়ামতের পূর্বে তাদের আবির্ভাব ঘটবে।

الصَّدَفَيْنِ قَالَ انْفُخُوْا ؕ حَتّٰىٓ اِذَا جَعَلَهٗ نَارًا ۙ قَالَ اٰتُوْنِىْٓ اُفْرِغْ عَلَيْهِ

ছদাফাইনি ক্ব-লান্ ফুখূ; হাত্তা ~ ইযা-জ্বা'আলাহূ না-রন্ ক্ব-লা আ-তূনী ~ উফ্‌রিগ্ 'আলাইহি
ফাঁকা জায়গা পূর্ণ হল, তখন (সে) বলল, তোমরা এতে তাপ দাও। যখন তা চরম গরম হল তখন সে বলল, তামা আন, তাতে

قِطْرًا ؕ ﴿۹۷﴾ فَمَا اسْطَاعُوْٓا اَنْ يَّظْهَرُوْهُ وَمَا اسْتَطَاعُوْا لَهٗ نَقْبًا ﴿۹۸﴾ قَالَ هٰذَا رَحْمَةٌ

ক্বিত্বরা-। ৯৭। ফামাস্ ত্বোয়া-উ~ আইঁ ইয়াজ্‌হারূহু অমাস্ তাত্বোয়া'উ লাহূ নাক্ব্‌বা-। ৯৮। ক্ব-লা হা-যা- রহ্‌মাতুম্
ঢালব। (৯৭) তারা তার উপর আরোহণও করতে পারে নি, আর ভেদও করতে পারে নি। (৯৮) সে বলল, এটি আমার রবের

مِّنْ رَّبِّىْ ۚ فَاِذَا جَآءَ وَعْدُ رَبِّىْ جَعَلَهٗ دَكَّآءَ ۚ وَكَانَ وَعْدُ رَبِّىْ حَقًّا ؕ

মির্ রব্বী ফাইযা-জ্বা — য়া অ'দু রব্বী জ্বা'আলাহূ দাক্কা — য়া অ কা-না অ'দু রব্বী হাক্ব্‌ক্ব-।
পক্ষ থেকে অনুগ্রহ। প্রতিপালকের ওয়াদা যখন পূর্ণ হবে তখন তিনিই এটা চূর্ণ করবেন। আমার প্রতিপালকের ওয়াদা সত্য।

﴿۹۹﴾ وَتَرَكْنَا بَعْضَهُمْ يَوْمَئِذٍ يَّمُوْجُ فِىْ بَعْضٍ وَّنُفِخَ فِى الصُّوْرِ فَجَمَعْنٰهُمْ

৯৯। অ তারক্‌না- বা'দ্বোয়াহুম্ ইয়াওমায়িযিঁ ইয়ামূজু ফী বা'দ্বিও অ নুফিখ ফিছ্ ছূরি ফাজ্বামা'না-হুম্
(৯৯) আর সেদিন একদল অন্য দলের উপর ঢেউয়ের ন্যায় পতিত হবে এবং শিংগায় ফুঁ দেয়া হবে। তারপর আমি তাদের

جَمْعًا ﴿۱۰۰﴾ وَّعَرَضْنَا جَهَنَّمَ يَوْمَئِذٍ لِّلْكٰفِرِيْنَ عَرْضًا ۙ ﴿۱۰۱﴾ الَّذِيْنَ كَانَتْ

জ্বাম্'আ-। ১০০। অ 'আরদ্বনা-জ্বাহান্নামা ইয়াওমায়িযিল্লিল্ কা-ফিরীনা 'আর্‌দ্বোয়া-। ১০১। নিল্লাযীনা কা-নাত্
সকলকেই একত্র করব। (১০০) এবং আমি সেদিন কাফেরদের জন্য জাহান্নামকে সামনে আনব। (১০১) যাদের

اَعْيُنُهُمْ فِىْ غِطَآءٍ عَنْ ذِكْرِىْ وَكَانُوْا لَا يَسْتَطِيْعُوْنَ سَمْعًا ﴿۱۰۲﴾ اَفَحَسِبَ

'আইয়ুনুহুম্ ফী গিত্বোয়া — য়িন্ 'আন্ যিক্‌রী অকা-নূ লা- ইয়াস্‌তাত্বী 'উনা সাম্'আ-। ১০২। আফাহাসিবাল্
চক্ষু আমার আয়াতের প্রতি অন্ধ ছিল এবং তারা শুনতেও অক্ষম ছিল। (১০২) এর পরও কি কাফেররা মনে করে,

الَّذِيْنَ كَفَرُوْٓا اَنْ يَّتَّخِذُوْا عِبَادِىْ مِنْ دُوْنِىْٓ اَوْلِيَآءَ ؕ اِنَّآ اَعْتَدْنَا

লাযীনা কাফারূ ~ আইঁ ইয়্যাত্তাখিযূ 'ইবা-দী মিন্ দূনী ~ আওলিয়া — য়্; ইন্না ~ 'আতাদ্‌না-জ্বাহান্নামা
তারা আমাকে ছাড়া আমার বান্দাহকে বন্ধু রূপে গ্রহণ করবে? আমি তো কাফেরদের জন্য প্রস্তুত করে রেখেছি জাহান্নামকে

جَهَنَّمَ لِلْكٰفِرِيْنَ نُزُلًا ﴿۱۰۳﴾ قُلْ هَلْ نُنَبِّئُكُمْ بِالْاَخْسَرِيْنَ اَعْمَالًا ﴿۱۰۴﴾ اَلَّذِيْنَ ضَلَّ

লিল্ কা-ফিরীনা নুযুলা-।১০৩। কুল্ হাল্ নুনাব্বিয়ুকুম্ বিল্‌আখ্‌সারীনা 'আমা-লা-।১০৪। আল্লাযীনা দ্বোয়াল্লা
আপ্যায়নের জন্য। (১০৩) আপনি তাদেরকে বলুন; আমি কি তোমাদেরকে কর্মে ক্ষতিগ্রস্তদের খবর দিব? (১০৪) তারা ঐসব

اشْكُرْ لِلَّهِ ۚ وَمَنْ يَشْكُرْ فَإِنَّمَا يَشْكُرُ لِنَفْسِهِ ۖ وَمَنْ كَفَرَ فَإِنَّ اللَّهَ غَنِيٌّ حَمِيدٌ

লিল্লা-হ্‌; অমাইঁইয়াশ্‌কুর্‌ ফাইন্নামা ইয়াশ্‌কুরু লিনাফ্‌সিহী অ মান্‌ কাফারা ফাইন্না ল্লা-হা গনিয়্যুন্‌ হামীদ্‌।
শোকরগুজার হও। আর যে শোকর করে সে নিজের কল্যাণের জন্যই শোকর করে, আর অকৃতজ্ঞ হলে আল্লাহ তো অভাবমুক্ত, প্রশংসিত।

﴿١٣﴾ وَإِذْ قَالَ لُقْمَانُ لِابْنِهِ وَهُوَ يَعِظُهُ يَا بُنَيَّ لَا تُشْرِكْ بِاللَّهِ ۖ إِنَّ الشِّرْكَ لَظُلْمٌ

১৩। অইয্‌ ক্বা-লা লুকব্ব্‌মা-নু লিব্‌নিহী অ হুওয়া ইয়া'ইজুহূ ইয়া-বুনাইয়্যা লা-তুশ্‌রিক্‌ বিল্লা-হ্‌; ইন্নাশ্‌ শির্‌কা লাজুল্‌মুন্‌
(১৩) লুকমান স্বীয় পুত্রকে উপদেশ প্রদান করতে গিয়ে বলল, হে বৎস! কাউকে শরীক করো না আল্লাহর সাথে, শিরক্‌ বড়

عَظِيمٌ ﴿١٤﴾ وَوَصَّيْنَا الْإِنْسَانَ بِوَالِدَيْهِ حَمَلَتْهُ أُمُّهُ وَهْنًا عَلَىٰ وَهْنٍ وَفِصَالُهُ فِي

'আজীম্‌। ১৪। অঅছ্‌ ছোয়াইনাল্‌ ইন্‌সা-না বিওয়া- লিদাইহি হামালাত্‌হু উম্মুহূ অহ্‌নান্‌ 'আলা-অহ্‌নিঁও অফিছোয়া-লুহূ ফী
জুলুম। (১৪) আর আমি মানুষকে তার মাতা-পিতা সম্পর্কে উপদেশ দিলাম যে তার মা তাকে কষ্ট করে গর্ভে ধারণ করেছে,

عَامَيْنِ أَنِ اشْكُرْ لِي وَلِوَالِدَيْكَ إِلَيَّ الْمَصِيرُ ﴿١٥﴾ وَإِنْ جَاهَدَاكَ عَلَىٰ أَنْ

'আ-মাইনি আনিশ্‌ কুর্‌লী অলি ওয়া-লি দাইক্‌; ইলাইয়্যাল্‌ মাছীর্‌। ১৫। অইন্‌ জ্বা-হাদা-কা 'আলা ~ আন্‌
দু বছরে স্তন্য ছাড়ায়। সুতরাং আমার ও তোমার মাতা-পিতার কৃতজ্ঞ হও। আমার কাছেই তোমাদের প্রত্যাবর্তন। (১৫) কিন্তু তারা

تُشْرِكَ بِي مَا لَيْسَ لَكَ بِهِ عِلْمٌ فَلَا تُطِعْهُمَا ۖ وَصَاحِبْهُمَا فِي الدُّنْيَا مَعْرُوفًا

তুশ্‌রিকা বীমা-লাইসা লাকা বিহী 'ইলমুন্‌ ফালা-তুত্বি'হুমা- অছোয়া-হিব্‌হুমা- ফিদ্দুন্‌ইয়া-মা'রূফাঁও
উভয়ে যদি শরীক করাতে চেষ্টা করে, তবে যে বিষয়ে জান না সে বিষয়ে তাদের কথা মেনো না; তবে পৃথিবীতে তাদের

রুকু ১ / ১১ / ১০

ওয়াক্বফুন্নবী (সাঃ)

অর্ধাংশ

শানেনুযূল ঃ আয়াত-১২ ঃ হযরত লোকমানের উপদেশাবলী ইহুদীদের নিকট অধিক শ্রুতি মধুর ছিল। আরববাসীরা যে কোন বিষয়ে তাদের কাছে পেশ করলে তখন তারা প্রবাদ বাক্য হিসেবে তাঁর উপদেশ বর্ণনা করত। মুসলমানরাও সে সকল উপদেশের প্রতি কৌতুহলী হলে আল্লাহ্‌ তা'আলা এ আয়াতসমূহ অবতীর্ণ করেন। আয়াত-১৫ ঃ হযরত সা'আদ ইবনে আবি ওয়াক্কাস (রাঃ) মুসলমান হলে তাঁর মা কসম করে বলল, "যে পর্যন্ত সা'আদ ইসলাম বর্জন না করবে সে পর্যন্ত আমি রোদ থেকে সরবো না আর পানাহারও করব না।" উক্ত ব্যবস্থার মাধ্যমে হযরত সা'আদ নাউজুবিল্লাহ্‌ মুর্তাদ হয়ে যাবে বলে তাঁর মা আশা করেছিল। কিন্তু হযরত সা'আদ বললেন, "আমি তো কখনও কাফের হব না।" এ অবস্থায় তিনদিন অতিবাহিত হওয়ার পর হুযূর (সঃ)এর নিকট সংবাদ পৌঁছলে, মাতার এরূপ কথা না মানার নির্দেশ দিয়ে এ আয়াতটি নাযীল হয়।

وَاتَّبِعْ سَبِيلَ مَنْ أَنَابَ إِلَيَّ ۚ ثُمَّ إِلَيَّ مَرْجِعُكُمْ فَأُنَبِّئُكُمْ بِمَا كُنْتُمْ تَعْمَلُونَ

অত্তাবি' সাবীলা মান্ আনাবা ইলাইয়্যা ছুম্মা ইলাইয়্যা মারজি'উকুম্ ফাউনাব্বিয়ুকুম্ বিমা-কুনতুম্ তা'মালূন্।
সঙ্গে সদ্ব্যবহার কর এবং তাদের পথই মানবে যারা আমার মুখী; আমার দিকেই তোমাদের প্রত্যাবর্তন, তখন তোমাদের কর্মের খবর দেব।

(١٦) يَا بُنَيَّ إِنَّهَا إِنْ تَكُ مِثْقَالَ حَبَّةٍ مِنْ خَرْدَلٍ فَتَكُنْ فِي صَخْرَةٍ أَوْ فِي

১৬। ইয়া-বুনাইয়্যা ইন্নাহা ~ ইন্ তাকু মিছ্ক্ব-লা হাব্বাতিম্ মিন্ খর্দালিন্ ফাতাকুন্ ফী ছোয়াখ্রতিন্ আও ফিস্
(১৬) হে প্রিয় বৎস! যদি কোন বস্তু সরিষার বীজ পরিমাণ হয় আর তা পাথরের অভ্যন্তরে কিংবা আকাশে বা পাতালের

السَّمَاوَاتِ أَوْ فِي الْأَرْضِ يَأْتِ بِهَا اللَّهُ ۚ إِنَّ اللَّهَ لَطِيفٌ خَبِيرٌ (١٧) يَا بُنَيَّ

সামা-ওয়া-তি আও ফিল্ আরদ্বি ইয়া''তি বিহাল্লা-হ্; ইন্নাল্লা-হা লাত্বীফুন্ খবীর্। ১৭। ইয়া-বুনাইয়্যা
অভ্যন্তরে থাকে, তা-ও এনে আল্লাহ উপস্থিত করবেন; নিশ্চয়ই আল্লাহ বড়ই সূক্ষ্মদর্শী, প্রজ্ঞাময় (১৭) হে প্রিয় পুত্র! তুমি

أَقِمِ الصَّلَاةَ وَأْمُرْ بِالْمَعْرُوفِ وَانْهَ عَنِ الْمُنْكَرِ وَاصْبِرْ عَلَىٰ مَا أَصَابَكَ ۖ

আক্বিমিছ্ ছলা-তা অ''মুর্ বিল্ মা'রূফি ওয়ান্হা 'আনিল্ মুন্কারি অছ্বির্ 'আলা-মা ~ আছোয়া-বাক্;
নামায কায়েম কর; সৎকর্মের আদেশ প্রদান করবে ও অসৎকর্মে বাধা প্রদান করবে, আর তোমার উপর বিপদ আপতিত হলে

إِنَّ ذَٰلِكَ مِنْ عَزْمِ الْأُمُورِ (١٨) وَلَا تُصَعِّرْ خَدَّكَ لِلنَّاسِ وَلَا تَمْشِ فِي

ইন্না যা-লিকা মিন্ 'আয্মিল্ উমূর্। ১৮। অলা-তুছোয়া'ইর্ খদ্দাকা লিন্না-সি অলা-তাম্শি ফিল্
ধৈর্য ধারণ করবে, এটাই দৃঢ় চিত্তের কর্ম। (১৮) আর তুমি অহংকারের বসবর্তী হয়ে মানুষের প্রতি অবজ্ঞা কর না, আর যমীনে

الْأَرْضِ مَرَحًا ۖ إِنَّ اللَّهَ لَا يُحِبُّ كُلَّ مُخْتَالٍ فَخُورٍ (١٩) وَاقْصِدْ فِي مَشْيِكَ

আরদ্বি মারহা-; ইন্নাল্লা-হা লা-ইয়ুহিব্বু কুল্লা মুখ্তা-লিন্ ফাখূর্। ১৯। অক্ব্ছিদ্ ফী মাশ্য়িকা
দম্ভভরে চল না, নিশ্চয়ই আল্লাহ কোন দাম্ভিক ও কোন অহংকারীকে ভালবাসেন না। (১৯) তুমি সংযত হয়ে চলবে,

ع ২ ৮ ১১ রুকু

وَاغْضُضْ مِنْ صَوْتِكَ ۚ إِنَّ أَنْكَرَ الْأَصْوَاتِ لَصَوْتُ الْحَمِيرِ (٢٠) أَلَمْ تَرَوْا

অগ্দ্বুদ্ব্ মিন্ ছোয়াওতিক্; ইন্না আন্কারল্ আছ্ওয়া-তি লাছোয়াওতুল্ হামীর্। ২০। আলাম্ তারাও
তোমার কণ্ঠস্বর নিচু করবে, নিশ্চয়ই গর্দভের স্বরই স্বরসমূহের মধ্যে সর্বাপেক্ষা নিকৃষ্ট। (২০) তোমরা কি, দেখনা,

أَنَّ اللَّهَ سَخَّرَ لَكُمْ مَا فِي السَّمَاوَاتِ وَمَا فِي الْأَرْضِ وَأَسْبَغَ عَلَيْكُمْ نِعَمَهُ

আন্নাল্লা-হা সাখ্খর লাকুম্ মা-ফিস্ সামা-ওয়া-তি অমা-ফিল্ আরদ্বি অআস্বাগ 'আলাইকুম্ নি'আমাহূ
আল্লাহ সব কিছুকে তোমাদের মঙ্গলে নিয়োগ করেছেন, যা কিছু আছে যমীনে এবং তিনি পূর্ণকরে দিলেন তোমাদের প্রতি

ظَاهِرَةً وَبَاطِنَةً ۗ وَمِنَ النَّاسِ مَنْ يُجَادِلُ فِي اللَّهِ بِغَيْرِ عِلْمٍ وَلَا هُدًى

জোয়া-হিরতাঁও অবা-ত্বিনাহ্; অমিনান্ না-সি মাইঁ ইয়ুজা-দিলু ফিল্লা-হি বিগইরি 'ইল্মিঁও অলা-হুদাঁও
তাঁর প্রকাশ্য ও অপ্রকাশ্য অনুগ্রহ; মানুষের মাঝে কতক এমন আছে যারা আল্লাহ সম্বন্ধে বিতর্ক করে না জেনে, না পথ

وَّلَا كِتٰبٍ مُّنِيْرٍ ﴿٢١﴾ وَاِذَا قِيْلَ لَهُمُ اتَّبِعُوْا مَآ اَنْزَلَ اللّٰهُ قَالُوْا بَلْ نَتَّبِعُ مَا

অলা-কিতা-বিম্‌ মূনীর্‌। ২১। অইযা-ক্বীলা লাহুমুত্তাবি'উ মা ~ আন্‌যালাল্লা-হু ক্বা-লূ বাল্‌ নাত্তাবি'উ মা-
পেয়ে, না স্পষ্ট গ্রন্থ পেয়ে। (২১) যখন তাদেরকে বলা হয়, তোমরা অনুসরণ কর আল্লাহর নাযীলকৃতকে তখন তারা

وَجَدْنَا عَلَيْهِ اٰبَآءَنَا ؕ اَوَلَوْ كَانَ الشَّيْطٰنُ يَدْعُوْهُمْ اِلٰى عَذَابِ السَّعِيْرِ

অজ্বাদ্‌না- 'আলাইহি আ-বা — য়ানা-; আওয়ালাও কা-নাশ্‌ শাইত্বোয়া-নু ইয়াদ্‌'উ হুম্‌ ইলা- 'আযা-বিস্‌ সা'ঈর্‌।
বলে, পিতৃপুরুষকে যাতে পেয়েছি তা-ই মানব। যদি শয়তান তাদেরকে দোযখের শাস্তির প্রতি আহ্বান করে, তবুও কি?

﴿٢٢﴾ وَمَنْ يُّسْلِمْ وَجْهَهٗۤ اِلَى اللّٰهِ وَهُوَ مُحْسِنٌ فَقَدِ اسْتَمْسَكَ بِالْعُرْوَةِ الْوُثْقٰى ؕ

২২। অমাই ইয়ুস্‌লিম্‌ অজ্‌হাহূ ~ ইলাল্লা-হি অহুওয়া মুহ্‌সিনুন্‌ ফাক্বদিস্‌ তাম্‌সাকা বিল্‌'উরওয়াতিল্‌ উছ্‌ক্বা-;
(২২) যে ব্যক্তি পুণ্যবান হয়ে নিষ্ঠার সাথে আল্লাহর নিকট সমর্পিত হয়, সে-ই দৃঢ় হাতল ধারণ করল, সব কাজের পরিণতি

وَاِلَى اللّٰهِ عَاقِبَةُ الْاُمُوْرِ ﴿٢٣﴾ وَمَنْ كَفَرَ فَلَا يَحْزُنْكَ كُفْرُهٗ ؕ اِلَيْنَا مَرْجِعُهُمْ

অইলাল্লা-হি 'আ-ক্বিবাতুল্‌ উমূর্‌। ২৩। অমান্‌ কাফার ফালা-ইয়াহ্‌যুন্‌কা কুফ্‌রুহ্‌; ইলাইনা-মার্‌জ্বি'উহুম্‌
আল্লাহর হাতে। (২৩) কেউ কুফুরী করলে তার কুফুরী যেন আপনাকে দুঃখিত না করে; আমার কাছেই তাদের ফিরে

فَنُنَبِّئُهُمْ بِمَا عَمِلُوْا ؕ اِنَّ اللّٰهَ عَلِيْمٌ بِذَاتِ الصُّدُوْرِ ﴿٢٤﴾ نُمَتِّعُهُمْ قَلِيْلًا ثُمَّ نَضْطَرُّ

ফানুনাব্বিয়ুহুম্‌ বিমা- 'আমিলূ ; ইন্নাল্লা-হা 'আলীমুম্‌ বিযা-তিছ্‌ ছুদূর্‌। ২৪। নুমাত্তি'উহুম্‌ ক্বলীলান্‌ ছুম্মা নাদ্বত্বোয়ার্‌রু
আসতে হবে। তখন আমি তাদের কর্ম অবহিত করার, আল্লাহ অন্তরের খবর জানেন। (২৪) তাদেরকে অল্প ভোগ্য দেব, পরে

هُمْ اِلٰى عَذَابٍ غَلِيْظٍ ﴿٢٥﴾ وَلَئِنْ سَاَلْتَهُمْ مَّنْ خَلَقَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ لَيَقُوْلُنَّ

হুম্‌ ইলা-'আযা-বিন্‌ গলীজ্‌। ২৫। অলায়িন্‌ সায়াল্‌তাহুম্‌ মান্‌ খলাক্বস্‌ সামা-ওয়া-তি অল্‌ আর্‌দ্বোয়া লাইয়াকূ-লুন্না
কঠিন শাস্তিতে বাধ্য করব।(২৫) আর আপনি যদি তাদের জিজ্ঞেস করেন আকাশ ও পৃথিবী কে সৃষ্টি করেছে-বলবে, 'আল্লাহ'।

اللّٰهُ ؕ قُلِ الْحَمْدُ لِلّٰهِ ؕ بَلْ اَكْثَرُهُمْ لَا يَعْلَمُوْنَ ﴿٢٦﴾ لِلّٰهِ مَا فِى السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ

ল্লা-হ্‌; ক্বুলিল্‌ হাম্‌দু লিল্লা-হ্‌; বাল্‌ আক্‌ছারুহুম্‌ লা-ইয়া'লামূন্‌। ২৬। লিল্লা-হি মা-ফিস্‌ সামা-ওয়া-তি অল্‌ আর্‌দ্ব;
আপনি বলুন, সকল প্রশংসা আল্লাহ্‌রই জন্য, তারা অনেকেই তা জানে না।(২৬) আকাশ মণ্ডল ও পৃথিবীতে যা কিছু আছে

اِنَّ اللّٰهَ هُوَ الْغَنِيُّ الْحَمِيْدُ ﴿٢٧﴾ وَلَوْ اَنَّ مَا فِى الْاَرْضِ مِنْ شَجَرَةٍ اَقْلَامٌ

ইন্নাল্লা-হা হুওয়াল্‌ গনিয়্যুল্‌ হামীদ্‌। ২৭। অলাও আন্না মা-ফিল্‌ আর্‌দ্বি মিন্‌ শাজ্বারতিন্‌ আক্ব্‌লা-মুঁও
সবই আল্লাহর, নিশ্চয়ই আল্লাহ অভাবমুক্ত, প্রশংসিত।(২৭) আর ভূ-পৃষ্ঠের বৃক্ষসমূহ যদি কলম হয়ে সমুদ্রের সঙ্গে আরও

টীকা ঃ(১) আয়াত-২৩ ঃ কোন কিছুই আমার দৃষ্টির আড়ালে নয়। সব কিছুই তাদেরকে জানিয়ে দিব এবং উপযুক্ত শাস্তি প্রদান করব। আপনি কোন চিন্তা করবেন না। এরা সামান্য কয়েকদিনের আনন্দে আত্মহারা থাকলে তবে তা তাদের ভীষণ ভুল হয়েছে। কেননা, তাদের এ আনন্দ ক্ষণস্থায়ী। সুতরাং এ সামান্য কয়েকদিনের সুখ-স্বাচ্ছন্দ্যের জন্য গর্বিত হওয়া নিছক মূর্খতা বৈ আর কিছুই নয়। (বঃ কোঃ)
আয়াত-২৫ ঃ অর্থাৎ চিন্তা-ভাবনা ছাড়া বাপ-দাদার ধর্মের অন্ধ অনুকরণে অন্ধ হওয়ার জন্য স্রষ্টার সৃষ্টি ব্যতীত আসমান ও যমীন এমনিতেই সৃষ্টি হয়েছে বলে ধারণা করছ অথবা আসমান-যমীনের একজন স্রষ্টা অবশ্যই আছে। এতে কারও অংশীদারিত্ব নেই। (তাফঃ হক্কানী)

وَالْبَحْرُ يَمُدُّهُ مِنْ بَعْدِهِ سَبْعَةُ أَبْحُرٍ مَا نَفِدَتْ كَلِمَاتُ اللَّهِ إِنَّ اللَّهَ عَزِيزٌ

অল্ বাহ্রু ইয়ামুদ্দুহূ মিম্ বা'দিহী সাব্'আতু আব্হুরিম মা-নাফিদাত্ কালিমা-তুল্লা-হ্; ইন্নাল্লা-হা 'আযীযুন্
সাত সমুদ্র যুক্ত হয়ে কালিতে পরিণত হয়, তবুও আল্লাহর বাণী (লিখা) শেষ হবে না, নিশ্চয়ই আল্লাহ পরাক্রমশালী,

حَكِيمٌ ﴿٢٨﴾ مَا خَلْقُكُمْ وَلَا بَعْثُكُمْ إِلَّا كَنَفْسٍ وَاحِدَةٍ إِنَّ اللَّهَ سَمِيعٌ بَصِيرٌ ﴿٢٩﴾ أَلَمْ تَرَ

হাকীম্। ২৮। মা- খল্ক্বুকুম্ অলা-বা'ছুকুম্ ইল্লা-কানাফ্সিওঁ ওয়া -হিদাহ্; ইন্নাল্লা -হা সামী উ'ম্ বাছীর্ ২৯। আলাম্তার
বিজ্ঞ। (২৮) তোমাদের সৃষ্টি ও পুনরুত্থান একটি আত্মার মতই; নিশ্চয়ই আল্লাহ সবকিছু শুনেন, দেখেন। (২৯) তুমি কি

أَنَّ اللَّهَ يُولِجُ اللَّيْلَ فِي النَّهَارِ وَيُولِجُ النَّهَارَ فِي اللَّيْلِ وَسَخَّرَ الشَّمْسَ وَالْقَمَرَ

আন্নাল্লা-হা ইয়ূলিজুল্ লাইলা ফিন্নাহা-রি অ ইয়ূলিজুন্ নাহা-রা ফিল্লাইলি অ সাখ্খরশ্ শাম্সা অল্ ক্বমার
দেখ না, আল্লাহ রাতকে দিনের মধ্যে আর দিনকে রাতের মধ্যে প্রবেশ করান, আর সূর্য ও চন্দ্রকে নিয়মাধীন করে রেখেছেন,

كُلٌّ يَجْرِي إِلَىٰ أَجَلٍ مُسَمًّى وَأَنَّ اللَّهَ بِمَا تَعْمَلُونَ خَبِيرٌ ﴿٣٠﴾ ذَٰلِكَ بِأَنَّ اللَّهَ

কুল্লুঁই ইয়াজ্বরী ~ ইলা ~ আজ্বালিম্ মুসাম্মাঁও অআন্নাল্লা-হা-বিমা-তা'মালূনা খবীর্। ৩০। যা-লিকা বিআন্নাল্লা-হা
প্রত্যেকেই চলতে থাকবে নির্দিষ্টকাল পর্যন্ত। আল্লাহ তোমাদের যাবতীয় কার্য সম্পর্কে পূর্ণ অবহিত। (৩০) এটাই প্রমাণ যে,

هُوَ الْحَقُّ وَأَنَّ مَا يَدْعُونَ مِنْ دُونِهِ الْبَاطِلُ وَأَنَّ اللَّهَ هُوَ الْعَلِيُّ الْكَبِيرُ

হুওয়াল্ হাক্কু অআন্না মা-ইয়াদ্'উনা মিন্ দূনিহিল্ বা-ত্বিলু অআন্নাল্লা-হা হুওয়াল্ 'আলিয়্যুল্ কাবীর্।
একমাত্র আল্লাহ সত্য; আর তাঁকে (আল্লাহ) বাদ দিয়ে তারা যে সব বস্তুর উপাসনা করছে তা মিথ্যা, নিশ্চয়ই আল্লাহ মহান, শ্রেষ্ঠ।

৩ ع ১১ ১২ রুকু

﴿٣١﴾ أَلَمْ تَرَ أَنَّ الْفُلْكَ تَجْرِي فِي الْبَحْرِ بِنِعْمَتِ اللَّهِ لِيُرِيَكُمْ مِنْ آيَاتِهِ إِنَّ

৩১। আলাম্ তার আন্নাল্ ফুল্কা তাজ্বরী ফিল্ বাহ্রি বিনি'মাতিল্লা-হি লিইয়ুরিয়াকুম্ মিন্ আ-ইয়া-তিহ্; ইন্না
(৩১) তুমি কি দেখ না যে, আল্লাহর দয়ায় সমুদ্রে নৌযান চলে, যেন তিনি নিদর্শন দেখাতে পারেন, নিশ্চয়ই এতে রয়েছে

فِي ذَٰلِكَ لَآيَاتٍ لِكُلِّ صَبَّارٍ شَكُورٍ ﴿٣٢﴾ وَإِذَا غَشِيَهُمْ مَوْجٌ كَالظُّلَلِ دَعَوُا اللَّهَ

ফী যা-লিকা লাআ-ইয়া-তিল্ লিকুল্লি ছোয়াব্বা-রিন্ শাকূর্। ৩২। অ ইযা-গশিয়াহুম্ মাওজুন্ কাজ্জুলালি দা'আয়ুল্লা-হা
যারা ধৈর্যশীল ও কৃতজ্ঞ তাদের জন্য নিদর্শন। (৩২) আর তাদেরকে যখন মেঘের মত তরঙ্গ ঘিরে ফেলে, তখন নিষ্ঠার সঙ্গে

مُخْلِصِينَ لَهُ الدِّينَ فَلَمَّا نَجَّاهُمْ إِلَى الْبَرِّ فَمِنْهُمْ مُقْتَصِدٌ وَمَا يَجْحَدُ بِآيَاتِنَا إِلَّا

মুখলিছীনা লাহুদ্দীনা ফালাম্মা- নাজ্জা-হুম্ ইলাল্ বার্রি ফামিন্হুম্ মুক্বতাছিদ্ অমা-ইয়াজ্বহাদু বিআ-ইয়া-তিনা ~ ইল্লা-
আল্লাহকে ডাকে; যখন মুক্তি দিয়ে স্থলে পৌঁছান, তখন কেউ সরল পথে থাকে; আর কেবল প্রবঞ্চক অকৃতজ্ঞরাই আমার

كُلُّ خَتَّارٍ كَفُورٍ ﴿٣٣﴾ يَا أَيُّهَا النَّاسُ اتَّقُوا رَبَّكُمْ وَاخْشَوْا يَوْمًا لَا يَجْزِي وَالِدٌ

কুল্লু খাত্তা-রিন্ কাফূর্। ৩৩। ইয়া ~ আইঁইয়্যুহান্ না-সুত্তাক্বূ রব্বাকুম্ অখ্শাও ইয়াওমাল্ লা-ইয়াজ্বযী ওয়া-লিদুন্
আয়াতসমূহ অস্বীকার করে। (৩৩) হে লোক সকল! তোমরা তোমাদের রবকে ভয় কর; ওই দিনকে ভয় কর, যেদিন না

عَنْ وَّلَدِهٖ ۡ وَلَا مَوْلُوْدٌ هُوَ جَازٍ عَنْ وَّالِدِهٖ شَيْـًٔا ۗ اِنَّ وَعْدَ اللّٰهِ حَقٌّ فَلَا

আঁও অলাদিহী অলা-মাওলূদুন্ হুয়া জ্বা-যিন্ আঁও ওয়া-লিদিহী শাইয়া-; ইন্না ওয়া'দাল্লা-হি হাক্ব্ক্বুন্ ফালা-

পিতা তার পুত্রের এবং না পুত্র পিতার কোন উপকারে আসবে। নিশ্চয়ই আল্লাহর ওয়াদা সত্য। অতএব পার্থিব জীবন

تَغُرَّنَّكُمُ الْحَيٰوةُ الدُّنْيَا ۥ وَلَا يَغُرَّنَّكُمْ بِاللّٰهِ الْغَرُوْرُ ﴿٣٣﴾ اِنَّ اللّٰهَ عِنْدَهٗ عِلْمُ

তাগুর্‌রন্নাকুমুল্ হাইয়া-তুদ্ দুন্ইয়া-অলা-ইয়াগুর্‌রন্নাকুম্ বিল্লা-হিল্ গরূর্। ৩৪। ইন্নাল্লা-হা 'ইন্‌দাহূ 'ইল্‌মুস্

তোমাদেরকে ধোকায় না ফেলুক; প্রবঞ্চক যেন তোমাদেরকে আল্লাহ সম্পর্কে প্রবঞ্চিত না করে। (৩৪) নিশ্চয়ই আল্লাহর

السَّاعَةِ ۚ وَيُنَزِّلُ الْغَيْثَ ۚ وَيَعْلَمُ مَا فِي الْاَرْحَامِ ۗ وَمَا تَدْرِيْ نَفْسٌ مَّاذَا

সা-'আতি অইয়ুনায্‌যিলুল্ গইছা অ ইয়া'লামু মা-ফিল্ আরহা-ম্; অমা-তাদ্‌রী নাফ্‌সুম্ মা-যা

কাছেই কিয়ামতের খবর, তিনিই বৃষ্টি বর্ষণ করে থাকেন, মায়ের গর্ভে যা আছে তা তিনি জানেন, আর কেউ জানে না

تَكْسِبُ غَدًا ۗ وَمَا تَدْرِيْ نَفْسٌ بِاَيِّ اَرْضٍ تَمُوْتُ ۗ اِنَّ اللّٰهَ عَلِيْمٌ خَبِيْرٌ

তাক্‌সিবু গদাহ্; অমা-তাদ্‌রী নাফ্‌সুম্ বিআইয়ি আর্‌দ্বিন্ তামূত্; ইন্নাল্লা-হা 'আলীমুন্ খবীর্।

আগামীকাল সে কি করবে, আর কোথায় সে মৃত্যু বরণ করবে তা-ও জানে না, নিশ্চয়ই আল্লাহ সবকিছু জানেন ও সব খবর রাখেন।

ع ৪ ৪ ১৩ রুকু

সূরা সাজ্‌দাহ্
মক্কাবতীর্ণ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিস্‌মিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ৩০
রুকূ ঃ ৩

الٓمّٓ ﴿١﴾ تَنْزِيْلُ الْكِتٰبِ لَا رَيْبَ فِيْهِ مِنْ رَّبِّ الْعٰلَمِيْنَ ﴿٢﴾ اَمْ يَقُوْلُوْنَ

১। আলিফ্ লা — ম্ মী — ম। ২। তান্‌যীলুল্ কিতা-বি লা-রইবা ফীহি মির্ রব্বিল্ 'আ-লামীন্। ৩। আম্ ইয়াক্বূলূনাফ্

(১) আলিফ লাম মীম। (২) বিশ্ব-রবের অবতারিত কিতাব, তাতে কোন সন্দেহ নেই। (৩) তারা কি বলে, সে রচনা

افْتَرٰىهُ ۚ بَلْ هُوَ الْحَقُّ مِنْ رَّبِّكَ لِتُنْذِرَ قَوْمًا مَّآ اَتٰىهُمْ مِّنْ نَّذِيْرٍ مِّنْ قَبْلِكَ

তার-হু বাল্ হুওয়াল্ হাক্ব্ক্বু মির্ রব্বিকা লিতুন্‌যির ক্বওমাম্ মা ~ আতা-হুম্ মিন্ নাযীরিম্ মিন্ ক্ববলিকা

করেছে? বরং তা আপনার রবের পক্ষ হতে আগত সত্য, যা দিয়ে এ কওমকে সতর্ক করেন, যাদের কাছে পূর্বে কোন

لَعَلَّهُمْ يَهْتَدُوْنَ ﴿٣﴾ اَللّٰهُ الَّذِيْ خَلَقَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ وَمَا بَيْنَهُمَا فِيْ

লা'আল্লাহুম্ ইয়াহ্‌তাদূন্। ৪। আল্লা-হুল্লাযী খলাক্বস্-সামা ওয়া-তি অল্‌আর্‌দ্বোয়া অমা-বাইনা হুমা-ফী

সতর্ককারী আসে নি। তারা পথ পাবে। (৪) আল্লাহ সেই সত্তা, যিনি সৃষ্টি করেছেন আকাশ ও পৃথিবী এবং তদস্থ সব

سِتَّةِ اَيَّامٍ ثُمَّ اسْتَوٰى عَلَى الْعَرْشِ ۗ مَا لَكُمْ مِّنْ دُوْنِهٖ مِنْ وَّلِيٍّ وَّلَا شَفِيْعٍ ۗ اَفَلَا

সিত্তাতি আইয়্যা-মিন্ ছুম্মাস্ তাওয়া 'আলাল্-'আর্‌শ্; মা- লাকুম্ মিন্‌দূনিহী মিওঁ অলিয়্যিঁও অলা- শাফী'ইন্ আফালা-

কিছু ছয়দিনে; পরে আরশে আসীন হন; আর তিনি ছাড়া তোমাদের কোন বন্ধু নেই এবং নেই কোন সুপারিশকারীও, তবু কি

تَتَذَكَّرُونَ ۝٥ يُدَبِّرُ الْأَمْرَ مِنَ السَّمَاءِ إِلَى الْأَرْضِ ثُمَّ يَعْرُجُ إِلَيْهِ فِي يَوْمٍ

তাতাযাক্কারূন্। ৫। ইয়ুদাব্বিরুল্ আম্‌র মিনাস্ সামা — য়ি ইলাল্ আর্‌দ্বি ছুম্মা ইয়া'রুজু ইলাইহি ফী ইয়াওমিন্

তোমরা উপদেশ নেবে না? (৫) তিনি আকাশ মণ্ডল হতে শুরু করে ভূ-পৃষ্ঠ পর্যন্ত সকল বিষয় পরিচালনা করেন, পরে

كَانَ مِقْدَارُهُ أَلْفَ سَنَةٍ مِمَّا تَعُدُّونَ ۝٦ ذَٰلِكَ عَالِمُ الْغَيْبِ وَالشَّهَادَةِ الْعَزِيزُ

কা-না মিক্‌দা-রুহূ ~ আল্‌ফা সানাতিম্ মিম্মা-তা'উদ্দূন্। ৬। যা-লিকা 'আ-লিমুল্ গইবি অশ্‌শাহা-দাতিল্ 'আযীযুর্

তাঁর কাছে একদিন উপনীত হবে,যার পরিমাণ হবে হাজার বছরের সমান।(৬) তিনি গুপ্ত ও প্রকাশ্যের পরিজ্ঞাতা, পরাক্রমশালী,

الرَّحِيمُ ۝٧ الَّذِي أَحْسَنَ كُلَّ شَيْءٍ خَلَقَهُ وَبَدَأَ خَلْقَ الْإِنْسَانِ مِنْ طِينٍ

রহীম্। ৭। আল্লাযী ~ আহ্‌সানা কুল্লা শাইয়িন্ খলাক্বহূ অবাদায়া খল্‌ক্বল্ ইন্‌সা-নি মিন্ ত্বীন্।

পরম দয়ালু। (৭) যিনি তাঁর প্রত্যেকটি সৃষ্টিকে সুন্দর আকৃতি প্রদান করেছেন, এবং মাটি হতে মানব-সৃষ্টির সূচনা করেছেন।

۝٨ ثُمَّ جَعَلَ نَسْلَهُ مِنْ سُلَالَةٍ مِنْ مَاءٍ مَهِينٍ ۝٩ ثُمَّ سَوَّاهُ وَنَفَخَ فِيهِ مِنْ رُوحِهِ

৮। ছুম্মা জা'আলা নাস্‌লাহূ মিন্ সুলা-লাতিম্ মিম্মা — য়িম্ মাহীন্। ৯। ছুম্মা সাওয়্যা-হু অনাফাখ ফীহি মির্ রূহিহী

(৮) অতঃপর তুচ্ছ পানির নির্যাস হতে তার বংশ বিস্তার করেন। (৯) তাকে সুঠাম করলেন, তাতে নিজের পক্ষ থেকে

وَجَعَلَ لَكُمُ السَّمْعَ وَالْأَبْصَارَ وَالْأَفْئِدَةَ ۚ قَلِيلًا مَا تَشْكُرُونَ ۝١٠ وَقَالُوا أَإِذَا

অজ্বা'আলা লাকুমুস্ সাম'আ অল্ আব্‌ছোয়া-র অল্‌আফ্‌য়িদাহ্; ক্বলীলাম্ মা-তাশ্‌কুরূন্। ১০। অক্বা-লূ ~ য়া ইযা-

রূহ প্রদান করলেন [১]; কর্ণ, চক্ষু ও মন প্রদান করলেন, তোমরা খুব কমই কৃতজ্ঞ হও। (১০) আর তারা বলে, আমরা

ضَلَلْنَا فِي الْأَرْضِ أَإِنَّا لَفِي خَلْقٍ جَدِيدٍ ۚ بَلْ هُمْ بِلِقَاءِ رَبِّهِمْ كَافِرُونَ ۝١١ قُلْ

দ্বোয়ালাল্‌না-ফিল্ আর্‌দ্বি আ ইন্না-লাফী খল্‌ক্বিন্ জ্বাদীদ্; বাল্ হুম্ বিলিক্ব — য়ি রব্বিহিম্ কা-ফিরূন্। ১১। কুল্

মাটি হয়ে গেলেও কি আবার নতুন সৃষ্ট হব? বরং তারা তাদের রবের সাথে সাক্ষাৎ অস্বীকারকারী। (১১) আপনি বলুন,

يَتَوَفَّاكُمْ مَلَكُ الْمَوْتِ الَّذِي وُكِّلَ بِكُمْ ثُمَّ إِلَىٰ رَبِّكُمْ تُرْجَعُونَ ۝١٢ وَلَوْ تَرَىٰ

ইয়াতাওয়াফ্‌ফা-কুম্ মালাকুল্ মাওতিল্লাযী উক্কিলা বিকুম্ ছুম্মা ইলা-রব্বিকুম্ তুরজ্বা'উন্। ১২। অলাও তারা ~

নিয়োজিত মৃত্যুর ফেরেশ্‌তাই তোমাদের প্রাণ হরণ করবে, পরে তোমরা রবের কাছে প্রত্যাবর্তন করবে। (১২) যদি দেখতেন!

ع ১ ১১ 14 রুকু

إِذِ الْمُجْرِمُونَ نَاكِسُو رُءُوسِهِمْ عِنْدَ رَبِّهِمْ رَبَّنَا أَبْصَرْنَا وَسَمِعْنَا فَارْجِعْنَا نَعْمَلْ

ইযিল্ মুজ্‌রিমূনা না-কিসূ রুয়ূসিহিম্ 'ইন্দা রব্বিহিম্; রব্বানা ~ আব্‌ছোয়ার্‌না-অসামি'না ফারজ্বি'না না'মাল্

যখন পাপীরা তাদের রবের সামনে তাদের মাথা নোয়াবে, হে আমার রব! দেখলাম, শুনলাম; আমাদেরকে পুনঃ পাঠাও,

টীকা ঃ(১) আয়াত-৯ ঃ আল্লাহ এস্থানে রূহকে নিজের প্রতি সম্বন্ধ করে মানবাত্মার উচ্চ মর্যাদার প্রতি ইশারা করেন। যেমন আল্লাহ এর ঘর বলে কা'বা শরীফের মর্যাদা বর্ধিত করেন। অথচ আল্লাহ্ এ ঘরে অবস্থান করেন না। (বঃ কোঃ) আয়াত-১০ঃ প্রখ্যাত মুফাস্‌সির মুজাহিদ (রঃ) বলেন, মালাকুল মঊতের সম্মুখে গোটা বিশ্ব কোন ব্যক্তির সম্মুখে রক্ষিত বিভিন্ন খাবার সামগ্রীপূর্ণ একটা থালা বিশেষ। তিনি যাকে চান তুলে নেন। হাদীসে বর্ণিত আছে যে, রাসূলুল্লাহ (ছঃ) একদা জনৈক সাহাবীর শিয়রে মালাকুল মঊতকে দেখে বললেন যে, আমার ছাহাবীর সাথে সহজ ও কোমল ব্যবহার কর। মালাকুল মঊত উত্তরে বললেন, আপনি নিশ্চিত থাকুন—আমি প্রত্যেক মু'মিনের সাথে নরম ব্যবহার করে থাকি। (মাঃ কোঃ)

صَالِحًا إِنَّا مُوقِنُونَ ﴿١٣﴾ وَلَوْ شِئْنَا لَآتَيْنَا كُلَّ نَفْسٍ هُدَاهَا وَلَٰكِنْ حَقَّ الْقَوْلُ

ছোয়া- লিহান্ ইন্না-মূক্বিনূন্। ১৩। অলাও শি"না লাআ-তাইনা- কুল্লা নাফ্সিন্ হুদা-হা-অলা-কিন্ হাক্ব্ক্বল্ কওলু
আমরা নেক কাজ করব, দৃঢ় বিশ্বাসী হব। (১৩) আমি যদি চাইতাম, তবে প্রত্যেক লোককে পথ প্রদর্শন করতাম, কিন্তু আমার

مِنِّي لَأَمْلَأَنَّ جَهَنَّمَ مِنَ الْجِنَّةِ وَالنَّاسِ أَجْمَعِينَ ﴿١٤﴾ فَذُوقُوا بِمَا نَسِيتُمْ لِقَاءَ

মিন্নী লাআম্লায়ান্না জ্বাহান্নামা মিনাল্ জ্বিন্নাতি অন্না-সি আজ্ মা'ঈন্। ১৪। ফাযূক্বূ বিমা-নাসীতুম্ লিক্বা — য়া
কথা সত্য যে, জ্বিন ও মানুষ দ্বারা আমি জাহান্নাম পরিপূর্ণ করব।(১৪) অতঃপর শাস্তি গ্রহণ কর, কেননা, তোমরা আজকের

يَوْمِكُمْ هَٰذَا إِنَّا نَسِينَاكُمْ وَذُوقُوا عَذَابَ الْخُلْدِ بِمَا كُنْتُمْ تَعْمَلُونَ ﴿١٥﴾ إِنَّمَا يُؤْمِنُ

ইয়াওমিকুম্ হা-যা-ইন্না নাসীনা-কুম্ অযূক্বূ 'আযা- বাল্ খুল্দি বিমা-কুন্তুম্ তা'মালূন্। ১৫। ইন্নামা-
সাক্ষাতের কথা ভুলে গিয়েছিলে, আমিও তোমাদেরকে ভুললাম। তোমাদের কর্মের স্থায়ী শাস্তি ভোগ কর। (১৫) তারাই

بِآيَاتِنَا الَّذِينَ إِذَا ذُكِّرُوا بِهَا خَرُّوا سُجَّدًا وَسَبَّحُوا بِحَمْدِ رَبِّهِمْ وَهُمْ لَا

ইয়ু''মিনু বিআ-ইয়া-তিনা ল্লাযীনা ইযা-যুক্কিরূ বিহা- খার্রূ সুজ্জাদাঁও অসাব্বাহূ বিহাম্দি রব্বিহিম অহুম্ লা-
আমার আয়াতসমূহে বিশ্বাসী, যাদেরকে আমার আয়াত স্মরণ করালে সেজদায় পড়ে, এবং স্বীয় রবের প্রশংস পবিত্রতা

(সেজদা)

يَسْتَكْبِرُونَ ﴿١٦﴾ تَتَجَافَىٰ جُنُوبُهُمْ عَنِ الْمَضَاجِعِ يَدْعُونَ رَبَّهُمْ خَوْفًا وَطَمَعًا

ইয়াস্তাক্বিরূন্। ১৬। তাতাজ্বা-ফা-জুনূবুহুম্ 'আনিল্ মাদ্বোয়া-জ্বি'ই ইয়াদ্'উনা রব্বাহুম্ খাওফাঁও অ ত্বোয়ামায়াঁও
ঘোষণা করে, আর তারা অহংকার করে না। (১৬) তারা শয্যা ছেড়ে তাদের রবকে ভয় ও আশায় আহ্বান করে, এবং

وَمِمَّا رَزَقْنَاهُمْ يُنْفِقُونَ ﴿١٧﴾ فَلَا تَعْلَمُ نَفْسٌ مَا أُخْفِيَ لَهُمْ مِنْ قُرَّةِ أَعْيُنٍ

অ মিম্মা-রযাক্ব্না-হুম্ ইয়ুন্ফিক্বূন্। ১৭। ফালা- তা'লামু নাফ্সুম্ মা ~ উখ্ফিয়া লাহুম্ মিন্ কুররতি আ'ইয়ুনিন্
আমার প্রদত্ত রিযিক হতে খরচ করে। (১৭) কেউই অবগত নয় যে, তাদের জন্য নয়নাভিরাম কি কি সামগ্রী অদৃশ্যে রয়েছে?

جَزَاءً بِمَا كَانُوا يَعْمَلُونَ ﴿١٨﴾ أَفَمَنْ كَانَ مُؤْمِنًا كَمَنْ كَانَ فَاسِقًا لَا يَسْتَوُونَ

জ্বাযা — য়াম্ বিমা-কা-নূ ইয়া'মালূন্। ১৮। আফামান্ কা-না মু''মিনান্ কামান্ কা-না ফা-সিক্বন্ লা-ইয়াস্তায়ূন্।
এটা তারা তাদের কৃতকর্মের ফলস্বরূপ লাভ করেছে। (১৮) মু'মিনরা কি ফাসেকের মত? কখনওই তারা তাদের সমান নয়।

﴿١٩﴾ أَمَّا الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ فَلَهُمْ جَنَّاتُ الْمَأْوَىٰ نُزُلًا بِمَا كَانُوا

১৯। আম্মাল্ লাযীনা আ-মানূ অ 'আমিলুছ্ ছোয়া-লিহা-তি ফালাহুম্ জ্বান্না-তুল্ মা''ওয়া-নুযুলাম্ বিমা-কা-নূ
(১৯) সুতরাং যারা ঈমান এনেছে এবং নেক আমল করেছে তাদের কৃতকর্মের ফলস্বরূপ সমাদর হিসেবে জান্নাতেই তাদের

يَعْمَلُونَ ﴿٢٠﴾ وَأَمَّا الَّذِينَ فَسَقُوا فَمَأْوَاهُمُ النَّارُ كُلَّمَا أَرَادُوا أَنْ يَخْرُجُوا

ইয়া'মালূন্। ২০। অআম্মাল্লাযীনা ফাসাক্বূ ফামা''ওয়া-হুমুন্ না-রু; কুল্লামা ~ আরদূ ~ আইঁ ইয়াখ্রুজূ
আবাস হবে। (২০) আর যারা পাপাচারী তাদের আবাস হবে অগ্নি, যখনই তারা সেখান থেকে বের হতে চাইবে, তখনই

সিজ্দাহ্-৩

ওয়াক্ফে গোফ্রান

مِنْهَآ اُعِيْدُوْا فِيْهَا وَقِيْلَ لَهُمْ ذُوْقُوْا عَذَابَ النَّارِ الَّذِيْ كُنْتُمْ بِهٖ تُكَذِّبُوْنَ

মিন্‌হা ~ উ'ঈদূ ফীহা- অ ক্বীলা লাহুম্ যূক্বূ 'আযা-বান্ না-রিল্লাযী কুন্‌তুম্ বিহী তুকায্‌যিবূন্।
তাদেরকে ধাক্কা দিয়ে সেখানে ফিরিয়ে দিয়ে বলা হবে, অগ্নির শাস্তি আস্বাদন করতে থাকে, যা তোমরা অস্বীকার করতে।

وَلَنُذِيْقَنَّهُمْ مِّنَ الْعَذَابِ الْاَدْنٰى دُوْنَ الْعَذَابِ الْاَكْبَرِ لَعَلَّهُمْ يَرْجِعُوْنَ ﴿٢١﴾

২১। অলানুযীক্বন্নাহুম্ মিনাল্ 'আযা-বিল্ আদ্‌না-দূনাল্ 'আযা-বিল্ আক্‌বারি লা'আল্লাহুম্ ইয়ার্‌জ্বি'ঊন্।
(২১) আমি অবশ্যই তাদেরকে লঘু শাস্তি আস্বাদন করাব সেই মহাশাস্তির পূর্বে, যেন তারা প্রত্যাবর্তন করে।

وَمَنْ اَظْلَمُ مِمَّنْ ذُكِّرَ بِاٰيٰتِ رَبِّهٖ ثُمَّ اَعْرَضَ عَنْهَا ؕ اِنَّا مِنَ الْمُجْرِمِيْنَ ﴿٢٢﴾

২২। অমান্ আজ্‌লামু মিম্মান্ যুক্কিরা বিআ-ইয়া-তি রব্বিহী ছুম্মা 'আরদ্বোয়া 'আন্‌হা-; ইন্না-মিনাল্ মুজ্‌রিমীনা
(২২) ঐ ব্যক্তির চেয়ে বড় জালিম আর কে হতে পারে, যে রবের আয়াত ও উপদেশ পাওয়ার পরও মুখ ফিরিয়ে নেয়, আমি পাপীদের

২ ع ১১ ১৫ রুকু

مُنْتَقِمُوْنَ ﴿٢٢﴾ وَلَقَدْ اٰتَيْنَا مُوْسَى الْكِتٰبَ فَلَا تَكُنْ فِيْ مِرْيَةٍ مِّنْ لِّقَآئِهٖ وَجَعَلْنٰهُ

মুন্‌তাক্বিমূন্। ২৩। অলাক্বদ্ আ-তাইনা- মূসাল্ কিতা-বা ফালা-তাকুন্ ফী মির্‌ইয়াতিম্ মিল্ লিক্ব — য়িহী অ জ্বা'আল্‌না-হু
থেকে প্রতিশোধ গ্রহণ করবই।(২৩) আর মূসাকে কিতাব প্রদান করেছি, অতএব আপনি তার সাক্ষাৎ সম্পর্কে সন্দেহ করবেন

هُدًى لِّبَنِيْٓ اِسْرَآءِيْلَ ﴿٢٣﴾ وَجَعَلْنَا مِنْهُمْ اَئِمَّةً يَّهْدُوْنَ بِاَمْرِنَا لَمَّا صَبَرُوْا ؕ

হুদাল্ লিবানী ~ ইস্‌রা — ঈল্। ২৪। অ জ্বা'আল্‌না-মিন্‌হুম্ আইম্মাতাইঁ ইয়াহ্‌দূনা বিআম্‌রিনা-লাম্মা-ছবারূ;
না; তাকে বণীইস্রাঈলের জন্য পথ প্রদর্শক করেছিলাম।(২৪) এবং আমি তাদের মধ্যে তাকে নেতা বানিয়েছি, যারা আমার নির্দেশে

وَكَانُوْا بِاٰيٰتِنَا يُوْقِنُوْنَ ﴿٢٤﴾ اِنَّ رَبَّكَ هُوَ يَفْصِلُ بَيْنَهُمْ يَوْمَ الْقِيٰمَةِ فِيْمَا كَانُوْا

অকা-নূ বিআ-ইয়া-তিনা- ইয়ূক্বিনূন্। ২৫। ইন্না রব্বাকা হুওয়া ইয়াফ্‌ছিলু বাইনাহুম্ ইয়াওমাল্ ক্বিয়া-মাতি ফীমা- কা-নূ
পথ দেখাত, যখন তারা ধৈর্য ধারণ করত, আয়াতে বিশ্বাসও করত।(২৫)তারা যে বিষয়ে নিজেদের মাঝে মতানৈক্য করছে,

فِيْهِ يَخْتَلِفُوْنَ ﴿٢٥﴾ اَوَلَمْ يَهْدِ لَهُمْ كَمْ اَهْلَكْنَا مِنْ قَبْلِهِمْ مِّنَ الْقُرُوْنِ يَمْشُوْنَ

ফীহি ইয়াখ্‌তালিফূন্। ২৬। আওয়ালাম্ ইয়াহ্‌দি লাহুম্ কাম্ আহ্‌লাক্‌না-মিন্ ক্বব্‌লিহিম্ মিনাল্ কুরূনি ইয়াম্‌শূনা
রবই কেয়ামতে তা ফয়সালা করবেন। (২৬) এটাও কি পথ দেখায় নি যে, আমি পূর্বে কত জনপদ ধ্বংস করেছি, যাদের

فِيْ مَسٰكِنِهِمْ ؕ اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيٰتٍ ؕ اَفَلَا يَسْمَعُوْنَ ﴿٢٦﴾ اَوَلَمْ يَرَوْا اَنَّا نَسُوْقُ

ফী মাসা-কিনিহিম্; ইন্না ফী যা-লিকা লাআ-ইয়া-ত্; আফালা-ইয়াস্‌মা'ঊন্। ২৭। আওয়ালাম্ ইয়ারাও আন্না- নাসূ কুল্
বাসস্থানে তারা চলে? নিশ্চয়ই এতেই নিদর্শন আছে। তবুও কি তারা শুনবে না?(২৭) তারা কি দেখে না যে, শুষ্কভূমিতে

টীকা ঃ (১) আয়াত-২১ ঃ ইবনে আব্বাস (রাঃ) এর মতে 'আযা-বিল আদনা-' এর দ্বারা দুনিয়ার বিপদাপদই বুঝানো হয়েছে। মুজাহিদ ও আবূ ওবাইদ (রাঃ) এর মতে কবরের শাস্তি বুঝানো হয়েছে। যেন বান্দাহ গুনাহ হতে তাওবা করে। ইবনে আব্বাস (রাঃ) থেকে অপর বর্ণনা মতে দুর্ভিক্ষ বুঝানো হয়েছে। আর 'আমা-বিল আকবার' হল পরকালের আযাব। (ইবঃ কাঃ) আয়াত-২৩ ঃ এস্থানে হযরত মূসা (আঃ) এর অনুকরণ করে উভয় জগতের সম্পদ লাভ করেছে, সেভাবে তোমরাও শেষ নবীর অনুকরণ করলে তা লাভ করবে। আল্লাহ্‌র ওয়াদা সত্য, এ ব্যাপারে আল্লাহ ও তাঁর রাসূলের স্বাক্ষ্যই যথেষ্ট। (ইবঃ কাঃ)

الْمَاءَ إِلَى الْأَرْضِ الْجُرُزِ فَنُخْرِجُ بِهِ زَرْعًا تَأْكُلُ مِنْهُ أَنْعَامُهُمْ وَأَنْفُسُهُمْ ۖ أَفَلَا

মা — য়া ইলাল্ আরদ্বিল্ জু রুযি ফানুখ্‌রিজু বিহী যার্ 'আন্ তা''কুলু মিন্‌হু আন্'আ-মুহুম্ অআন্‌ফুসুহুম্ আফালা-
ও পতিত যমীতে পানি বর্ষণ করি, তা দিয়ে শস্য উৎপাদন করি, যা হতে খায় তাদের চতুষ্পদ জন্তুরা এবং তারাও। তবুও কি

يُبْصِرُونَ ﴿٢٨﴾ وَيَقُولُونَ مَتَىٰ هَٰذَا الْفَتْحُ إِنْ كُنْتُمْ صَادِقِينَ ﴿٢٩﴾ قُلْ يَوْمَ الْفَتْحِ لَا

ইয়ুব্‌ছিরূন্। ২৮। অইয়াকূলূনা মাতা-হা-যাল্ ফাত্‌হু ইন্ কুন্‌তুম্ ছোয়া-দিকীন্। ২৯। কুল্ ইয়াওমাল্ ফাত্‌হি লা-
তোমরা দেখবে না? (২৮) তারা বলে, ঐ ফয়সালা কখন? বল, যদি সত্যবাদী হও। (২৯) বলুন, সে ফয়সালার দিনে

يَنْفَعُ الَّذِينَ كَفَرُوا إِيمَانُهُمْ وَلَا هُمْ يُنْظَرُونَ ﴿٣٠﴾ فَأَعْرِضْ عَنْهُمْ وَانْتَظِرْ إِنَّهُمْ مُنْتَظِرُونَ

ইয়ান্‌ফা'উল্লাযীনা কাফারূ ~ ঈমা-নুহুম্ অলা-হুম্ ইয়ুন্‌জোয়ারূন্। ৩০। ফা'আরিদ্ব্ 'আন্‌হুম্ ওয়ান্‌তাজির্ ইন্নাহুম্ মুন্‌তাজিরূন্।
কাফেরদের ঈমান কাজে আসবে না, অবকাশ পাবে না। (৩০) তাদেরকে উপেক্ষা করুন, অপেক্ষা করুন, তারাও করছে।

তিন চতুর্থাংশ ● ৩ ১৬ রুকু

সূরা আহ্যা-ব্
মদীনাবতীর্ণ

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

বিস্‌মিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ৭৩
রুকূ ঃ ৯

يَا أَيُّهَا النَّبِيُّ اتَّقِ اللَّهَ وَلَا تُطِعِ الْكَافِرِينَ وَالْمُنَافِقِينَ ۗ إِنَّ اللَّهَ كَانَ عَلِيمًا ﴿١﴾

১। ইয়া ~ আইয়ুহান্নাবিইয়ুত্ তাক্বিল্লা-হা অলা-তুত্বি'ইল্ কা-ফিরীনা অল্‌মুনা-ফিকীন্; ইন্নাল্লা-হা কা-না 'আলীমান
(১) হে নবী! আল্লাহকে ভয় করুন, আর কাফের ও মুনাফিকদের আনুগত্য করবেন না, নিশ্চয়ই আল্লাহ মহাজ্ঞানী,

حَكِيمًا ﴿١﴾ وَاتَّبِعْ مَا يُوحَىٰ إِلَيْكَ مِنْ رَبِّكَ ۚ إِنَّ اللَّهَ كَانَ بِمَا تَعْمَلُونَ خَبِيرًا ﴿٢﴾

হাকীমা-। ২। অত্তাবি' মা-ইয়ূহা ~ ইলাইকা মির্ রব্বিক্; ইন্নাল্লা-হা কা-না বিমা-তা'মালূনা খবীর-।
বিজ্ঞ। (২) আপনার রব হতে আপনার প্রতি যে প্রত্যাদেশ হয় তার অনুসন্ধান করুন, আপনার কর্ম সম্পর্কে আল্লাহ অবহিত।

وَتَوَكَّلْ عَلَى اللَّهِ ۚ وَكَفَىٰ بِاللَّهِ وَكِيلًا ﴿٣﴾ مَا جَعَلَ اللَّهُ لِرَجُلٍ مِنْ قَلْبَيْنِ فِي

৩। অতাওয়াক্কাল্ 'আলাল্লা-হ্; অকাফা- বিল্লা-হি অকীলা-। ৪। মা-জ্বা'আলাল্লা-হু লিরজু লিম্ মিন্ ক্বল্‌বাইনি ফী
(৩) আপনি আল্লাহর ওপর ভরসা করুন, আপনার রক্ষকরূপে আল্লাহই যথেষ্ট। (৪) কোন লোকের জন্য তার বক্ষে

جَوْفِهِ ۚ وَمَا جَعَلَ أَزْوَاجَكُمُ اللَّائِي تُظَاهِرُونَ مِنْهُنَّ أُمَّهَاتِكُمْ ۚ وَمَا جَعَلَ

জ্বাওফিহী অমা- জ্বা'আলা আয্‌ওয়া-জ্বাকুমুল্লা — য়ী তুজোয়া-হিরূনা মিন্‌হুন্না উম্মাহা-তিকুম্ অমা-জা'আলা
আল্লাহ দু হৃদয় প্রদান করেন নি, তোমাদের যিহারকৃত স্ত্রীকে তিনি তোমাদের মা করেন নি, আর পোষ্য পুত্রদেরকেও তিনি

أَدْعِيَاءَكُمْ أَبْنَاءَكُمْ ۚ ذَٰلِكُمْ قَوْلُكُمْ بِأَفْوَاهِكُمْ ۖ وَاللَّهُ يَقُولُ الْحَقَّ وَهُوَ

আদ্'ইয়া — য়াকুম্ আব্‌না — য়াকুম্ যা-লিকুম্ ক্বাওলুকুম্ বিআফ্‌ওয়া- হিকুম্ অল্লা-হু ইয়াকূলুল্ হাক্ব্ক্ব অ হুওয়া
তোমাদের পুত্র করেন নি; (৩) এটা তো স্রেফ তোমাদের মুখের কথা। আল্লাহই সত্য কথা বলেন, এবং তিনি প্রদর্শন

يَهۡدِى السَّبِيۡلَ ۝ اُدۡعُوۡهُمۡ لِاٰبَآئِهِمۡ هُوَ اَقۡسَطُ عِنۡدَ اللّٰهِ ۚ فَاِنۡ لَّمۡ تَعۡلَمُوۡۤا

ইয়াহ্‌দিস্ সাবীল্। ৫। উদ্‌'উহুম্ লিআ-বা — য়িহিম্ হুওয়া আক্ব্‌সাত্বু 'ইন্‌দাল্লা-হি ফাইল্লাম্ তা'লামূ ~
করেন সরল পথ। (৫) তোমরা তাদেরকে তাদের পিতৃ নামেই আহ্বান কর, তার তা-ই আল্লাহর কাছে ন্যায় সংগত, তোমরা যদি

اٰبَآءَهُمۡ فَاِخۡوَانُكُمۡ فِى الدِّيۡنِ وَمَوَالِيۡكُمۡ ؕ وَلَيۡسَ عَلَيۡكُمۡ جُنَاحٌ فِيۡمَاۤ

আ-বা — য়াহুম্ ফাইখ্‌ওয়া-নুকুম্ ফিদ্দীনি অমাওয়া-লিকুম্ অলাইসা 'আলাইকুম্ জুনা-হুন্ ফীমা ~
তাদের প্রকৃত পিতার পরিচয় অবগত না হও, তবে তারা তোমাদের দ্বীনী ভাই ও বন্ধু। এ ব্যাপারে তোমরা যদি ভুল কর, তবে

اَخۡطَاۡتُمۡ بِهٖ ۙ وَلٰكِنۡ مَّا تَعَمَّدَتۡ قُلُوۡبُكُمۡ ؕ وَكَانَ اللّٰهُ غَفُوۡرًا رَّحِيۡمًا ۝ اَلنَّبِىُّ

আখ্‌ত্বোয়া'তুম্ বিহী অলা-কিঁম্ মা-তা'আম্মাদাত্ কুলূ বুকুম্ অকা-নাল্লা-হু গফূরর্ রহীমা-। ৬। আন্নাবিয়্যু
তোমাদের পাপ হবে না, কিন্তু যদি ইচ্ছাকৃত কর, তবে তোমাদের গুনাহ হবে। আল্লাহ ক্ষমাশীল, পরম দয়ালু। (৬) আর নবীরা

اَوۡلٰى بِالۡمُؤۡمِنِيۡنَ مِنۡ اَنۡفُسِهِمۡ وَاَزۡوَاجُهٗۤ اُمَّهٰتُهُمۡ ؕ وَاُولُوا الۡاَرۡحَامِ بَعۡضُهُمۡ

আওলা বিল্‌মু''মিনীনা মিন্ আন্‌ফুসিহিম্ অআয্‌ওয়া- জুহূ ~ উম্মাহা-তুহুম্ অউলুল্ আর্‌হা-মি বা'দ্বুহুম্
মু'মিনদের কাছে তাদের নিজের চেয়েও অধিক ঘনিষ্ট, তার (নবী) স্ত্রীরা, তাদের মাতৃতুল্য, আল্লাহর বিধানে আত্মীয় স্বজনেরা

اَوۡلٰى بِبَعۡضٍ فِىۡ كِتٰبِ اللّٰهِ مِنَ الۡمُؤۡمِنِيۡنَ وَالۡمُهٰجِرِيۡنَ اِلَّاۤ اَنۡ تَفۡعَلُوۡۤا اِلٰٓى

আওলা- বিবা'দ্বিন্ ফী কিতাবিল্লা-হি মিনাল্ মু''মিনীনা অল্ মুহা-জ্বিরীনা ইল্লা ~ আন্ তাফ্‌'আলূ ~ ইলা ~
পরস্পর মু'মিন ও মুহাজিরদের অপেক্ষা অধিক নিকটতর; তবে তোমরা যদি তোমাদের উক্ত বন্ধুদের সাথে সদ্ব্যবহার করতে চাও,

اَوۡلِيٰٓئِكُمۡ مَّعۡرُوۡفًا ؕ كَانَ ذٰلِكَ فِى الۡكِتٰبِ مَسۡطُوۡرًا ۝ وَاِذۡ اَخَذۡنَا مِنَ النَّبِيّٖنَ

আওলিয়া — য়িকুম্ মা'রূফা-; কা-না যা-লিকা ফিল্ কিতা-বি মাস্‌তূর - ।৭। অইয্ আখায্‌না-মিনান্নাবিয়্যিনা
তবে করতে পার, এটা কিতাবে লিপিবদ্ধ আছে।(৭) আর যখন আমি অঙ্গীকার গ্রহণ করেছিলাম সমস্ত নবীদের নিকট থেকে

مِيۡثَاقَهُمۡ وَمِنۡكَ وَمِنۡ نُّوۡحٍ وَّاِبۡرٰهِيۡمَ وَمُوۡسٰى وَعِيۡسَى ابۡنِ مَرۡيَمَ ۖ

মীছা-ক্বহুম্ অমিন্‌কা অমিন্ নূহিঁও অইব্রা-হীমা অমূসা- অ 'ঈসাব্‌নি মার্‌ইয়ামা
এবং আপনার নিকট থেকে এবং নূহ, ইব্রাহীম, মূসা ও ঈসা ইবনে মরিয়মের নিকট থেকে, আর আমি

وَاَخَذۡنَا مِنۡهُمۡ مِّيۡثَاقًا غَلِيۡظًا ۝ لِّيَسۡـَٔلَ الصّٰدِقِيۡنَ عَنۡ صِدۡقِهِمۡ ۚ وَاَعَدَّ

অআখয্‌না-মিন্‌হুম্ মীছা-ক্বন্ গলীজোয়া-।৮। লিইয়াস্‌য়ালাছ্ ছোয়া-দিক্বীনা 'আন্ ছিদ্‌ক্বিহিম্ ওয়াআ'আদ্দা
তাদের নিকট হতে সুদৃঢ় অঙ্গীকার গ্রহণ করেছিলাম, (৮) সত্যবাদীদেরকে সত্যবাদিতা সম্পর্কে জিজ্ঞাসা করতে; তিনি

শানেনুযূল ঃ আয়াত-৪ ঃ (১) জামিল ইবনে মুয়াম্মারের স্মরণ শক্তি ছিল অত্যন্ত প্রখর। সে যা শুনত তা-ই তার মনে থাকত। এ কারণে তাকে দু'হৃদয়ের মালিক বলা হত। তাই সে গর্ব করে নবী কারীম (ছঃ) হতে নিজেকে শ্রেষ্ঠ মনে করত। তার এ মিথ্যা দাবি এ আয়াতে খণ্ডন করা হয়েছে। (২) জাহেলী যুগে স্বীয় স্ত্রীকে মায়ের পিঠের সাথে তুলনা করলে মা হিসাবে হারাম মনে করা হত। এটাই যিহার। এ আয়াত নাযিল করে আল্লাহপাক জাহিলি যুগের উল্লিখিত তিনটি দাবীই প্রত্যাখ্যান করেছেন। (৩) পোষ্য-পুত্র আপন পুত্রের মত নয়। পিতা-পুত্রের সম্পর্ক পোষ্য পুত্রের ক্ষেত্রে প্রযোজ্য নয়।

لِلْكٰفِرِيْنَ عَذَابًا اَلِيْمًا ﴿٩﴾ يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوا اذْكُرُوْا نِعْمَةَ اللّٰهِ عَلَيْكُمْ اِذْ

লিল্‌কা-ফিরীনা 'আযা-বান্‌ আলীমা-। ৯। ইয়া ~ আইয়্যুহাল্লাযীনা আ-মানুয্‌ কুরূ নি'মাতাল্লা-হি 'আলাইকুম্‌ ইয্‌
কাফেরদের জন্য মর্মন্তুদ শাস্তি প্রস্তুত করে রেখেছেন। (৯) হে মু'মিনরা! তোমরা আল্লাহর অনুগ্রহের কথা স্মরণ কর, যখন

جَآءَتْكُمْ جُنُوْدٌ فَاَرْسَلْنَا عَلَيْهِمْ رِيْحًا وَّجُنُوْدًا لَّمْ تَرَوْهَا ؕ وَكَانَ اللّٰهُ بِمَا تَعْمَلُوْنَ

জ্বা — য়াত্‌কুম্‌ জুনূ দুন্‌ ফাআর্‌সাল্‌না -'আলাইহিম্‌ রীহাঁও অজুনূ দাল্লাম্‌ তারওহা-; অকা-নাল্লা-হু বিমা-তা'মালূনা
সৈন্যরা তোমাদের বিরুদ্ধে এসেছিল, তাদের বিরুদ্ধে বায়ু ও অদৃশ্য বাহিনী প্রেরণ করেছিলাম। আল্লাহ তোমাদের কর্ম অবশ্যই

بَصِيْرًا ﴿١٠﴾ اِذْ جَآءُوْكُمْ مِّنْ فَوْقِكُمْ وَمِنْ اَسْفَلَ مِنْكُمْ وَاِذْ زَاغَتِ الْاَبْصَارُ

বাছীর-। ১০। ইয্‌ জ্বা — য়ূকুম্‌ মিন্‌ ফাওক্বিকুম্‌ অমিন্‌ আস্‌ফালা মিন্‌কুম্‌ অইয্‌ যা-গত্বিল্‌ আব্‌ছোয়া-রু
দেখেন।(১০) যখন তারা উচ্চ ও নিম্ন অঞ্চল হতে আগমন করল এবং আর যখন, ঝাপসা হল তাদের দৃষ্টিশক্তি, প্রাণসমূহ

وَبَلَغَتِ الْقُلُوْبُ الْحَنَاجِرَ وَتَظُنُّوْنَ بِاللّٰهِ الظُّنُوْنَا ﴿١١﴾ هُنَالِكَ ابْتُلِيَ

অ বালাগতিল্‌ কুলূ বুল্‌ হানা-জ্বির অ তাজুন্নূনা বিল্লা -হিজ্‌ জুনূনা-। ১১। হুনা- লিকাব্‌ তুলিয়াল্‌
কণ্ঠাগত হওয়ার উপক্রম হয়েছিল, আর তোমরা আল্লাহ সম্পর্কে নানাবিধ ধারণা করছিলে। (১১) তখন মু'মিনরদেরকে

الْمُؤْمِنُوْنَ وَزُلْزِلُوْا زِلْزَالًا شَدِيْدًا ﴿١٢﴾ وَاِذْ يَقُوْلُ الْمُنٰفِقُوْنَ وَالَّذِيْنَ فِيْ قُلُوْبِهِمْ

মু''মিনূনা অযুল্‌ যিলূ যিল্‌যা-লান্‌ শাদীদা-। ১২। অইয্‌ ইয়াকূলুল্‌ মুনা-ফিকূনা অল্লাযীনা ফী কুলূ বিহিম্‌
পরীক্ষা করা হয়েছিল আর তাদেরকে ভীষণ কম্পনে নিক্ষেপ করা হয়েছিল (১২) আর মুনাফিক ও অন্তরে রোগসম্পন্নরা বলল,

مَّرَضٌ مَّا وَعَدَنَا اللّٰهُ وَرَسُوْلُهٗۤ اِلَّا غُرُوْرًا ﴿١٣﴾ وَاِذْ قَالَتْ طَّآئِفَةٌ مِّنْهُمْ يٰۤاَهْلَ

মারদ্বুম্‌ মা- অ 'আদানাল্লা-হু অরসূলুহূ ~ইল্লা-গুরূ র-। ১৩। অইয্‌ ক্বা-লাত্‌ ত্বোয়া — য়িফাতুম্‌ মিন্‌হুম্‌ ইয়া ~ আহ্‌লা
আল্লাহ ও রাসূল যে ওয়াদা আমাদেরকে দিয়েছেন তা শুধু ধোঁকাই।(১৩) তাদের একদল বলল, হে ইয়াস্রিবীরা (মদিনাবাসীরা)!

يَثْرِبَ لَا مُقَامَ لَكُمْ فَارْجِعُوْا ۚ وَيَسْتَاْذِنُ فَرِيْقٌ مِّنْهُمُ النَّبِيَّ يَقُوْلُوْنَ اِنَّ

ইয়াছ্‌রিবা লা -মুক্বা- মা লাকুম্‌ ফার্‌জ্বি'উ অইয়াস্‌তা''যিনু ফারীক্বুম্‌ মিন্‌হুমু ন্নাবিয়্যা ইয়াকূলূনা ইন্না
এখানে তোমাদের স্থান নেই, সুতরাং তোমরা ফিরে যাও, আর তাদের মধ্যে অন্য দল নবীর কাছে অনুমতি প্রার্থনা করল যে,

بُيُوْتَنَا عَوْرَةٌ ؕ وَمَا هِيَ بِعَوْرَةٍ ۚ اِنْ يُّرِيْدُوْنَ اِلَّا فِرَارًا ﴿١٤﴾ وَلَوْ دُخِلَتْ عَلَيْهِمْ

বুইয়ূতানা- 'আওরহ্‌; অমা-হিয়া বি'আওরতিন্‌ ইঁইয়ুরীদূনা ইল্লা-ফির-র-। ১৪। অলাও দুখিলাত্‌ 'আলাইহিম্‌
আমাদের গৃহ অরক্ষিত রয়েছে, অথচ তা অরক্ষিত ছিল না, মূলতঃ পলায়নই তাদের উদ্দেশ্য ছিল। (১৪) শত্রু বিভিন্ন দিক হতে

مِّنْ اَقْطَارِهَا ثُمَّ سُئِلُوا الْفِتْنَةَ لَاٰتَوْهَا وَمَا تَلَبَّثُوْا بِهَاۤ اِلَّا يَسِيْرًا ﴿١٥﴾ وَلَقَدْ كَانُوْا

মিন্‌ আক্ব্‌ত্বোয়া-রিহা-ছুম্মা সুয়িলুল্‌ ফিত্‌নাতা লাআ-তাওহা-অমা- তালাব্বাছূ বিহা ~ইল্লা-ইয়াসীর-। ১৫। অলাক্বদ্‌ কা-নূ
এসে বিদ্রোহে যদি প্ররোচিত করত, তবে তারা তা করত, সে গৃহসমূহে এরা অল্পক্ষণও অবস্থান করত না। (১৫) অথচ পূর্বেই তারা

عَاهَدُوا اللَّهَ مِن قَبْلُ لَا يُوَلُّونَ الْأَدْبَارَ ۚ وَكَانَ عَهْدُ اللَّهِ مَسْئُولًا ﴿١٦﴾ قُل لَّن

'আহাদু ল্লা-হা মিন্ ক্বব্লু লা-ইয়ু ওয়াল্লূনাল্ আদ্বা-র্; অ কা-না 'আহ্দুল্লা-হি মাস্য়ূলা-। ১৬। ক্বুল্ লাহঁ
আল্লাহর সঙ্গে ওয়াদাবদ্ধ ছিল, তারা পৃষ্ঠ প্রদর্শন করবে না। আর আল্লাহর সাথে ওয়াদা সম্পর্কে প্রশ্ন করা হবে।(১৬) আপনি বলুন,

يَنفَعَكُمُ الْفِرَارُ إِن فَرَرْتُم مِّنَ الْمَوْتِ أَوِ الْقَتْلِ وَإِذًا لَّا تُمَتَّعُونَ إِلَّا قَلِيلًا

ইয়্যান্ ফা'আকুমুল্ ফির-রু ইন্ ফাররতুম্ মিনাল্ মাওতি আওয়িল্ ক্বত্লি অইযাল্ লা-তুমাত্তা'উনা ইল্লা-ক্বলীলা-।
মৃত্যু বা হত্যা হতে যদি তোমরা পলায়ন করতে চাও, তবে তোমাদের কোন লাভ হবে না, তখন তোমাদের সামান্যই করতে দেয়া হবে।

﴿١٧﴾ قُلْ مَن ذَا الَّذِي يَعْصِمُكُم مِّنَ اللَّهِ إِنْ أَرَادَ بِكُمْ سُوءًا أَوْ أَرَادَ بِكُمْ رَحْمَةً ۚ

১৭। ক্বুল্ মান্ যাল্লাযী ইয়া'ছিমুকুম্ মিনাল্লা-হি ইন্ আর-দা বিকুম্ সূ — য়ান্ আও আর-দা বিকুম্ রহ্মাহ্;
(১৭) আপনি বলুন, সে কে যে বাধ সাধতে পারে? আল্লাহ যদি তোমাদের অকল্যাণ করতে চান বা কল্যাণ করতে চান, তবে

وَلَا يَجِدُونَ لَهُم مِّن دُونِ اللَّهِ وَلِيًّا وَلَا نَصِيرًا ﴿١٨﴾ قَدْ يَعْلَمُ اللَّهُ الْمُعَوِّقِينَ

অলা-ইয়াজিদূনা লাহুম্ মিন্ দূনিল্লা-হি অলিয়্যাঁও অলা-নাছীর-। ১৮। ক্বদ্ ইয়া'লামু ল্লা-হুল্ মু'আওঁওয়িক্বীনা
আল্লাহ ছাড়া তোমরা আর কোন বন্ধুও পাবে না ও কোন সাহায্যকারীও পাবে না।(১৮) আল্লাহ চেনেন তোমাদের মধ্যে হতে সে সব

مِنكُمْ وَالْقَائِلِينَ لِإِخْوَانِهِمْ هَلُمَّ إِلَيْنَا ۖ وَلَا يَأْتُونَ الْبَأْسَ إِلَّا قَلِيلًا

মিন্কুম্ অল্ক্বা — য়িলীনা লিইখ্ওয়া-নিহিম্ হালুম্মা ইলাইনা-অলা- ইয়া''তূনাল্ বা''সা ইল্লা- ক্বলীলা-।
লোকদেরকে যারা বাধাদানকারী ও যারা আপন ভাইদের বলে, আমাদের কাছে আগমন কর, আর তারা খুব কমই যুদ্ধে যোগদান করবে।

﴿١٩﴾ أَشِحَّةً عَلَيْكُمْ ۖ فَإِذَا جَاءَ الْخَوْفُ رَأَيْتَهُمْ يَنظُرُونَ إِلَيْكَ تَدُورُ أَعْيُنُهُمْ

১৯। আশিহ্হাতান্ 'আলাইকুম্ ফাইযা-জ্বা — য়াল্ খাওফু রয়াইতাহুম্ ইয়ান্জুরূনা ইলাইকা তাদূরু আ'ইয়ুনুহুম্
(১৯) তোমাদের ব্যাপারে কৃপণ; আর যখন তাদের উপর বিপদ আসে তখন আপনি তাদের দেখবেন, তারা মুমূর্ষু ব্যক্তির মত

كَالَّذِي يُغْشَىٰ عَلَيْهِ مِنَ الْمَوْتِ ۖ فَإِذَا ذَهَبَ الْخَوْفُ سَلَقُوكُم بِأَلْسِنَةٍ حِدَادٍ

কাল্লাযী ইয়ুগ্শা- 'আলাইহি মিনাল্ মাওতি ফা ইযা-যাহাবাল্ খওফু সালাক্বূকুম্ বিআল্সিনাতিন্ হিদা-দিন্
ভয়ে চোখ উল্টিয়ে আপনার দিকে তাকায়; অতঃপর যখন সে বিপদ চলে যায়, তখন সম্পদের লোভে তোমাদেরকে তীব্র

أَشِحَّةً عَلَى الْخَيْرِ ۚ أُولَٰئِكَ لَمْ يُؤْمِنُوا فَأَحْبَطَ اللَّهُ أَعْمَالَهُمْ ۚ وَكَانَ ذَٰلِكَ

আশিহ্হাতান্ 'আলাল্ খইর্; উলা — য়িকা লাম্ ইয়ু''মিনূ ফাআহ্বাত্বোয়াল্লা-হু আ'মা-লাহুম্; অকা-না যা-লিকা
ভাষায় তিরস্কার করতে থাকে। তারা ঈমান আনে নি আল্লাহ তাদের কর্মসমূহ ব্যর্থ করে রেখেছেন। এটা আল্লাহর কাছে

শানেনুযূল-১৮ ঃ জনৈক ছাহাবী একদা সেনা নিবাস থেকে বেরিয়ে নগরে গেলেন, তখন তাঁর ভাইকে দেখলেন, সে বিভিন্ন বিলাস ব্যাসন সরঞ্জাম এবং শরাব-কবাব আয়োজনে ব্যস্ত। তিনি বললেন, রাসূলুল্লাহ (ছঃ) যুদ্ধ প্রস্তুতিতে ব্যস্ত, পানাহারের কোন অবকাশ নেই। আর তুমি এখানে আমোদ প্রমোদে মত্ত? সে বলল, তুমিও এখানে বসে পড়। মুহাম্মদ (ছঃ) এর তো আজীবনই যুদ্ধ হতে নিস্কৃতি নেই। তুমি দেখে শুনে কেন এ বিপদে নিপতিত হবে? ভায়ের কথা শুনে তিনি অত্যন্ত ক্ষুব্ধ হয়ে ফিরে গিয়ে রাসূলুল্লাহ্ (ছঃ)-এর দরবারে উপস্থিত হলেন। তখন এ ব্যাপারে তাঁর উপস্থিতির পূর্বেই এই আয়াতটি নাযিল হয়েছিল। ব্যাখ্যা ঃ কতিপয় মুনাফিক যুদ্ধে

عَلَى اللّٰهِ يَسِيْرًا ۝٢٠ يَحْسَبُوْنَ الْاَحْزَابَ لَمْ يَذْهَبُوْا ۚ وَاِنْ يَّاْتِ الْاَحْزَابُ يَوَدُّوْا

'আলাল্লা-হি ইয়াসীর-। ২০। ইয়াহ্সাবূ নাল্ আহ্যা-বা লাম্ ইয়ায্হাবূ অইঁ ইয়া''তিল্ আহ্যা-বু ইয়াঅদ্দূ
খুবই সহজ। (২০) তাদের ধারণা-সম্মিলিত সৈন্যরা এখনও চলে যায় নি, সৈন্যদল পুনরায় যদি আসে, তবে এরাই চাইবে যে,

لَوْ اَنَّهُمْ بَادُوْنَ فِى الْاَعْرَابِ يَسْاَلُوْنَ عَنْ اَنْۢبَآئِكُمْ ؕ وَلَوْ كَانُوْا فِيْكُمْ مَّا قٰتَلُوْۤا

লাও আন্নাহুম্ বা-দূনা ফিল্ আ'র-বি ইয়াস্য়ালূনা 'আন্ আম্বা — য়িকুম্; অলাও কা-নূ ফীকুম্ মা-ক্বা-তালূ ~
কত ভাল হত যদি তারা গ্রাম্য লোকদের মাঝে চলে গিয়ে তোমাদের সংবাদ নেয়, তারা তোমাদের সঙ্গে থাকলেও অল্পই

اِلَّا قَلِيْلًا ۝٢١ لَقَدْ كَانَ لَكُمْ فِيْ رَسُوْلِ اللّٰهِ اُسْوَةٌ حَسَنَةٌ لِّمَنْ كَانَ يَرْجُوا اللّٰهَ

ইল্লা- ক্বলীলা-। ২১। লাক্বদ্ কা-না লাকুম্ ফী রসূলিল্লা-হি উস্ওয়াতুন্ হাসানাতুল্ লিমান্ কা-না ইয়ার্জুল্লা-হা
যুদ্ধ করত। (২১) তোমাদের মধ্যে যারা আল্লাহকে ও শেষ বিচারের দিনকে ভয় করে, যারা আল্লাহকে বেশি স্মরণ করে তাদের

وَالْيَوْمَ الْاٰخِرَ وَذَكَرَ اللّٰهَ كَثِيْرًا ۝٢٢ وَلَمَّا رَاَ الْمُؤْمِنُوْنَ الْاَحْزَابَ ۙ قَالُوْا هٰذَا مَا

অল্ইয়াওমাল্ আ-খির অযাকারল্লা-হা কাছীর-। ২২। অলাম্মা- রয়াল্ মু''মিনূনাল্ আহ্যা-বা ক্বা-লূ হাযা-মা-
জন্য আছে উত্তম আদর্শ রাসূলুল্লাহর মধ্যে। (২২) আর যখন ঈমানদাররা ঐ সৈন্য বাহিনীকে দেখতে পেল, তখন বলল,

وَعَدَنَا اللّٰهُ وَرَسُوْلُهٗ وَصَدَقَ اللّٰهُ وَرَسُوْلُهٗ ؗ وَمَا زَادَهُمْ اِلَّاۤ اِيْمَانًا وَّتَسْلِيْمًا ؕ ☆

অ 'আদানাল্লা-হু অরসূলুহূ অছদাক্বাল্লা-হু অ রসূলুহূ অমা-যা-দাহুম্ ইল্লা ~ ঈমা-নাঁও অতাসলীমা-।
আল্লাহ ও তাঁর রাসূলের প্রতিশ্রুত বিষয়, তাঁরা সত্যই বলেছেন, এতে তাদের ঈমান ও আনুগত্যের আরো উন্নতি সাধিত হল।

۝٢٣ مِنَ الْمُؤْمِنِيْنَ رِجَالٌ صَدَقُوْا مَا عَاهَدُوا اللّٰهَ عَلَيْهِ ۚ فَمِنْهُمْ مَّنْ قَضٰى نَحْبَهٗ

২৩। মিনাল্ মু''মিনীনা রিজা-লুন্ ছদাক্বূ মা- 'আ-হাদুল্লা-হা 'আলাইহি ফামিন্ হুম্ মান্ ক্বদোয়া- নাহ্বাহূ
(২৩) মু'মিনদের কতক লোক এমন আছে, যারা আল্লাহর ওয়াদা পূর্ণ করেছে, কেউ শহীদ হয়েছে, কেউ অপেক্ষায় রয়েছে,

وَمِنْهُمْ مَّنْ يَّنْتَظِرُ ۖ وَمَا بَدَّلُوْا تَبْدِيْلًا ۝٢٤ لِّيَجْزِيَ اللّٰهُ الصّٰدِقِيْنَ بِصِدْقِهِمْ

অমিন্হুম্ মাইঁ ইয়ান্তাজিরু অমা-বাদ্দালূ তাব্দীলা-। ২৪। লিইয়াজ্যিয়াল্লা-হুছ্ ছোয়া- দিক্বীনা বিছিদ্ক্বিহিম্
তারা স্বীয় প্রতিশ্রুতি পরিবর্তন করে নি। (২৪) যেন আল্লাহ সত্যবাদীদেরকে সত্যতার প্রতিদান প্রদান করেন, আর

وَيُعَذِّبَ الْمُنٰفِقِيْنَ اِنْ شَآءَ اَوْ يَتُوْبَ عَلَيْهِمْ ؕ اِنَّ اللّٰهَ كَانَ غَفُوْرًا رَّحِيْمًا ☆

অ ইয়ু'আয্যিবাল্ মুনা-ফিক্বীনা ইন্ শা — য়া আও ইয়াতূবা 'আলাইহিম্; ইন্নাল্লা-হা কা-না গফূরার্ রহীমা।
মুনাফিকদেরকে তিনি ইচ্ছা করলে শাস্তি প্রদান করেন বা ক্ষমা করবেন, নিশ্চয়ই আল্লাহ পরম ক্ষমাশীল, পরম দয়ালু।

২ ع ১২ ১৮ রুকু

শরীক না হওয়ার জন্য বহু টালবাহনা করছিল। তাদের এসব কৃতকর্ম ছিল আল্লাহর পথে যুদ্ধ ব্যয় হতে কুণ্ঠিত হওয়ার কারণে। কিন্তু যখন কোন বিপদেপতিত হয় তখন তাদের উপর মূর্চ্ছতাই আচ্ছন্ন হয়ে যায়। এবং হে মুহাম্মদ (ছঃ)! তারা বিস্ফারিত নয়নে আপনার দিকে তাকায় যেন আপনাকেই আশ্রয়স্থল ও ঠাঁই দাতা মনে করছে। কিন্তু বিপদ যখন কেটে যায় তখন ভাল কাজে শরীক হওয়ার ব্যাপারে অত্যন্ত বাকচতুর হয়ে যায়। আল্লাহ্পাক এরূপ লোকের আমলসমূহ নস্যাৎ করেছেন, তারা বড়ই বে-ঈমান।

শানেনুযূল ঃ আয়াত-২৩ঃ হযরত আনাস ইবনে নযর ঘটনাক্রমে বদর যুদ্ধে শরীক হতে পারেন নি। তাই তিনি ব্যথিত হয়ে পরবর্তী কোন যুদ্ধ আসলে তাতে শরীক হওয়ার দৃঢ় প্রতিজ্ঞা করলেন। অতঃপর কিছুদিন পরে ওহুদ যুদ্ধের সময় তিনি শরীক হয়ে এমন বাহাদুরীর সঙ্গে যুদ্ধ করলেন

وَرَدَّ اللّٰهُ الَّذِيْنَ كَفَرُوْا بِغَيْظِهِمْ لَمْ يَنَالُوْا خَيْرًا ۚ وَكَفَى اللّٰهُ الْمُؤْمِنِيْنَ الْقِتَالَ ۚ وَكَانَ ﴿٢٥﴾

২৫। অ রদ্দাল্ লাহুল্ লাযীনা কাফারূ বি গইজিহিম্ লাম্ ইয়ানা-লূ খইর-; অ কাফাল্লা- হুল্ মু''মিনীনাল্ ক্বিতা-ল্; অ কা-না
(২৫) আল্লাহ কাফেরদেরকে তাদের ক্রোধসহ ফিরিয়ে দিলেন, যুদ্ধে আল্লাহই মু'মিনদের জন্য যথেষ্ট হলেন, আর যুদ্ধে

اللّٰهُ قَوِيًّا عَزِيْزًا ﴿٢٦﴾ وَاَنْزَلَ الَّذِيْنَ ظَاهَرُوْهُمْ مِّنْ اَهْلِ الْكِتٰبِ مِنْ صَيَاصِيْهِمْ

ল্লা-হু ক্বাওয়িয়্যান্ 'আযীযা-। ২৬। অ আন্যালাল্লাযীনা জোয়াহারূ হুম্ মিন্ আহ্লিল কিতা-বি মিন্ ছোয়াইয়া-ছীহিম্
আল্লাহ মহাশক্তিধর, পরম পরাক্রমশালী।(২৬) যে কিতাবীরা তাদেরকে সাহায্য করেছে ঐ কিতাবীদেরকে তিনি দুর্গ হতে

وَقَذَفَ فِيْ قُلُوْبِهِمُ الرُّعْبَ فَرِيْقًا تَقْتُلُوْنَ وَتَاْسِرُوْنَ فَرِيْقًا ﴿٢٧﴾ وَاَوْرَثَكُمْ اَرْضَهُمْ

অ ক্বাযাফা ফী ক্বুলূ বিহিমুর্ রু'বা-ফারীক্বান্ তাক্বতুলূনা অ তা''সিরূনা ফারীক্ব-।২৭। অ আওরছাকুম্ আরদ্বোয়াহুম্
নামালেন, এবং তাদের অন্তরে ভয় ঢুকালেন, কতককে হত্যা করলেন কতককে করলেন বন্দী।(২৭) আর তিনি তোমাদেরকে

وَدِيَارَهُمْ وَاَمْوَالَهُمْ وَاَرْضًا لَّمْ تَطَـُٔوْهَا ۚ وَكَانَ اللّٰهُ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرًا ﴿٢٨﴾ يٰۤاَيُّهَا النَّبِيُّ

অ দিয়া-রহুম্ অআমওয়া-লাহুম্ অ আরদ্বোয়াল্লাম্ তাত্বোয়ায়ূহা-; অকা-না ল্লা-হু 'আলা-কুল্লি শাইয়িন ক্বাদীর-। ২৮। ইয়া ~ আইয়্যুহান নাবিয়্যু
তাদের ভূমি, বাড়ি, সম্পদ এখনও পদানত করেনি এমন ভূমির মালিক বানালেন, আল্লাহ সর্বশক্তিমান। (২৮) হে নবী!

قُلْ لِّاَزْوَاجِكَ اِنْ كُنْتُنَّ تُرِدْنَ الْحَيٰوةَ الدُّنْيَا وَزِيْنَتَهَا فَتَعَالَيْنَ اُمَتِّعْكُنَّ وَ

কুল্ লিআয্ওয়া-জ্বিক্ব ইন্ কুন্তুন্না তুরিদ্নাল্ হাইয়া-তাদ্ দুন্ইয়া-অযীনাতাহা-ফাতা'আ-লাইনা উমাত্তি'কুন্না অ
আপনি আপনার পত্নীদেরকে বলে দিন, যদি তোমরা পার্থিব জীবন ও সুখ কামনা কর, তবে আস, আমি তোমাদেরকে

اُسَرِّحْكُنَّ سَرَاحًا جَمِيْلًا ﴿٢٩﴾ وَاِنْ كُنْتُنَّ تُرِدْنَ اللّٰهَ وَرَسُوْلَهٗ وَالدَّارَ الْاٰخِرَةَ فَاِنَّ

উসাররিহ্কুন্না সারা-হান্ জ্বামীলা-। ২৯। অ ইন্ কুন্তুন্না তুরিদ্নাল্লা-হা অ রাসূলাহূ অদ্দা-রল্ আ-খিরতা ফাইন্নাল
ভোগ সামগ্রী প্রদান করে ভদ্রভাবে বিদায় করে দেই। (২৯) আর যদি তোমরা আল্লাহ, তাঁর রাসূল ও পরকালকে পেতে

اللّٰهَ اَعَدَّ لِلْمُحْسِنٰتِ مِنْكُنَّ اَجْرًا عَظِيْمًا ﴿٣٠﴾ يٰنِسَآءَ النَّبِيِّ مَنْ يَّاْتِ مِنْكُنَّ

লা-হা আ'আদ্দা লিল্ মুহ্সিনা-তি মিন্কুন্না আজ্ রান্ 'আজীমা-। ৩০। ইয়া-নিসা — য়ান্ নাবিয়্যি মাই ইয়্যা''তি মিন্কুন্না
চাও, তবে আল্লাহ সৎকর্মশীলদের জন্য মহাপ্রতিদান প্রস্তুত করে রেখেছেন। (৩০) হে নবীর পত্নীরা! তোমাদের মধ্য

بِفَاحِشَةٍ مُّبَيِّنَةٍ يُّضٰعَفْ لَهَا الْعَذَابُ ضِعْفَيْنِ ۚ وَكَانَ ذٰلِكَ عَلَى اللّٰهِ يَسِيْرًا ★

বিফা-হিশাতিম্ মুবায়্যিনাতিঁই ইয়ুদ্বোয়া-'আফ্ লাহাল্ 'আযা-বু দ্বি'ফাইন্; অ কা-না যা-লিকা 'আলাল্লা-হি ইয়াসীর-।
থেকে যদি কেউ স্পষ্ট অশ্লীল কাজ করে, তবে তাকে দ্বিগুণ শাস্তি প্রদান করা হবে, এটি আল্লাহ্র পক্ষে খুবই সহজ।

যে, শেষ পর্যন্ত শহীদ হলেন। তাঁর দেহে আশিটির উর্দ্ধে তীর বল্লম ও তরবারীর আঘাত ছিল। তখন এ আয়াতটি অবতীর্ণ হয়।
আয়াত-২৪ঃ আল্লাহ তা'আলা আরও বলছেন যে, এই সত্যপরায়ণ শহীদ ও গাজীদেরকে আমি অবশ্যই তাদের সত্যতা ও আত্মোৎসর্গের উপযুক্ত প্রতিদান দেব এবং কপট-বিশ্বাসীরা তাদের কপটতার জন্য অবশ্যই যথপোযুক্ত আযাব ভোগ করবে। মদীনা আক্রমণকারী শত্রুসৈন্যদল মুসলমানদের ধ্বংস অথবা অনিষ্ট সাধনে সম্পূর্ণরূপে ব্যর্থ-মনোরথ হয়ে যেরূপ ক্রোধ ও বিরক্তির সাথে প্রত্যাগমন করেছিল তা উল্লেখ করে আল্লাহ তা'আলা বলছেন যে, অবিশ্বাসীদের সাথে যুদ্ধে আমার সাহায্যই মুসলমানদের জন্য যথেষ্ট। শত্রুদের শক্তি, সংখ্যা ও পরাক্রম দেখে তাদের ভীত অথবা বিচলিত হওয়ার কোনই কারণ নেই।

وَمَن يَقْنُتْ مِنكُنَّ لِلَّهِ وَرَسُولِهِۦ وَتَعْمَلْ صَٰلِحًا نُّؤْتِهَآ أَجْرَهَا مَرَّتَيْنِ ﴿٣١﴾

৩১। অমাইঁ ইয়াক্ব্‌নুত্ মিন্‌কুন্না লিল্লা-হি অরসূলিহী অতা'মাল্ ছোয়া-লিহান্ নু'তিহা ~ আজ্‌রহা-মাররতাইনি

(৩১) তোমাদের মধ্যে যে আল্লাহ ও তাঁর রাসূলের অনুগত থাকবে, আর সৎকর্মশীলা হবে, তাকে দুবার পুরস্কৃত করব,

وَأَعْتَدْنَا لَهَا رِزْقًا كَرِيمًا ﴿٣١﴾ يَٰنِسَآءَ ٱلنَّبِىِّ لَسْتُنَّ كَأَحَدٍ مِّنَ ٱلنِّسَآءِ إِنِ

অ 'আতাদ্‌না-লাহা-রিয্‌ক্বন্ কারীমা-। ৩২। ইয়া-নিসা — য়ান্ নাবিয়্যি লাস্‌তুন্না কাআহাদিম মিনান্নিসা — য়ি ইনিত

তার জন্য এক সম্মানজনক রিযিক্ রেখেছি। (৩২) হে নবীর স্ত্রীরা! তোমরা কোন সাধারণ নারীদের মত নও; যদি তোমরা আল্লাহকে

ٱتَّقَيْتُنَّ فَلَا تَخْضَعْنَ بِٱلْقَوْلِ فَيَطْمَعَ ٱلَّذِى فِى قَلْبِهِۦ مَرَضٌ وَقُلْنَ قَوْلًا مَّعْرُوفًا

তাক্বাইতুন্না ফালা- তাখ্‌দ্বোয়া'না বিল্ ক্বাওলি ফাইয়াত্ব্‌মা'আল্ লাযী ফী ক্বল্‌বিহী মারাদ্বুঁও অক্ব্‌ল্‌না ক্বওলাম্ মা'রূফা-।

ভয় কর, তবে পুরুষদের সাথে কথপোকথনে কোমল কথা বলো না, যাতে যাদের দুর্বলচিত্ত তারা প্রলুব্ধ হয়; স্বাভাবিকভাবে বলবে।

﴿٣٢﴾ وَقَرْنَ فِى بُيُوتِكُنَّ وَلَا تَبَرَّجْنَ تَبَرُّجَ ٱلْجَٰهِلِيَّةِ ٱلْأُولَىٰ وَأَقِمْنَ ٱلصَّلَوٰةَ

৩৩। অক্বর্‌না ফী বুইয়ূতিকুন্না অলা-তাবার্‌রজ্‌না তাবার্‌রুজ্বাল্ জ্বা-হিলিয়্যাতিল্ ঊলা-অআক্বিম্‌নাছ্ ছলা-তা

(৩৩) এবং তোমরা স্বগৃহে অবস্থান করবে, প্রথম মূর্খ যুগের মত নিজেদের প্রদর্শন করে বেড়িও না, আর নামায

وَءَاتِينَ ٱلزَّكَوٰةَ وَأَطِعْنَ ٱللَّهَ وَرَسُولَهُۥٓ ۚ إِنَّمَا يُرِيدُ ٱللَّهُ لِيُذْهِبَ عَنكُمُ

অআ-তীনায্ যাকা-তা অআত্বি'না ল্লা-হা অরসূলাহ্; ইন্নামা-ইয়্যুরীদুল্লা-হু লিইয়ুয্‌হিবা 'আন্‌কুমুর্

কায়েম করবে, যাকাত প্রদান করবে, আল্লাহ ও তাঁর রাসূলের আনুগত্য করবে, আল্লাহ তোমাদের হতে অপবিত্রতা দূর করতে

ٱلرِّجْسَ أَهْلَ ٱلْبَيْتِ وَيُطَهِّرَكُمْ تَطْهِيرًا ﴿٣٣﴾ وَٱذْكُرْنَ مَا يُتْلَىٰ فِى بُيُوتِكُنَّ

রিজ্‌সা আহ্‌লাল্ বাইতি অইয়্যুত্বোয়াহ্‌হিরকুম্ তাত্ব্‌হীর-। ৩৪। অয্‌কুর্‌না মা-ইয়্যুত্‌লা-ফী বুইয়ূতিকুন্না

চান এবং তোমাদেরকে সর্বতোভাবে পবিত্র করতে চান। (৩৪) আর তোমরা স্মরণ রাখবে তোমাদের গৃহে যেই আল্লাহর

مِنْ ءَايَٰتِ ٱللَّهِ وَٱلْحِكْمَةِ ۚ إِنَّ ٱللَّهَ كَانَ لَطِيفًا خَبِيرًا ﴿٣٤﴾ إِنَّ ٱلْمُسْلِمِينَ

মিন্ আ-ইয়া-তি ল্লা-হি অল্ হিক্‌মাহ্; ইন্নাল্লা-হা কা-না লাত্বীফান্ খবীর-। ৩৫। ইন্নাল্ মুস্‌লিমীনা

আয়াত ও জ্ঞানের বাণী পাঠ করা হয় তা, নিশ্চয়ই আল্লাহ সূক্ষ্মদর্শী, সর্ববিষয়ে অবহিত।(৩৫) নিশ্চয়ই মুসলিম পুরুষরা

৪ ع ৭ ১ রুকু

وَٱلْمُسْلِمَٰتِ وَٱلْمُؤْمِنِينَ وَٱلْمُؤْمِنَٰتِ وَٱلْقَٰنِتِينَ وَٱلْقَٰنِتَٰتِ وَٱلصَّٰدِقِينَ وَ

অল্ মুস্‌লিমা-তি অল্ মু''মিনীনা অলমু''মিনা-তি অল্ ক্ব-নিতীনা অল্ ক্ব-নিতা-তি অছ্ ছোয়া-দ্বিকীনা অছ্

ও মুসলিম নারীরা, ঈমান আনয়নকারী পুরুষ ও ঈমান আনয়নকারী নারীরা, আনুগত্য পোষণকারী পুরুষ ও নারীরা, সত্যপরায়ন

ٱلصَّٰدِقَٰتِ وَٱلصَّٰبِرِينَ وَٱلصَّٰبِرَٰتِ وَٱلْخَٰشِعِينَ وَٱلْخَٰشِعَٰتِ وَٱلْمُتَصَدِّقِينَ

ছোয়া-দিক্ব-তি অছ্‌ছোয়াবিরীনা অছ্‌ছোয়াবির-তি অলখ-শি'ঈনা অল্ খা-শি'আ-তি-অলমুতাছোয়াদ্দিক্বীনা

পুরুষ ও সত্যপরায়ন নারীরা ধৈর্যশীল পুরুষরা ও ধৈর্যশীলা নারীরা, বিনয়ী পুরুষরা ও বিনয়ী নারীরা, দানশীল পুরুষরা ও

وَالْمُتَصَدِّقٰتِ وَالصَّآئِمِيْنَ وَالصّٰٓئِمٰتِ وَالْحٰفِظِيْنَ فُرُوْجَهُمْ وَالْحٰفِظٰتِ

অল্ মুতাছোয়াদ্দি ক্বা-তি অছ্‌ছোয়া — য়িমীনা অছ্‌ছোয়া — য়িমা-তি অল্ হা- ফিজীনা ফুরূজাহুম্ অল্ হা-ফিজোয়া-তি
দানশীলা নারী, রোযাদার পুরুষ ও রোযাদার নারী, স্বীয় গুপ্তাঙ্গ সংরক্ষণকারী পুরুষ ও স্বীয় গুপ্তাঙ্গ সংরক্ষণকারিনী নারী,

وَالذّٰكِرِيْنَ اللّٰهَ كَثِيْرًا وَّالذّٰكِرٰتِ ۙ اَعَدَّ اللّٰهُ لَهُمْ مَّغْفِرَةً وَّاَجْرًا عَظِيْمًا ۝

অয্‌যা-কিরীনা ল্লা-হা কাছীরঁও অয্‌যা-কির-তি আ'আদ্দাল্লা-হু লাহুম্ মাগ্‌ফিরতাঁও অ আজ্‌রন্ 'আজীমা-।
আল্লাহ্‌কে অধিক স্মরণকারী পুরুষ ও অধিক স্মরণকারী নারীদের জন্য রেখেছেন আল্লাহ তাঁর ক্ষমা ও মহা প্রতিদান ।

﴿٣٦﴾ وَمَا كَانَ لِمُؤْمِنٍ وَّلَا مُؤْمِنَةٍ اِذَا قَضَى اللّٰهُ وَرَسُوْلُهٗۤ اَمْرًا اَنْ يَّكُوْنَ لَهُمُ

৩৬। অমা-কা-না লিমু''মিনিঁও অলা-মু''মিনা-তিন্ ইযা-ক্বদ্বোয়াল্লা-হু অ রসূলুহূ ~ আম্‌রন্ আইঁ ইয়াকূনা লাহুমুল্
(৩৬) কোন ঈমানদার পুরুষ ও ঈমানদার-নারীর এ অধিকার থাকে না যে, আল্লাহ ও তাঁর রাসূল কোন সিদ্ধান্ত প্রদান

الْخِيَرَةُ مِنْ اَمْرِهِمْ ؕ وَمَنْ يَّعْصِ اللّٰهَ وَرَسُوْلَهٗ فَقَدْ ضَلَّ ضَلٰلًا مُّبِيْنًا ﴿٣٧﴾ وَاِذْ

খিয়ারতু মিন্ আম্‌রিহিম্ অমাইঁ ইয়া' ছিল্লা-হা অরসূলাহূ ফাক্বদ্ দ্বোয়াল্লা দ্বোয়ালা- লাম্ মুবীনা ।- ৩৭। অইয্
করলে সে প্রকাশ্যে তার বিরোধিতা করে, যে অমান্য করে সে প্রকাশ্য ভ্রষ্টতায় আছে। (৩৭) স্মরণ করুণ,আল্লাহ

تَقُوْلُ لِلَّذِيْۤ اَنْعَمَ اللّٰهُ عَلَيْهِ وَاَنْعَمْتَ عَلَيْهِ اَمْسِكْ عَلَيْكَ زَوْجَكَ وَاتَّقِ اللّٰهَ

তাকূলু লিল্লাযী ~ আন্'আমাল্লা-হু 'আলাইহি অআন্'আম্‌তা 'আলাইহি আম্‌সিক্ 'আলাইকা যাওজ্বাকা অ ত্তাক্বিল্লা-হা
যাকে অনুগ্রহ করেছেন এবং আপনি যাকে অনুগ্রহ করেছেন, আপনি তাকে বলেছেন, স্বীয় স্ত্রীকে বিবাহাধীন রাখ আর আল্লাহকে

وَتُخْفِيْ فِيْ نَفْسِكَ مَا اللّٰهُ مُبْدِيْهِ وَتَخْشَى النَّاسَ ۚ وَاللّٰهُ اَحَقُّ اَنْ تَخْشٰىهُ ؕ

অ তুখ্‌ফী ফী নাফ্‌সিকা মাল্লা-হু মুব্‌দীহি অ তাখ্‌শান্ না-সা, অল্লাহু আহাক্বক্বু আন্ তাখ্‌শা-হ্;
ভয় কর। আপনি যা স্বীয় অন্তরে গোপন রাখলেন আল্লাহ্ তা প্রকাশ করে দিলেন; মানুষকে ভয় করছেন, অথচ আল্লাহকেই

فَلَمَّا قَضٰى زَيْدٌ مِّنْهَا وَطَرًا زَوَّجْنٰكَهَا لِكَيْ لَا يَكُوْنَ عَلَى الْمُؤْمِنِيْنَ حَرَجٌ

ফালাম্মা-ক্বাদ্বোয়া-যাইদুম্ মিন্‌হা-অত্বোয়ারান্ যাওঅজ্বনাকাহা-লিকাই লা-ইয়াকূনা 'আলাল্ মু''মিনীনা হারাজুন্
ভয় করা উচিত ছিল। যায়েদ যাইনবের সঙ্গে প্রয়োজন পূর্ণ করলে আপনাকে বিবাহ করালাম, যেন পোষা পুত্রের স্ত্রীর সঙ্গে

শানেনুযূলঃ আয়াত-৩৫ ঃ একদা উম্মে আম্মারা নামক এক আনসার মহিলা রাসূল (ছঃ)-এর নিকট এসে বললেন, কোরআন পাকে যতদূর দেখছি, কেবল পুরুষদেরই কথা। নারীদের ছওয়াব পূণ্যের তো কোন বর্ণনাই নেই। তখন এ আয়াত নাযিল হয়। আর দুররে মনছুরে বর্ণিত আছে, নবী পত্নীদের সম্বন্ধে যখন এপূর্বের আয়াতে আলোচনা করা হয়, তখন তাঁদের নিকট জনৈকা মহিলা এসে বলল, "কুরআন পাকে আপনাদের কথা বলা হয়েছে আমাদের তো কিছুই বলা হয় নি।" তখন এ আয়াত নাযিল হয়। শানেনুযূল ঃ আয়াত-৩৬ ঃ জনাব রসূলুল্লাহ (ছঃ) যায়দ ইবনে হারেসা (রাঃ)-এর বিবাহ তাঁর এক ফুফাত বোন হযরত যয়নব বিনতে জাহাশের সঙ্গে হওয়ার প্রস্তাব পাঠান। হযরত যয়নব প্রথমে ভেবেছিলেন যে, হুযূর (ছঃ)স্বয়ং নিজেই বিবাহ করতে চাচ্ছেন, তাই তিনি প্রস্তাব মঞ্জুর করে নিলেন। কিন্তু, পরে যখন জানতে পারলেন, যায়েদের সঙ্গে বিবাহ হচ্ছে, তখন তিনি এবং তাঁর ভ্রাতা আবদুল্লাহ ইবনে জাহাশ এ বিবাহ নিজেদের সম্মান হানিকর মনে করে প্রত্যাখ্যান করে দিলেন। তখন এ আয়াত নাযীল হয়, আর সঙ্গে সঙ্গে হযরত যয়নব এ দাম্পত্য সম্পর্ক বরণ করে নেন। আয়াত-৩৭ ঃ হযরত যয়নব (রাঃ) হযরত যায়দের বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়ার পর পরস্পর বনাবনি না হওয়াতে যায়দ (রাঃ) তালাক দিতে উদ্যত হলে হুযূর (ছঃ) তাঁকে বাধা দিলেন, অগত্যা কোন প্রকারে যখন তাঁদের বনিবনা হচ্ছিল না, নবী করীম (ছঃ) ও অহী মাধ্যমে জানতে পারলেন' যে যায়েদ অবশ্যই তালাক দিয়ে দেবেন। তখন হুযূর (ছঃ)-এর অন্তরে আসল এঅবস্থায় যয়নবের মনঃক্ষুন্নতা নিবারণ একমাত্র আমার বিবাহ বন্ধনে আবদ্ধ করা ব্যতীত সম্ভব হবে না; কপটচারীদের দ্বারা পুত্রবধূ বিবাহ করেছে মর্মে দুর্নাম করারও ভয় করতে লাগলেন। যা-ই হোক হযরত যায়েদ (রাঃ) যয়নবকে তালাক দেয়ার পর যখন নবী করীম (ছঃ) তাঁর নিকট নিজে বিবাহের প্রস্তাব পাঠালেন। তখন হযরত যয়নব (রাঃ) এতে আনন্দ মুখরিত হয়ে দু'রাকাত শোকরানা নামায আদায় করলেন।

فِيْٓ اَزْوَاجِ اَدْعِيَآئِهِمْ اِذَا قَضَوْا مِنْهُنَّ وَطَرًا ؕ وَكَانَ اَمْرُ اللّٰهِ مَفْعُوْلًا ﴿٣٨﴾ مَا

ফী ~ আয্ওয়া-জ্বি আদ্'ইয়া — য়িহিম্ ইযা-ক্বদ্বোয়াও মিন্হুন্না অত্বোয়ার-; অ কা-না আম্রুল্লা-হি মাফ্'উলা-।৩৮। মা-

বিবাহ বিচ্ছেদ ঘটালে মু'মিনদের বিবাহে কোন দোষ না হয়। আল্লাহর নির্দেশ কার্যকরী হয়ে থাকে। (৩৮) নবীর

كَانَ عَلَى النَّبِيِّ مِنْ حَرَجٍ فِيْمَا فَرَضَ اللّٰهُ لَهٗ ؕ سُنَّةَ اللّٰهِ فِي الَّذِيْنَ خَلَوْا

কা-না 'আলান নাবিয়্যি মিন্ হারাজ্বিন ফীমা- ফারাদ্বোয়াল্লা-হু লাহু; সুন্নাতাল্লা-হি ফিল্লাযীনা খালাও

জন্য তা করতে কোন বাধা নেই যা আল্লাহ তার জন্য বিধিসম্মত করলেন; আল্লাহর এ বিধান পূর্ববর্তী নারীদের ব্যাপারেও

مِنْ قَبْلُ ؕ وَكَانَ اَمْرُ اللّٰهِ قَدَرًا مَّقْدُوْرَا ﴿٣٩﴾ الَّذِيْنَ يُبَلِّغُوْنَ رِسٰلٰتِ اللّٰهِ

মিন্ ক্বাব্ল্; অ কা-না আম্রুল্লাহি ক্বাদারাম্ মাক্ব্দূরা-নি। ৩৯। ল্লাযীনা ইয়ুবাল্লিগূনা রিসা-লা-তি ল্লা-হি

রেখেছিলেন। আল্লাহর বিধান (পূর্ব হতেই) নির্ধারিত হয়ে আছে।(৩৯) যারা আল্লাহর এ নির্দেশাবলী প্রচার করে, তারা এ ব্যাপারে

وَيَخْشَوْنَهٗ وَلَا يَخْشَوْنَ اَحَدًا اِلَّا اللّٰهَ ؕ وَكَفٰى بِاللّٰهِ حَسِيْبًا ﴿٤٠﴾ مَا كَانَ

অ ইয়াখ্ শাওনাহূ অলা- ইয়াখ্শাওনা আহাদান্ ইল্লাল্লা-হ্; অকাফা-বিল্লা-হি হাসীবা-। ৪০। মা-কা-না

তাঁকে ভয় করতেন, আল্লাহ ছাড়া আর কাকেও ভয় করতেন না; আল্লাহ হিসে'বে গ্রহণে যথেষ্ট। (৪০) মুহাম্মদ তোমাদের

